Solve (B) নাইট্রেশন বিক্রিয়া হল ইলেকট্রোফিলিক প্রতিস্থাপন বিক্রিয়া। মিথাইল গ্রুপ বেনজিন বলয়ে উপস্থিত থেকে অর্থো-প্যারা অবস্থানে ইলেকট্রন ঘনত্ব বাড়িয়ে দেয়। তাই NO_2^+ মূলক খুব সহজেই টলুইন এর সাথে বিক্রিয়া দেয়।

34. S_N1 বিক্রিয়ার কৌশলে কার্বোনিয়াম আয়ন মধ্যকের কার্বন পরমাণুতে কোন ধরনের সংকরণ থাকে?

Ⓐ sp^2 Ⓑ sp^3 Ⓒ sp Ⓓ কোনোটিই নয়

Solve (B) $CH_3-\overset{CH_3}{\underset{CH_3}{C^+}}$ এর সংকরণ sp^3

35. একটি প্রথম ক্রম বিক্রিয়ার অর্ধায়ু 400 s হলে, হার ধ্রুবক কত?

Ⓐ $1.33 \times 10^{-2}\ s^{-1}$ Ⓑ $1.73 \times 10^{-3}\ s^{-1}$
Ⓒ $1.45 \times 10^{-2}\ s^{-1}$ Ⓓ $1.25 \times 10^{-2}\ s^{-1}$

Solve (B) $k = \frac{0.693}{t_{\frac{1}{2}}} = 1.73 \times 10^{-3}\ s^{-1}$

36. $ax^2 + bx + c = 0$ দ্বিঘাত সমীকরণের একটি মূল শূন্য হওয়ার শর্ত কোনটি?

Ⓐ a = 0 Ⓑ b = 0
Ⓒ a = b Ⓓ c = 0 Ans (D)

37. ক্যালসিয়াম কার্বাইড এর আর্দ্রবিশ্লেষণে কোন গ্যাস উৎপন্ন হয়?

Ⓐ ইথিলিন Ⓑ মিথেন
Ⓒ অ্যাসিটিলিন Ⓓ ইথেন

Solve (C) $CaC_2\ (s) + 2H_2O\ (l) \rightarrow H\text{–}C\equiv C\text{–}H\ (g) + Ca(OH)_2\ (s)$

38. 5% Na_2CO_3 দ্রবণের মোলারিটি কত?

Ⓐ 0.57 M Ⓑ 0.74 M
Ⓒ 0.47 M Ⓓ 0.94 M

Solve (C) মোলারিটি $= \frac{10x}{M} = \frac{10 \times 5}{106} = 0.47$ M

39. Zn(s) | Zn^{2+} (aq) || Cu^{2+} (aq) | Cu(s) কোষের অ্যানোড ও ক্যাথোডের প্রমাণ বিজরণ বিভব যথাক্রমে –0.76 V ও 0.34 V। কোষটির সামগ্রিক বিভব-

Ⓐ 1.10 V Ⓑ –1.10 V
Ⓒ 0.42 V Ⓓ –0.42 V

Solve (A) তড়িৎ কোষের emf অর্থাৎ E_{cell} কে নিম্নরূপে লেখা হয়, $E_{cell} = E_{(anode)ox} + E_{(cathode)red}$

$= (0.76 + 0.34) = 1.10$ V

40. কোন যৌগটি অধিকতর ক্ষারকীয় ধর্ম প্রদর্শন করে?

Ⓐ $CH_3\text{-}\ddot{N}H_2$ Ⓑ $(CH_3)_2\ddot{N}H$
Ⓒ $(CH_3)_3\ddot{N}$ Ⓓ $CH_3\text{–}CH_2\text{–}\ddot{N}H_2$

Solve (B) স্টেরিক ইফেক্ট এর কারণে $(CH_3)_3N$ অপেক্ষা $(CH_3)_2N$ বেশি ক্ষারকীয় ধর্ম প্রদর্শন করে।

অ্যামিনের ক্ষারধর্ম $2° > 1° > 3° > NH_3$

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

41. মাটির pH বাড়াতে কোনটি ব্যবহৃত হয়?

Ⓐ KNO_3 Ⓑ NH_4NO_3 Ⓒ CaO Ⓓ T.S.P

Solve (C) অম্লধর্মী মাটির pH বাড়াতে চুন এবং ক্যালসিয়াম ও ম্যাগনেসিয়াম প্রভৃতির সার ব্যবহৃত হয়। ক্ষারকীয় মাটির pH কমাবার জন্য বিভিন্ন নাইট্রেট ও ফসফেট সার ব্যবহৃত হয়।

42. কোনটি সর্বাধিক শক্তিশালী এসিড?

Ⓐ CH_3COOH Ⓑ $ClCH_2COOH$
Ⓒ Cl_2CHOOH Ⓓ Cl_3CCOOH

Solve (D)



α কার্বন এ Electron Withdrawing গ্রুপের সংখ্যা যত বেশি হবে এসিডিটি তত বেশি হবে।

43. $\int_0^{\frac{\pi}{2}} \cos^5 x\, dx$ এর মান কত?

Ⓐ $\frac{2}{8}$ Ⓑ $\frac{2}{15}$ Ⓒ $\frac{4}{15}$ Ⓓ $\frac{8}{15}$

Solve (D) $\int_0^{\frac{\pi}{2}} \cos^5 x\, dx$

$= \frac{(5-1).(5-3)}{5.(5-2)} . 1$ [ওয়ালীর ফরমূলা ব্যবহার করে]

$= \frac{4.2}{5.3} = \frac{8}{15}$

44. $y^2 = 4ax$ পরাবৃত্তের $(at^2, 2at)$ বিন্দুতে স্পর্শকের ঢাল কত?

Ⓐ t Ⓑ $\frac{1}{t}$ Ⓒ –2t Ⓓ $\frac{2}{t}$

Solve (B) $y^2 = 4ax$

$\Rightarrow 2y\frac{dy}{dx} = 4a \Rightarrow \frac{dy}{dx} = \frac{2a}{y}$

$(at^2, 2at)$ বিন্দুতে স্পর্শকের ঢালের মান $= \frac{2a}{2at} = \frac{1}{t}$

45. $5x - 2y + 4 = 0$ এবং $4x - 3y + 5 = 0$ সরলরেখাদ্বয়ের ছেদবিন্দু এবং মূলবিন্দু দিয়ে গমনকারী সরলরেখার সমীকরণ কোনটি?

Ⓐ $2x - 3y = 0$ Ⓑ $3x - 2y = 0$
Ⓒ $2x - 7y = 0$ Ⓓ $9x + 2y = 0$

Solve (D) প্রদত্ত সরলরেখাদ্বয়ের ছেদবিন্দু ও মূলবিন্দুগামী সরলরেখার সমীকরণ,

$5(5x - 2y + 4) - 4(4x - 3y + 5) = 0$

$\Rightarrow 25x - 10y + 20 - 16x + 12y - 20 = 0 \Rightarrow 9x + 2y = 0$

46. $f(x) = \frac{x}{|x|}$ ফাংশনের বিস্তার কত ($f : \mathbb{R} \rightarrow \mathbb{R}$)?

Ⓐ [–1, 1] Ⓑ {–1,1} Ⓒ $[0,\infty)$ Ⓓ (0,1]

Solve (B) $f(x) = \frac{x}{|x|} \Rightarrow f(x) = \frac{x}{x} = 1$

x > 0 হলে |x| = x

আবার, $f(x) = \frac{-x}{|-x|} = \frac{-x}{x} = -1$, x < 0 হলে |–x| = x

∴ f(x)-এর বিস্তার {–1, 1}

47. $|2x + 3| > 9$ হলে, নিচের কোনটি সত্য?

Ⓐ $3 < x < 6$ Ⓑ $-3 < x < 12$
Ⓒ $3 < x$ বা $x < -6$ Ⓓ $6 < x < 12$

Solve (C) $|2x + 3| > 9$

$\Rightarrow -9 > 2x + 3 > 9 \Rightarrow -9 - 3 > 2x > 9 - 3$

$\Rightarrow -12 > 2x > 6 \Rightarrow -6 > x > 3$

$\Rightarrow -6 > x$ অথবা $x > 3 \Rightarrow 3 < x$ অথবা $x < -6$

48. $\vec{A} = \hat{i} + 2\hat{j} - 3\hat{k}$ এবং $\vec{B} = 3\hat{i} - \hat{j} + 2\hat{k}$ হলে, $\vec{A} + \vec{B}$ এবং $\vec{A} - \vec{B}$ ভেক্টরদ্বয়ের অন্তর্ভুক্ত কোণের মান-

Ⓐ 60° Ⓑ 90°
Ⓒ 180° Ⓓ 0°

Solve (B)

$\vec{A} + \vec{B} = \hat{i} + 2\hat{j} - 3\hat{k} + 3\hat{i} - \hat{j} + 2\hat{k} = 4\hat{i} + \hat{j} - \hat{k}$

$\vec{A} - \vec{B} = \hat{i} + 2\hat{j} - 3\hat{k} - 3\hat{i} + \hat{j} - 2\hat{k} = -2\hat{i} + 3\hat{j} - 5\hat{k}$

$\therefore (\vec{A} + \vec{B}).(\vec{A} - \vec{B}) = 4(-2) + 1\times3 + (-1)(-5)$

$= -8 + 3 + 5 = 0$

∴ $\vec{A} + \vec{B}$ ও $\vec{A} - \vec{B}$ ভেক্টরদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ = 90°

49. $A = \begin{bmatrix} 3 & 1 \\ 9 & 3 \end{bmatrix}$ হলে, A এর বিপরীত ম্যাট্রিক্স কোনটি?

Ⓐ $\begin{bmatrix} 3 & -1 \\ -9 & 3 \end{bmatrix}$ Ⓑ $\begin{bmatrix} -3 & 1 \\ 9 & -3 \end{bmatrix}$
Ⓒ $\begin{bmatrix} 3 & -9 \\ -1 & -3 \end{bmatrix}$ Ⓓ নির্ণয়যোগ্য নয়

Solve (D)

∴ $|A| = \begin{vmatrix} 3 & 1 \\ 9 & 3 \end{vmatrix} = 9 - 9 = 0$ ∴ নির্ণয়যোগ্য নয়

50. একটি বৃত্তের ব্যাসার্ধ 5 একক, কেন্দ্রের স্থানাঙ্ক (5,3); এর যে জ্যা (3,2) বিন্দুতে সমদ্বিখণ্ডিত হয় তার দৈর্ঘ্য কত একক?

Ⓐ $4\sqrt{5}$ Ⓑ $4\sqrt{8}$
Ⓒ $2\sqrt{5}$ Ⓓ $3\sqrt{8}$

Solve (A) OA = 5

$OC = \sqrt{(5-3)^2 + (3-2)^2}$

$= \sqrt{2^2 + 1^2} = \sqrt{5}$

জ্যার দৈর্ঘ্য = AB = 2AC

$= 2\sqrt{OA^2 - OC^2}$

$= 2\sqrt{5^2 - (\sqrt{5})^2}$

$= 2\sqrt{25 - 5}$

$= 2\sqrt{20} = 4\sqrt{5}$



51. যদি $x = \cos\sqrt{y}$ হয়, তবে $(1 - x^2)y_2 - xy_1 =$ কত?

Ⓐ 3 Ⓑ –3
Ⓒ 2 Ⓓ 4

Solve (C) $x = \cos\sqrt{y}$

$\Rightarrow \sqrt{y} = \cos^{-1}x \Rightarrow y = (\cos^{-1}x)^2$

$\Rightarrow y_1 = 2\cos^{-1}x\left(-\frac{1}{\sqrt{1-x^2}}\right) \Rightarrow \sqrt{1-x^2}\, y_1 = -2\cos^{-1}x$

$\Rightarrow (1-x^2){y_1}^2 = 4(\cos^{-1}x)^2 \Rightarrow (1-x^2)\,{y_1}^2 = 4y$

$\Rightarrow (1-x^2)\,2y_1y_2 + {y_1}^2(-2x) = 4y_1 \Rightarrow (1-x^2)y_2 - xy_1 = 2$

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

52. $\lim_{x\to 0}\frac{\tan ax}{\sin bx}$ = কত?

Ⓐ $\frac{a}{b}$ Ⓑ $\frac{a+1}{b}$ Ⓒ $\frac{a^2}{b}$ Ⓓ $\frac{a}{b^2}$

Solve $\lim_{x\to 0}\frac{\tan ax}{\sin bx}=\lim_{x\to 0}\frac{\left(\frac{\tan ax}{ax}\right).ax}{\left(\frac{\sin bx}{bx}\right).bx}=\frac{1.a}{1.b}=\frac{a}{b}$

53. 4টি চিঠি ও 4টি নির্দিষ্ট ঠিকানাবিশিষ্ট খাম আছে। কত উপায়ে 4টি চিঠির প্রত্যেকটিই ভুল ঠিকানাবিশিষ্ট খামে রাখা যায়?

Ⓐ 6 Ⓑ 8 Ⓒ 9 Ⓓ 12

Solve 4টি চিঠি এর মধ্যে যে কোন একটি চিঠি 1টি খামে সঠিক হবে অপর, 3টি ভুল হবে। অনুরূপভাবে, বাকি 3টি চিঠির ক্ষেত্রেও 1টি করে সঠিক ও 3টি করে ভুল হবে।

∴ নির্ণেয় সংখ্যা = 3+3+3+3 = 12

54. $\left(x+\frac{1}{x}\right)^{50}$ **এর বিস্তৃতিতে x বর্জিত পদটি-**

Ⓐ ${}^{50}C_9$ Ⓑ ${}^{50}C_{10}$
Ⓒ ${}^{50}C_{15}$ Ⓓ ${}^{50}C_{25}$

Solve $r=\frac{50+0}{1+1}=25$

∴ x-বর্জিত পদটি = ${}^{50}C_{25}$

খ- অংশ

55. ভ্রূণের পরিস্ফুটনের জন্য জরায়ুর ভিতর উপযুক্ত পরিবেশ সৃষ্টি করে-

Ⓐ ল্যুটিনাইজিং হরমোন Ⓑ ফলিকল উদ্দীপক হরমোন
Ⓒ ইস্ট্রোজেন Ⓓ প্রোজেস্টেরন

Solve **ল্যুটিনাইজিং হরমোন:** গর্ভাশয়ের কর্পোরা ল্যুটিয়াম সৃষ্টি, ডিম্বাণুর নিঃসরণ ও প্রোজেস্টেরন হরমোন ক্ষরণ ত্বরান্বিত করে।

ফলিকল উদ্দীপক হরমোন: ওভারিয়ান ফলিকলের বৃদ্ধি, ডিম্বাণু তৈরি ও ইস্ট্রোজেন সৃষ্টিতে ভূমিকা রাখে।

ইস্ট্রোজেন: বয়ঃসন্ধিকালে স্ত্রীদেহে বিভিন্ন যৌন লক্ষণ প্রকাশে সহায়তা ও রজঃচক্র নিয়ন্ত্রণ করে।

প্রোজেস্টেরন: গর্ভাবস্থায় জরায়ু ও অমরার বৃদ্ধি নিয়ন্ত্রণ ও ভ্রূণের পরিস্ফুটনে সহায়তা করে।

56. অশ্রুতে পাওয়া যায়-

Ⓐ টায়ালিন Ⓑ মল্টেজ Ⓒ পেপসিন Ⓓ IgA

Solve টায়ালিন ও মল্টেজ পাওয়া যায় লালারসে এবং পেপসিন পাওয়া যায় পাকস্থলী রসে।

57. আরজিনিন সর্বোচ্চ কয়টি কোডন দ্বারা নির্ধারিত হতে পারে?

Ⓐ 2টি Ⓑ 3টি Ⓒ 4টি Ⓓ 6টি

Solve • আরজিনিন নির্দেশক কোডন → 6টি
• শুরু নির্দেশক কোডন → 1টি (AUG)
• বন্ধ নির্দেশক কোডন → 3টি (UAA, UAG, UGA)

58. গ্লাইকোসাইডিক বন্ধন আছে-

Ⓐ গ্লুকোজে Ⓑ প্রোটিনে
Ⓒ সেলুলোজে Ⓓ ফ্যাটে

Solve সেলুলোজে গ্লুকোজ অণুগুলো যুক্ত থাকে → গ্লাইকোসাইডিক বন্ধন দ্বারা।

প্রোটিনে অ্যামিনো এসিডগুলো যুক্ত থাকে → পেপটাইড বন্ধন দ্বারা।

59. রিকম্বিনেন্ট DNA প্রযুক্তিতে জিন স্থানান্তরের বাহক হিসেবে ব্যবহার করা হয়-

Ⓐ *Acetobacter xylium* Ⓑ *Escherichia coli*
Ⓒ *Micrococcus flavus* Ⓓ *Moraxella lacunata*

Solve *E. coli, Agrobacterium tumefaciens* প্রভৃতি ব্যাকটেরিয়ায় প্রচুর প্লাজমিড থাকায় রিকম্বিনেন্ট প্রযুক্তিতে ব্যাপকভাবে ব্যবহৃত হয়।

60. অগ্রমস্তিষ্কের অংশ নয়-

Ⓐ সেরেব্রাম Ⓑ থ্যালামাস
Ⓒ হাইপোথ্যালামাস Ⓓ মেডুলা অবলঙ্গাটা

Solve অগ্রমস্তিষ্কের অংশ: সেরেব্রাম, থ্যালামাস, হাইপোথ্যালামাস।

61. জীবাণু ধ্বংসকারী গ্রানুলোসাইট শ্বেত কণিকা-

Ⓐ মনোসাইট Ⓑ লিম্ফোসাইট Ⓒ নিউট্রোফিল Ⓓ বেসোফিল

Solve ফ্যাগোসাইটোসিস প্রক্রিয়ায় জীবাণু ধ্বংস করে মনোসাইট (অ্যাগ্রানুলোসাইট) ও নিউট্রোফিল (গ্রানুলোসাইট)।

62. কোষের কোন অঙ্গাণু ফ্ল্যাজেলা ও সিলিয়ার বিচলনে সাহায্য করে?

Ⓐ সাইটোপ্লাজম Ⓑ এন্ডোপ্লাজমিক রেটিকুলাম
Ⓒ গলগি বডি Ⓓ মাইক্রোটিউবিউল Ans Ⓒ

63. মানব চোখের রড কোষে থাকে-

Ⓐ ভিটামিন-E Ⓑ ভিটামিন-A Ⓒ ভিটামিন-D Ⓓ ভিটামিন-K

Solve রডকোষগুলোতে ভিটামিন-ই এবং রডোপসিন নামক লালচে বেগুনি রংয়ের আমিষ জাতীয় রঞ্জক পদার্থ থাকে।

64. রক্তে ক্যালসিয়ামের মাত্রা নিয়ন্ত্রণকারী হরমোন-

Ⓐ TSH Ⓑ T_3
Ⓒ T_4 Ⓓ প্যারাথরমোন

Solve প্যারাথাইরয়েড গ্রন্থি প্যারাথরমোন হরমোন নিঃসৃত করে যা ক্যালসিয়াম ও ফসফরাসের বিপাক নিয়ন্ত্রণ করে।

65. কিডনির মাধ্যমে পানি বিশোষণে সহায়তা করে-

Ⓐ ADH Ⓑ GH Ⓒ TSH Ⓓ সবগুলো

Solve ADH বা অ্যান্টিডাইইউরেটিক হরমোন কিডনীর মাধ্যমে পানি বিশোষণ করে দেহে পানি সাম্যতা বজায় রাখে।

66. নিচের কোনটির প্রধান গঠন উপাদান DNA?

Ⓐ লাইসোসোম Ⓑ সেন্ট্রোমিয়ার Ⓒ সেন্ট্রোসোম Ⓓ রাইবোসোম

Solve ক্রোমোসোমের দুটি ক্রোমাটিড যে বিন্দুতে যুক্ত থাকে তাকে সেন্ট্রোমিয়ার বলে। ক্রোমোসোমের অংশ তাই এর গঠন উপাদান DNA।

গ- অংশ

67. $f:\mathbb{R}\to\mathbb{R}$ **ফাংশনটি** $f(x)=x^2$ **দ্বারা সংজ্ঞায়িত হলে** $f^{-1}(16)$ **= কত?**

Ⓐ 4 Ⓑ −4 Ⓒ {−4, 4} Ⓓ {−2, 2}

Solve $f(x)=x^2\Rightarrow y=x^2$
$\Rightarrow x=\pm\sqrt{y}\Rightarrow f^{-1}(x)=\pm\sqrt{x}$
$\Rightarrow f^{-1}(16)=\pm\sqrt{16}=\pm4=\{-4,4\}$

68. $y=x^n$ **হলে,** y_{n+1} **= কত?**

Ⓐ n! Ⓑ (n + 1)! Ⓒ 0 Ⓓ (n − 1)!

Solve $y=x^n\Rightarrow y_n=n!$
$\Rightarrow y_{n+1}=\frac{d}{dx}(n!)=0$

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

69. একটি বালক একটি ফুটবল খাড়া উপরের দিকে 90 মি. উঁচুতে নিক্ষেপ করতে পারে। সে বলটি সর্বাধিক কত আনুভূমিক দূরত্বে নিক্ষেপ করতে পারবে?

Ⓐ 90 মি Ⓑ 120 মি Ⓒ 140 মি Ⓓ 180 মি

Solve প্রক্ষেপ বেগ = v হলে,
$90=\frac{v^2}{2g}=\frac{v^2}{2\times9.8}$
$\Rightarrow v^2=2\times9.8\times90$
সর্বাধিক আনুভূমিক দূরত্ব,
$=\frac{v^2}{g}=\frac{2\times9.8\times90}{9.8}=180$ মি.

Shortcut:
$\frac{v^2}{2g}=90$ মি.
$\Rightarrow\frac{v^2}{g}=180$ মি.

70. A ও B দুইটি বাস পরস্পর সমকোণে আনত দুইটি রাস্তা বরাবর যথাক্রমে 40 কি.মি./ঘ. ও 30 কি.মি./ঘ. বেগে চলছে। B বাসের যাত্রীদের ধারণা অনুসারে A বাসের বেগ কত?

Ⓐ 30 কিমি/ঘ Ⓑ 40 কিমি/ঘ Ⓒ 50 কিমি/ঘ Ⓓ 60 কিমি/ঘ

Solve
A বাস 40 কিমি./ঘণ্টা
A বাসের যাত্রীর নিকট B বাসের বেগ = v হয় তবে,
$\Rightarrow v^2=40^2+30^2$
$\Rightarrow v=\sqrt{40^2+30^2}=50$ কিমি/ঘ.
∴ A বাসের বেগ, 50 কিমি./ঘ.



71. কোনো বিন্দুতে P এবং 2P মানের দুইটি বল ক্রিয়াশীল। প্রথমটিকে দ্বিগুণ করে দ্বিতীয়টির মান 8 একক বৃদ্ধি করলে লব্ধির দিক অপরিবর্তিত থাকে। P এর মান কত?

Ⓐ 1 Ⓑ 2 Ⓒ 4 Ⓓ কোনোটিই নয়

Solve $\frac{P}{2P}=\frac{2P}{2P+8}$
$\Rightarrow\frac{1}{2}=\frac{2P}{2P+8}\Rightarrow4P=2P+8\Rightarrow2P=8\Rightarrow P=4$

72. বৃষ্টি 30 মি/সে বেগে খাড়াভাবে পড়ছে। একজন রেলগাড়ির যাত্রীর নিকট তা উল্লম্ব রেখার সাথে 60° কোণে পড়ছে বলে মনে হয়। রেলগাড়ির বেগ কত?

Ⓐ 60 মি/সে Ⓑ 50 মি/সে
Ⓒ $40\sqrt{2}$ মি/সে Ⓓ $30\sqrt{3}$ মি/সে

Solve
গাড়ি বেগ = v মি./সে হলে,
$\tan60°=\frac{v}{30}$
$\Rightarrow\sqrt{3}=\frac{v}{30}$
$\Rightarrow v=30\sqrt{3}$ মি./সে



73. কোনো পাহাড়ের চূড়া থেকে ভূমির সমান্তরালে 49 মি./সে. বেগে নিক্ষিপ্ত একটি পাথর পাহাড়ের পাদদেশ থেকে 490 মি. দূরে ভূমিতে পতিত হয়। পাহাড়ের উচ্চতা কত? (g = 9.8 মি./ সে.^{2})

Ⓐ 90 মি Ⓑ 180 মি Ⓒ 360 মি Ⓓ 490 মি

Solve ধরি, পাথরটির ভূমিতে পড়তে t সে. সময় লাগে।
তাহলে, $490=49t\Rightarrow t=10$ s
∴ পাহাড়ের উচ্চতা $=\frac{1}{2}gt^2=\frac{1}{2}\times9.8\times10^2=490$ মি.

74. $\int_0^{\ln2}\frac{e^x}{1+e^x}dx$ **এর মান কত?**

Ⓐ $\ln\left(\frac{3}{2}\right)$ Ⓑ $\frac{1}{2}$ Ⓒ 0 Ⓓ e

Solve $\int_0^{\ln2}\frac{e^x}{1+e^x}dx=[\ln(1+e^x)]_0^{\ln2}$
$=\ln(1+e^{\ln2})-\ln(1+e^0)=\ln(1+2)-\ln(1+1)$
$=\ln3-\ln2=\ln\left(\frac{3}{2}\right)$

75. বায়ুশূন্য স্থানে উল্লম্ব তলে প্রক্ষিপ্ত কোনো বস্তুকণার গতিপথ একটি-

Ⓐ বৃত্ত Ⓑ উপবৃত্ত Ⓒ পরাবৃত্ত Ⓓ অধিবৃত্ত

Solve বস্তুকণার গতিপথ পরাবৃত্ত।

76. k এর মান কত হলে, 3x + 4y = k রেখাটি $x^2+y^2=10x$ বৃত্তকে স্পর্শ করবে?

Ⓐ 30 অথবা 10 Ⓑ 40 অথবা −10
Ⓒ 30 অথবা −10 Ⓓ 35 অথবা 10

Solve $x^2+y^2-10x=0$
$\Rightarrow x^2+y^2+2(-5)x+2.0.y+0=0$
কেন্দ্র (5, 0), ব্যাসার্ধ $=\sqrt{25+0-0}=5$
প্রশ্নমতে, $\left|\frac{3\times5+4.0-k}{\sqrt{3^2+4^2}}\right|=5\Rightarrow\frac{15-k}{5}=\pm5$
$\Rightarrow15-k=\pm25$
(+ve) ধরে পাই, $15-k=25\Rightarrow k=-10$
(−ve) ধরে পাই, $15-k=-25\Rightarrow k=40$

77. $\tan20°+\tan25°+\tan20°\tan25°$ এর মান কত?

Ⓐ $\frac{1}{2}$ Ⓑ $\frac{1}{\sqrt{2}}$ Ⓒ 1 Ⓓ $\frac{\sqrt{3}}{2}$

Solve $\tan45°=1$
$\Rightarrow\tan(20°+25°)=1\Rightarrow\frac{\tan20°+\tan25°}{1-\tan20°\tan25°}=1$
$\Rightarrow\tan20°+\tan25°=1-\tan20°\tan25°$
$\Rightarrow\tan20°+\tan25°+\tan20°\tan25°=1$

78. কোন বিন্দুতে 1, 2 ও $\sqrt{3}$ একক বলত্রয় ক্রিয়া করে সাম্যাবস্থা সৃষ্টি করে। শেষ দুইটি বলের মধ্যবর্তী কোণ কোনটি?

Ⓐ 60° Ⓑ 90° Ⓒ 120° Ⓓ 150°

Solve $1^2=2^2+(\sqrt{3})^2+2.2\sqrt{3}\cos\theta$
$\Rightarrow1=4+3+4\sqrt{3}\cos\theta\Rightarrow4\sqrt{3}\cos\theta=-6$
$\Rightarrow\cos\theta=-\frac{6}{4\sqrt{3}}=-\frac{\sqrt{3}}{2}\Rightarrow\cos\theta=-\cos30°$
$\Rightarrow\cos\theta=\cos(180°-30°)$
$\Rightarrow\cos\theta=\cos150°\Rightarrow\theta=150°$

79. P ও Q বলদ্বয়ের লব্ধি ক্ষুদ্রতম হলে, বলদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ কত?

Ⓐ 0° Ⓑ 30° Ⓒ 120° Ⓓ 180°

Solve ক্ষুদ্রতম লব্ধি = P − Q
যখন এরা পরস্পর বিপরীত দিকে ক্রিয়া করে অর্থাৎ হবে বলদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ = 180°



রাজশাহী বিশ্ববিদ্যালয় [ভর্তি পরীক্ষা: ২০১৬-২০১৭]

ইউনিট: C [বিজ্ঞান অনুষদ (বিজোড়)] সেট-১ পূর্ণমান: ১০০

'ক' অংশ পদার্থ বিজ্ঞান

01. বিনা প্রমাণে যা মেনে নেওয়া হয় তাকে কি বলে?
Ⓐ তত্ত্ব Ⓑ স্বীকার্য Ⓒ মডেল Ⓓ নীতি

Solve **Postulates:** কোনো গাণিতিক মডেল বা সূত্র প্রতিষ্ঠা করার লক্ষ্যে যদি কিছু পূর্বশর্ত স্বীকার করে নেওয়া হয়, তবে সেই পূর্বশর্ত সমূহকে স্বীকার্য বলে। যেমন: নীলস বোর ও আইনস্টাইনের স্বীকার্য।

02. লগি দিয়ে নদীর তলদেশে ধাক্কা দিয়ে যখন কোন নৌকা চালানো হয়, তখন কোন বলের কারণে নৌকা এগিয়ে যায়?
Ⓐ প্রযুক্ত বলের উল্লম্ব উপাংশ
Ⓑ প্রযুক্ত বলের আনুভূমিক উপাংশ
Ⓒ প্রতিক্রিয়া বলের উল্লম্ব উপাংশ
Ⓓ প্রতিক্রিয়া বলের আনুভূমিক উপাংশ

Solve প্রতিক্রিয়া বলের আনুভূমিক উপাংশ যার ফলে নৌকা সামনে এগিয়ে যায়।



03. $\vec{A}$ ও $\vec{B}$ দুটি ভেক্টর হলে, $(\vec{A}\times\vec{B})+(\vec{B}\times\vec{A})=P$
Ⓐ 1 Ⓑ 0 Ⓒ $(AB)^2$ Ⓓ 2AB

Solve
$(\vec{A}\times\vec{B})+(\vec{B}\times\vec{A}) = (\vec{A}\times\vec{B})-(\vec{A}\times\vec{B}) = 0$

04. অক্ষের উপর অবস্থিত চারটি বিন্দু-ভরের ভর 1 kg, 2 kg, 3 kg ও 4 kg। ঐ অক্ষ সাপেক্ষে ভরের বিন্যাসটির জড়তার ভ্রামক-
Ⓐ 10 kg m^2 Ⓑ 30 kg m^2
Ⓒ 0 kg m^2 Ⓓ কোনোটিই নয়

Solve $I = \Sigma mK^2 = (\Sigma m)\times 0^2 = 0$ kg m^2

05. কোন বস্তুর উৎক্ষেপন বেগ তার মুক্তি বেগের সমান হলে বস্তুটি -
Ⓐ উপগ্রহে পরিণত হবে Ⓑ পৃথিবীতে ফিরে আসবে
Ⓒ পরাবৃত্তাকার পথে পৃথিবী ছেড়ে যাবে
Ⓓ অধিবৃত্তাকার পথে পৃথিবী ছেড়ে যাবে

Solve
- যদি $V > V_E$ হয়, অর্থাৎ উৎক্ষেপণ বেগ মুক্তিবেগ অপেক্ষা বেশি হয়, তবে বস্তু পরাবৃত্ত পথে পৃথিবী ছেড়ে চলে যায় এবং পৃথিবীতে আর ফিরে আসে না।
- যদি $V = V_E$ হয়, অর্থাৎ উৎক্ষেপণ বেগ মুক্তিবেগের সমান হলে তা অধিবৃত্ত পথে পৃথিবী ত্যাগ করে চলে যাবে।

06. 1 mm^2 প্রস্থচ্ছেদে বিশিষ্ট একটি তারের ইয়ং-এর গুণাঙ্ক 2×10^{11} N m^{-2}। তারটিতে কত বল প্রয়োগ করলে এর দৈর্ঘ্য বৃদ্ধি করলে আদি দৈর্ঘ্যের 10% হবে?
Ⓐ 2×10^4 N Ⓑ 2×10^6 N
Ⓒ 2×10^{11} N Ⓓ 5×10^{-5} N

Solve $F = \frac{YAl}{L} = \frac{2\times10^{11}\times10^{-6}\times0.1L}{L}$
$= 2\times10^4$N

07. দু'টি তরঙ্গের একটিতে sine ও অপরটিকে cosine ফাংশন দিয়ে প্রকাশ করলে তাদের মধ্যে দশা পার্থক্য-
Ⓐ 0 Ⓑ $\frac{\pi}{4}$ Ⓒ $\frac{\pi}{2}$ Ⓓ π

Solve
$\sin\theta = \cos(90^\circ+\theta)$



08. সরল দোলকের কৌণিক বিস্তার চার ডিগ্রির ভিতর রাখতে বলা হয় কারণ-
Ⓐ এতে হিসাবে সুবিধা হয়
Ⓑ কৌণিক বিস্তার বেশি হলে দোলনকাল মাপা কঠিন
Ⓒ এটি একটি রেওয়াজ
Ⓓ এতে ত্বরণ সরণের সমানুপাতিক থাকে

Solve কৌণিক বিস্তার 4° ডিগ্রির কম হলে সরলদোলকের 4টি সূত্র প্রয়োগ করা যায় এবং তখন ত্বরণ সরলদোলকের ববের সরণের সমানুপাতিক হয়।

09. শব্দের তীব্রতা যখন $10^{0.1}$ গুণ বৃদ্ধি পায়, তখন শব্দোচ্চতা যতটুকু বাড়ে তাকে বলে-
Ⓐ 1 বেল Ⓑ 1 ডেসিবেল Ⓒ অনুনাদ Ⓓ প্রমাণ তীব্রতা

Solve $\Delta\beta = 10\log(10^{0.1}) = 1$dB

10. তাপগতিবিদ্যার দ্বিতীয় সূত্র হতে পাওয়া যায়-
Ⓐ শক্তির সংরক্ষণশীলতা Ⓑ জড়তার ধারণা
Ⓒ দশা পার্থক্য Ⓓ এনট্রপির ধারণা

Solve তাপগতিবিদ্যার ২য় সূত্র হতে বিশৃঙ্খলার পরিমাপক হিসেবে এনট্রপির ধারণা লাভ করা যায়।

11. আলোর বেগ শূন্য মাধ্যমে c। শূন্য মাধ্যমে দু'টি ফোটন কণা বিপরীত দিক থেকে c বেগে ধাবমান হলে, একটি ফোটনের সাপেক্ষে অপর ফোটনটির বেগ-
Ⓐ c Ⓑ 0 Ⓒ 2c Ⓓ c/2

Solve আপেক্ষিকতার বিশেষ তত্ত্বের ২য় স্বীকার্য অনুযায়ী শূন্যস্থানে সকল জড় প্রসঙ্গ কাঠামোতে আলোর দ্রুতি c এর মান একই থাকে।

12. 18 cm ব্যাসার্ধবিশিষ্ট একটি ফাঁপা গোলকীয় পরিবাহিতে চার্জের পরিমাণ 10^{-2} μC। গোলকের পৃষ্ঠতলে বিভব কত?
Ⓐ 0 V Ⓑ 50 V Ⓒ 200 V Ⓓ 500 V

Solve $V = 9\times10^9\times\frac{10^{-2}\times10^{-6}}{0.18} = 500$ V

13. 15 Ω, 50 Ω ও 60 Ω এর তিনটি রোধকে সমান্তরালে সংযুক্ত করে তাদের সাথে 250 V বিভবের কোষ যুক্ত করলে 50 Ω রোধের দুই প্রান্তে বিভব পার্থক্য কত হবে?
Ⓐ 250 V Ⓑ 125 V Ⓒ 100 V Ⓓ 50 V

Solve $R_p = (15^{-1}+50^{-1}+60^{-1})^{-1} = \frac{300}{31}\Omega$

$\Rightarrow I = \frac{V_p}{R_p} = 250\times\frac{31}{300}$

$\Rightarrow V_p = IR_p = 250\times\frac{31}{300}\times\frac{300}{31} = 250$ Volt

∴ 50 Ω রোধের দুই প্রান্তের বিভব = 250 Volt

14. সমান রোধবিশিষ্ট দু'টি তামার তারের দৈর্ঘ্য যথাক্রমে 4 m ও 9 m। তার দু'টির ব্যাসার্ধের অনুপাত-
Ⓐ 3:2 Ⓑ 2:3 Ⓒ 9:4 Ⓓ 4:9

Solve $\frac{r_1}{r_2} = \sqrt{\frac{L_1}{L_2}} = \sqrt{\frac{4}{9}} = \frac{2}{3}$

Note: সমান্তরাল সংযুক্ত প্রতিটি রোধের দুই প্রান্তের বিভব পার্থক্য উভয়ের বিভবের সমান। তাই 50Ω রোধের দুই প্রান্তের বিভব পার্থক্য 250V।

15. v বেগে গতিশীল একটি চার্জিত কণা চৌম্বকক্ষেত্র $\vec{B}$-এর অভিলম্ব বরাবর ঐ ক্ষেত্রে প্রবেশ করার ফলে r ব্যাসার্ধের বৃত্তাকার পথে ঘুরতে থাকে। $\vec{B}$- এর মান কম করলে কি ঘটবে?
Ⓐ v বৃদ্ধি পাবে Ⓑ v হ্রাস পাবে
Ⓒ r বৃদ্ধি পাবে Ⓓ r হ্রাস পাবে

Solve $\frac{mv^2}{r} = qvB\sin90^\circ$

$B\propto\frac{1}{r}$; অর্থাৎ, B এর মান কমলে বৃদ্ধি r পাবে।

16. একটি ট্রান্সফর্মারের মুখ্য কুণ্ডলীর ভোল্টেজ 5 V ও বিদ্যুৎ প্রবাহ মান 4 A। গৌণ কুণ্ডলীর পাকসংখ্যা 4 গুণ হলে, প্রবাহ মান কত হবে?
Ⓐ 2 A Ⓑ 0.5 A
Ⓒ 20 A Ⓓ 1 A

Solve $\frac{E_s}{E_p} = \frac{n_s}{n_p}$

$\Rightarrow E_s = \frac{4}{1}\times5 = 20$ Volt;

$\frac{I_s}{I_p} = \frac{E_p}{E_s} \Rightarrow I_s = \frac{5}{20}\times4 = 1$ A

17. একটি নভো দূরবীক্ষণযন্ত্রের লেন্স দু'টির ক্ষমতা 0.5 D ও 10 D। যন্ত্রটির বিবর্ধন ক্ষমতা-
Ⓐ 0.05 Ⓑ 10 Ⓒ 20 Ⓓ 200

Solve $m = \frac{f_0}{f_e} = \frac{10}{0.5} = 20$

18. রাদারফোর্ড আলফা কণা পরীক্ষা থেকে কোনটির অস্তিত্ব পাওয়া যায়?
Ⓐ ইলেক্ট্রন Ⓑ নিউক্লিয়াস
Ⓒ প্রোটন Ⓓ নিউট্রন

Solve রাদারফোর্ড সিদ্ধান্ত মতে, পরমাণুর সমস্ত ধনচার্জ ও ভর এর কেন্দ্রে জমা থাকে। যার নাম হলো নিউক্লিয়াস।

19. Si-এর সাথে কোন অপদ্রব্যটি যোগ করলে n-type অর্ধ-পরিবাহী তৈরি হবে?
Ⓐ Ga Ⓑ As Ⓒ Al Ⓓ Ge

Solve Si এর সাথে পঞ্চযোজী অপদ্রব্য ডোপিং করলে n-type অর্ধ পরিবাহী তৈরি হবে। Al, Ga ত্রিযোজী, Ge চতুযোজী এবং As পঞ্চযোজী।

20. চন্দ্রশেখর সীমার চেয়ে কম ভরের তারার পরিণতি কি?
Ⓐ শ্বেত বামন Ⓑ নিউট্রন তারকা
Ⓒ সুপার নোভা Ⓓ কৃষ্ণ বিবর

Solve নক্ষত্রের ভর 1.4 সৌর ভরের চেয়ে কম হলে তা শ্বেতবামন (white dwarf) নক্ষত্র হিসেবে স্থায়িত্ব লাভ করে। নক্ষত্রের এই ভরকে চন্দ্রশেখর সীমা বলে।

রসায়ন

21. হাইড্রোজেন বর্ণালীতে দৃশ্যমান অঞ্চলে অবস্থিত সিরিজটির নাম-
Ⓐ লাইমেন Ⓑ ব্রাকেট Ⓒ প্যাশ্চেন Ⓓ বামার

Solve উচ্চ শক্তিস্তর হতে ২য় শক্তিস্তর $n_1 = 2$, এ ইলেকট্রনের স্থানান্তরের ফলে দৃশ্যমান অঞ্চলে বামার সিরিজ উৎপন্ন হয়।

22. নিম্নের কোন যৌগটি সহজে পানি দ্বারা আক্রান্ত হয় না-
Ⓐ $SiCl_4$ Ⓑ CCl_4 Ⓒ PCl_3 Ⓓ $FeCl_3$

Solve CCl_4 এর বহিস্থ শক্তিস্তরে d অরবিটাল না থাকায় একে আর্দ্র বিশ্লেষণ করা যায় না।

23. HCO_3^- এর অনুবন্ধী ক্ষারক কোনটি?
Ⓐ CO_2 Ⓑ H_2CO_3 Ⓒ CO_3^{2-} Ⓓ NH_3

Solve $HCO_3^- + H_2O \longrightarrow H_3O^+ + CO_3^{2-}$
HCO_3^- এর অনুবন্ধী ক্ষারক হল CO_3^{2-}

24. কোনটি সঠিক নয়?
Ⓐ n = 3, l = 2; 2p অরবিটাল Ⓑ n = 4, l = 2; 4d অরবিটাল
Ⓒ n = 4, l = 3; 4f অরবিটাল Ⓓ n = 5, l = 0; 5s অরবিটাল

Solve n = 3, l = 2, হলে 3d অরবিটাল হবে।

25. HCl যোগ করে একটি দ্রবণের pH মান 6 থেকে 3 এ হ্রাস করা হলো। দ্রবণে H^+ আয়নের মোলার ঘনমাত্রার বৃদ্ধি কতগুণ হয়েছে?
Ⓐ 10^2 Ⓑ 10^3 Ⓒ 10^{-2} Ⓓ 10^{-3}

Solve pH = 6 ; $[H^+] = 10^{-6}$; pH = 3; $[H^+] = 10^{-3}$
∴ $[H^+]$ বৃদ্ধি পেয়েছে = $\frac{10^{-3}}{10^{-6}} = 10^3$ গুন

26. থায়োসালফেট আয়ন আয়োডিন দ্বারা জরিত হলে পাওয়া যায়-
Ⓐ SO_3^{2-} Ⓑ $S_4O_6^{2-}$ Ⓒ SO_2^{2-} Ⓓ $S_2O_8^{2-}$

Solve
$2S_2O_3^{2-}(aq) + I_2(aq) \longrightarrow S_4O_6^{2-}(aq) + 2I^-(aq)$

27. কোনটি সবচেয়ে বেশি সমযোজী প্রকৃতির?
Ⓐ $BeCO_3$ Ⓑ $CaCO_3$ Ⓒ $MgCO_3$ Ⓓ $BaCO_3$

Solve ক্যাটায়নের আকার যত ছোট হয় এবং অ্যানায়নের আকার যত বড়, আয়নিক যৌগের সমযোজী বৈশিষ্ট্য তত বৃদ্ধি পায়। Be এর আকার সবচেয়ে ছোট তাই $BeCO_3$ এর সমযোজী বৈশিষ্ট্য ও বেশি হবে।

28. তাপমাত্রা বৃদ্ধির সাথে বিক্রিয়ার হার বৃদ্ধির প্রধান কারণ-
Ⓐ সংঘর্ষ সংখ্যা বৃদ্ধি Ⓑ সক্রিয় অণুর সংখ্যা বৃদ্ধি
Ⓒ সক্রিয়ন শক্তির হ্রাস Ⓓ গড় মুক্তপথ হ্রাস

Solve সক্রিয় অনুর সংখ্যা যত বৃদ্ধি পাবে, বিক্রিয়ার হার তত বৃদ্ধি পাবে।

29. কোন জোড়া অম্লীয় বাফার দ্রবণ তৈরি করে?
Ⓐ NaOH ও NaCl
Ⓑ CH_3COOH ও NH_4OH
Ⓒ CH_3COOH ও CH_3COONa
Ⓓ NH_4OH ও NH_4Cl Ans Ⓒ

30. STP তে 11.2×10^4 L আয়তনের CH_4 গ্যাসের পরিমাণ মৌল এককে-
Ⓐ 50000 Ⓑ 2500 Ⓒ 500 Ⓓ 5000

Solve 22.414 L CH_4 = 1 mol
∴ 11.2×10^4 L $CH_4 = \frac{1\times11.2\times10^4}{22.414} = 4996.87$ mol

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

31. হাইড্রোজেন ফুয়েল সেলে তড়িৎ বিশ্লেষ্যের মধ্য দিয়ে কোনটি চলাচল করে?

Ⓐ H_2 Ⓑ H^+ Ⓒ O_2 Ⓓ O^{2-} Ans Ⓒ

32. ওজোন স্তর ক্ষয়ের জন্য কোন যৌগটি সবচেয়ে বেশি দায়ী?

Ⓐ HFC Ⓑ CFC Ⓒ CH_3Br Ⓓ NO

Solve B ড. সুসান সলোমান ওজোন স্তর ক্ষয়ের জন্য ক্লোরিন দূষণকে দায়ী করেন। CFC অনু UV রশ্মি দ্বারা C–Cl বন্ধন ভেঙ্গে মুক্ত ইলেকট্রনযুক্ত ক্লোরিন পরমাণু উৎপন্ন করে।

33. $Al^{3+} + 3e^- \rightarrow Al$ বিক্রিয়ায় 18 গ্রাম Al ধাতু উৎপাদনে প্রয়োজনীয় তড়িৎ চার্জের পরিমাণ কত?

Ⓐ 2 F Ⓑ 1 F Ⓒ 3 F Ⓓ 9 F

Solve A $W = ZQ \Rightarrow Q = \frac{W}{Z} = \frac{18}{\frac{27}{3\times1}} = 2F$

34. অ্যানিলিনকে সরাসরি নাইট্রোবেনজিনে রূপান্তরিত করার উত্তম বিকারক কোনটি?

Ⓐ H_2O_2 Ⓑ $C_6H_5CO_3H$
Ⓒ $FeSO_4 + CH_3CO_2H$ Ⓓ $KMnO_4$ (ক্ষারীয়)

Solve B পারঅক্সিএসিডসমূহ অ্যানিলিন কে সরাসরি নাইট্রোবেনজিনে রূপান্তরিত করতে পারে।

35. $CH_3CH{=}CH_2 + HBr \xrightarrow{H_2O_2} ?$

Ⓐ $(CH_3)_2CHOH$ Ⓑ $CH_3CH_2CH_2OH$
Ⓒ $CH_3CH_2CH_2Br$ Ⓓ $(CH_3)_2CHBr$

Solve C পারঅক্সাইড এর উপস্থিতিতে, অপ্রতিসম অ্যালকিনে দ্বিবন্ধনযুক্ত যে কার্বনে বেশী H পরমাণু থাকে, সেটিতে বিকারকের ঋনাত্মক অংশ যুক্ত হয়। একে খারাসের পার অক্সাইড ফলাফল বা বিপরীত মারকনিকভের নিয়ম বলে।

36. কোনটি সর্বাধিক স্থিতিশীল কার্বোনিয়াম আয়ন?

Ⓐ C^+R_3 Ⓑ C^+HR_2 Ⓒ C^+H_2R Ⓓ C^+H_3

Solve A C^+R_3 আয়নে তিনটি ইলেকট্রন প্রদানকারী গ্রুপ যুক্ত থাকায়, কেন্দ্রীয় পরমাণুর ধনাত্মক চার্জ অনেকটা প্রশমিত হয় এবং সেজন্য এর স্থিতিশীলতা বৃদ্ধি পায়।

37. নিম্নের কোন যৌগটি ফেলিং দ্রবণের সাথে বিক্রিয়া করে?

Ⓐ $(CH_3)_2C{=}O$ Ⓑ $CH_3CH(OH)CH_3$
Ⓒ CH_3CHO Ⓓ $CH_3C(Ar){=}O$

Solve C অ্যালডিহাইড সমূহ ফেলিং দ্রবণের সাথে বিক্রিয়া করে লালচে বর্নের অধক্ষেপ (Cu_2O) সৃষ্টি করে।

38. নিম্নের কোন যৌগটি অ্যারোমেটিক ধর্ম প্রদর্শন করে না?

Ⓐ  Ⓑ  Ⓒ  Ⓒ 

Solve B  যৌগটি হাকেল নিয়ম অনুসরণ করে নাই। অ্যারোমোটিক ধর্ম প্রদর্শন করতে হলে, উক্ত যৌগে 6 টি সঞ্চারনশীল ইলেকট্রন থাকা প্রয়োজন। কিন্তু উক্ত যৌগে সঞ্চারণশীল ইলেকট্রনের সংখ্যা হচ্ছে 4 টি।

39. $CH_3{-}CH{=}CH{-}C{\equiv}C{-}CH_3$ যৌগটির বাম দিক থেকে চতুর্থ কার্বনে কি ধরনের সংকরণ বিদ্যমান?

Ⓐ sp^3 Ⓑ sp^2 Ⓒ sp Ⓓ sp^2d

Solve C উক্ত কার্বনে ২টি সিগমা বন্ধন ও ২টি পাই বন্ধন উপস্থিত। উক্ত কার্বন sp সংকরিত।

40. C_3H_8O আণবিক সংকেত থেকে প্রাপ্ত সমাণুর সংখ্যা কয়টি?

Ⓐ 2 Ⓑ 4 Ⓒ 1 Ⓓ 3

Solve D C_3H_8O এর সমানুসমূহ হল,

1. $CH_3{-}CH_2{-}CH_2{-}OH$ (প্রোপানল)
2. $CH_3{-}\underset{\displaystyle OH}{\underset{|}{CH}}{-}CH_3$ (আইসো প্রোপানল)
3. $CH_3CH_2OCH_3$ (ইথাইল মিথাইল ইথার)

গণিত

41. কেন্দ্র $\left(\frac{a}{2},0\right)$ এবং ব্যাসার্ধ $\frac{a}{2}$ বিশিষ্ট বৃত্তের পোলার সমীকরণ কোনটি?

Ⓐ $r = a\cos\theta$ Ⓑ $r = 2a\cos\theta$
Ⓒ $r = a\cos2\theta$ Ⓓ $r = \frac{a}{2}\cos\theta$

Solve A বৃত্তের সমীকরণ

$\left(x-\frac{a}{2}\right)^2 + (y-0)^2 = \left(\frac{a}{2}\right)^2$

$\Rightarrow x^2 - ax + \frac{a^2}{4} + y^2 = \frac{a^2}{4} \Rightarrow x^2 + y^2 - ax = 0$

$\Rightarrow r^2 - a\,r\cos\theta = 0 \Rightarrow r^2 = a\,r\cos\theta$

$\Rightarrow r = a\cos\theta$ বৃত্তের পোলার সমীকরণ।

42. $\frac{x^2}{64} + \frac{y^2}{36} = 1$ উপবৃত্তের উৎকেন্দ্রিকতা e এর মান-

Ⓐ $\frac{5}{8}$ Ⓑ $\frac{\sqrt{7}}{8}$ Ⓒ $\frac{\sqrt{7}}{4}$ Ⓓ $-\frac{\sqrt{7}}{4}$

Solve C $\frac{x^2}{64} + \frac{y^2}{36} = 1 \Rightarrow \frac{x^2}{8^2} + \frac{y^2}{6^2} = 1$

উৎকেন্দ্রিকতা, $e = \sqrt{1-\frac{6^2}{8^2}} = \sqrt{1-\frac{36}{64}} = \sqrt{\frac{64-36}{64}}$

$= \frac{\sqrt{28}}{8} = \frac{2\sqrt{7}}{8} = \frac{\sqrt{7}}{4}$

43. $\begin{bmatrix}-3 & 2\\ 2 & -1\end{bmatrix}$ এর বিপরীত ম্যাট্রিক্স কোনটি?

Ⓐ $\begin{bmatrix}3 & 2\\ 2 & 1\end{bmatrix}$ Ⓑ $\begin{bmatrix}1 & 3\\ 2 & 2\end{bmatrix}$ Ⓒ $\begin{bmatrix}1 & -2\\ -2 & 3\end{bmatrix}$ Ⓓ $\begin{bmatrix}1 & 2\\ 2 & 3\end{bmatrix}$

Solve D $D = \begin{vmatrix}-3 & 2\\ 2 & -1\end{vmatrix} = 3-4 = -1$

$\therefore \begin{bmatrix}-3 & 2\\ 2 & -1\end{bmatrix}$ এর বিপরীত ম্যাট্রিক্স $= \frac{1}{-1}\begin{bmatrix}-1 & -2\\ -2 & -3\end{bmatrix} = \begin{bmatrix}1 & 2\\ 2 & 3\end{bmatrix}$

44. $f(x) = \sqrt{4-x^2}$ ফাংশনটির ডোমেন কোনটি?

Ⓐ $-4 \le x \le 0$ Ⓑ $-2 \le x \le 0$
Ⓒ $-2 \le x \le 2$ Ⓓ $0 \le x \le 2$

Solve C $f(x) = \sqrt{4-x^2}$ ফাংশনটি সংজ্ঞায়িত হবে, যখন $4 - x^2 \ge 0 \Rightarrow x^2 - 4 \le 0 \Rightarrow x^2 \le 4$

$\Rightarrow |x| \le 2 \Rightarrow -2 \le x \le 2$

45. $\left(3x - \frac{2}{x^2}\right)^{15}$ এর বিস্তৃতিতে কত তম পদ x বর্জিত?

Ⓐ 3 Ⓑ 5 Ⓒ 6 Ⓓ 10

Solve C $r = \frac{15-0}{1+2} = \frac{15}{3} = 5$

$\therefore$ x বর্জিত পদটি = (5 + 1) তম = 6 তম

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

46. $|2x-3| < 7$ হলে, নিচের কোনটি সত্য?

Ⓐ $-2 < x < 5$ Ⓑ $3 < x < 7$
Ⓒ $2 < x < 4$ Ⓓ $-2 < x < 10$

Solve A $|2x-3| < 7$

$\Rightarrow -7 < 2x - 3 < 7 \Rightarrow -7+3 < 2x < 7+3$

$\Rightarrow -4 < 2x < 10 \Rightarrow -2 < x < 5$

47. k এর মান কত হলে, $(3k+1)x^2 + (k+11)x + 9 = 0$ সমীকরণের মূলদ্বয় জটিল হবে?

Ⓐ $-85 < k < -1$ Ⓑ $1 \le k \le 85$
Ⓒ $5 \le k < 75$ Ⓓ কোনোটিই নয়

Solve D মূলদ্বয় জটিল হবে, যখন

$(k+11)^2 - 4(3k+1).9 < 0$

$\Rightarrow k^2 + 22k + 121 - 108k - 36 < 0$

$\Rightarrow k^2 - 86k + 85 < 0 \Rightarrow k^2 - 85k - k + 85 < 0$

$\Rightarrow k(k-85) - (k-85) < 0$

$\Rightarrow (k-85)(k-1) < 0 \Rightarrow 85 > k > 1 \Rightarrow 1 < k < 85$

48. $y = \frac{x^2-1}{x}$ হলে, $\frac{d^3y}{dx^3}$ = কত?

Ⓐ $-3x^{-4}$ Ⓑ $3x^4$ Ⓒ $-6x^4$ Ⓓ $6x^{-4}$

Solve D $y = \frac{x^2-1}{x}$

$\Rightarrow y = x - \frac{1}{x} \Rightarrow \frac{dy}{dx} = 1 + \frac{1}{x^2}$

$\Rightarrow \frac{d^2y}{dx^2} = -\frac{2}{x^3} \Rightarrow \frac{d^3y}{dx^3} = \frac{6}{x^4} = 6x^{-4}$

49. x^2 এর সাপেক্ষে sinx এর অন্তরক সহগ কত?

Ⓐ $\frac{\sin x}{2x}$ Ⓑ $\frac{\cos x}{2x}$ Ⓒ $\cos x$ Ⓓ $\sin x$

Solve B $y = \sin x,\ z = x^2$

$\Rightarrow \frac{dy}{dz} = \frac{\left(\frac{dy}{dx}\right)}{\left(\frac{dz}{dx}\right)} = \frac{\frac{d}{dx}(\sin x)}{\frac{d}{dx}(x^2)} = \frac{\cos x}{2x}$

50. $\int_0^{\frac{\pi}{6}} \sin3x\cos3x\,dx$ = কত?

Ⓐ $\frac{1}{2}$ Ⓑ $\frac{1}{4}$ Ⓒ $\frac{1}{6}$ Ⓓ $\frac{1}{8}$

Solve C $\int_0^{\frac{\pi}{6}} \sin3x\cos3x\,dx = \frac{1}{2}\int_0^{\frac{\pi}{6}} \sin6x\,dx$

$= -\frac{1}{2}\left[\frac{\cos6x}{6}\right]_0^{\frac{\pi}{6}} = -\frac{1}{12}[\cos\pi - \cos0] = -\frac{1}{12}[-1-1] = \frac{1}{6}$

51. $\int_1^2 x^2e^{x^3}dx$ = কত?

Ⓐ $e^8 - e$ Ⓑ $e^4 - e$ Ⓒ $\frac{1}{3}(e^8 - e)$ Ⓓ $\frac{1}{3}(e^8 - 1)$

Solve C $\int_1^2 x^2e^{x^3}dx$

$= \frac{1}{3}\int_1^2 e^{x^3}(3x^2dx) = \frac{1}{3}\int_1^2 e^{x^3}d(x^3) = \frac{1}{3}[e^{x^3}]_1^2$

$= \frac{1}{3}[e^{2^3} - e^{1^3}] = \frac{1}{3}[e^8 - e]$

52. $\lim_{x\to0}\frac{e^{\sin x}-1}{\sin x}$ = কত?

Ⓐ 0 Ⓑ e Ⓒ 1 Ⓓ $\frac{1}{2}$

Solve C $\lim_{x\to0}\frac{e^{\sin x}-1}{\sin x}, \left[\frac{0}{0}\text{ form}\right]$

$= \lim_{x\to0}\frac{e^{\sin x}.\cos x}{\cos x} = \lim_{x\to0} e^{\sin x} = e^0 = 1$

53. ABC ত্রিভুজের শীর্ষ বিন্দুগুলো A(–3,–2), B(–3,9) এবং C(5,–8) হলে, B হতে CA এর উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য কত?

Ⓐ $\frac{42}{5}$ Ⓑ $\frac{42}{7}$
Ⓒ $\frac{40}{5}$ Ⓓ $\frac{44}{5}$

Solve D CA-এর সমীকরণ,

$\frac{x+3}{-3-5} = \frac{y+2}{-2+8} \Rightarrow \frac{x+3}{-8} = \frac{y+2}{6} \Rightarrow \frac{x+3}{-4} = \frac{y+2}{3}$

$\Rightarrow 3x + 4y + 17 = 0$

B(–3, 9) হতে উপরোক্ত রেখার উপর লম্ব দূরত্ব,

$= \left|\frac{3(-3)+4\times9+17}{\sqrt{16+9}}\right| = \left|\frac{-9+36+17}{5}\right| = \frac{44}{5}$

খ- অংশ

54. জিন থেরাপিতে বাহক হিসেবে ব্যবহার করা হয়-

Ⓐ ব্যাকটেরিয়া Ⓑ ভাইরাস
Ⓒ ছত্রাক Ⓓ শৈবাল

Solve B জিন থেরাপিতে বাহক হিসেবে ভাইরাসকে ব্যবহার করা হয়। রিকম্বিনেন্ট DNA প্রযুক্তিতে ব্যাকটেরিয়া ব্যবহৃত হয়।

55. অগ্ন্যাশয়ের আইলেটস অব ল্যাঙ্গারহ্যান্সের বিটাসেল থেকে নিঃসৃত হরমোন-

Ⓐ গ্লুকাগন Ⓑ সোমাটোস্ট্যাটিন
Ⓒ ইনসুলিন Ⓓ অক্সিটোসিন

Solve C

- আইলেটস অব ল্যাঙ্গারহ্যানস: β-কোষ ইনসুলিন, α-কোষ গ্লুকাগন ও δ-কোষ সোমাটোস্ট্যাটিন।
- পশ্চাৎপিটুইটারি → অক্সিটোসিন।

56. হার্ট রেট বৃদ্ধিকারী হরমোন-

Ⓐ গ্যাস্ট্রিন Ⓑ মিনারেলোকর্টিকয়েড
Ⓒ এপিনেফ্রিন Ⓓ নর-এপিনেফ্রিন

Solve C গ্যাস্ট্রিন: পাকস্থলী প্রাচীরকে HCl ও পেপসিন নিঃসরণে উদ্দীপিত করে।

মিনারেলোকর্টিকয়েড: খনিজ লবণের বিপাক নিয়ন্ত্রণ করে।

নর-এপিনেফ্রিন: হৃৎপেশি উদ্দীপ্ত হয়, রক্তচাপ বৃদ্ধি পায়।

57. এ্যান্টিবডি তৈরি করে-

Ⓐ মাস্ট কোষ Ⓑ B-লিম্ফোসাইট
Ⓒ T-লিম্ফোসাইট Ⓓ মনোসাইট

Solve B লিম্ফোসাইট দুই প্রকার। যথা: (1) T-কোষ, (2) B-কোষ। B-লিম্ফোসাইট কয়েক উপধরনে বিভক্ত যার একটি হচ্ছে প্লাজমা B-কোষ বা প্লাজমা কোষ যা থেকে অ্যান্টিবডি উৎপন্ন হয়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

58. সন্তান প্রসবকালে জরায়ুর মসৃণ পেশির সংকোচন ত্বরান্বিত করে-

Ⓐ অক্সিটোসিন Ⓑ প্যারাথরমোন
Ⓒ গ্লুকোকর্টিকয়েড Ⓓ গ্রোথ হরমোন

Solve **অক্সিটোসিন:** দুগ্ধ ক্ষরণে সাহায্য করে ও প্রসবকালে জরায়ুর সংকোচন ত্বরান্বিত করে।
প্যারাথরমোন: ক্যালসিয়াম ও ফসফরাসের বিপাক নিয়ন্ত্রণ করে।
গ্লুকোকর্টিকয়েড: শর্করা ও আমিষ বিপাক নিয়ন্ত্রণ করে।

59. মানব রক্তে বিদ্যমান বাফার দ্রবণ-

Ⓐ $NaHCO_3 + H_2CO_3$
Ⓑ $CH_3COONa + CH_3COOH$
Ⓒ $Na_2HPO_4 + H_3PO_4$
Ⓓ $NH_4Cl + NH_4OH$ Ans Ⓐ

60. মাস্ট কোষ হতে নিঃসৃত হয়-

Ⓐ LTC_4 Ⓑ IgE
Ⓒ IgD Ⓓ IgG

Solve **IgE:** কোষ, মাস্ট কোষ, বেসোফিলে পাওয়া যায়।
IgD: রক্ত, লসিকা ও লিম্ফোসাইট B-কোষে পাওয়া যায়।
IgG: রক্ত, লসিকা, অন্ত্র ও টিস্যু তরলে পাওয়া যায়।

61. মানুষের মস্তিষ্কের কোন করোটিক স্নায়ু ফুসফুসের কার্যকারিতা নিয়ন্ত্রণ করে?

Ⓐ অলফ্যাক্টরি স্নায়ু Ⓑ ভেগাস স্নায়ু
Ⓒ ফেসিয়াল স্নায়ু Ⓓ অ্যাবডুসেন্স স্নায়ু

Solve

- **অলফ্যাক্টরি স্নায়ু:** ঘ্রাণ অনুভূতি মস্তিষ্কে পৌঁছায়।
- **ভেগাস স্নায়ু:** স্বরযন্ত্র, হৃৎপিণ্ড, পাকস্থলী, ফুসফুসের কার্যকারিতা নিয়ন্ত্রণ করে।
- **ফেসিয়াল স্নায়ু:** স্বাদ গ্রহণ, চর্বন ও গ্রীবা সঞ্চালন নিয়ন্ত্রণ করে।
- **অ্যাবডুসেন্স স্নায়ু:** অক্ষিগোলকের সঞ্চালন নিয়ন্ত্রণ করে।

62. নিচের কোনটির মাধ্যমে নিউরনের মধ্যে দিয়ে স্নায়ু অনুভূতি সঞ্চারিত হয়?

Ⓐ অ্যাসিটিক এসিড Ⓑ অ্যাসিটাইল কো-এ
Ⓒ অ্যাসিটাইলকোলিন Ⓓ অ্যাসপারটিক এসিড

Solve নিউরোট্রান্সমিটারের মাধ্যমে নিউরনের মধ্য দিয়ে স্নায়ু অনুভূতি সঞ্চারিত হয়। কয়েকটি নিউরোট্রান্সমিটার হলো:

- **জৈব অ্যামিন:** ইপিনেফ্রিন, নর-ইপিনেফ্রিন, ডোপামিন হিস্টামিন, সেরোটোনিন।
- **পেপটাইড:** এন্ডোরফিন, ডাইনোরফিন, নিউরোটেনসিন, সোমাটোস্ট্যাটিন।
- **অ্যামিনো এসিড:** GABA, গ্লাইসিন, গ্লুটামিক এসিড, অ্যাসপারটিক এসিড।
- **অন্যান্য:** অ্যাডিনোসিন, ATP, NO, CO, অ্যাসিটাইলকোলিন।

63. সহজেই কোষ ঝিল্লি অতিক্রম করে-

Ⓐ গ্লুকোজ Ⓑ ম্যানোজ
Ⓒ সুক্রোজ Ⓓ গ্লিসারল

Solve

- **অতি সহজে কোষ ঝিল্লি অতিক্রম করতে পারে:** N_2, O_2, H_2O, গ্লিসারল ইত্যাদি।
- **শক্তির সাহায্যে কোষ ঝিল্লি অতিক্রম করে:** গ্লুকোজ, সুক্রোজ, Na, K, Ca ইত্যাদি।

64. ভ্যালিন সর্বোচ্চ কয়টি কোডন দ্বারা নির্ধারিত হতে পারে?

Ⓐ 2টি Ⓑ 3টি Ⓒ 4টি Ⓓ 6টি

Solve
- ভ্যালিন নির্দেশক কোডন→ 4টি
- ফিনাইল অ্যালানিন নির্দেশক কোডন → 2টি
- লাইসিন নির্দেশক কোডন → 2টি
- লিউসিন নির্দেশক কোডন → 2টি

65. স্টার্চের আণবিক সংকেত-

Ⓐ $(C_6H_{10}O_5)_n$ Ⓑ $(C_6H_{12}O_6)_n$
Ⓒ $(C_6H_{10}O_6)_n$ Ⓓ কোনোটিই নয়

Solve গ্লুকোজ → $C_6H_{12}O_6$
সুক্রোজ → $C_{12}H_{22}O_{11}$

66. আলোক সক্রিয় সমাণু-

Ⓐ বেনজিন Ⓑ গ্লুকোজ Ⓒ অ্যানিলিন Ⓓ জাইলিন

Solve **আলোক সক্রিয় সমাণু:** গ্লুকোজ, ফ্রুক্টোজ, গ্যালাক্টোজ, অ্যামাইনো এসিড ইত্যাদি।

গ- অংশ

67. S ও T (S > T) বলদ্বয়ের বৃহত্তম লব্ধি 8 N এবং ক্ষুদ্রতম লব্ধি 2 N হলে, S এর মান কত?

Ⓐ 2 N Ⓑ 5 N Ⓒ 6 N Ⓓ 8 N

Solve $S + T = 8N$
$S - T = 2N$
$(+)\ 2S = 10N$
$\Rightarrow S = 5N$

68. ABC ত্রিভুজের A, B এবং C কৌণিক বিন্দুতে যথাক্রমে Q এবং R মানের তিনটি সমমুখী সমান্তরাল বল ক্রিয়া আছে। তাদের লব্ধি ঐ ত্রিভুজের অন্তঃকেন্দ্রে ক্রিয়ারত হয় নিম্নের কোন সম্বন্ধটি সঠিক?

Ⓐ $\frac{P}{\sin A} = \frac{Q}{\sin B} = \frac{R}{\sin C}$ Ⓑ $\frac{\cot A}{P} = \frac{\cot B}{Q} = \frac{\cot C}{R}$
Ⓒ $\frac{P}{\cos A} = \frac{Q}{\cos B} = \frac{R}{\cos C}$ Ⓓ $\frac{P}{\tan A} = \frac{Q}{\tan B} = \frac{R}{\tan C}$

Solve
$Q.BD = R.CD$
$\frac{Q}{R} = \frac{CD}{BD} = \frac{AC}{AB} = \frac{b}{c} = \frac{\sin B}{\sin C}$
$\Rightarrow \frac{Q}{\sin B} = \frac{R}{\sin C}$
অনুরূপভাবে, A ও B বিন্দুতে ক্রিয়ারত P ও Q বল নিলে পাই,
$\frac{P}{\sin A} = \frac{Q}{\sin B} \therefore \frac{P}{\sin A} = \frac{Q}{\sin B} = \frac{R}{\sin C}$



69. P এবং Q এক বিন্দুগামী দুইটি বলের লব্ধি R। যদি P = Q = R হয়, তাহলে বলদ্বয়ের মধ্যবর্তী কোণ কত?

Ⓐ 120° Ⓑ 90° Ⓒ 60° Ⓓ 45°

Solve $R^2 = P^2 + Q^2 + 2PQ\cos\theta$
$\therefore P^2 = P^2 + P^2 + 2P^2\cos\theta \quad [\because P = Q = R]$
$\Rightarrow 2P^2\cos\theta = -P^2 \Rightarrow \cos\theta = -\frac{1}{2} = \cos 120° \quad \therefore \theta = 120°$

বি:দ্র:- একই বিন্দুতে সমান তিন বল ভারসাম্য সৃষ্টি করলে, যেকোনো বলদ্বয়ের মধ্যবর্তী কোণ = 120°

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

70. বৃষ্টি চলাকালীন সময়ে একজন লোক 15 মি/সে বেগে চলছে। যদি বৃষ্টি 15 মি/সে বেগে খাড়া নিচের দিকে পড়ে, তবে বৃষ্টি থেকে বাঁচতে হলে ঐ লোকটিকে আণুভূমিকের সাথে কত ডিগ্রি কোণে ছাতা ধরতে হবে?

Ⓐ 90 Ⓑ 60 Ⓒ 45 Ⓓ 30

Solve
লোকটির কাছে বৃষ্টি উলম্বের সাথে θ কোণে আছে বলে মনে হলে,
$\tan\theta = \frac{15}{15} = 1 = \tan 45°$
$\theta = 45°$
তাহলে অনুভূমিকের সাথে ছাতা 45° কোণে ধরতে হবে।



71. একটি রাইফেলের পাল্লা পৃথিবী পৃষ্ঠে 600 মিটার। চন্দ্রের মাধ্যাকর্ষণ শক্তি পৃথিবীর মাধ্যাকর্ষণ শক্তির $\frac{1}{6}$ গুণ হলে, একই রূপ অবস্থায় চন্দ্র পৃষ্ঠে রাইফেলের পাল্লা কত?

Ⓐ 600 মি Ⓑ 1200 মি Ⓒ 1800 মি Ⓓ 3600 মি

Solve $600 = \frac{v^2\sin 2\alpha}{g}$
চাঁদে পাল্লা, $R_m = \frac{v^2\sin 2\alpha}{\frac{g}{6}} = 6 \times \frac{v^2\sin 2\alpha}{g} = 6\times 600$
$= 3600$ মি.

72. একজন সাঁতারু নদীর স্রোতের সাথে সমকোণে যাত্রা করে অপর পাড়ে যাত্রাস্থানের বিপরীত বিন্দু হতে নদীর তীর বরাবর 500 মিটার দূরে পৌঁছে। সাঁতারুর বেগ স্রোতের বেগের দ্বিগুণ হলে, নদীর প্রস্থ কত?

Ⓐ 0.5 কিমি Ⓑ 1 কিমি
Ⓒ 2 কিমি Ⓓ 4 কিমি

Solve $500 = ut$
এবং $d = vt = 2ut$
$\frac{d}{500} = \frac{2ut}{ut}$
$d = 1000$ মি. $= 1$ কি.মি.



73. এক ব্যক্তি কোনো স্থানে যাওয়ার সময় ঘণ্টায় 4 মাইল বেগে যায় এবং আসার সময় ঘণ্টায় 3 মাইল বেগে ফেরত আসে। তার গতিবেগ হবে-

Ⓐ $\frac{12}{5}$ মাইল/ঘণ্টা Ⓑ $\frac{24}{5}$ মাইল/ঘণ্টা
Ⓒ $\frac{12}{7}$ মাইল/ঘণ্টা Ⓓ $\frac{24}{7}$ মাইল/ঘণ্টা

Solve গড় বেগ $= \frac{2\times 4\times 3}{4+3} = \frac{24}{7}$ মাইল/ ঘণ্টা

74. sec θ ফাংশনটির বিস্তার কত?

Ⓐ $[-1,1]$ Ⓑ $\mathbb{R}$
Ⓒ $\mathbb{R} - (-1,1)$ Ⓓ কোনোটিই নয়

Solve
$\therefore \sec\theta$ এর বিস্তার $R - (-1, 1)$



75. আনুভূমিকে চলন্ত একটি ক্রিকেট বলকে তার বেগের সাথে সমকোণে ব্যাট দ্বারা 40 মি/সে বেগে আঘাত করায় তা 50 মি/সে বেগ প্রাপ্ত হল। বলটির বেগ কত ছিল?

Ⓐ 30 মি/সে Ⓑ 40 মি/সে
Ⓒ 45 মি/সে Ⓓ 50 মি/সে

Solve
বলের প্রাথমিক গতিবেগ u হলে,
$50^2 = 40^2 + u^2$
$\Rightarrow u^2 = 50^2 - 40^2$
$\Rightarrow u = \sqrt{50^2 - 40^2}$
$= 30$ মি/সে.



76. $y = \sqrt{x + \sqrt{x + \sqrt{x + \ldots\ldots}}}$ হলে, $\frac{dy}{dx}$ = কত?

Ⓐ $\frac{1}{2y-1}$ Ⓑ $\frac{x}{1-2y}$
Ⓒ $\frac{y}{2y-1}$ Ⓓ $\frac{y}{1-2y}$

Solve $y = \sqrt{x + \sqrt{x + \sqrt{x + \ldots\ldots}}}$
$\Rightarrow y^2 = x + \sqrt{x + \sqrt{x + \sqrt{x + \ldots\ldots}}}$
$\Rightarrow y^2 = x + y \Rightarrow 2y\frac{dy}{dx} = 1 + \frac{dy}{dx}$
$\Rightarrow (2y-1)\frac{dy}{dx} = 1 \Rightarrow \frac{dy}{dx} = \frac{1}{2y-1}$

77. (3,–2) বিন্দু থেকে $4x - 3y = 10$ রেখার লম্ব দূরত্ব কত?

Ⓐ $\frac{5}{8}$ Ⓑ $\frac{1}{8}$ Ⓒ $\frac{8}{5}$ Ⓓ $\frac{8}{3}$

Solve
লম্ব দূরত্ব $= \left|\frac{4\times 3 - 3(-2) - 10}{\sqrt{4^2 + (-3)^2}}\right| = \left|\frac{12 + 6 - 10}{5}\right| = \frac{8}{5}$

78. $\int_0^1 \frac{dx}{\sqrt{2x - x^2}}$ = কত?

Ⓐ $\frac{\pi}{2}$ Ⓑ $\frac{\pi}{3}$ Ⓒ $\frac{\pi}{4}$ Ⓓ $\frac{\pi}{12}$

Solve $\int_0^1 \frac{dx}{\sqrt{2x - x^2}}$
$= \int_0^1 \frac{dx}{\sqrt{1 - 1 + 2x - x^2}} = \int_0^1 \frac{dx}{\sqrt{1 - (x-1)^2}}$
$= [\sin^{-1}(x-1)]_0^1 = \sin^{-1}0 - \sin^{-1}(-1) = 0 + \sin^{-1}1 = \frac{\pi}{2}$

79. $1 + \frac{1}{5} + \frac{1}{5^2} + \frac{1}{5^3} + \ldots\ldots$ ধারাটির সমষ্টি কত?

Ⓐ $\frac{5}{2}$ Ⓑ $\frac{4}{5}$
Ⓒ $\frac{5}{3}$ Ⓓ $\frac{5}{4}$

Solve $r = \frac{\frac{1}{5}}{1} = \frac{1}{5}$
$\therefore$ যোগফল $= \frac{1}{1 - \frac{1}{5}} = \frac{1}{\frac{5-1}{5}} = \frac{1}{\frac{4}{5}} = \frac{5}{4}$

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

রাজশাহী বিশ্ববিদ্যালয় [ভর্তি পরীক্ষা: ১৫-১৬]
[C-Unit] বিজ্ঞান বিভাগ, Even, Set- 1

ক-অংশ

01. সময়ের ব্যবধান শূন্যের কাছাকাছি হলে সময়ের সাথে বস্তুর সরণের হার-
Ⓐ তাৎক্ষণিক ত্বরণ Ⓑ তাৎক্ষণিক বেগ
Ⓒ ত্বরণ Ⓓ গড় দূরত্ব

Solve (B) তাৎক্ষণিক বেগ, $v = \lim_{t\to 0} \frac{\Delta s}{\Delta t}$

02. কোনো বস্তুর অবস্থান y-কে সময় t-এর অপেক্ষকরূপে প্রকাশের সমীকরণ হল $y = 2 + 10t + 4t^2$। বস্তুটির ত্বরণ কত?
Ⓐ 18 ms^{-2} Ⓑ 16 ms^{-2}
Ⓒ 8 ms^{-2} Ⓓ 2 ms^{-2}

Solve (C) $y = 2 + 10t + 4t^2 \Rightarrow v = \frac{dy}{dt} = 10 + 8t$

$\Rightarrow a = \frac{dv}{dt} = 8\ ms^{-2}$

03. কোন স্থিতিস্থাপক গুণাঙ্কটি তরলের জন্য প্রযোজ্য?
Ⓐ ইয়ং এর গুণাঙ্ক Ⓑ দৃঢ়তার গুণাঙ্ক
Ⓒ আয়তন গুণাঙ্ক Ⓓ কোনোটিই নয়

Solve (C) তরল পদার্থের ক্ষেত্রে শুধু আয়তন বিকৃতি হয়, তাই আয়তন গুণাঙ্ক তরলের জন্য প্রযোজ্য।

04. স্থির অবস্থা থেকে মুক্তভাবে পড়ন্ত কোন বস্তুর প্রথম, দ্বিতীয়, তৃতীয় সেকেন্ডে অতিক্রান্ত দূরত্বের অনুপাত-
Ⓐ 1 : 1 : 1 Ⓑ 1 : 2 : 3
Ⓒ 1 : 3 : 5 Ⓓ 1 : 4 : 9

Solve (D) গ্যালিলিওর সূত্রানুযায়ী, $h \propto t^2$

05. একটি বৈদ্যুতিক বাল্বের গায়ে 220 V এবং 100 W লেখা আছে। বাল্বটির রোধ কত?
Ⓐ 584Ω Ⓑ 525 Ω
Ⓒ 490 Ω Ⓓ 484 Ω

Solve (D) $P = \frac{V^2}{R} \Rightarrow R = \frac{V^2}{P} = \frac{220^2}{100} = 484\ \Omega$

06. v বেগে গতিশীল একটি চার্জিত কণা B চৌম্বকক্ষেত্রের সাথে লম্ব বরাবর ঐ ক্ষেত্রে প্রবেশ করার ফলে r ব্যাসার্ধের বৃত্তপথে ঘুরতে থাকে। B-এর বৃদ্ধি করলে কি ঘটবে?
Ⓐ v বৃদ্ধি পাবে Ⓑ v হ্রাস পাবে
Ⓒ r বৃদ্ধি পাবে Ⓓ r হ্রাস পাবে

Solve (D) $\frac{mv^2}{r} = qvB\sin 90°$

$\Rightarrow B \propto \frac{1}{r}$

B এর মান বৃদ্ধি করলে r হ্রাস পাবে

07. সরল ছন্দিত স্পন্দনে বিস্তার A হলে, স্পন্দিত কণার বিভব শক্তি সর্বোচ্চ হবে যখন সরণ-
Ⓐ A Ⓑ A/2
Ⓒ $A/\sqrt{2}$ Ⓓ 0

Solve (A) সরল ছন্দিত স্পন্দনের বিস্তারের মান সর্বোচ্চ হলে বিভব শক্তি সর্বাধিক হয়।

08. একটি অতি সূক্ষ্ম তারের ব্যাস কোন যন্ত্রটি দিয়ে পরিমাপ করবে?
Ⓐ স্লাইড ক্যালিপার্স Ⓑ স্ক্রু-গজ
Ⓒ স্ফেরোমিটার Ⓓ সবকয়টি দ্বারা

Solve (B) স্লাইড ক্যালিপার্স দিয়ে বস্তুর দৈর্ঘ্য, প্রস্থ, উচ্চতা পরিমাপ করা যায়। স্ক্রু-গজ দিয়ে বস্তুর প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল পরিমাপ করা যায়। স্ফেরোমিটার দিয়ে বক্রতার ব্যাসার্ধ পরিমাপ করা যায়।

09. বল $\vec{F} = 2\hat{i} - \hat{j} - \hat{k}$ প্রয়োগ করে বস্তুর সরণ $\vec{r} = 3\hat{i} + 2\hat{j} - 5\hat{k}$ হলে কৃত কাজের পরিমাণ কত একক?
Ⓐ 9 Ⓑ 15 Ⓒ 17 Ⓓ 8

Solve (A) $W = \vec{F}.\vec{r} = (2\hat{i} - \hat{j} - \hat{k})(3\hat{i} + 2\hat{j} - 5\hat{k})$
$= 6 - 2 + 5 = 9\ J$

10. দুটি কৃষ্ণ বস্তুর নির্গত তাপশক্তির অনুপাত 16:1। দ্বিতীয় বস্তুর তাপমাত্রা 300 K হলে, প্রথম বস্তুর তাপমাত্রা কত?
Ⓐ 1200 K Ⓑ 1600 K Ⓒ 600 K Ⓓ 300 K

Solve (C) $\frac{E_1}{E_2} = \left(\frac{T_1}{T_2}\right)^4 \Rightarrow \left(\frac{16}{1}\right) = \left(\frac{T_1}{300}\right)^4$

$\Rightarrow \frac{T_1}{300} = (16)^{\frac{1}{4}} \Rightarrow T_1 = 600\ K$

11. একটি তাপ ইঞ্জিনের কার্যকর বস্তু 400 K তাপমাত্রার উৎস হতে 840 J তাপ গ্রহণ করে শীতল আধারে 420 J তাপ বর্জন করে। শীতল আধারের তাপমাত্রা-
Ⓐ 200 K Ⓑ 420 K Ⓒ 300 K Ⓓ 100 K

Solve (A) $\frac{T_2}{T_1} = \frac{Q_2}{Q_1}$

$\Rightarrow \frac{T_2}{400} = \frac{420}{840} \Rightarrow T_2 = 200\ K$

12. চিত্রের বর্তনীতে অ্যামিটারের পাঠ কত?



Ⓐ 0.5 A Ⓑ 4 A Ⓒ 2 A Ⓓ 10 A

Solve (C)
$\Rightarrow I = \frac{V}{R} = \frac{18}{9} = 2A$



13. এক ব্যক্তির চোখের নিকট বিন্দু 15 cm। স্পষ্ট দর্শনের ন্যূনতম দূরত্বে বই পড়তে হলে, তাকে কত ক্ষমতার চশমা ব্যবহার করতে হবে?
Ⓐ –1.67 D Ⓑ +1.67 D Ⓒ –2.67 D Ⓓ +2.67 D

Solve (C) $\frac{1}{f} = \left(\frac{1}{u} + \frac{1}{v}\right) = -\frac{1}{15} + \frac{1}{25}$

$\Rightarrow f = -0.375\ m \therefore P = \frac{1}{f} = -2.67\ D$

14. একটি তরঙ্গের বিস্তার 0.4 m হলে T/4 সময়ে কম্পনের শুরু হতে λ/8 দূরত্বে অবস্থিত বিন্দুর সাম্যবস্থান হতে সরণ কত হবে?
Ⓐ 0.56 m Ⓑ 0.28 m Ⓒ 0.14 m Ⓓ 0.07 m

Solve (B) $y = A\sin(\omega t + \delta)$

$= 0.4\sin\left(\frac{2\pi}{T} \times \frac{T}{4} + \frac{\pi}{4}\right) = 0.28$

$\delta = \frac{2\pi}{\lambda} \times \frac{\lambda}{8} = \frac{\pi}{4}$

15. কোনটি নিউক্লিয় ঘটনা নয়?
Ⓐ α-রশ্মি Ⓑ β-রশ্মি Ⓒ γ-রশ্মি Ⓓ x-রশ্মি

Solve (D) α-রশ্মি β-রশ্মি ও γ-রশ্মি হলো তেজস্ক্রিয় রশ্মি। যা একটি তেজস্ক্রিয় নিউক্লিয় ঘটনা।

16. যখন আলোক উৎস ও পর্দার মধ্যবর্তী দূরত্ব সসীম থাকে তখন কোন অপবর্তন হয়?
Ⓐ ফ্রেনেল ও ফ্রনহফার Ⓑ ফ্রনহফার
Ⓒ ফ্রেনেল Ⓓ অপবর্তন হয় না

Solve (C) যখন আলোক উৎস ও পর্দার মধ্যবর্তী দূরত্ব অসীম হয় তখন ফ্রনহফার শ্রেণির অপবর্তন হয়।

17. p-n জংশনের নিঃশেষিত অঞ্চলে থাকে-
Ⓐ ইলেকট্রন ও হোল Ⓑ + ve আয়ন ও – ve আয়ন
Ⓒ হোল ও –ve আয়ন Ⓓ ইলেকট্রন ও +ve আয়ন Ans (B)

18. একটি আধান q-কে কেন্দ্র করে R-ব্যাসার্ধের একটি গোলীয় গাউসীয় তল কল্পনা করা হল। ব্যাসার্ধ দ্বিগুণ করা হলে ঐ গাউসীয় তলের মধ্য দিয়ে বহির্মুখী তড়িৎ বলরেখার সংখ্যা-
Ⓐ চারগুণ বৃদ্ধি পাবে Ⓑ অর্ধেক হবে
Ⓒ একই থাকবে Ⓓ এক-চতুর্থাংশ হবে

Solve (C) গাউসের সূত্রানুযায়ী, $\phi = \vec{E}.\vec{ds} = \frac{q}{\epsilon_0}$

যেহেতু q অপরিবর্তিত থাকবে, ϕ ও গাউসিয়ান তলের ব্যাসার্ধের উপর নির্ভরশীল হবে না।

19. একটি নভো-দূরবীক্ষণ যন্ত্রের অভিলক্ষ্য ও অভিনেত্রের ফোকাস দূরত্ব যথাক্রমে 1 m ও 0.05 m। স্বাভাবিক দর্শনের ক্ষেত্রে বিবর্ধন নির্ণয় কর।
Ⓐ 20 Ⓑ 25 Ⓒ 30 Ⓓ 27

Solve (A) $f_0 = 1m$

$f_e = 0.05\ m \therefore m = \frac{f_0}{f_e} = \frac{1}{0.05} = 20$

20. যদি একটি বস্তু আলোর বেগে চলে তবে এর দৈর্ঘ্য কত হয়?
Ⓐ অসীম হয় Ⓑ একই থাকে Ⓒ দ্বিগুণ হয় Ⓓ শূন্য হয়

Solve (D) $L = L_0\sqrt{1 - \frac{v^2}{c^2}}$

$= L_0\sqrt{1 - \frac{c^2}{c^2}}\ [v = c]$

$= L_0\sqrt{1 - 1}$

$\therefore L = L_0 \times 0 = 0$

21. বর্ণ পরিবর্তনে ফেনফথ্যালিন নির্দেশক এর pH পরিসর কোনটি?
Ⓐ 3.1 - 4.4 Ⓑ 8.3 - 10.0 Ⓒ 6.0 - 8.0 Ⓓ 4.2 - 6.3

Solve (B) বর্ণ পরিবর্তনে ফেনফথ্যালিন নির্দেশক এর pH পরিসর হলো 8.3 – 10

22. PCl_5 গঠন সম্ভব, কিন্তু NCl_5 গঠন সম্ভব নয়। কারণ ফসফরাসের তুলনায় নাইট্রোজেনে-
Ⓐ আয়নীকরণ শক্তি বেশি
Ⓑ তড়িৎ ঋণাত্মকতা বেশি
Ⓒ পারমাণবিক ব্যাসার্ধ কম ও d-অরবিটালের অনুপস্থিতি
Ⓓ পারমাণবিক ব্যাসার্ধ বেশি

Solve (C) P এর ক্ষেত্রে 3d অরবিটাল থাকায় এর যোজ্যতা 3 ও 5 হয়। কিন্তু ২য় শক্তিস্তরে d অরবিটাল না থাকায় N এর যোজ্যতা বৃদ্ধি সম্ভব হয় না।

23. 0.2 M HCl দ্রবণের pH কত?
Ⓐ 2.0 Ⓑ 6.99
Ⓒ 0.699 Ⓓ 3.0

Solve (C) $pH = -\log[H^+] = -\log(0.2) = 0.699$

24. f অরবিটালে সর্বমোট কয়টি ইলেকট্রন থাকতে পারে?
Ⓐ 10 টি Ⓑ 15 টি Ⓒ 14 টি Ⓓ 5 টি

Solve (C) $s \to 2$ টি; $p \to 6$ টি; $d \to 10$ টি; $f \to 14$ টি

25. কোন যৌগটি জ্যামিতিক সমাণুতা প্রদর্শন করে?
Ⓐ $CH_3–CH_2–CH=CCl_2$ Ⓑ $CH_3–CH_2–CH=CH_2$
Ⓒ $CH_3–CH_2–CH=CHCl$ Ⓓ $CH_3–CH=C(CH_3)_2$

Solve (C) জ্যামিতিক সমাণুতার শর্ত দ্বিবন্ধন যুক্ত যৌগে কার্বনের উভয় পাশে ভিন্ন কার্যকরী মূলক  হবে।



যৌগটিতে প্রদত্ত শর্ত বিদ্যমান থাকায় এটি জ্যামিতিক সমাণুতা প্রদর্শন করে।

26. কোন জোড়া অণু মেটামারিজম প্রদর্শন করে?
Ⓐ $CH_3–O–CH_2–CH_2CH_3$ ও $CH_3–CH_2–O–CH_2–CH_3$
Ⓑ $CH_3–CH_2–OH$ ও $CH_3–O–CH_3$
Ⓒ $CH_3–CH_2–OH$ ও $CH_3–CHO$
Ⓓ $CH_3–CH_2–OH$ ও $CH_3–O–CH_2–CH_3$

Solve (A) একই সমগোত্রীয় শ্রেণীর অন্তর্ভূক্ত সমানু গুলোতে কার্যকরী মূলকের উভয় পাশে কার্বন পরমাণু সংখ্যার ভিন্নতার কারণে মেটামারিজম প্রদর্শন করে।

$CH_3–O–CH_2–CH_2–CH_3$ $CH_3–CH_2–O–CH_2–CH_3$

27. IR বর্ণালীমিতি দ্বারা কার্বনিল যৌগ শনাক্তকরণে কত তরঙ্গ সংখ্যায় ($\bar{\upsilon}$) গ্রহণযোগ্য চূড়া পাওয়া যায়?
Ⓐ 3300 ~ 3400 cm^{-1} Ⓑ 1100 ~ 1300 cm^{-1}
Ⓒ 1705 ~ 1720 cm^{-1} Ⓓ 2100 ~ 2200 cm^{-1}

Solve (C)



মূলকে $\nu_{C=O} \to 1705 - 1720\ cm^{-1}$



মূলকে $\nu_{C=O} \to 1720 - 1740\ cm^{-1}$

মূলকে $\nu_{C=O} \to 1680 - 1710\ cm^{-1}$

28. 0.106 g Na_2CO_3 এ কতটি অণু আছে?
Ⓐ 6.023×10^{23} Ⓑ 6.023×10^{17}
Ⓒ 6.023×10^{20} Ⓓ 6.023×10^{x}

Solve (C)

$X = \frac{m}{M} \times N_A = \frac{0.106}{106} \times 6.023 \times 10^{23} = 6.023 \times 10^{20}$ টি

29. 1 লিটার ডেসিমোলার Na_2CO_3 দ্রবণে কত গ্রাম Na_2CO_3 থাকবে?
Ⓐ 5.3 g Ⓑ 10.6 g
Ⓒ 16.6 g Ⓓ 53.6 g

Solve (B) $W = SMV = 0.1 \times 106 \times 1 = 10.6\ g$

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

30. স্বল্পদ্রাব্য লবণের সম্পৃক্ত দ্রবণে ঐ লবণের কোন একটি সমআয়ন সম্পন্ন তীব্র তড়িৎ বিশ্লেষ্য যোগ করলে, স্বল্পদ্রাব্য লবণের-
Ⓐ দ্রাব্যতা গুণফল বেড়ে যাবে Ⓑ দ্রাব্যতা কমে যাবে
Ⓒ দ্রাব্যতা গুণফল কমে যাবে Ⓓ দ্রাব্যতা বেড়ে যাবে **Ans Ⓑ**

31. তড়িৎ রাসায়নিক কোষের অ্যানোডে কি ঘটে?
Ⓐ প্রশমন বিক্রিয়া Ⓑ জারণ বিক্রিয়া
Ⓒ বিজারণ বিক্রিয়া Ⓓ অধঃক্ষেপণ বিক্রিয়া
Solve B তড়িৎ রাসায়নিক কোষের অ্যানোডে জারণ এবং ক্যাথোডে বিজারণ বিক্রিয়া ঘটে।

32. ফেনলকে ($Br_2 + H_2O$) দ্বারা বিক্রিয়া করালে কোনটি বিক্রিয়ার প্রধান উৎপাদ হবে?
Ⓐ 2,4,6-ট্রাইব্রোমোফেনল Ⓑ 2-ব্রোমোফেনল
Ⓒ 4-ব্রোমোফেনল Ⓓ 2,4-ডাইব্রোমোফেনল
Solve A


(2, 4, 6 ট্রাইব্রোমোফেনল)

33. $Ag^+ | Ag$ এবং $Au^{3+} | Au$ অর্ধকোষদ্বয়ের প্রমাণ (বিজারণ) ইলেক্ট্রোড বিভব যথাক্রমে 0.80 V এবং 1.56 V। এ দুটি অর্ধকোষ দিয়ে গঠিত সেলের বিভব কত হবে?
Ⓐ +0.76 V Ⓑ –0.76 V Ⓒ +2.36 V Ⓓ –2.36 V
Solve A Ag^+/Ag (অ্যানোড), Au^{3+}/Au (ক্যাথোড)
E_{cell} = ক্যাথোডের বিজারণ – অ্যানোডের বিজারণ = 1.56 – 0.80 = + 0.76 V

34. কোনটি সঠিক?
Ⓐ $CH{\equiv}CH \rightarrow sp^2$ Ⓑ $CH_2{=}CH_2 \rightarrow sp$
Ⓒ $CH_3{-}CH_3 \rightarrow sp$ Ⓓ $CH_3{-}CH_3 \rightarrow sp^3$
Solve D
$CH{\equiv}CH \rightarrow sp$, $CH_2{=}CH_2 \rightarrow sp^2$, $CH_3{-}CH_3 \rightarrow sp^3$

35. নিম্নলিখিত যৌগগুলির মধ্যে কোনটিতে সর্বাধিক সমযোজী চরিত্র লক্ষ্য করা যায়?
Ⓐ CaF_2 Ⓑ $CaCl_2$ Ⓒ CaI_2 Ⓓ $CaBr_2$
Solve C অ্যানায়নের আকার যত বড় হবে যৌগের সমযোজী বৈশিষ্ট্য তত বেশি হবে। তাই I^- আয়নের আকার বড় হওয়ায় CaI_2 এ সর্বাধিক সমযোজী বৈশিষ্ট্য বিদ্যমান।

36. একটি নির্দিষ্ট ভরের গ্যাসের চাপ অর্ধেক হ্রাস ও তাপমাত্রা দ্বিগুণ বৃদ্ধি করা হলে আয়তন হবে-
Ⓐ পূর্বের সমান Ⓑ পূর্বের দ্বিগুণ
Ⓒ পূর্বের এক-চতুর্থাংশ Ⓓ কোনোটিই নয়

Solve D $\frac{P_1V_1}{T_1} = \frac{P_2V_2}{T_2} \Rightarrow \frac{\frac{P}{2}V_1}{2T} = \frac{PV_2}{T}$

$\Rightarrow \frac{PV_1}{4T} = \frac{PV_2}{T} \quad \therefore V_2 = \frac{1}{4}V_1$

37. CO_2 ও ইথাইল ম্যাগনেসিয়াম হ্যালাইডের বিক্রিয়ার উৎপন্ন যৌগকে আর্দ্রবিশ্লেষিত করা হলে কি যৌগ উৎপন্ন হবে?
Ⓐ প্রোপানয়িক এসিড Ⓑ প্রপেন
Ⓒ প্রপানল Ⓓ প্রপান্যাল
Solve A $CH_3CH_2MgX + CO_2 \rightarrow$
$CH_3CH_2COOMgX \xrightarrow{H_2O} CH_3CH_2COOH.$

38. কোন যৌগে কাইরাল কেন্দ্র আছে?
Ⓐ 2-মিথাইল-2-বিউটানল Ⓑ 2-মিথাইল-1-বিউটানল
Ⓒ 2-বিউটানল Ⓓ 3-মিথাইল-1-বিউটানল
Solve B,C


2- মিথাইল -1 বিউটানল


2-বিউটানল

39. বোর-এর পরমাণু মডেল কোনটির জন্য প্রযোজ্য হবে?
Ⓐ H^+ Ⓑ He^+ Ⓒ Li^+ Ⓓ Be^+
Solve B বোর এর পরমাণু মডেল এক ইলেকট্রন বিশিষ্ট পরমাণু বা আয়ন যেমন- H, He^+, Li^{2+}, Be^{3+} এর বর্ণালী ব্যাখ্যা করতে পারলে ও একাধিক ইলেকট্রন বিশিষ্ট পরমাণু বা আয়নের বর্ণালী ব্যাখ্যা করতে পারে না।

40. শিখা পরীক্ষায় ব্যবহৃত কোবাল্ট গ্লাস কোন আলো শোষণ করে?
Ⓐ হালকা বেগুনী Ⓑ সোনালী হলুদ
Ⓒ নীলাভ সবুজ Ⓓ গোলাপী লাল
Solve B শিখা পরীক্ষায় ব্যবহৃত কোবাল্ট গ্লাস বা নীল কাঁচ Na থেকে নির্গত সোনালী হলুদ আলো শোষণ করে।

খ-অংশ

41. কোনটি ডাইস্যাকারাইড?
Ⓐ ম্যানোজ Ⓑ ল্যাক্টোজ Ⓒ গ্যালাক্টোজ Ⓓ গ্লুকোজ
Solve B দুটি মনোস্যাকারাইড একত্রে যুক্ত হয়ে যে কার্বোহাইড্রেট গঠন করে তাকে ডাইস্যাকারাইড বলে। সুক্রোজ, সেলোবায়োজ, ম্যালটোজ, ল্যাক্টোজ ইত্যাদি হলো ডাইস্যাকারাইড। [Ref : হাসান]

42. মানুষের মূত্রের pH কত?
Ⓐ 5.5 Ⓑ 6.5 Ⓒ 7.5 Ⓓ 8.5
Solve B বৃক্কে দৈনিক ০.৫-২.৫ লিটার মূত্র উৎপন্ন হয়। মূত্র সামান্য অম্লীয়, এর pH মান ৬.৫। মূত্রের আপেক্ষিক গুরুত্ব ১.০১-১.৫০। [Ref : আজমল]

43. নিচের কোনটি পিউরিন ক্ষারক?
Ⓐ সাইটোসিন Ⓑ থাইমিন Ⓒ অ্যাডিনিন Ⓓ ইউরাসিল
Solve C দুই রিংবিশিষ্ট ক্ষারককে বলা হয় পিউরিন। এর সাধারণ সংকেত হলো $C_5H_4N_4$। নিউক্লিক এসিডে দুপ্রকার পিউরিন ক্ষারক থাকে, যথা– অ্যাডিনিন এবং গুয়ানিন। [Ref : হাসান]

44. অ্যান্টিবডি তৈরি করে-
Ⓐ T লিম্ফোসাইট Ⓑ B লিম্ফোসাইট
Ⓒ মনোসাইট Ⓓ নিউট্রোফিল
Solve B B– লিম্ফোসাইট বিভক্ত হয়ে প্লাজমা কোষ তৈরি করে। প্লাজমা কোষ থেকে অ্যান্টিবডি উৎপন্ন হয়। মানুষের দেহে প্রায় ১০০ মিলিয়ন (১০ কোটি) ধরনের অ্যান্টিবডি উৎপন্ন হতে পারে। [Ref : আজমল]

45. মানুষের শরীরে ভাইরাস সংক্রমণ ও ক্যান্সার প্রতিরোধে ব্যবহৃত হয় কোনটি?
Ⓐ ইন্টারফেরন Ⓑ ইনসুলিন
Ⓒ সোমাটোস্ট্যাটিন Ⓓ গ্লোবিউলিন
Solve A ইন্টারফেরন হলো এক ধরনের উচ্চ আনবিক ওজনসম্পন্ন (প্রায় ২০-৩০ হাজার ডাল্টন) প্রোটিন, যা T-লিম্ফোসাইট, শ্বেত রক্তকনিকা এবং ফাইব্রোব্লাস্ট কোষ থেকে উৎপন্ন হয়। এটি ভাইরাস সংক্রমণ ও ক্যান্সার প্রতিরোধে ব্যবহৃত হয়। [Ref : মাজেদা]

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

46. ভিনেগারের সক্রিয় উপাদান কোনটি?
Ⓐ ইথানোয়িক এসিড Ⓑ সাইট্রিক এসিড
Ⓒ এসকরবিক এসিড Ⓓ বেনজয়িক এসিড **Ans Ⓐ**

47. গ্লাইকোলাইসিস কোষের কোথায় ঘটে?
Ⓐ মাইটোকন্ড্রিয়া Ⓑ সাইটোপ্লাজম
Ⓒ নিউক্লিয়াস Ⓓ কোষ-গহ্বর
Solve B জীবের জন্য সবচেয়ে বড় শারীরবৃত্তীয় কাজ হলো শ্বসন। শ্বসনের প্রথম পর্যায় তথা গ্লাইকোলাইসিস সংঘটিত হয় সাইটোপ্লাজমে। [Ref : হাসান]

48. RNA পলিমারেজ DNA এর যে সিকুয়েন্সে যুক্ত হয়ে mRNA তৈরি সূচনা করে, তাকে বলা হয়-
Ⓐ Operator Ⓑ Promoter Ⓒ Enhancer Ⓓ Repressor
Solve $_w\mu_g = \frac{_a\mu_g}{_a\mu_w} = \frac{\sin 48^\circ}{\sin 42^\circ} = 1.1106$

$\therefore \theta = \sin^{-1}\left(\frac{1}{_w\mu_g}\right) = 64.2^\circ$

20. Au^{198} এর অর্ধায়ু 2.7 দিন। 2 দিন পর এক টুকরা Au^{198} এর কত অংশ অবশিষ্ট থাকবে?

Ⓐ 0.432 Ⓑ 0.598 Ⓒ 0.312 Ⓓ 0.135

Solve এখানে $T_{\frac{1}{2}} = \frac{0.693}{\lambda}$

$\Rightarrow \lambda = \frac{0.693}{2.7} = 0.2567\ d^{-1}$

$\Rightarrow N = N_0 e^{-(0.2567\times 2)} = 0.598\ N_0$

21. x এর কোন মানের জন্য $-x^2 + 2bx + c^2$ এর সর্বোচ্চ মান পাওয়া যায়?

Ⓐ c^2 Ⓑ b^2 Ⓒ b Ⓓ c

Solve $\frac{dy}{dx} = -2x + 2b = 0 \Rightarrow x = b$

22. $^nP_3 \times 5 = {}^nP_4$ হলে n এর মান কত?

Ⓐ 8 Ⓑ 6 Ⓒ 10 Ⓓ 18

Solve $^nP_3 \times 5 = {}^nP_4$

$\Rightarrow n(n-1)(n-2)\times 5 = n(n-1)(n-2)(n-3)$

$\Rightarrow 5 = n-3 \Rightarrow n = 5+3 = 8$

23. $\begin{bmatrix}3 & 4\\ 2 & 1\end{bmatrix}$ এর ইনভার্স কোনটি?

Ⓐ $\begin{bmatrix}2 & 1\\ 3 & 4\end{bmatrix}$ Ⓑ $\begin{bmatrix}3 & 2\\ 4 & 1\end{bmatrix}$

Ⓒ $\begin{bmatrix}3 & -2\\ -4 & 1\end{bmatrix}$ Ⓓ $\begin{bmatrix}-1 & 4\\ 2 & -3\end{bmatrix}$ Ans: blank

24. $\theta = \frac{\pi}{20}$ হলে $\cot\theta.\cot 3\theta \ldots \cot 19\theta = ?$

Ⓐ 1 Ⓑ −1 Ⓒ 2 Ⓓ 3 Ans: B

25. $\sin A + \cos A = \sin B + \cos B$ হলে, $A + B = ?$

Ⓐ $\frac{2\pi}{3}$ Ⓑ $\frac{\pi}{2}$ Ⓒ $\frac{\pi}{6}$ Ⓓ $\frac{\pi}{3}$

Solve $\sin A - \sin B = \cos B - \cos A$

$\Rightarrow 2\cos\frac{A+B}{2}\sin\frac{A-B}{2} = 2\sin\frac{A+B}{2}\sin\frac{A-B}{2}$

$\Rightarrow \tan\frac{A+B}{2} = \frac{A+B}{2} = \frac{\pi}{4} \Rightarrow A+B = \frac{\pi}{2}$

26. $\lim_{x\to 0}\frac{a^x - b^x}{x} = ?$

Ⓐ $\log_e a$ Ⓑ $-\log_e\left(\frac{a}{b}\right)$ Ⓒ $-\log_e b$ Ⓓ $\log_e\left(\frac{a}{b}\right)$

Solve $\lim_{x\to 0}\frac{a^x - b^x}{x} = \lim_{x\to 0}\frac{a^x\log_e^a - b^x\log_e^b}{1}$

[Using Hospital Rule]

$= \log_e\left(\frac{a}{b}\right)$

27. ΔABC এর ভরকেন্দ্র মূলবিন্দুতে এবং A ও B এর স্থানাঙ্ক যথাক্রমে (4, −7) ও (−2, 5) হলে, C এর স্থানাঙ্ক বের কর।

Ⓐ (−1, 1) Ⓑ (−2, 2) Ⓒ (3, 4) Ⓓ (1, 3)

Solve



$D\left(\frac{4-2}{2}, \frac{-7+5}{2}\right) = (1, -1),\ G(0, 0)$

$\therefore \frac{x\times 1 + 1\times 2}{3} = 0 \Rightarrow x = -2$

এবং $\frac{y\times 1 + (-1)\times 2}{3} = 0 \Rightarrow y = 2 \therefore C(-2, 2)$

28. (1, 2) ও (6, −3) বিন্দুগামী সরলরেখা (4, −1) বিন্দুতে যে অনুপাতে বিভক্ত হয় তা নির্ণয় কর।

Ⓐ 2:1 Ⓑ 2:3 Ⓒ 3:2 Ⓓ 5:3

Solve $\frac{6m+1}{m+1} = 4 \Rightarrow m = \frac{3}{2} = 3:2$

29. $y^2 = 4x$ এবং $x^2 = 4y$ পরাবৃত্তদ্বয়ের উভয়কে স্পর্শ করে এরূপ সরলরেখা কোনটি?

Ⓐ $y + x + 1 = 0$ Ⓑ $y - x + 1 = 0$ Ⓒ $y - x - 1 = 0$ Ⓓ $y + x - 1 = 0$

Solve $y^2 = 4x = 4.1.x$ হতে

যদি সরলরেখার ঢাল $m = +1$ হয় তবে, $C = \frac{1}{1} = 1$

যদি সরলরেখার ঢাল $m = -1$ হয় তবে, $C = \frac{1}{-1} = -1$

যা A ও C উভয়কেই সিদ্ধ করে।

আবার, $-x^2 = 4(-1).y$ হতে

যদি সরলরেখার ঢাল হয় $m = +1$ হয় তবে

$C = -(-1).(+1)^2 = 1$

যদি সরলরেখার ঢাল হয় $m = -1$ হয় তবে

$C = -(-1).(-1)^2 = 1$

বা শুধুমাত্র C কে সিদ্ধ করে।

∴ উভয় পরাবৃত্তের জন্য (C) অর্থাৎ $y - x - 1 = 0$ হচ্ছে সাধারণ স্পর্শক।

30. S, T, U বল তিনটি O বিন্দুতে সাম্যাবস্থায় রয়েছে। তাদের মান যথাক্রমে 1, 1 ও $\sqrt{2}$ হলে, T ও U এর অন্তর্ভূক্ত কোণের মান কত?

Ⓐ 135° Ⓑ 90° Ⓒ 150° Ⓓ 60°

Solve



$S^2 = T^2 + U^2 + 2TU\cos\alpha$

$\Rightarrow 1 = 1 + 2 + 2\sqrt{2}\cos\alpha$

$\Rightarrow 2\sqrt{2}\cos\alpha = -2$

$\Rightarrow \alpha = \cos^{-1}\left(-\frac{1}{\sqrt{2}}\right) = 135^\circ$

31. যদি $\left(1 + \tan\frac{\theta}{2}\right)\left(1 - \tan\frac{\theta}{2}\right) = 0$ হলে $\theta = ?$

Ⓐ 90° Ⓑ 30° Ⓒ 180° Ⓓ 60°

Solve $1^2 - \tan^2\frac{\theta}{2} = 0$

$\Rightarrow \tan\frac{\theta}{2} = \pm 1 \Rightarrow \tan\frac{\theta}{2} = \tan\left(\pm\frac{\pi}{4}\right)$

$\Rightarrow \frac{\theta}{2} = \pm\frac{\pi}{4} \therefore \theta = \pm\frac{\pi}{2} = \pm 90^\circ$

32. $\int_0^{\frac{\pi}{2}} \cos^{-3}x\sqrt[3]{\sin x}dx = $ কত?

Ⓐ 20 Ⓑ 6 Ⓒ $\frac{9}{20}$ Ⓓ $\frac{1}{2}$ Ans: C

33. (4, 7) বিন্দুগামী লম্বরেখার সমীকরণ কোনটি?

Ⓐ $y = x + 3$ Ⓑ $x = 4$ Ⓒ $y = 7$ Ⓓ কোনোটিই নয়

Solve $y = x + 3 = 4 + 3 = 7$

34. জ্যামিতিক ক্রমবিশিষ্ট পদসমূহের যোগফল বের কর, যেখানে $a_1 = 64,\ a_n = -2$ এবং $r = -\frac{1}{2}$

Ⓐ 66 Ⓑ 54 Ⓒ 42 Ⓓ 45

Solve $S = a_1 + a_2 + a_3 + \ldots + a_x$

$= 64 + 64\left(-\frac{1}{2}\right) + 64\left(-\frac{1}{2}\right)^2 + \ldots - 2$

$= 64 - 32 + 16 - 8 + 4 - 2 = 42$

35. x এর সাপেক্ষে $\sqrt{\sqrt{x}}$ এর অন্তরীকরণ কি?

Ⓐ $\frac{1}{4}x^{\frac{1}{2}}$ Ⓑ $\frac{1}{4}x^{-\frac{3}{4}}$ Ⓒ $x^{-\frac{1}{2}}$ Ⓓ $\frac{1}{2\sqrt{x}}\sqrt{x}$

Solve $\frac{d}{dx}\sqrt{\sqrt{x}} = \frac{d}{dx}x^{\frac{1}{4}} = \frac{1}{4}x^{\frac{1}{4}-1} = \frac{1}{4}x^{-\frac{3}{4}}$

36. কনফারেন্সে অংশ গ্রহণ করার জন্য ১০ জন শিক্ষার্থীর মধ্য থেকে 8 জনকে নির্বাচন করতে হবে। শর্ত আছে যে, বাবলু, রানী অথবা রনির মধ্য থেকে অবশ্যই একজন নির্বাচিত হবে। কনফারেন্সে অংশ গ্রহণের জন্য কতভাবে শিক্ষার্থী নির্বাচন করা যাবে?

Ⓐ 360 Ⓑ 105 Ⓒ 210 Ⓓ কোনোটিই নয়

Solve $^3C_1 \times {}^7C_3 = 105$

37. $\int x\sec^2 x\,dx = ?$

Ⓐ $x\sec x\tan x - \ln(\cos x)$ Ⓑ $x\tan x + \ln(\cos x)$ Ⓒ $x\tan x - \ln(\cos x)$ Ⓓ কোনোটিই নয় Ans: B

38. $\sum_{k=2}^{30}\left(\frac{1}{k} - \frac{1}{k+1}\right)$ এর মান কত?

Ⓐ $\frac{1}{2}$ Ⓑ $\frac{1}{31}$ Ⓒ $\frac{29}{62}$ Ⓓ 0.907

Solve

$\sum_{k=2}^{30}\left(\frac{1}{k} - \frac{1}{k+1}\right) = \frac{1}{2} - \frac{1}{3} + \frac{1}{3} - \frac{1}{4} + \frac{1}{4} - \frac{1}{5} + \ldots + \frac{1}{30} - \frac{1}{31}$

$= \frac{1}{2} - \frac{1}{31} = \frac{31-2}{62} = \frac{29}{62}$

39. $A = \begin{bmatrix}1 & -3 & -4\\ 2 & 1 & 0\\ 3 & -2 & 5\end{bmatrix}$ হলে নীচের কোনটি সঠিক?

Ⓐ $\det(A) = 3$ Ⓑ $\det(A) = 0$ Ⓒ $\det(A) = 63$ Ⓓ $\det(A)$ নির্ণয় করা সম্ভব

Solve

$\det(A) = 1(5-0) + 3(10-0) - 4(-4-3)$

$= 5 + 30 + 28 = 63$

40. $\vec{A} = 2\hat{i} - \hat{j},\ \vec{B} = \hat{i} + \hat{j} + \hat{k}$ এবং $\vec{C} = -2\hat{i} + \hat{k}$ হলে $(\vec{A}\times\vec{B})\times\vec{C}$

Ⓐ $-2\hat{i} - 5\hat{j} - 4\hat{k}$ Ⓑ $-2\hat{i} - 4\hat{j} - 5\hat{k}$ Ⓒ $2\hat{i} + 4\hat{j} - 5\hat{k}$ Ⓓ $\hat{i} - 3\hat{j} + 2\hat{k}$

Solve

$\vec{A}\times\vec{B} = \hat{i}(-1-0) - \hat{j}(2-0) + \hat{k}(2+1) = -\hat{i} - 2\hat{j} + 3\hat{k}$

$(\vec{A}\times\vec{B})\times\vec{C}$

$= \hat{i}(-2-0) - \hat{j}(-1+6) + \hat{k}(0-4) = -2\hat{i} - 5\hat{j} - 4\hat{k}$

41. 25°C তাপমাত্রায় 22 গ্রাম CO_2 গ্যাসের অণুসমূহের গতিশক্তি কত?

Ⓐ 84.46 J Ⓑ 1857.28 J Ⓒ 1858.12 kJ Ⓓ 84.46 kJ

Solve গতিশক্তি,

$E_k = \frac{3}{2}\frac{W}{M}RT = \frac{3}{2}\cdot\frac{22}{44}\times 8.31\times 298$

$= 1857.28\ J$

42. 1.5 মি.গ্রা. কার্বনে কয়টি পরমাণু আছে?

Ⓐ 6.022×10^{20} টি Ⓑ 7.5275×10^{19} টি Ⓒ 5.018×10^{18} টি Ⓓ 5.018×10^{20} টি

Solve

12 g 'C' এ পরমাণুর সংখ্যা 6.023×10^{23} টি

$\therefore 1.5\times 10^{-3}$ g 'C' " $= \frac{6.023\times 10^{23}\times 1.5\times 10^{-3}}{12}$

$= 7.52\times 10^{19}$ টি

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ www.bdniyog.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

43. 6.0 মোল ঘনমাত্রার কোন দ্রবের 0.50 লিটার দ্রবণে কত লিটার পানি যোগ করা হলে দ্রবণের ঘনমাত্রা 2.0 মোল হবে?
Ⓐ 0.30 Ⓑ 1.0 Ⓒ 1.5 Ⓓ 3.0

Solve $6 \times 0.5 = V_2 \times 2.0$
$V_2 = 1.5$
পানি যোগ করতে হবে $(1.5 - 0.5) = 1.0$ L

44. 1.5% NaOH দ্রবণের pH কত?
Ⓐ 13.57 Ⓑ 3.0 Ⓒ 0.425 Ⓓ –0.425

Solve
Shortcut: ঘনমাত্রা, $S = \frac{10x}{M} = \frac{10 \times 1.5}{40} = 0.375$
এখন $pH = -\log(0.375) = 0.425$

45. কোনটির জলীয় দ্রবণ বিদ্যুৎ সুপরিবাহী?
Ⓐ NH_4Cl Ⓑ KOH
Ⓒ H_2CO_3 Ⓓ CH_3COOH Ans Ⓑ

46. একজন রোগীর রক্তে গ্লুকোজের পরিমাণ 1 মি.মো./লি. হলে এটি মি.গ্রা/ডে.লি. এককে কত?
Ⓐ 18 মি.গ্রা./ডে.লি. Ⓑ 1.8 মি.গ্রা./ডে.লি.
Ⓒ 180 মি.গ্রা./ডে.লি. Ⓓ 280 মি.গ্রা./ডে.লি.

Solve মি.মো./লি এককে প্রাপ্ত মানকে 18 দ্বারা গুণ করে মি.গ্রা./ডে.লি এককের মান পাওয়া যায়।

47. $K_2Cr_2O_7$ দ্বারা ইথানলকে জারিত করলে পাওয়া যায়–
Ⓐ Acetaldehyde Ⓑ Acetic acid
Ⓒ Formaldehyde Ⓓ Formic acid

Solve
$CH_3CH_2OH + [O] \xrightarrow{K_2Cr_2O_7} CH_3-\overset{O}{\overset{\|}{C}}-H + H_2O$

48. গানমেটাল কোনটি?
Ⓐ 80% Cu, 10% Zn, 10 Fe
Ⓑ 88% Cu, 10% Sn, 2% Zn
Ⓒ 90% Cu, 10% Sn
Ⓓ 80% Cu, 20% Cr

Solve জিংকের ধাতু সংকর-
১. ব্রাস বা পিতল: Cu(60 - 80%), Zn(40 - 20%)
২. জার্মান সিলভার: Cu(30 - 50%), Zn (35 - 40%), Ni(35 - 10%)
৩. গান-মেটাল: Cu(88%), Zn(2%), Sn(10%)

49. $HClO_4$ এ ক্লোরিনের যোজনী কত?
Ⓐ +5 Ⓑ –6 Ⓒ –3 Ⓓ +7

Solve $1 + x + (-2) \times 4 \Rightarrow x = +7$

50. পর্যায় সারণীতে এলুমিনিয়ামকে তৃতীয় পর্যায়ে রাখা হয়েছে কারণ এটির–
(i) পারমাণবিক ভর 27 যা 3 দ্বারা বিভাজ্য (ii) পরমাণুতে ইলেক্ট্রন সমূহ তিনটি স্তরে থাকে (iii) পরমাণুর সর্বশেষ স্তরে তিনটি ইলেক্ট্রন থাকে। কোনটি সঠিক?
Ⓐ i Ⓑ ii Ⓒ i ও ii Ⓓ ii ও iii Ans Ⓑ

51. রঙিন বস্তু + [H] → বর্ণহীন বস্তু, বিক্রিয়াটিতে ব্যবহৃত হয়।
(i) H_2O (ii) H_2O_2 (iii) SO_2। কোনটি সঠিক?
Ⓐ i ও ii Ⓑ i ও iii
Ⓒ ii ও iii Ⓓ i, ii ও iii Ans Ⓒ

52. পটাসিয়াম K(19) পরমাণুর ইলেকট্রন বিন্যাস কোন নীতির অনুসারে 3d অরবিটালের পরিবর্তে 4s অরবিটালে 19 তম ইলেক্ট্রনটি অবস্থান করে?
Ⓐ পলির বর্জন নীতি Ⓑ আউফবাউ নীতি
Ⓒ হুনডের নীতি Ⓓ কোনোটিই নয় Ans Ⓑ

53. পর্যায় সারণীতে Te মৌলের অবস্থান হলো
Ⓐ গ্রুপ VA, পর্যায় 4 Ⓑ গ্রুপ VIA, পর্যায় 5
Ⓒ গ্রুপ IVA, পর্যায় 4 Ⓓ গ্রুপ IVA, পর্যায় 5

Solve $Te(52) \rightarrow [Kr]\ 4d^{10}5s^25p^4$

54. হীরক, গ্রাফাইট ও ইথাইন অনুগঠনে C এর সংকরিত অবস্থা হল
Ⓐ sp^2, sp, sp^3 Ⓑ sp, sp^2, sp^3
Ⓒ sp^3, sp^2, sp Ⓓ sp^2, sp^3, sp Ans Ⓒ

55. রাসায়নিক সংকেত বিবেচনায় কোনটি সবচেয়ে ছোট অ্যামাইনো এসিড?
Ⓐ অ্যালানিন Ⓑ গ্লাইসিন Ⓒ মিথায়োনিন Ⓓ লাইসিন

Solve
সবচেয়ে ছোট অ্যামাইনো এসিড হলো: NH_2-CH_2-COOH (গ্লাইসিন)

56. কোনটি হাইড্রোফোবিক অ্যামাইনো এসিড?
Ⓐ সিরিন Ⓑ এস্‌পারজিন
Ⓒ ট্রিপটোফেন Ⓓ সিস্টিন

Solve অপোলার (হাইড্রোফোবিক) অ্যামাইনো এসিডসমূহ-
১. গ্লাইসিন ২. এলানিন ৩. ভ্যালিন ৪.লিউসিন ৫. আইসোলিউসিন ৬. মিথিয়োনিন ৭. ফিনাইল এলানিন ৮. ট্রিপটোফেন।

57. কোনটি সার্ফ পাউডার নামে পরিচিত?
Ⓐ সোডিয়াম অ্যালকাইল বেনজিন সালফোনেট
Ⓑ সাডিয়াম অ্যালকাইল সালফেট
Ⓒ ইথান্যামাইড
Ⓓ সোডিয়াম বেনজিন সালফোনেট Ans Ⓐ

58. প্রোপাইল ইথানয়েট এর সংকেত কোনটি?
Ⓐ $C_3H_7COOCH_3$ Ⓑ $C_2H_5COOCH_7$
Ⓒ $CH_3COOC_2H_5$ Ⓓ $CH_3COOC_3H_7$ Ans Ⓓ

59. কোনটি থার্মোপ্লাস্টিক পলিমার?
Ⓐ পলিস্টারিন Ⓑ ব্যাকেলাইট
Ⓒ মেলামাইন Ⓓ উপরের সবগুলো

Solve **থার্মোপ্লাস্টিক পলিমার:** যে সকল পলিমার তাপ প্রয়োগে নরম ও গলে যায় এবং শীতল করলে পূনরায় পূর্বের মত কঠিন হয় তাদের কে থার্মোপ্লাটিক পলিমার বলে। যেমন: পলিমার, পলিস্টারিন প্লাস্টিক।

60. R–CH(NH_2)–COOH যৌগটি শণাক্ত করা যায়: (i) বলয় পরীক্ষায় (ii) নিনহাইড্রিন পরীক্ষায় (iii) বাইইউরেট পরীক্ষায় কোনটি ঠিক?
Ⓐ i ও ii Ⓑ i ও iii
Ⓒ ii ও iii Ⓓ i, ii ও iii Ans Ⓒ

61. বাংলা ও ইংরেজিতে যে কোন দুটি বাক্য লিখ।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

রাজশাহী বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষা : ২০১৮-১৯; ইউনিট : D1,সেট : ২
(অ-বিজ্ঞান গ্রুপ-১)

বাংলা ও ইংরেজী (আবশ্যিক)

01. 'স্কুল পালিয়ে কেউ রবীন্দ্রনাথ হয় না।' কোন কারক কী বিভক্তি–
Ⓐ কর্মে ষষ্ঠী Ⓑ অপাদানে সপ্তমী
Ⓒ করণে তৃতীয়া Ⓓ অধিকরণে শূন্য

Solve যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হওয়া বোঝায়, তাকে অপাদান কারক বলে। যেমন : বিপদ থেকে বাঁচাও। বাঘকে সবাই ভয় পায়।

02. কে বাংলা ভাষার কবি নন?
Ⓐ জ্ঞানদাস Ⓑ জয়দেব Ⓒ চণ্ডীদাস Ⓓ মুকুন্দরাম

Solve জ্ঞানদাস, চণ্ডীদাস ও মুকুন্দরাম বাংলা ভাষার কবি। একমাত্র জয়দেবই সংস্কৃত সাহিত্যের একজন মধ্যযুগীয় প্রসিদ্ধ কবি। জয়দেব সংস্কৃত সাহিত্যের বিখ্যাত কাব্যগ্রন্থ 'গীতগোবিন্দ' এর রচয়িতা।

03. কে কবিকঙ্কনচণ্ডী?
Ⓐ অন্নদাশঙ্কর Ⓑ মুকুন্দরাম Ⓒ ভারতচন্দ্র Ⓓ আলাওল

Solve মুকুন্দরাম চক্রবর্তী মধ্যযুগের বাঙালি কবি। 'কবিকঙ্কণ' তাঁর উপাধি। তবে কোনো কোনো সাহিত্যিক তাঁকে 'কবিকঙ্কণচণ্ডী' নামেও অভিহিত করেন।

04. কোনটি বঙ্কিমচন্দ্রের ঐতিহাসিক উপন্যাস?
Ⓐ রজনী Ⓑ আনন্দমঠ
Ⓒ কমলাকান্তের দপ্তর Ⓓ রাজসিংহ

Solve বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের কতিপয় সাহিত্যকর্ম :

উপন্যাস	দুর্গেশনন্দিনী, কপালকুণ্ডলা, কৃষ্ণকান্তের উইল, রজনী, মৃণালিনী, বিষবৃক্ষ, চন্দ্রশেখর, আনন্দমঠ, দেবী চৌধুরাণী, সীতারাম।
প্রবন্ধ	লোকরহস্য, বিজ্ঞানরহস্য, কমলাকান্তের দপ্তর, সাম্য।

05. কোনটি বিষমীভবনের উদাহরণ?
Ⓐ পিশাচ > পিচাশ Ⓑ লাল > নাল
Ⓒ বউদিদি > বউদি Ⓓ বাক্য > বাইক্য

Solve দুটো সমবর্ণের একটির পরিবর্তনকে বিষমীভবন বলে। যেমন : শরীর > শরীল, লাল > নাল।

06. হানা ক্যাথরিন মুলেন্স কে?
Ⓐ সমাজ সংস্কারক Ⓑ গবেষক
Ⓒ নকশা জাতীয় রচনাকার Ⓓ সনেট লেখক

Solve হানা ক্যাথেরিন মুলেন্স ছিলেন একজন অবাঙালি। 'ফুলমণি ও করুণার বিবরণ' তাঁর রচিত প্রথম বাংলা উপন্যাস। তবে উপন্যাস হিসাবে এটাকে সার্থক বলা যায় না।

07. ঈশ্বরগুপ্ত কেন বিখ্যাত?
Ⓐ যুগসন্ধির কবি হিসেবে Ⓑ পদ্যকার হিসেবে
Ⓒ নবজাগরণের লেখক Ⓓ বিদ্রোহী চেতনার জন্য

Solve বাংলা সাহিত্যে ১৭৬০ থেকে ১৮৬০ সাল পর্যন্ত সময়কে যুগসন্ধিকাল হিসাবে ধরা হয়। এ সময়কার কবি ছিলেন ঈশ্বরচন্দ্র গুপ্ত। তাঁর সম্পাদনায় ১৮৩১ সালে বাংলা ভাষায় প্রথম সাপ্তাহিক 'সম্বাদ প্রভাকর' (১৮৩১) প্রকাশিত হয়।

08. আলাউদ্দিন হুসেন শাহ বাংলা সাহিত্যে কী কারণে খ্যাতিমান?
Ⓐ বাংলা ভাষার স্কুল প্রতিষ্ঠার জন্য
Ⓑ অনুবাদের পৃষ্ঠপোষকতার জন্য
Ⓒ শাসনকর্তা হিসেবে Ⓓ সালতানাত প্রতিষ্ঠার জন্য

Solve আলাউদ্দীন হুসেন শাহ (১৪৯৪-১৫১৯) ছিলেন মধ্যযুগে বাংলার স্বাধীন সুলতান। হুসেন শাহের শাসনামলে বাংলা সাহিত্য বেশ সমৃদ্ধি লাভ করে। শ্রীকরনন্দী তাঁর পৃষ্ঠপোষকতায় 'মহাভারত' বাংলা অনুবাদ করেন। বিজয়গুপ্ত তাঁর 'মনসামঙ্গল' এ সময় রচনা করেন।

09. বাক্যের ক্ষুদ্রতম একক কী?
Ⓐ ধ্বনি Ⓑ শব্দ Ⓒ বর্ণ Ⓓ বাক্য

Solve মানুষের বাক্-প্রত্যঙ্গজাত ধ্বনির সমন্বয়ে গঠিত শব্দ সহযোগে সৃষ্ট অর্থবোধক বাক্-প্রবাহের বিশেষ বিশেষ অংশকে বলা হয় বাক্য। বাক্যের ক্ষুদ্রতম একক শব্দ।

10. ভাষা আন্দোলন সম্পর্কে সবচেয়ে প্রামাণ্য ও মৌলিক গ্রন্থের লেখক কে?
Ⓐ সৈয়দ শামসুল হক Ⓑ বদরুদ্দীন উমর
Ⓒ আব্দুল হক Ⓓ আহমদ শরীফ

Solve বদরুদ্দীন উমর ছিলেন মার্কসবাদী তাত্ত্বিক, অধ্যাপক, লেখক ও ইতিহাসবিদ। ভাষা আন্দোলন সম্পর্কে প্রামাণ্য ও মৌলিক গ্রন্থ 'পূর্ব বাংলার ভাষা আন্দোলন ও তৎকালীন রাজনীতি'।

11. 'মীননাথ' এর সঙ্গে সম্পর্ক কোন রচনার–
Ⓐ ধর্মমঙ্গল Ⓑ বৈষ্ণব গীতিকা
Ⓒ আরাকান সাহিত্য Ⓓ চর্যাপদ

Solve বাংলা সাহিত্যে মধ্যযুগে শিব উপাসক নাথ-যোগী ও সিদ্ধাচার্যদের রচিত সাহিত্যই নাথ সাহিত্য হিসেবে পরিচিত। মীননাথ ও তাঁর শিষ্য গোরক্ষনাথের কাহিনি ও রাজা গোপীচন্দ্রের সন্ন্যাস এ দুই ভাগে নাথ সাহিত্য বিভক্ত।

12. শ্রীচৈতন্যদেব কোন ধর্মের প্রবর্তক?
Ⓐ ব্রাহ্ম Ⓑ বৈষ্ণব Ⓒ হিন্দু Ⓓ জৈন

Solve শ্রীচৈতন্যদেব (১৪৮৬-১৫৩৩) ছিলেন বৈষ্ণব ধর্মের প্রচারক। বাংলা সাহিত্যে একটি পঙ্‌ক্তি না লিখলেও তাঁর নামে একটি যুগের সৃষ্টি হয়েছে।

13. কাজী নজরুল ইসলাম কোন সময় থেকে অসুস্থ হয়ে পড়েন?
Ⓐ ১৯৪২ সালের আগস্ট মাসে Ⓑ ১৯৪৯ সালের মার্চে
Ⓒ ১৯৪১ সালের ডিসেম্বরে Ⓓ ১৯৪৪ সালের জুনে

Solve জাতীয় কবি কাজী নজরুল ইসলাম (১৮৯৯-১৯৭৬) ১৯৪২ সালে মাত্র ৪৩ বছর বয়সে দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হয়ে আমৃত্যু নির্বাক হয়ে যান।

14. 'জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি যেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব' উক্তিটি কোন সংগঠনের?
Ⓐ মুসলিম সাহিত্য সমাজ Ⓑ ইন্ডিয়ান কংগ্রেস
Ⓒ প্রগতি লেখক সংঘ Ⓓ ফ্যাসিবাদবিরোধী সংঘ

Solve ঢাকায় মুসলিম সাহিত্য সমাজ প্রতিষ্ঠিত হয় ১৯২৬ সালে। বুদ্ধির মুক্তি আন্দোলনের পথিকৃৎ হয়ে মুসলিম সাহিত্য সমাজের মুখপাত্র হিসেবে ১৯২৭ সালে 'শিখা' পত্রিকা প্রকাশিত হয়, যেখানে উক্ত উক্তিটি ব্যবহৃত হয়।

15. 'আমার সন্তান যেন থাকে দুধে ভাতে' চরণটি কার?
Ⓐ রবীন্দ্রনাথ Ⓑ মুকুন্দরাম Ⓒ ঈশ্বরগুপ্ত Ⓓ ভারতচন্দ্র

Solve মধ্যযুগের শ্রেষ্ঠ কবি ভারতচন্দ্র রায়গুণাকরের (১৭১২-১৭৬০) 'অন্নদামঙ্গল' কাব্যে ঈশ্বরী পাটনী উক্তিটি করে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

16. 'আঁতের খবর' বের করার সংবাদ আছে কোন উপন্যাসে?
Ⓐ চোখের বালি Ⓑ দুর্গেশনন্দিনী
Ⓒ পদ্মানদীর মাঝি Ⓓ কবি
Solve 'পদ্মানদীর মাঝি' মানিক বন্দ্যোপাধ্যায়ের একটি বিখ্যাত উপন্যাস; যেখানে পদ্মাপাড়ের দরিদ্র মানুষের বাস্তব চিত্র ফুটে উঠেছে। তাঁর অন্যান্য উপন্যাস : পুতুলনাচের ইতিকথা, দিবারাত্রির কাব্য, অহিংসা, স্বাধীনতার স্বাদ, চিহ্ন, জননী, সহরতলী, আরোগ্য, সোনার চেয়ে দামী।

17. 'পায়ের আওয়াজ পাওয়া যায়' কী ধরনের রচনা?
Ⓐ ভাষা আন্দোলনের কাব্য Ⓑ মুক্তিযুদ্ধের কাব্যনাট্য
Ⓒ মুক্তিযুদ্ধের উপন্যাস Ⓓ গণঅভ্যুত্থানের গল্প
Solve সৈয়দ শামসুল হকের কতিপয় সাহিত্যকর্ম :

উপন্যাস	নিষিদ্ধ লোবান, নীলদংশন, স্মৃতিমেধ।
কাব্যগ্রন্থ	পরানের গহীন ভিতর, আমি জন্মগ্রহণ করিনি।
কাব্যনাট্য	পায়ের আওয়াজ পাওয়া যায়, নূরলদীনের সারাজীবন।

18. 'পুনশ্চ' কাব্যের প্রধান দিক কোনটি?
Ⓐ গদ্যছন্দ Ⓑ নতুন ভাষা
Ⓒ কবিতাধারায় বাঁকবদল Ⓓ গতিবাদ
Solve 'পুনশ্চ' রবীন্দ্রনাথ ঠাকুরের গদ্যছন্দে রচিত প্রথম ও সার্থক কাব্যগ্রন্থ। 'মানসী' কাব্যগ্রন্থকে রবীন্দ্রনাথ ঠাকুরের অনুবিশ্ব বলা হয়।

19. 'ক্যাপ্টারের সঙ্গে বসবাস' কার লেখা?
Ⓐ হুমায়ূন আজাদ Ⓑ জাহানারা ইমাম
Ⓒ শামসুর রাহমান Ⓓ আল মাহমুদ
Solve জাহানারা ইমামের কতিপয় সাহিত্যকর্ম :

স্মৃতিকথা	একাত্তরের দিনগুলি (১৯৮৬)
অন্যান্য গ্রন্থ	গজ কচ্ছপ, সাতটি তারার ঝিকিমিকি, নিঃসঙ্গ পাইন, প্রবাসের দিনগুলি।

20. 'গদাই লস্করি চাল' অর্থ কী?
Ⓐ ধীরে চলা Ⓑ আলস্য হয়ে চলা
Ⓒ কচ্ছপ গতি Ⓓ তীব্রতর হওয়া
Solve কতিপয় বাগ্‌ধারা : একচোখা (পক্ষপাতিত্ব), এক গোয়ালের গরু (একই শ্রেণিভুক্ত), ওজন বুঝে চলা (আত্মমর্যাদা রক্ষা করা), একহাত নেওয়া (রাগ দেখানো), এক বনে দুই বাঘ (প্রবল প্রতিদ্বন্দ্বী)।

21. 'সম্ভব' শব্দের অর্থ কী?
Ⓐ আশাবাদ Ⓑ আগে
Ⓒ জন্ম Ⓓ সম্ভবত
Solve কতিপয় গুরুত্বপূর্ণ শব্দার্থ :

কুহক– মায়া	অংশু– আলো, দীপ্তি	অয়ন– পথ
পুলিন– কূল	প্রসূন– ফুল, পুষ্প	নির্বন্ধ– বিধান

22. 'চাঁদের অমাবস্যা' কী ধরনের উপন্যাস?
Ⓐ সামাজিক Ⓑ রাজনৈতিক
Ⓒ অস্তিত্ববাদী Ⓓ ইতিহাসধর্মী
Solve সৈয়দ ওয়ালীউল্লাহ্‌র কতিপয় সাহিত্যকর্ম :

উপন্যাস	লালসালু, চাঁদের অমাবস্যা, কাঁদো নদী কাঁদো।
গল্পগ্রন্থ	দুই তীর ও অন্যান্য গল্প, নয়নচারা (১৯৫১)।
নাটক	বহিপীর, তরঙ্গভঙ্গ, সুড়ঙ্গ, উজানে মৃত্যু।

23. 'বিষাদ-সিন্ধু' এর ব্যাসবাক্য কী?
Ⓐ বিষাদের সিন্ধু Ⓑ বিষাদ ও সিন্ধু
Ⓒ বিষাদ হইতে সিন্ধু Ⓓ বিষাদ রূপ সিন্ধু
Solve উপমান ও উপমেয়ের মধ্যে অভিন্নতা কল্পনা করা হলে, তাকে রূপক কর্মধারয় সমাস বলে। এ সমাসে উপমেয় পদ পূর্বে বসে এবং উপমান পদ পরে বসে। যেমন : মন রূপ মাঝি = মনমাঝি।

24. 'সিরাজউদ্দৌলা' নাটকের জনপ্রিয়তার কারণ কী?
Ⓐ জাতীয়তাবাদী চেতনা Ⓑ শ্রেণিচেতনা
Ⓒ সিরাজের করুণ মৃত্যু Ⓓ মীরজাফরের বিশ্বাসঘাতকতা
Solve সিকান্দার আবু জাফরের কতিপয় সাহিত্যকর্ম :

কাব্যগ্রন্থ	প্রসন্ন প্রহর, বৈরী বৃষ্টিতে, তিমিরান্তক, বৃশ্চিক লগ্ন।
নাটক	শকুন্ত উপাখ্যান, সিরাজউদ্দৌলা (১৯৬৫), মহাকবি আলাওল (১৯৬৫), নতুন সকাল (১৯৪৫)।
উপন্যাস	মাটি আর অশ্রু (১৯৪২), পূরবী (১৯৪৪)।

25. 'বিদ্বানকে সকলেই আদর করে।' বাক্যটি কর্মবাচ্যে রূপান্তর কেমন হবে?
Ⓐ বিদ্বান সকলের দ্বারা আদৃত হন
Ⓑ বিদ্বান সকলের আদরপ্রাপ্ত
Ⓒ বিদ্বান সবার তাই আদর পান
Ⓓ বিদ্বান দিয়ে তিনি সবার আদর লাভ করেন
Solve কতিপয় কর্মবাচ্যে রূপান্তর :

কর্তৃবাচ্য	কর্মবাচ্য
মুবারক পুস্তক পাঠ করছে।	মুবারক কর্তৃক পুস্তক পঠিত হচ্ছে।
দস্যুদল গৃহটি লুণ্ঠন করেছে।	দস্যুদল কর্তৃক গৃহটি লুণ্ঠিত হয়েছে।

26. 'To keep the wolf away from the door' means–
Ⓐ to keep away from extreme poverty
Ⓑ to keep off an unwanted and undesirable person
Ⓒ to keep alive
Ⓓ to keep the difficulties and dangers in check
Explanation To keep the wolf away from the door - খেয়ে বেঁচে থাকার জন্য যথেষ্ট টাকা থাকা।

27. An unmarried woman is called–
Ⓐ seamstress Ⓑ spinster
Ⓒ nurse Ⓓ bachelor
Explanation Spinster - অবিবাহিত মহিলা।

28. Choose the correct sentence:
Ⓐ The old man died of over-eating
Ⓑ The old man died from over-eating
Ⓒ The old man died by over-eating
Ⓓ The old man died with over-eating
Explanation Die from - কোনো কারণে মারা যাওয়া। Die of - রোগে মারা যাওয়া।

29. Choose the correct sentence:
Ⓐ A snake bite him yesterday
Ⓑ A snake bit him yesterday
Ⓒ A snake bitten him yesterday
Ⓓ A snake beat him yesterday
Explanation Yesterday থাকার কারণে বাক্যটি simple past tense এ হবে। Bite এর past form bit এবং past participle bitten।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

30. Disaster is not related to the word–
Ⓐ Cyclone Ⓑ Flood Ⓒ Tornado Ⓓ None of them
Explanation Disaster (দুর্যোগ) শব্দটি সবগুলোর সাথেই সম্পর্কিত।

31. From the following four sentences, select the one that is NOT a sentence fragment.
Ⓐ Finding a parking space there is usually easy during the week
Ⓑ Driving in the city during the evening rush hour
Ⓒ Mr. Aziz gone to visit her mother at the hospital
Ⓓ To apply for a job at the new store in the mall
Ans Ⓒ

32. He is an amateur tennis player. Here 'Amateur' means:
Ⓐ Regular Ⓑ Famous
Ⓒ Adult Ⓓ Non-professional
Explanation Amateur - অপেশাদার (non-professional)।

33. He works hard all day round. The underlined word is a/an:
Ⓐ Noun Ⓑ Pronoun Ⓒ Adjective Ⓓ Adverb
Explanation Hard শব্দটি verb (work) কে নির্দেশ করছে তাই এটা adverb।

34. His initiative is praiseworthy all through the country. Here 'praiseworthy' means:
Ⓐ Trustworthy Ⓑ Presentable
Ⓒ Critical Ⓓ Admirable
Explanation Praiseworthy - প্রশংসনীয় (admirable)।

35. I said to him "Do you hear me?" The indirect form is:
Ⓐ I told him is he heard me
Ⓑ I wanted to know if he heard me
Ⓒ I asked him if he hear me
Ⓓ I asked him if he heard me
Explanation Verb দিয়ে শুরু হওয়া interrogative sentence এর indirect speech এ that এর পরিবর্তে if বা whether হয়। Reporting verb past থাকায় heard হয়েছে এবং second person থাকায় object অনুযায়ী পরিবর্তিত হয়ে he হয়েছে।

36. Identify the one bold word or phrase that must be changed in order for the sentence to be correct.
Although a number of police officers was guarding (Ⓐ) the priceless treasures (Ⓑ) in the museum, the director worried that someone would try (Ⓒ) to steal (Ⓓ) them.
Explanation A number of + plural noun থাকলে verb এর plural form হয় এবং the number of + plural noun থাকলে verb এর singular form হয়।

37. Literally the term 'Mycorrhiza' means–
Ⓐ Fungus-root Ⓑ Bacteria
Ⓒ Nematode Ⓓ Protozoa
Explanation মাইকোরাইজা বা Fungus-root (মাইকোস অর্থ ছত্রাক রাইজা অর্থ মূল) হচ্ছে ছত্রাক ও পরিবহন কলাবিশিষ্ট উদ্ভিদ মূলের একত্রে অবস্থান।

38. Please leave your keys at reception —— departure.
Ⓐ during Ⓑ before Ⓒ for Ⓓ by
Explanation প্রস্থানের পূর্বে (before departure) দয়া করে অভ্যর্থনা ডেস্কে তোমাদের চাবি রাখ।

39. Select the correct sentence:
Ⓐ The man who stole my bag was tall
Ⓑ The man stole my bag who was tall
Ⓒ The man was tall who stole my bag
Ⓓ The man stole my bag who is tall
Explanation Relative pronoun যে noun বা pronoun কে নির্দেশ করে তার পাশে বসে অন্যথা সেটা dangling modifier হয়ে যায়। এখানে who, the man, কে নির্দেশ করায় এটা the man এর পাশে বসবে।

40. Select the word or phrase that must be changed in order for the sentence to be correct: Last night, the (a) director finally (b) wins the award, after (c) being nominated (d) more than five times.
Ⓐ director Ⓑ wins
Ⓒ being nominated Ⓓ more than
Explanation Last night থাকলে বাক্যের verb simple past হয়। তাই option B তে wins এর স্থলে won হবে।

41. The babysitter —— awake until the child's parent got home. Choose the correct option to fill up the gap:
Ⓐ remained Ⓑ will remain
Ⓒ has remained Ⓓ remains
Explanation Until এর পরে simple past থাকায় এর পূর্বে ও simple past হবে।

42. The plural of 'Dwarf' is–
Ⓐ Dwarves Ⓑ Dwarfes Ⓒ Dwarx Ⓓ Dwarfs
Explanation কিছু শব্দ (chief, brief, hoof, roof, gulf, belief, dwarf) এর শেষে F থাকা সত্ত্বে ও শুধু S যোগ করে plural হয়। যেমন dwarf-dwarfs।

43. The verb 'survive' can be changed into noun by adding–
Ⓐ an auxiliary Ⓑ a prefix Ⓒ a suffix Ⓓ a syllable
Explanation Survive (টিকে থাকা) এর সাথে suffix হিসেবে al যোগ করলে (survival) সেটা noun হয়ে যাবে।

44. The word 'apiculture' is related to:
Ⓐ the culture of apple
Ⓑ the culture for fish
Ⓒ the culture of bees for honey
Ⓓ the culture of agriculture
Explanation Apiculture - মৌমাছি পালন বিদ্যা।

45. There is —— hope of her recovery.
Ⓐ many Ⓑ little Ⓒ very Ⓓ few
Explanation Hope, uncountable noun তাই এর পূর্বে uncountable determiner, little হবে।

46. There is a time —— pleasantry.
Ⓐ from Ⓑ for Ⓒ at Ⓓ with
Explanation Time for sth - কোনো কিছু করার সময়।

47. What is the antonym of the word 'Vicious'?
Ⓐ Gentle Ⓑ Healthy
Ⓒ Helpful Ⓓ Dangerous
Explanation Vicious (দুষ্ট, বদমেজাজি) এর বিপরীত শব্দ gentle (ভদ্র)।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

48. Which one is the correct sentence?
Ⓐ The girl burst into tears
Ⓑ The girl burst out tears
Ⓒ The girl burst with tears
Ⓓ The girl burst by tears
Solve (A) Explanation Burst into tears - কান্নায় ভেঙ্গে পড়া। Burst out - হাসিতে ফেটে পড়া।

49. The word 'paranoid' is connected with–
Ⓐ Philosophy Ⓑ Psycholgoy
Ⓒ Theology Ⓓ Anthropology
Solve (B) Explanation Paranoid শব্দটি কোনো ব্যক্তির mental illness বর্ণনার ক্ষেত্রে ব্যবহৃত হয় যা psychology (মনোবিজ্ঞান) এর সাথে সম্পর্কিত।

50. —— the game for several years, the understood all of its challenges. Choose the correct option to fill up the gap:
Ⓐ Playing Ⓑ Having played
Ⓒ Because she play Ⓓ To play
Solve (B) Explanation For + period of time উল্লেখ থাকায় বাক্যে perfect participle হবে।

ভূগোল (ঐচ্ছিক)

51. হিমালয় হচ্ছে?
Ⓐ ভাঁজ পর্বত Ⓑ চ্যুতি পর্বত Ⓒ রিফ্‌ট উপত্যকা Ⓓ সবগুলো
Solve (A) বিস্তৃত অঞ্চলজুড়ে শিলায় ঢেউ এর মতো ভাঁজ পড়ে যে পর্বতের সৃষ্টি হয় তাকে ভঙ্গিল বা ভাঁজ পর্বত বলে। এশিয়ার হিমালয়, দক্ষিণ আমেরিকার আন্দিজ, উত্তর আমেরিকার রকি এবং ইউরোপের আল্পস পর্বতমালা ভঙ্গিল পর্বত।

52. সিয়াল স্তরে প্রধান উপাদান দুটি কী?
Ⓐ লোহা ও নিকেল Ⓑ অ্যালুমিনিয়াম ওলোহা
Ⓒ অ্যালুমিনিয়াম ও সোডিয়াম Ⓓ সিলিকন ও অ্যালুমিনিয়াম
Solve (D) সিয়াল স্তর অশ্মমণ্ডলের বাইরের স্তর। এ স্তরে গ্রানাইট শিলার পরিমাণ বেশি। গ্রানাইট শিলায় সিলিকন ও অ্যালুমিনিয়ামের পরিমাণ সবচেয়ে বেশি।

53. রিক্টার স্কেল কী?
Ⓐ দৈর্ঘ্য পরিমাপের স্কেল Ⓑ সমুদ্রের গভীরতা নির্ণয়ের স্কেল
Ⓒ ভূমিকম্পের মাত্রা পরিমাপক স্কেল
Ⓓ শব্দের মাত্রা পরিমাপক স্কেল
Solve (C) ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক সি.এফ.রিকটার ভূমিকম্পের তীব্রতা নির্ণয়ের যে স্কেল তৈরি করেছেন তাকে রিকটার স্কেল বলে। এ স্কেলে ১ থেকে ১০ পর্যন্ত ভূমিকম্পের তীব্রতা পরিমাপ করা হয়।

54. বিনুনি নদীর উদাহরণ কোনটি?
Ⓐ পদ্মা Ⓑ মেঘনা Ⓒ সুরমা Ⓓ যমুনা
Solve (D) নদীখাতে একাধিক চর সৃষ্টির ফলে বহুধা বিভক্ত নদীখাতের মধ্য দিয়ে প্রবাহিত স্রোতস্বিনীকে বিনুনিসদৃশ নদী বলে। ব্রহ্মপুত্র, যমুনা, গঙ্গা, পদ্মা প্রভৃতি বিনুনিসদৃশ নদী। যমুনা আদর্শ বিনুনি নদী।

55. নিচের কোনটি ভূভাগ দ্বারা বেষ্টিত সাগর?
Ⓐ গ্রীনল্যান্ড Ⓑ তিমুর Ⓒ আরল Ⓓ আরাফুরা
Solve (C) মধ্য এশিয়ার কাজাকিস্তানের দক্ষিণাংশ ও উজবেকিস্তানের উত্তরাঞ্চলের প্রায় ২৬ হাজার বর্গমাইল এলাকাজুড়ে বিস্তৃত।

56. নিচের কোনটি পৃথিবীর সর্বোচ্চ মালভূমি?
Ⓐ কলোরাডো Ⓑ পামীর Ⓒ পাতাগোনিয়া D.ডেকান
Solve (B) পামির মালভূমি পৃথিবীর সর্বোচ্চ মালভূমি। পামিরের বিস্তার আফগানিস্তান, পাকিস্তান, তাজিকিস্তান, উজবেকিস্তান এবং চীন দেশের অংশ নিয়ে।

57. নিচের কোন শিলাটি মার্বেলে রূপান্তরিত হয়?
Ⓐ গ্রানাইড Ⓑ কিম্বার লাইট Ⓒ নোরাইট Ⓓ লাইমস্টোন
Solve (D) লাইমস্টোন বা চুনাপাথর কালক্রমে তাপ ও চাপের প্রভাবে মার্বেল পাথরে পরিণত হয়। মার্বেল এক ধরনের রূপান্তরিত শিলা।

58. নিচের কোন গ্যাসটি জলবায়ু পরিবর্তনের কারণ?
Ⓐ অক্সিজেন Ⓑ নাইট্রোজেন
Ⓒ হিলিয়াম Ⓓ কার্বন ডাইঅক্সাইড
Solve (D) তাপমাত্রা, বায়ুরচাপ, বায়ুর গতি বায়ুর আর্দ্রতা, বৃষ্টিপাত ইত্যাদি জলবায়ুর উপাদান। কার্বন ডাইঅক্সাইড বায়ুমণ্ডলের একটি গুরুত্বপূর্ণ উপাদান। কার্বন ডাইঅক্সাইড বৃদ্ধি বৈশ্বিক উষ্ণতার কারণ।

59. চীন সাগরে ক্রান্তীয় ঝড় কী নামে পরিচিত?
Ⓐ সুনামি Ⓑ টর্নেডো Ⓒ টাইফুন Ⓓ সাইক্লোন
Solve (C) ক্রান্তীয় ঘূর্ণিঝড় বা উষ্ণমণ্ডলীয় ঘূর্ণিঝড় একটি শক্তিশালী ও সাংঘাতিক ধ্বংসকারী ঘূর্ণিঝড়। ক্রান্তীয় নিম্নচাপ জনিত ঘূর্ণিঝড় নামেও পরিচিত বিভিন্নস্থানে বিভিন্ন নামে পরিচিত। পশ্চিম ভারতীয় দ্বীপপুঞ্জে হ্যারিকেন, আমেরিকা যুক্তরাষ্ট্রে টর্নেডো, চীন ও জাপানে টাইফুন নামে পরিচিত।

60. 'প্যাসিফিক রিং অফ ফায়ার' কিসের সাথে সম্পর্কিত?
Ⓐ তাপ-শক্তি কেন্দ্র Ⓑ আগ্নেয়গিরি ও ভূমিকম্প
Ⓒ দাবানল Ⓓ সমুদ্রে পেট্রোলিয়াম বিস্ফোরণ
Solve (B) 'প্যাসিফিক রিং অফ ফায়ার' যা প্রশান্ত মহাসাগরের তলদেশে প্রায় ৪০ হাজার কিলোমিটার দৈর্ঘ্যের পৃথিবীর সর্ববৃহৎ ভূমিকম্প বলয়। এই বলয়ে ৩০৪টি প্রধান আগ্নেয়গিরি রয়েছে।

61. Meteorology কী সম্বন্ধীয় বিজ্ঞান?
Ⓐ সমুদ্র গবেষণা Ⓑ নৌচালনা
Ⓒ পরিবেশ Ⓓ আবহাওয়া ও জলবায়ু
Solve (D) Meteorology হলো আবহাওয়া বিজ্ঞান। বিজ্ঞানের এই শাখায় আবহাওয়া ও জলবায়ু ইত্যাদি নিয়ে গবেষণা ও আলোচনা করা হয়।

62. শারদ বিষুব সংঘটিত হয়–
Ⓐ ২১ মার্চে Ⓑ ২২ সেপ্টেম্বরে
Ⓒ ২২ ডিসেম্বরে Ⓓ ২১ জুনে
Solve (Blank) ২১ মার্চ এবং ২৩ সেপ্টেম্বর নিরক্ষরেখার উপর সূর্য লম্বভাবে কিরণ দেয়। এই দুদিন পৃথিবীর সর্বত্র দিনরাত সমান হয়। সেদিনকে বিষুব বলে। ২১ মার্চ উত্তর গোলার্ধে বসন্তকাল তাই একে বাসন্ত বিষুব বলে। ২৩ সেপ্টেম্বর উত্তর গোলার্ধে শরৎকাল। তাই ঐ দিনকে শারদ বিষুব বলে।

63. কানাডার তৃণভূমি কী নামে পরিচিত?
Ⓐ প্রেইরি Ⓑ ডোনস Ⓒ পেম্পাস Ⓓ সাভানা
Solve (A) প্রেইরি তৃণভূমি উত্তর আমেরিকায় যুক্তরাষ্ট্র এবং কানাডার মাঝে বিশাল এলাকা নিয়ে অবস্থিত। এখানে উষ্ণ জলবায়ু ও মাঝারি আকারের বৃষ্টিপাত হয়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

64. মংলা সমুদ্রবন্দর কোন নদীর তীরে অবস্থিত?
Ⓐ পশুর Ⓑ রূপসা
Ⓒ সিপসা Ⓓ রায়মঙ্গল
Solve (A) বাংলাদেশের দক্ষিণ পশ্চিমাঞ্চলে বাগেরহাট জেলায় পশুর নদী ও মংলা নদীর সংযোগস্থলে মংলা বন্দর অবস্থিত। এটি বাংলাদেশের ২য় বৃহত্তম সমুদ্র বন্দর।

65. এক বছরে আলো যে দূরত্ব অতিক্রম করে তাকে কী বলে?
Ⓐ আলোক দূরত্ব Ⓑ আলোক বেগ
Ⓒ আলোক দিক Ⓓ আলোক বর্ষ
Solve (D) এক আলোকবর্ষ হলো ভ্যাকুয়ামে বা শূন্যস্থানে আলো কোনো বাধা না পেয়ে এক বছরে যে দূরত্ব অতিক্রম করে তাকে এক আলোকবর্ষ বলে।

66. এল নিনো হল-
Ⓐ সাগর ঝড় Ⓑ ক্রান্তীয় দুর্যোগ
Ⓒ উষ্ণ সমুদ্র স্রোত Ⓓ টাইফুনের আরেক নাম
Solve (C) 'এল নিনো' পর্যায়বৃত্তের উষ্ণ পর্যায় আর 'লা নিনা' শীতল পর্যায়। এল নিনো বায়ুমণ্ডলীয় এবং গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলের সমুদ্রগুলোর মাঝে একটি পর্যাবৃত্ত পরিবর্তন।

67. GIS এর পূর্ণরূপ কী?
Ⓐ Global Information System
Ⓑ Geographic Information System
Ⓒ Geographical Information Survey
Ⓓ Global Identity Survey
Solve (B) ভৌগোলিক তথ্য সংরক্ষণ ও বিশ্লেষণ ব্যবস্থাকে সংক্ষেপে GIS বলে। ১৯৬৪ সালে কানাডায় সর্বপ্রথম GIS কৌশলের ব্যবহার আরম্ভ হয়।

68. মূল মধ্যরেখা কোন স্থান অতিক্রম করেছে-
Ⓐ গ্রিনিচ Ⓑ নিউইয়র্ক
Ⓒ টোকিও Ⓓ ফ্রান্স
Solve (A) যুক্তরাজ্যের লন্ডন শহরের কাছে গ্রিনিচ মান মন্দিরের উপর দিয়ে উত্তর মেরু পর্যন্ত বিস্তৃত যে মধ্যরেখা অতিক্রম করেছে তাকে মূল মধ্যরেখা বলে। গ্রিনিচের দ্রাঘিমা ০°। গ্রিনিচের মূলরেখা থেকে পূর্ব বা পশ্চিমে কোনো স্থানের কৌণিক দূরত্বকে ঐ স্থানের দ্রাঘিমা বলে।

69. ভূমিকম্পের ফলে কোন নদীর গতিপথ পরিবর্তিত হয়েছে?
Ⓐ পদ্মা Ⓑ মেঘনা
Ⓒ ব্রহ্মপুত্র Ⓓ সুরমা
Solve (C) ১৭৮৭ সালে আসামে যে ব্যাপক ভূমিকম্প হয় তাতে পুরাতন ব্রহ্মপুত্র নদের তলদেশ কিছুটা উঁচু হয়ে যায়। ফলে নদটি তার গতিপথ পাল্টে বর্তমানে যমুনা নদী দিয়ে প্রবাহিত হতে শুরু করে।

70. ভূমধ্যসাগরীয় জলবায়ুর বৈশিষ্ট্য হচ্ছে-
Ⓐ শুষ্ক গ্রীষ্মকাল ও আর্দ্র শীতকাল
Ⓑ আর্দ্র গ্রীষ্মকাল ও শুষ্ক শীতকাল
Ⓒ শুষ্ক গ্রীষ্মকাল ও শুষ্ক শীতকাল
Ⓓ আর্দ্র গ্রীষ্মকাল ও আর্দ্র শীতকাল
Solve (A) মহাদেশগুলো পশ্চিমাংশে ৩০° হতে ৪৫° উত্তর ও দক্ষিণ অক্ষাংশের মধ্যে যে একপ্রকার জলবায়ু দেখতে পাওয়া যায় তাকে ভূমধ্যসাগরীয় জলবায়ু বলে। বৃষ্টিবহুল শীতকালে এবং বৃষ্টিহীন গ্রীষ্মকাল ভূমধ্যসাগরীয় জলবায়ুর প্রধান বৈশিষ্ট্য।

71. ভূমিকম্প সবচেয়ে বেশি সংঘটিত হয়-
Ⓐ প্লেট সীমানায় Ⓑ প্লেট পৃষ্ঠে
Ⓒ সমুদ্র তলে Ⓓ সবকটিতেই
Solve (A) মহাসাগরীয় ও মহাদেশীয় প্লেট সীমানায় সবচেয়ে বেশি ভূমিকম্প সংঘটিত হয়। ভূমিকম্পের সংখ্যার দিক দিয়ে জাপান বিশ্বে প্রথম। জাপানের পর ইতালি ভূমিকম্পের দ্বারা সর্বাধিক ক্ষতিগ্রস্থ হয়ে থাকে।

72. বাংলাদেশের দ্বীপগুলোর মধ্যে কোনটি প্রবাল দ্বীপ?
Ⓐ সেন্টমার্টিন Ⓑ সোনার চর
Ⓒ ভোলা Ⓓ হাতিয়া
Solve (A) বাংলাদেশের সর্ব দক্ষিণে বঙ্গোপসাগরের উত্তর-পূর্বাংশে অবস্থিত একটি প্রবাল দ্বীপ সেন্টমার্টিন দ্বীপ। সেন্টমার্টিন দ্বীপটির ভূপ্রকৃতি প্রধানত সমতল। দ্বীপটির প্রধান উপাদান চুনাপাথর।

73. বাংলাদেশের একমাত্র পাহাড়ি দ্বীপ কোনটি?
Ⓐ হাতিয়া Ⓑ সেন্টমার্টিন
Ⓒ মহেশখালী Ⓓ কুতুবদিয়া
Solve (C) বাংলাদেশের একমাত্র পাহাড়ি দ্বীপ মহেশখালী কক্সবাজার জেলার একটি দ্বীপ। এ দ্বীপের মৈনাক পর্বতের উপর রয়েছে আদিনাথ মন্দির।

74. বাংলাদেশের প্লাইস্টোসিন যুগের চত্বরভূমি কোনটি?
Ⓐ পাদদেশীয় সমভূমি Ⓑ স্রোতজ সমভূমি
Ⓒ টিলাভূমি Ⓓ বরেন্দ্রভূমি
Solve (D) বাংলাদেশের উত্তর পশ্চিমাংশের সুবিশাল বরেন্দ্রভূমি, মধ্যভাগের মধুপুর ও ভাওয়ালের গড় এবং কুমিল্লা জেলার লালমাই উচ্চভূমি প্লাইস্টোসিন যুগের।

75. বায়ুর গতিবেগ মাপার যন্ত্রের নাম কী?
Ⓐ ব্যারোমিটার Ⓑ থার্মোমিটার
Ⓒ হাইগ্রোমিটার Ⓓ এনিমোমিটার
Solve (D) ব্যারোমিটার বায়ুর চাপ পরিমাপক যন্ত্র; থার্মোমিটার তাপমাত্রা পরিমাপক যন্ত্র; হাইগ্রোমিটার বায়ুর আর্দ্রতা ও জলীয়বাষ্প পরিমাপক যন্ত্র।

76. বায়ুর আর্দ্রতা কীসের উপর নির্ভর করে?
Ⓐ তাপমাত্রা Ⓑ অবস্থান
Ⓒ আবহাওয়া Ⓓ সবগুলো
Solve (D) বায়ুতে জলীয়বাষ্পের উপস্থিতিকে বায়ুর আর্দ্রতা বলে। কোনো নির্দিষ্ট উষ্ণতায় বায়ু যে পরিমাণ জলীয়বাষ্প ধারণ করতে পারে, সে পরিমাণ জলীয়বাষ্প বায়ুতে থাকলে তাকে সম্পৃক্ত বায়ু বলে। কোনো নির্দিষ্ট আয়তনের বায়ুতে জলীয়বাষ্পের প্রকৃত পরিমানকে উক্ত বায়ুর পরম আর্দ্রতা বলে।

77. বায়ুমণ্ডলের উচ্চতম স্তর কোনটি?
Ⓐ স্ট্রাটোস্ফিয়ার Ⓑ এটমোস্ফিয়ার
Ⓒ আয়নোস্ফিয়ার Ⓓ ওজন স্তর
Solve (C) বায়ুমণ্ডলে উষ্ণতার হ্রাস বৃদ্ধির দিকে লক্ষ্য রেখে বায়ুমণ্ডলকে ৫টি ভাগে ভাগ করা হয়। স্তরগুলো হল : ট্রপোস্ফিয়ার, স্ট্রাটোস্ফিয়ার, থার্মোস্ফিয়ার বা আয়নোস্ফিয়ার, এক্সোস্ফিয়ার ও ম্যাগনেটোস্ফিয়ার। আয়নোস্ফিয়ার স্তরে পজিটিভ ও নেগেটিভ দুই ধরনের আয়নের প্রাচুর্য ঘটে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

78. বায়ু সৃষ্ট ভূমিরূপ কোনটি?
Ⓐ বালুচর Ⓑ স্ট্যালেকটাইট
Ⓒ সার্ক Ⓓ বারখান

Solve (D) উষ্ণ মরুভূমি অঞ্চলে বায়ু প্রবাহের গতিপথে বালিয়াড়ি অর্ধচন্দ্র আকারে বিরাজ করে। এই রকম বালিয়াড়িকে বারখান বলে। বালিয়াড়ি হলো বালির পাহাড়।

79. পদ্মা ও মেঘনা নদী বাংলাদেশের কোথায় মিলিত হয়েছে?
Ⓐ চাঁদপুর Ⓑ গোয়ালন্দ Ⓒ ফেনী Ⓓ বাহাদুরাবাদ

Solve (A) পদ্মা নদী নামে দক্ষিণ-পূর্ব দিকে প্রবাহিত হয়ে চাঁদপুরের নিকট মেঘনা নদীর সাথে মিলিত হয়ে মেঘনা নামে বঙ্গোপসাগরে পড়েছে।

80. পৃথিবীর গভীরতম মহাসাগর কোনটি?
Ⓐ আটলান্টিক Ⓑ আর্কটিক Ⓒ প্রশান্ত Ⓓ ভারত

Solve (C)

মহাসাগর	গড় গভীরতা (মিটার)
১. প্রশান্ত মহাসাগর	৩,৯৩৯ মিটার
২. আটলান্টিক মহাসাগর	৩,৫৭৫ মিটার
৩. ভারত মহাসাগর	৩,৮৩৯ মিটার
৪.দক্ষিণ মহাসাগর	৩,৭৫৪ মিটার
৫. উত্তর মহাসাগর	১,০৩৮ মিটার

81. পৃথিবীর ব্যাসার্ধ কত?
Ⓐ ৬৩৮৪ কি.মি. Ⓑ ৬৪৩৪ কি.মি
Ⓒ ৬৩৪৪ কি.মি Ⓓ ৬৮৪৩ কি.মি

Solve (A) মেরুদেশীয় ব্যাস ১২,৭১৪ কিলোমিটার এবং নিরক্ষীয় ব্যাস ১২,৭৫৭ কিলোমিটার। এদের মধ্যে পার্থক্য ৪৩ কিলোমিটার। পৃথিবীর গড় ব্যাস ১২,৭৩৪.৫ কিলোমিটার এবং ব্যাসার্ধ ৬,৩৬৭.২৫ কিলোমিটার [সূত্র: ভূগোল ও পরিবেশ (নবম -দশম) শ্রেণি]

82. পৃথিবীর প্রকৃত আকৃতি কেমন?
Ⓐ সমতল Ⓑ বৃত্ত
Ⓒ গোলক Ⓓ কমলাকার উপ-গোলক

Solve (D) মহাকাশচারী ইউরি গ্যাগারিন ১৯৬১ সালের ১২ এপ্রিল স্পুটনিকে চড়ে পৃথিবীকে প্রদক্ষিণের সময় বুঝতে পারেন পৃথিবী 'গোলাকার' তবে উত্তর - দক্ষিণে কিছুটা চাপা। পৃথিবীর প্রকৃত আকৃতি হলো অনেকটা অভিগত গোলকের মতো।

83. পৃথিবী তার নিজ অক্ষে কোন দিকে আবর্তিত হয়?
Ⓐ উত্তর থেকে দক্ষিণ Ⓑ পূর্ব থেকে পশ্চিম
Ⓒ পশ্চিম থেকে পূর্ব Ⓓ পশ্চিম থেকে উত্তর

Solve (C) পৃথিবী তার নিজের মেরুদণ্ডের উপর একবার পশ্চিম থেকে পূর্ব দিকে আবর্তন করতে সময় নেয় ২৩ ঘণ্টা ৫৬ মিনিট ৪ সেকেন্ড বা ২৪ ঘণ্টা অর্থাৎ একদিন। একে সৌরদিন বলে।

84. পৃথিবী ও সূর্যের দূরত্ব সবচেয়ে বেশি হয় কোন সময়ে?
Ⓐ অপসূর Ⓑ অপসূর Ⓒ দক্ষিণায়ণ Ⓓ উত্তরায়ণ

Solve (B) পৃথিবী সূর্য থেকে সবচেয়ে দূরে অবস্থান করে অপসূর এবং সবচেয়ে নিকটতম দূরে অবস্থান করে অনুসূর নামে পরিচিত।

85. নিচের কোনটি ভূমিধ্বসের কারণ নয়?
Ⓐ ভূমিকম্প Ⓑ অতিরিক্ত ভূমিঢাল
Ⓒ অতিবৃষ্টিপাত Ⓓ পাহাড়ী অঞ্চলে জলাধার তৈরি Ans (D)

86. নবায়নযোগ্য জ্বালানি কোনটি?
Ⓐ কয়লা Ⓑ পেট্রোল Ⓒ পরমাণুশক্তি Ⓓ প্রাকৃতিক গ্যাস

Solve (C) নিউক্লীয় ফিউশন বা ফিশন বিক্রিয়ার ফলে পরমাণুশক্তির উদ্ভব ঘটে। নবায়ন যোগ্য জ্বালানি যা স্বল্প সময়ের ব্যবধানে পুনরায় ব্যবহার করা যায় এবং শক্তির উৎসটি নিঃশেষ হয়ে যায় না।

87. অতি বেগুনি রশ্মির উৎস কোনটি?
Ⓐ চন্দ্র Ⓑ সূর্য Ⓒ বুধ Ⓓ শুক্র

Solve (B) অতিবেগুনী রশ্মি এক ধরনের তড়িৎ চুম্বকীয় বিকিরণ যার তরঙ্গ দৈর্ঘ্য দৃশ্যমান আলোর চেয়ে ছোট এবং রঞ্জন রশ্মির চেয়ে বড়। অতিবেগুণী রশ্মি শরীরে ভিটামিন-ডি উৎপাদনে সহায়তা করে। তবে অতিরিক্ত অতিবেগুনী রশ্মি ত্বকে ক্যান্সারসহ নানা ধরনের রোগের সৃষ্টি করে।

88. আন্তর্জাতিক তারিখ রেখা অতিক্রম করেছে-
Ⓐ বেরিং প্রাণালি Ⓑ জিব্রাল্টার প্রণালি
Ⓒ ফ্লোরিডা প্রণালি Ⓓ মালাক্কা প্রণালি

Solve (A) পৃথিবীর মানচিত্রে প্রশান্ত মহাসাগরের উপর দিয়ে ১৮০° দ্রাঘিমা অনুসরণ করে আন্তর্জাতিক তারিখ প্রবর্তন করা হয়েছে। রেখাটি অ্যালিউসিয়ান দ্বীপপুঞ্জের কাছে এবং ফিজি ও চ্যাথাম দ্বীপপুঞ্জে ১১° পূর্ব দিকে বেঁকে এবং বেরিং প্রণালিতে ১১° পূর্বে বেঁকে শুধু পানির উপর দিয়ে টানা হয়েছে।

89. অশ্বক্ষুরাকৃতি হ্রদ নিচের কোনটির সাথে সম্পর্কিত?
Ⓐ গিরিখাত Ⓑ সর্পিল নদী Ⓒ হাওর অঞ্চল Ⓓ সমুদ্র

Solve (B) মাঝে মাঝে সমভূমি অঞ্চলের কোনো কোনো নদীতে অসংখ্য বাঁক দেখা যায়। মিসিসিপি ও রাইন নদীর উভয় তীরে অশ্বক্ষুরাকৃতি হ্রদ রয়েছে। বাংলাদেশের পদ্মা, যমুনা, ব্রহ্মপুত্র প্রভৃতি নদীতে ও বহু অশ্বক্ষুরাকৃতি হ্রদ দেখা যায়।

90. অগ্নীয় আগ্নেয় শিলার উদাহরণ কোনটি?
Ⓐ ডোলেরাইট Ⓑ গ্রানাইড Ⓒ গেব্রো Ⓓ পিউমিস Ans (A)

91. ১০° ও ১১° দ্রাঘিমা রেখার মধ্যে সময়ের পার্থক্য কত?
Ⓐ ৫ মিনিট Ⓑ ৫ মিনিট ২০ সেকেন্ড
Ⓒ ৪ মিনিট Ⓓ ৪ মিনিট ২০ সেকেন্ড

Solve (C) দ্রাঘিমারেখার নিয়মানুসারে মূল মধ্যরেখা থেকে পূর্ব ও পশ্চিমে অগ্রসর হলে প্রতি ১° দ্রাঘিমার পার্থক্যের জন্য ৪ মিনিট সময়ের ব্যবধান হয়।

92. হোয়াংহো নদী কোথায় পতিত হয়েছে?
Ⓐ ভারত মহাসাগর Ⓑ লোহিত সাগর
Ⓒ চীন উপসাগর Ⓓ ইয়েলো সি

Solve (D) হোয়াংহো চীনের দ্বিতীয় এবং বিশ্বের ৬ষ্ঠ দীর্ঘতম নদী। হোয়াংহো নদীতে প্রচুর বালি রয়েছে। ছিংহাই প্রদেশের বায়ানহার পর্বতের উত্তরাংশে হোয়াংহো নদীর উৎপত্তি হয়ে ইয়েলো সি বা পীত সাগরে পতিত হয়েছে।

93. গ্রেট ভিক্টোরিয়া মরুভূমি কোথায় অবস্থিত?
Ⓐ কানাডা Ⓑ পশ্চিম আফ্রিকা
Ⓒ অস্ট্রেলিয়া Ⓓ উঃ আমেরিকা

Solve (C) পশ্চিম অস্ট্রেলিয়া ও দক্ষিণ অস্ট্রেলিয়ার সমতল তৃণভূমি, নোনা হ্রদ, বালির স্তূপ এবং নুড়িপাথরের ঘনসন্নিবিষ্ট বিস্তীর্ণ অঞ্চল নিয়ে অবস্থিত অস্ট্রেলিয়ার বৃহত্তম ভিক্টোরিয়া মরুভূমি।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

94. কোনটি পৃথিবীর অন্যতম বৃহৎ বদ্বীপ?
Ⓐ মিসিসিপি বদ্বীপ Ⓑ নীল বদ্বীপ
Ⓒ গঙ্গা-ব্রহ্মপুত্র বদ্বীপ Ⓓ আমাজন বদ্বীপ

Solve (C) হুগলি নদী হতে পূর্বে পদ্মা নদীর সীমানা পর্যন্ত পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের সমগ্র দক্ষিণাংশ গঙ্গা ও পদ্মা নদীর বিখ্যাত বদ্বীপ অঞ্চল। এর দুই-তৃতীয়াংশ বাংলাদেশে অবস্থিত।

95. কোন গ্রহের উপগ্রহ নাই?
Ⓐ বুধ ও শুক্র Ⓑ পৃথিবী ও প্লুটো
Ⓒ মঙ্গল ও নেপচুন Ⓓ বৃহস্পতি ও শনি

Solve (A) বুধ ও শুক্র গ্রহের কোনো উপগ্রহ নেই। বুধ সৌরজগতের ক্ষুদ্রতম এবং সূর্যের নিকটতম গ্রহ। শুক্র গ্রহকে ভোরের আকাশে শুকতারা এবং সন্ধ্যার আকাশে সন্ধ্যাতারা হিসেবে দেখা যায়।

96. কে প্রথম পৃথিবীর পরিধি পরিমাপ করেন?
Ⓐ এরিস্টটল Ⓑ হেরোডোটাস
Ⓒ ইরাটোসথেনিস Ⓓ হেকোটিয়াস Ans (C)

97. ক্রোয়েশিয়ার রাজধানীর নাম-
Ⓐ উইন্ডহোয়েক Ⓑ জাগরেব Ⓒ সান্টিয়াগো Ⓓ ভারকোবেক

Solve (B)

দেশ	রাজধানী	অফিসিয়াল ভাষা	মুদ্রা
ক্রোয়েশিয়া	জাগরেব	ক্রোয়েশিয়ান	লেভ
নামিবিয়া	উইণ্ডহুক	ইংরেজি	ডলার
চিলি	সান্টিয়াগো	স্পানিশ	পেসো

98. মোহ স্কেল কী নির্ণয়ের জন্য ব্যবহৃত হয়?
Ⓐ বস্তুর উজ্জ্বলতার মাত্রা Ⓑ খনিজের কাঠিন্যতার মাত্রা
Ⓒ তরলের সান্দ্রতার মাত্রা Ⓓ বস্তুর স্থিতিস্থাপকতার মাত্রা

Solve (B) কাঠিন্য মাত্রার প্রবর্তকের নামানুসারে এটিকে মোহ এর মাত্রা বা মোহ স্কেল বলা হয়।

99. স্থলভাগে পৃথিবীর সবচেয়ে নিম্নতম স্থান কোনটি?
Ⓐ ডেথ উপত্যকা Ⓑ কাস্পিয়ান সাগর
Ⓒ ডেড উপত্যকা Ⓓ আইয়ার-হ্রদ

Solve (Bank) স্থলভাগে পৃথিবীর সবচেয়ে নিম্নতম স্থান Dead sea বা মৃত সাগর। ইসরাইল জর্ডান সীমানায় অবস্থিত Dead sea মূলত একটি লবণাক্ত হ্রদ, যার সাথে কোন সাগরের সংযুক্ততা নেই।

100. দুইটি স্থানের প্রকৃত দূরত্ব এবং মানচিত্রে ঐ দুইটি স্থানের দূরত্বের অনুপাত কী?
Ⓐ স্থানের অনুপাত Ⓑ মানচিত্রের অনুপাত
Ⓒ মানচিত্রের স্কেল Ⓓ দূরত্বের অনুপাত Ans (C)

মনোবিজ্ঞান (ঐচ্ছিক)

51. শিক্ষণে আচরণের যে পরিবর্তন হয় তা-
Ⓐ ক্ষণস্থায়ী Ⓑ স্থায়ী
Ⓒ তুলনামূলক স্থায়ী Ⓓ কোনোটিই নয় Ans (C)

52. বিজ্ঞানসম্মত পদ্ধতির বৈশিষ্ট্য কোনটি?
Ⓐ বস্তুনিষ্ঠতা Ⓑ নিয়মতান্ত্রিক পর্যবেক্ষণ
Ⓒ পুনরাবৃত্তি Ⓓ সবগুলো Ans (D)

53. বিস্মৃতির কারণ কোনটি?
Ⓐ অবদমন Ⓑ অব্যবহার
Ⓒ প্রতিবন্ধকতা Ⓓ সবগুলো Ans (D)

54. বিদ্যুৎ প্রবাহের প্রতি ত্বকের প্রতিক্রিয়াকে বলে-
Ⓐ ECG Ⓑ EEG Ⓒ GSR Ⓓ CSR Ans (A)

55. নিচের কোন বিষয়টি মানসিক প্রক্রিয়া?
Ⓐ আবেগ Ⓑ স্বপ্ন Ⓒ প্রেষণা Ⓓ সবগুলো Ans (D)

56. নিচের কোনটি জৈবিক চল?
Ⓐ পরীক্ষণ পাত্রের অভিজ্ঞতা Ⓑ পরীক্ষাগারের আলো
Ⓒ পরীক্ষাগারের তাপ Ⓓ পরীক্ষাগারের কোলাহল Ans (A)

57. চল নিয়ন্ত্রণের কৌশল কোনটি?
Ⓐ সাধারণীকরণ Ⓑ পুনরাবৃত্তি
Ⓒ দৈবচয়ন Ⓓ পর্যবেক্ষণ Ans (C)

58. সংবেদনের বৈশিষ্ট্য কোনটি?
Ⓐ স্থায়িত্ব Ⓑ তীব্রতা
Ⓒ উজ্জ্বলতা Ⓓ সবগুলোই Ans (D)

59. সহায়ক শিক্ষণে বলবর্ধক কখন আসে?
Ⓐ নির্ভুল প্রতিক্রিয়ার পূর্বে Ⓑ নির্ভুল প্রতিক্রিয়ার পরে
Ⓒ প্রতিক্রিয়ার সময় Ⓓ কোনোটিই নয় Ans (B)

60. সমাজীকরণের প্রধান মাধ্যম কোনটি?
Ⓐ পরিবার Ⓑ বিদ্যালয় Ⓒ ধর্ম Ⓓ বন্ধু Ans (A)

61. IQ =?
Ⓐ $\frac{MA}{CA} \times 100$ Ⓑ $\frac{CA}{MA} \times 100$
Ⓒ $\frac{MA}{100} \times CA$ Ⓓ $\frac{CA}{10} \times MA$ Ans (A)

62. মহিলা যৌন হরমোনের নাম কী?
Ⓐ এসট্রোজেন Ⓑ এন্ড্রোজেন
Ⓒ প্রোল্যাকটিন Ⓓ মেলাটোনিন Ans (A)

63. একটি পরিপক্ক জনন কোষে কতটি ক্রোমোজম থাকে?
Ⓐ ২৩টি Ⓑ ২৩ জোড়া
Ⓒ ২২টি Ⓓ ২২ জোড়া Ans (B)

64. একটি ৪ বছরের শিশুর মানসিক বয়স ৫ বছর হলে তার বুদ্ধ্যাংক কত?
Ⓐ ১২৫ Ⓑ ১২০ Ⓒ ১০০ Ⓓ ৮০ Ans (A)

65. একই ধরনের উদ্দীপকের প্রতি একই ধরনের প্রতিক্রিয়াকে বলে–
Ⓐ সাধারণীকরণ Ⓑ পৃথকীকরণ
Ⓒ বর্ণনাকরণ Ⓓ ব্যাখ্যাকরণ Ans (A)

66. মনোবিজ্ঞানের ফলিত শাখা কোনটি?
Ⓐ চিকিৎসা মনোবিজ্ঞান Ⓑ পরীক্ষণ মনোবিজ্ঞান
Ⓒ বিকাশ মনোবিজ্ঞান Ⓓ সমাজ মনোবিজ্ঞান Ans (D)

67. মনোবিজ্ঞানের প্রথম গবেষণাগার কত সালে প্রতিষ্ঠিত হয়?
Ⓐ ১৮৫৯ Ⓑ ১৮৬৯
Ⓒ ১৮৭৯ Ⓓ ১৯০৫ Ans (C)

68. মনোভৌত পদ্ধতির প্রবর্তক কে?
Ⓐ ফেকনার Ⓑ ওয়েবার Ⓒ এবিংহস Ⓓ প্যাভলভ Ans (A)

69. ব্যক্তিত্ব পরিমাপের প্রক্ষেপণমূলক অভীক্ষা কোনটি?
Ⓐ MMPI Ⓑ CPI Ⓒ EPPS Ⓓ TAT Ans (D)

70. ব্যক্তির সকল বৈশিষ্ট্যের সামগ্রিক রূপকে বলে–
Ⓐ বুদ্ধি Ⓑ ব্যক্তিত্ব Ⓒ চরিত্র Ⓓ আচরণ Ans (B)

71. ব্যক্তিত্বের উপাদান কোনটি?
Ⓐ শারীরিক গঠন Ⓑ মেজাজ
Ⓒ বুদ্ধি Ⓓ সবগুলো Ans (D)

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

72. উদ্দীপকের উপস্থিতি ছাড়াই যে প্রত্যক্ষণ ঘটে তাকে বলে–
Ⓐ অধ্যাস Ⓑ সংপ্রত্যক্ষণ
Ⓒ ভ্রান্ত পর্যবেক্ষণ Ⓓ অলীকবীক্ষণ **Ans Ⓐ**

73. প্রত্যক্ষণের বৈশিষ্ট্য নয় কোনটি?
Ⓐ নির্বাচনমুখিতা Ⓑ ধ্রুবকতা
Ⓒ পরিবর্তনশীলতা Ⓓ পৃথকীকরণ **Ans Ⓑ**

74. পরীক্ষণে কোন চলের প্রভাব পর্যবেক্ষণ করা হয়?
Ⓐ অনির্ভরশীল চল Ⓑ নির্ভরশীল চল
Ⓒ মধ্যবর্তী চল Ⓓ বাহ্যিক চল **Ans Ⓑ**

75. প্যাভলভ ছিলেন একজন–
Ⓐ রাশিয়ান শারীরতত্ত্ববিদ Ⓑ রাশিয়ান মনোবিজ্ঞানী
Ⓒ আমেরিকান শারীরতত্ত্ববিদ Ⓓ আমেরিকান মনোবিজ্ঞানী **Ans Ⓐ**

76. পূর্ববর্তী শিক্ষণ পরবর্তী শিক্ষণে যে বাধা প্রদান করে তাকে বলে?
Ⓐ পূর্ব-শিক্ষণ প্রতিবন্ধকতা Ⓑ অবদমন
Ⓒ প্রত্যক্ষণের প্রতিবন্ধকতা Ⓓ অনুশিক্ষণ প্রতিবন্ধকতা **Ans Ⓐ**

77. অক্ষিপটে বস্তুর যে ছবি পড়ে তার কয়টি মাত্রা থাকে?
Ⓐ ২টি Ⓑ ৩টি Ⓒ ৪টি Ⓓ ৫টি **Ans Ⓑ**

78. আবেশীয় অবস্থায় কোন তন্ত্রের কার্যাবলি বন্ধ থাকে?
Ⓐ পরিপাকতন্ত্রের Ⓑ রক্ত সঞ্চালনতন্ত্রের
Ⓒ প্রজননতন্ত্রের Ⓓ স্নায়ুতন্ত্রের **Ans Ⓐ**

79. আবেগকালীন সময় কোন হরমোন নিঃসৃত হয়?
Ⓐ থাইরক্সিন Ⓑ থাইরোট্রোপিন
Ⓒ এড্রিনালিন Ⓓ পিটুইট্রিন **Ans Ⓒ**

80. চোখের কোন অংশকে ক্যামেরার ফিল্মের সাথে তুলনা করা যায়?
Ⓐ লেন্স Ⓑ কর্নিয়া Ⓒ রেটিনা Ⓓ নিউপিল **Ans Ⓑ**

81. কোনটি শিক্ষণের অত্যাবশ্যকীয় শর্ত?
Ⓐ সমস্যা Ⓑ প্রেষণা
Ⓒ বলবৃদ্ধিকরণ Ⓓ সবগুলো **Ans Ⓓ**

82. কোনটি গভীরতা প্রত্যক্ষণের এক নেত্রীয় সংকেত নয়?
Ⓐ বস্তুর অন্তরালবর্তিতা Ⓑ তুলনামূলক আকার
Ⓒ কেন্দ্রীভবন Ⓓ অভিযোজন **Ans Ⓓ**

83. কোনটি মনোযোগের বস্তুনিষ্ঠ উপাদান?
Ⓐ প্রেষণা Ⓑ আগ্রহ
Ⓒ মনোভাব Ⓓ নতুনত্ব **Ans Ⓓ**

84. কোনটি প্রেষিত আচরণের বৈশিষ্ট্য নয়?
Ⓐ নির্বাচনমুখিতা Ⓑ অভ্যন্তরীণভাবে উদ্ভূত
Ⓒ উদ্দেশ্যমূলক Ⓓ সবগুলো **Ans Ⓓ**

85. কোনটি কেন্দ্রীয় প্রবণতার পরিমাপ নয়?
Ⓐ গাণিতিক গড় Ⓑ মধ্যমা
Ⓒ প্রচুরক Ⓓ আদর্শ বিচ্যুতি **Ans Ⓓ**

86. কোনটি স্মৃতি পরিমাপের পদ্ধতি নয়?
Ⓐ প্রত্যাহ্বান Ⓑ প্রত্যাভিজ্ঞা
Ⓒ সঞ্চয়ী পদ্ধতি Ⓓ অন্তদর্শন **Ans Ⓓ**

87. কোন গ্রন্থিকে প্রভু গ্রন্থি বলা হয়?
Ⓐ থাইরয়েড Ⓑ এড্রিনাল
Ⓒ প্যারাথাইরয়েড Ⓓ পিটুইটারি **Ans Ⓓ**

88. কোন গবেষণা পদ্ধতিতে নিয়ন্ত্রিত পরিবেশে আচরণকে পর্যবেক্ষণ করা হয়?
Ⓐ পরীক্ষণ পদ্ধতি Ⓑ পর্যবেক্ষণ পদ্ধতি
Ⓒ চিকিৎসা পদ্ধতি Ⓓ অন্তর্দর্শন পদ্ধতি **Ans Ⓑ**

89. কোন মনোবিজ্ঞানী জার্মানির লিপজিকে মনোবিজ্ঞানের প্রথম গবেষণাগার স্থাপন করেন?
Ⓐ মর্গান Ⓑ উন্ড Ⓒ ওয়াটসন Ⓓ মিলার **Ans Ⓑ**

90. কোন বন্টনে যে সাফল্যাংকটির পৌনঃপুন্য সবচেয়ে বেশি তাকে বলে–
Ⓐ গড় Ⓑ মধ্যম Ⓒ প্রচুরক Ⓓ পরিসর **Ans Ⓒ**

91. রেটিনার কোন কোষ দিনের বেলায় সংবেদনশীল?
Ⓐ দণ্ড কোষ Ⓑ শঙ্কু কোষ
Ⓒ গ্যাংলিয়ন স্নায়ুকোষ Ⓓ অপটিক নার্ভ **Ans Ⓑ**

92. যে প্রক্রিয়ায় আমরা পরিবেশ থেকে জ্ঞান অর্জন করি তাকে বলে–
Ⓐ শিক্ষণ Ⓑ প্রত্যক্ষণ Ⓒ চিন্তন Ⓓ সংবেদন **Ans Ⓑ**

93. মেরুদণ্ডে মোট কত জোড়া স্নায়ু আছে?
Ⓐ ৩১ Ⓑ ৩৩ Ⓒ ৩৪ Ⓓ ৩০ **Ans Ⓐ**

94. প্রেষণা চক্রের প্রথম ধাপ কোনটি?
Ⓐ করণ আচরণ Ⓑ তাড়না
Ⓒ লক্ষ্যবস্তু Ⓓ বিশ্রাম **Ans Ⓑ**

95. কোনটি প্রত্যক্ষণের উদ্দীপক উপাদান?
Ⓐ পূর্বপ্রস্তুতি Ⓑ আবেগ Ⓒ প্রেষণা Ⓓ নৈকট্য **Ans Ⓑ**

96. কোন পদ্ধতি মনোবিজ্ঞানকে বিজ্ঞানের পর্যায়ে উন্নীত করেছে?
Ⓐ অন্তর্দর্শন পদ্ধতি Ⓑ পরীক্ষণ পদ্ধতি
Ⓒ পর্যবেক্ষণ পদ্ধতি Ⓓ পরিসংখ্যান পদ্ধতি **Ans Ⓑ**

97. প্রেষণা ছাড়া যে শিক্ষণ হয় তাকে বলে–
Ⓐ সহায়ক শিক্ষণ Ⓑ অন্তর্দৃষ্টিমূলক শিক্ষণ
Ⓒ ইচ্ছাকৃত শিক্ষণ Ⓓ প্রাসঙ্গিক শিক্ষণ **Ans Ⓒ**

98. স্নায়ুতন্ত্রের মৌলিক একক কোনটি?
Ⓐ মস্তিষ্ক Ⓑ নিউরন
Ⓒ স্নায়ুরজ্জু Ⓓ সেরিব্রাম **Ans Ⓑ**

99. স্মৃতি পরিমাপের কোন পদ্ধতির অপর নাম সঞ্চয়ী পদ্ধতি?
Ⓐ প্রত্যহ্বান পদ্ধতি Ⓑ প্রত্যাভিজ্ঞা পদ্ধতি
Ⓒ পুনঃশিক্ষণ পদ্ধতি Ⓓ পুনর্গঠন পদ্ধতি **Ans Ⓒ**

100. থর্নডাইক প্রদত্ত শিক্ষণ প্রক্রিয়া কোনটি?
Ⓐ প্রচেষ্টা ও ভুল সংশোধনমূলক শিক্ষণ
Ⓑ সাপেক্ষীকরণ
Ⓒ প্রাসঙ্গিক শিক্ষণ Ⓓ কোনোটিই নয় **Ans Ⓐ**

সাধারণ জ্ঞান (ঐচ্ছিক)

51. তিন বিঘা করিডোর কোন জেলায় অবস্থিত?
Ⓐ রংপুর Ⓑ কুড়িগ্রাম Ⓒ শেরপুর Ⓓ লালমনিরহাট
Solve Ⓓ 'তিন বিঘা করিডোর' ভারতের পশ্চিমবঙ্গ মেঘলীগঞ্জ জেলা ও বাংলাদেশের লালমনিরহাটের পাটগ্রাম উপজেলার সীমান্তে অবস্থিত।

52. মিয়ানমারে রোহিঙ্গারা তাদের নাগরিকত্ব হারায় কোন সালে?
Ⓐ ১৯৭৫ Ⓑ ১৯৮০ Ⓒ ১৯৮২ Ⓓ ১৯৯০
Solve Ⓒ ১৯৮২ সালের মিয়ানমারের নাগরিকত্ব আইন অনুসারে রোহিঙ্গাদের নাগরিকত্ব অস্বীকার করা হয়। ২০১৩ সালে জাতিসংঘ রোহিঙ্গাদের বিশ্বের অন্যতম নিগৃহীত সংখ্যালঘু জনগোষ্ঠী হিসেবে উল্লেখ করে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

53. বিলিরুবিন তৈরি হয়–
Ⓐ পিত্তথলিতে Ⓑ যকৃতে
Ⓒ কিডনিতে Ⓓ প্লিহায়
Solve Ⓑ রক্তে বিলিরুবিনের মাত্রা বেড়ে গেলে জন্ডিস দেখা দেয়। রক্তের লোহিত কণিকাগুলো একটা সময়ে স্বাভাবিক নিয়মেই ভেঙে গিয়ে বিলিরুবিন তৈরি করে যা পরবর্তীতে লিভারে প্রক্রিয়াজাত হয়ে পিত্তরসের সাথে পিত্তনালির মাধ্যমে পরিপাকতন্ত্রে প্রবেশ করে।

54. বিশ্বকাপ ফুটবল ২০১৮তে 'ফেয়ার প্লে' ট্রফি লাভ করে–
Ⓐ ক্রোয়েশিয়া Ⓑ ফ্রান্স Ⓒ ব্রাজিল Ⓓ স্পেন
Solve Ⓓ বিশ্বকাপ ফুটবল ২০১৮ তে গোল্ডেন বল পেয়েছেন লুকা মডরিচ। ২০২২ ফিফা বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত কাতারে।

55. নিচের কোনটি চাকমাদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব?
Ⓐ বিজু Ⓑ সাঙ্গ্রে
Ⓒ বৈষুক Ⓓ সাংগ্রাই
Solve Ⓐ

ক্ষুদ্র নৃগোষ্ঠী	উৎসব	ক্ষুদ্র নৃগোষ্ঠী	উৎসব
মারমা	সাংগ্রাই	চাকমা	বিজু
ত্রিপুরা	বৈসুক	রাখাইন	সাংগ্রাই
তঞ্চঙ্গ্যা	বিষু	ওরাওঁ	ফাগুয়া

56. নিচের কোন রাষ্ট্রটির সীমান্ত সর্বাধিক রাষ্ট্রের সাথে যুক্ত–
Ⓐ ভারত Ⓑ চীন Ⓒ মায়ানমার Ⓓ আফগানিস্তান
Solve Ⓑ সর্বাধিক দেশ কর্তৃক সীমান্তবেষ্টিত দেশ চীন ও রাশিয়া। উভয় দেশ ১৪টি দেশ কর্তৃক সীমান্তবেষ্টিত।

57. নিচের কোন দুটি দেশের বিভক্তকারী সীমারেখার নাম 'র‍্যাডক্লিফ লাইন'?
Ⓐ বাংলাদেশ-ভারত Ⓑ ভারত-পাকিস্তান
Ⓒ বৃটেন-ফ্রান্স Ⓓ বাংলাদেশ-মিয়ানমার
Solve Ⓑ র‍্যাডক্লিফ লাইন বা র‍্যাডক্লিফ রেখা ১৭ আগস্ট ১৯৪৭ সালে উপমহাদেশ বিভক্তির পর স্যার সাইরিল র‍্যাডক্লিফ কর্তৃক ভারত ও পাকিস্তানের মধ্যে চিহ্নিত সীমারেখা।

58. নিচের কোন দুটি দেশের স্বাধীনতার ঘোষণাপত্র রয়েছে?
Ⓐ বাংলাদেশ ও যুক্তরাজ্য Ⓑ বাংলাদেশ ও যুক্তরাষ্ট্র
Ⓒ বাংলাদেশ ও ফ্রান্স Ⓓ বাংলাদেশ ও আলবেনিয়া
Solve Ⓑ প্রবাসী বাংলাদেশ সরকার বা মুজিবনগর সরকার কর্তৃক ১৯৭১ সালের ১০ এপ্রিল তারিখে আনুষ্ঠানিকভাবে ঘোষিত হয় বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র। ১৭৭৬ সালের ৪ জুলাই আমেরিকার স্বাধীনতা ঘোষণা দেওয়া হয়েছিল। এদিনে সার্বভৌম যুক্তরাষ্ট্র বা ইউনাইটেড স্টেট অব আমেরিকার জন্ম হয়।

59. UNHCR এর সদর দপ্তর কোন দেশে?
Ⓐ ভিয়েনা Ⓑ লন্ডন Ⓒ নিউইয়র্ক Ⓓ জেনেভা
Solve Ⓓ UNHCR (United Nations High Commissioner for Refugees) জাতিসংঘের কার্যত একটি আন্তর্জাতিক সংস্থা। এটি ১৯৫০ সালের ১৪ ডিসেম্বর প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভা শহরে অবস্থিত।

60. Social Safety Nets কী?
Ⓐ এনজিও Ⓑ সামাজিক নিরাপত্তা বলয়
Ⓒ দাতব্য প্রতিষ্ঠান Ⓓ বেসরকারি প্রতিষ্ঠান **Ans Ⓑ**

61. জাতিসংঘের প্রতিষ্ঠাকালীন সদস্য কত ছিল?
Ⓐ ৫০টি Ⓑ ৫১টি Ⓒ ১৩৬টি Ⓓ ২৪টি
Solve Ⓑ ১৯৪৫ সালে ৫১টি রাষ্ট্র জাতিসংঘ বা রাষ্ট্রসংঘ সনদ স্বাক্ষর করার মাধ্যমে জাতিসংঘ প্রতিষ্ঠিত হয়। জাতিসংঘের সদর দপ্তর নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র ও সদস্য রাষ্ট্র ১৯৩।

62. জাপানের আইনসভার নাম কী?
Ⓐ ফোকেট Ⓑ কংগ্রেস
Ⓒ পার্লামেন্ট Ⓓ ডায়েট
Solve Ⓓ জাপান-ডায়েট, ডেনমার্ক-পার্লামেন্ট (ফোকেটিং), মার্কিন যুক্তরাষ্ট্র -কংগ্রেস ও ইংল্যান্ড-পার্লামেন্ট।

63. জনসংখ্যার দিক থেকে বিশ্বের তৃতীয় বৃহত্তম দেশ হল–
Ⓐ যুক্তরাষ্ট্র Ⓑ রাশিয়া Ⓒ ব্রাজিল Ⓓ ইন্দোনেশিয়া
Solve Ⓐ বিশ্ব জনসংখ্যা রিপোর্ট ২০১৮ অনুযায়ী-

দেশ	জনসংখ্যা	বৃদ্ধি (%)
চীন (প্রথম)	১৪১ কোটি ৫০ লাখ	০.৫
ভারত (দ্বিতীয়)	১৩৫ কোটি ৪১ লাখ	১.২
যুক্তরাষ্ট্র (তৃতীয়)	৩২ কোটি ৬৮ লাখ	০.৭
বাংলাদেশ (অষ্টম)	১৬ কোটি ৬৪ লাখ	১.১

64. একাত্তরের ডায়েরী' এর রচয়িতা কে?
Ⓐ জাহানারা ইমাম Ⓑ বেগম সুফিয়া কামাল
Ⓒ সেলিনা হোসেন Ⓓ হাসান আজিজুল হক
Solve Ⓑ মুক্তিযুদ্ধভিত্তিক স্মৃতিকথা

রচয়িতা	স্মৃতিকথা
এম আর আখতার মুকুল	আমি বিজয় দেখেছি
জাহানারা ইমাম	একাত্তরের দিনগুলি
সুফিয়া কামাল	একাত্তরের ডায়েরি

65. 'সেপ্টেম্বর অন যশোর রোড' এর রচয়িতা কে?
Ⓐ শ্যাম সুন্দর সিং Ⓑ অ্যালেন গিনসবার্গ
Ⓒ রবার্ট ফ্রস্ট Ⓓ জন মিল্টন
Solve Ⓑ মার্কিন কবি ১৯৭১ সালের সেপ্টেম্বরে স্বাধীনতাযুদ্ধ চলাকালীন বাংলাদেশে এসেছিলেন। নিজ চোখে বাঙালিদের দুর্দশা দেখে তিনি লিখে ফেলেন বিখ্যাত কবিতা 'সেপ্টেম্বর অন যশোর রোড'।

66. সতীদাহ প্রথা কত সালে রহিত হয়?
Ⓐ ১৮১৯ Ⓑ ১৮২৯
Ⓒ ১৯১৯ Ⓓ ১৯২৯
Solve Ⓑ সতীদাহ প্রথা রাজা রামমোহন রায়ের ঐকান্তিক প্রচেষ্টায় এই প্রথা বন্ধ হয়। ১৮২৯ সালের ৪ ডিসেম্বর ব্রিটিশ ভারতের বেঙ্গল প্রেসিডেন্সিতে সতীদাহ প্রথাকে আনুষ্ঠানিকভাবে বাতিল ঘোষণা করা হয়।

67. কম্পিউটারের অস্থায়ী মেমরির নাম কী?
Ⓐ ROM Ⓑ RAM Ⓒ BIOS Ⓓ সবগুলোই
Solve Ⓑ RAM (Random Access Memory) এ ডাটা থাকে অস্থায়ীভাবে। ROM (Read Only Memory) এ ডাটা থাকে স্থায়ীভাবে।

68. শান্তিতে অবদানের জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পেয়েছিলেন–
Ⓐ ফ্রিডম পদক Ⓑ রামোন ম্যাগসেসে পদক
Ⓒ জুলিও কুরি পদক Ⓓ জওহরলাল নেহেরু পদক
Solve Ⓒ ১৯৭৩ সালের ২৩ মে তিনি পদক গ্রহণ করেন।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

69. রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প কোথায় অবস্থিত?
Ⓐ সোনারগাঁ Ⓑ কাপ্তাই Ⓒ ঈশ্বরদী Ⓓ রামপাল
Solve পাবনার ঈশ্বরদী উপজেলার অন্তর্গত পাকশী ইউনিয়নের রূপপুর গ্রামে অবস্থিত রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র।

70. মুজিবনগর স্মৃতিসৌধের স্থপতি কে?
Ⓐ হামিদুর রহমান Ⓑ নিতুন কুণ্ডু
Ⓒ মঈনুল হোসেন Ⓓ তানভীর কবির
Solve মেহেরপুর জেলার মুজিবনগরে 'মুজিবনগর স্মৃতিসৌধ' অবস্থিত। এর স্থপতি তানভীর কবির। স্মৃতিসৌধটি ২৩টি ত্রিভূজাকৃতি দেয়াল সমন্বয়ে গঠিত।

71. মুক্তিযুদ্ধের প্রথম সশস্ত্র প্রতিরোধ কোথায় সংঘটিত হয়?
Ⓐ টাঙ্গাইলে Ⓑ গাজীপুরে
Ⓒ রাজারবাগ পুলিশ লাইনে Ⓓ ঢাকা বিশ্ববিদ্যালয়ে
Solve ১৯৭১ সালের ১৯ মার্চ পাকিস্তানি বাহিনীর বিরুদ্ধে সর্বপ্রথম সশস্ত্র প্রতিরোধ গড়ে তোলেন জয়দেবপুর তথা গাজীপুরের বীর জনতা। তখন জয়দেবপুরে নিয়োজিত ২য় ইস্টবেঙ্গল রেজিমেন্টের সেকেন্ড-ইন-কমান্ড ছিলেন মেজর কে এম সফিউল্লাহ।

72. মুক্তিযুদ্ধে চলাকালীন বাংলাদেশের অস্থায়ী সরকার গঠিত হয়–
Ⓐ ১০ জানুয়ারি ১৯৭১ Ⓑ ২৬ মার্চ ১৯৭১
Ⓒ ১০ এপ্রিল ১৯৭১ Ⓓ ১৭ এপ্রিল ১৯৭১
Solve ১৯৭১ সালের ২৬ মার্চ স্বাধীনতা ঘোষণার পর ১০ এপ্রিল 'বাংলাদেশের অস্থায়ী সরকার' বা মুজিবনগর সরকার ১৯৭১ সালের ১৭ এপ্রিল শপথ গ্রহণ করে।

73. মানুষের রক্তচাপ নির্ণয় করা হয় যে যন্ত্র দ্বারা–
Ⓐ ওডামিটার Ⓑ ব্যারোমিটার
Ⓒ স্ফিগমোম্যানোমিটার Ⓓ ন্যানোমিটার
Solve

যন্ত্রের নাম	ব্যবহার
স্ফিগমোম্যানোমিটার	মানবদেহের রক্তচাপ নির্ণয়ক যন্ত্র
ওডোমিটার	মোটরগাড়ির গতি নির্ণয়ক যন্ত্র
ব্যারোমিটার	বায়ুমণ্ডলের চাপ নির্ণয়ক যন্ত্র
মনোমিটার	গ্যাসের চাপ নির্ণয়ক যন্ত্র

74. এভারেস্ট জয়ী প্রথম বাঙালি কে?
Ⓐ নিশাত মজুমদার Ⓑ সত্যব্রত দাস
Ⓒ মুসা ইব্রাহিম Ⓓ ওয়াফিয়া নাজরিন
Solve প্রথম বাংলাদেশি পর্বতারোহী মুসা ইব্রাহীম ২৩ মে ২০১০ তারিখে মাউন্ট এভারেস্ট জয় করেন। প্রথম বাংলাদেশি নারী পর্বতারোহী নিশাত মজুমদার ২০১২ সালে ১৯ মে এভারেস্ট শৃঙ্গ জয় করেন।

75. এ্যামনেস্টি ইন্টারন্যাশনাল এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
Ⓐ লন্ডন Ⓑ নিউইয়র্ক Ⓒ প্যারিস Ⓓ ভিয়েনা
Solve আন্তর্জাতিক মানবাধিকার সংগঠন অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল ১৯৬১ সালের ২৮ মে ব্রিটিশ আইনজীবী পিটার বেননসেন কর্তৃক প্রতিষ্ঠিত হয়। সংস্থাটির সদর দপ্তর লন্ডন, যুক্তরাজ্যে অবস্থিত।

76. ভারতের বর্তমান রাষ্ট্রপতি কে?
Ⓐ প্রণব মুখার্জী Ⓑ রামনাথ কোবিন্দ
Ⓒ প্রতিভা পাতিল Ⓓ শংকর দয়াল শর্মা
Solve রামনাথ কোবিন্দ ২৫ জুলাই ২০১৭ তারিখের ভারতের ১৪ তম রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করেন।

77. ভারত বাংলাদেশের অভিন্ন নদীর সংখ্যা–
Ⓐ ৪০টি Ⓑ ৫৪টি Ⓒ ৫৫টি Ⓓ ৫৮টি
Solve ভারত বাংলাদেশের অভিন্ন নদীর সংখ্যা ৫৭টি [বাংলা পিডিয়া] ; ৫৪টি [যৌথ নদী কমিশন]। বাংলাদেশের আন্তঃসীমান্ত বা অভিন্ন নদী ৫৮টি [বাংলা পিডিয়া] ; ৫৭টি [যৌথ নদী কমিশন]।

78. ভারতের সেভেন সিস্টার্সের মধ্যে কোনটির সাথে বাংলাদেশের সীমান্ত রেখা নেই?
Ⓐ মেঘালয় Ⓑ ত্রিপুরা Ⓒ মণিপুর Ⓓ মিজোরাম
Solve ভারতের উত্তর-পূর্ব একটি রাজ্য মণিপুর। মণিপুর রাজ্যের রাজধানী ইম্ফল। এই রাজ্যের উত্তরে নাগাল্যান্ড, দক্ষিণে মিজোরাম, পশ্চিমে আসাম ও পূর্বদিকে মিয়ানমার অবস্থিত।

79. বর্তমান বিশ্বে শান্তির সংবিধান বলা হয় কোন দেশের সংবিধানকে?
Ⓐ বাংলাদেশ Ⓑ চীন
Ⓒ আমেরিকা Ⓓ জাপান
Solve ১৯৪৭ সালে প্রণীত সংবিধান অনুযায়ী জাপান সরকার পরিচালিত হয়। জাতীয় ডায়েট হলো আইন বিভাগের কেন্দ্রীয় নিয়ন্ত্রক।

80. বাংলাদেশের সংবিধান কার্যকরী হয় কবে?
Ⓐ ৪ নভেম্বর ১৯৭২ Ⓑ ১৬ ডিসেম্বর ১৯৭২
Ⓒ ১৬ ডিসেম্বর ১৯৭১ Ⓓ ৩ মার্চ ১৯৭১
Solve 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান' স্বাধীন সার্বভৌম বাংলাদেশ রাষ্ট্রের সর্বোচ্চ আইন। ১৯৭২ সালের নভেম্বর বাংলাদেশের জাতীয় সংসদে সংবিধান গৃহীত হয় এবং একই বছরের ১৬ ডিসেম্বর কার্যকর হয়।

81. বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদে 'রাষ্ট্র ও গণজীবনের সর্বস্তরে নারী পুরুষের সমান অধিকার লাভ করিবেন' বলা আছে?
Ⓐ ১০ Ⓑ ২১(২) Ⓒ ২৭ Ⓓ ২৮
Solve গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে ২৮(২) অনুচ্ছেদে উক্ত বিধানটি বলা হয়েছে। সংবিধানে ১১ টি ভাগ ১৫৩ টি অনুচ্ছেদ আছে।

82. বাংলাদেশের সমুদ্রাঞ্চলে আবিষ্কৃত প্রথম গ্যাসক্ষেত্রের নাম কী?
Ⓐ জাফোর্ড পয়েন্ট Ⓑ হাতিয়া প্রণালি
Ⓒ সাঙ্গু ভ্যালী Ⓓ হিরণ পয়েন্ট
Solve বাংলাদেশের একমাত্র সামুদ্রিক গ্যাসক্ষেত্র গ্যাস ক্ষেত্র। সাঙ্গু গ্যাসক্ষেত্রটি ১৯৯৬ সালে ব্রিটিশ কোম্পানি কেয়ার্ন এনার্জি কর্তৃক আবিষ্কৃত হয়।

83. বাংলাদেশের কোন সিনেমা প্রথম অস্কারের জন্য মনোনীত হয়?
Ⓐ আয়নাবাজি Ⓑ ডুব Ⓒ মাটির ময়না Ⓓ আধিয়ার
Solve বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ সম্পর্কিত বাংলাদেশি ফিচার চলচ্চিত্র। চলচ্চিত্রটি ২০০২ সালের বাংলাদেশে আন্তর্জাতিকভাবে মুক্তি পায়।

84. বস্ত্র রপ্তানিতে শীর্ষ দেশ কোনটি?
Ⓐ বাংলাদেশ Ⓑ ভারত
Ⓒ চীন Ⓓ আমেরিকা

85. Coup d'etat কী?
Ⓐ অভ্যুত্থান Ⓑ বিপ্লব Ⓒ যুদ্ধ Ⓓ আগ্রাসন
Solve 'Coup d'etat' (অভ্যুত্থান) যার অর্থ আকস্মিকভাবে সরকারের বিরুদ্ধে অবরোধ করা।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

86. বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ বাংলাদেশের মান সময় কত তারিখে মহাকাশে উৎক্ষেপণ করা হয়?
Ⓐ ১১মে ২০১৮ Ⓑ ১২ এপ্রিল ২০১৮
Ⓒ ১২মে ২০১৮ Ⓓ ১১ জুন ২০১৮
Solve বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ ভূস্থির যোগাযোগ উপগ্রহটি ১১ মে ২০১৮ কেনেডি স্পেস সেন্টার থেকে উৎক্ষেপণ করা হয়। বঙ্গবন্ধু স্যাটেলাইটের অবস্থান ১১৯.১ ডিগ্রি পূর্ব দ্রাঘিমার কক্ষপথে। ৩.৭ টন ওজনের বঙ্গবন্ধু স্যাটেলাইটটির ডিজাইন এবং তৈরি করেছে ফ্রান্সের কোম্পানি থ্যালাস অ্যালেনিয়া স্পেস।

87. প্রথম জাতীয় শিক্ষা কমিশন গঠিত হয় কত সালে?
Ⓐ ১৯৭২ Ⓑ ১৯৭৩ Ⓒ ১৯৭৪ Ⓓ ১৯৮০
Solve বিশিষ্ট শিক্ষাবিদ ও বিজ্ঞানী ডঃকুদরাত-ই-খুদাকে চেয়ারম্যান করে ১৯৭২ সালের ২৬ জুলাই বাংলাদেশের প্রথম শিক্ষা কমিশন 'জাতীয় শিক্ষা কমিশন' গঠিত হয়।

88. ইক্ষু গবেষণা ইন্সটিটিউট কোন জেলায় অবস্থিত?
Ⓐ দিনাজপুর Ⓑ ফরিদপুর
Ⓒ ময়মনসিংহ Ⓓ পাবনা
Solve

নাম	অবস্থান
বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট	ঈশ্বরদী, পাবনা
বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট	ময়মনসিংহ
বাংলাদেশ মসলা গবেষণা কেন্দ্র	শিবগঞ্জ, বগুড়া
বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট	রাজশাহী

89. Black Lives Matter কী?
Ⓐ এটি গ্রন্থের নাম Ⓑ একটি পানীয়
Ⓒ বর্ণবাদবিরোধী আন্দোলন Ⓓ একটি NGO
Solve Black Lives Matter (BLM) একটি বর্ণবাদবিরোধী আন্দোলন, যা ২০১৩ সালে আফ্রিকান-আমেরিকান সম্প্রদায়ের মাঝে শুরু হয়, বিশ্বব্যাপী কৃষ্ণাঙ্গদের প্রতি সহিংতা বন্ধে কাজ করে।

90. অবিভক্ত বাংলার প্রথম মুখ্যমন্ত্রী কে?
Ⓐ শেখ মুজিবুর রহমান Ⓑ এ.কে. ফজলুল হক
Ⓒ মোহাম্মদ আলী জিন্নাহ Ⓓ শহীদ সোহরাওয়ার্দী
Solve এ. কে. ফজলুল হক অবিভক্ত বাংলার প্রথম মুখ্যমন্ত্রী (১৯৩৭-১৯৪৩) এবং পূর্ব বাংলার মুখ্যমন্ত্রী (১৯৫৪) ছিলেন।

91. ২টা ১৫ মিনিটের সময় ঘণ্টা ও মিনিটের কাঁটার মধ্যে কত ডিগ্রি কোণ উৎপন্ন হয়?
Ⓐ ২৩ Ⓑ ২০ Ⓒ $22\frac{1}{2}$ Ⓓ $23\frac{1}{2}$
Solve
মধ্যবর্তী কোণ $= \left|\frac{১১\times m - ৬০\times h}{২}\right|^{0}$ [m = minute, h = hour]
$= \left|\frac{১১\times ১৫ - ৬০\times ২}{২}\right|^{0} = \left|\frac{১৬৫ - ১২০}{২}\right|^{0} = ২২\frac{১}{২}°$

92. ২০২০ সালে ২৬তম কমনওয়েলথ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হবে?
Ⓐ ভারত Ⓑ যুক্তরাজ্য
Ⓒ মালয়েশিয়া Ⓓ বাংলাদেশ
Solve মালয়েশিয়ার ভেন্যু পরিবর্তন করা হয়েছে। ২৬ তম কমনওয়েলথ সম্মেলন রুয়ান্ডায় অনুষ্ঠিত হবে।

93. ২০১৮ সালে অস্কার প্রাপ্ত চলচ্চিত্র কোনটি?
Ⓐ শেপ অব ওয়াটার Ⓑ শপলিফটারস
Ⓒ অজ্ঞাতনামা Ⓓ পেয়ার অব স্যুজ
Solve ৯২তম অস্কার ২০২০ সেরা চলচ্চিত্র হলো প্যারাসাইট। শ্রেষ্ঠ অভিনেত্রী- রেনে জেলওয়েগার, শ্রেষ্ঠ অভিনেতা- ওয়াকিন ফিনিক্স ও শ্রেষ্ঠ পরিচালক- বং জুন-হো।

94. কোনটি নিরস্ত্রীকরণের সাথে সম্পৃক্ত নয়?
Ⓐ SALT Ⓑ NATO
Ⓒ NPT Ⓓ CTBT
Solve ১৯৪৯ সালে প্রতিষ্ঠিত NATO একটি সামরিক সহযোগিতার জোট। NATO একটি সম্মিলিত প্রতিরক্ষা গোষ্ঠী। এর সদর দপ্তর বেলজিয়ামের ব্রাসেলসে অবস্থিত।

95. কোন বিদেশি পত্রিকা বঙ্গবন্ধুকে 'Poet of Politics' উপাধি দেয়?
Ⓐ দি গার্ডিয়ান Ⓑ নিউজউইকস
Ⓒ দি ওয়াশিংটন Ⓓ ইন্ডিয়ান টাইমস
Solve মার্কিন সাময়িকী নিউজ উইকস ৫ এপ্রিল ১৯৭১ -এর সংখ্যায় একটি নিবন্ধে বঙ্গবন্ধুকে Poet of Politics বা রাজনীতির কবি হিসেবে উল্লেখ করেন।

96. শেয়ার বাজার আইপিও কোন ধরনের বাজার?
Ⓐ স্থিতিশীল Ⓑ অস্থিতিশীল
Ⓒ প্রাথমিক Ⓓ মাধ্যমিক
Solve Initial Public Offering এর সংক্ষিপ্ত রূপকে আইপিও বলা হয়। বিনিয়োগে ইচ্ছুক সাধারণ মানুষদের কাছ থেকে টাকা উত্তোলন করার নামই আইপিও।

97. রেডক্রসের সদর দপ্তর কোথায়?
Ⓐ জেনেভা Ⓑ নিউইয়র্ক
Ⓒ দি হেগ Ⓓ প্যারিস
Solve ইন্টারন্যাশনাল কমিটি অব দ্য রেড ক্রস একটি বেসরকারি মানবতাবাদী প্রতিষ্ঠান হেনরি ডুনান্ট এবং গাস্তেভ ময়নিয়ার দ্বারা সুইজারল্যান্ডের জেনেভায় ১৮৬৩ সালে প্রতিষ্ঠিত।

98. বেইল আউট শব্দটি কীসের সাথে জড়িত?
Ⓐ ক্রিকেট Ⓑ ধর্মঘট Ⓒ বেসবল Ⓓ অর্থনীতি
Solve যখন কোনো কোম্পানিকে বা আর্থিক প্রতিষ্ঠানকে বা কোনো দেশকে তার চরম আর্থিক সংকটকালে (প্রায় দেউলিয়া অবস্থায়) উদ্ধারের জন্য সম্পদ সহায়তা দেওয়া হয় তাই বেইল আউট।

99. দক্ষিণ আফ্রিকার বর্ণবাদবিরোধী আন্দোলনের অন্যতম নেতা কে ছিলেন?
Ⓐ রুজভেল্ট Ⓑ নেলসন ম্যান্ডেলা
Ⓒ কফি আনান Ⓓ হো চি মিন
Solve দক্ষিণ আফ্রিকার বর্ণবাদবিরোধী আন্দোলনের অন্যতম নেতা নেলসন ম্যান্ডেলা ১৮ জুলাই ১৯১৮ সালে জন্মগ্রহণ ও ৫ ডিসেম্বর ২০১৩ মৃত্যুবরণ করেন। তিনি ১৯৯৩ সালে নোবেল শান্তি পুরস্কার পান।

100. "Man is a political animal' উক্তিটি কার?
Ⓐ Dante Ⓑ Plato Ⓒ Aristotle Ⓓ Socrates
Solve গ্রিক দার্শনিক Aristotle এর উক্তি :
- Quality is not an act it is a habit.
- The roots of education are bitter, but the fruit is sweet.
- A friend to all is a friend to none.

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

রাজশাহী বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষা : ২০১৮-১৯; ইউনিট : D2; সেট : ১
(অ-বিজ্ঞান গ্রুপ : ২)

বাংলা ও ইংরেজী (আবশ্যিক)

01. 'জীবন এত ছোট কেনে' কোন উপন্যাসের উক্তি?
Ⓐ চতুরঙ্গ Ⓑ লালসালু Ⓒ কবি Ⓓ শবনম

Solve ত্রিশের দশকের অন্যতম ঔপন্যাসিক তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের 'কবি' একটি বিখ্যাত উপন্যাস। একজন ডোম সম্প্রদায়ের সাধারণ যুবকের কবি হয়ে উঠা এবং দুটি নারীর সঙ্গে সম্পর্ক এ উপন্যাসের মূল বিষয়।

02. মানিক বন্দ্যোপাধ্যায়ের মৃত্যু সাল কোনটি?
Ⓐ ১৯৭১ Ⓑ ১৯৫০ Ⓒ ১৯৫৮ Ⓓ ১৯৫৬

Solve মানিক বন্দ্যোপাধ্যায় সম্পর্কিত তথ্য :

জন্ম : ১৯০৮ খ্রিস্টাব্দে বিহারের সাঁওতাল পরগনার দুমকা শহরে। **পৈতৃক বাড়ি :** ঢাকার বিক্রমপুর। **পিতৃপ্রদত্ত নাম :** প্রবোধকুমার বন্দ্যোপাধ্যায়। **ডাকনাম :** মানিক। **পিতা :** হরিহর বন্দ্যোপাধ্যায়। **মাতা :** নীরদাসুন্দরী দেবী।
মৃত্যু : কলকাতায় ১৯৫৬ খ্রিস্টাব্দের ৩ ডিসেম্বর মাত্র আটচল্লিশ বছর বয়সে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

03. বাংলা সাহিত্যে কে বাংলার স্কট?
Ⓐ বঙ্কিমচন্দ্র Ⓑ প্রমথ চৌধুরী
Ⓒ রামমোহন রায় Ⓓ ঋষিকেশ শর্ম্মা

Solve দুর্গেশনন্দিনী, কপালকুণ্ডলা, আনন্দমঠ, রাজর্ষি, রাজসিংহ, সীতারাম, দেবী চৌধুরাণী, বিষবৃক্ষ, কৃষ্ণকান্তের উইল ইত্যাদি তাঁর উপন্যাস।

04. 'বঙ্গদেশের কৃষক' কে লিখেছেন?
Ⓐ সত্যেন্দ্রনাথ দত্ত Ⓑ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
Ⓒ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় Ⓓ রমেশচন্দ্র দত্ত

Solve বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'বিবিধ প্রবন্ধ'র দ্বিতীয় খণ্ডের অন্তর্গত 'বঙ্গদেশের কৃষক'। তাঁর রচিত উল্লেখযোগ্য প্রবন্ধগ্রন্থ : লোকরহস্য, কমলাকান্তের দপ্তর, বিবিধ সমালোচনা, সাম্য, কৃষ্ণচরিত্র।

05. 'রাজবন্দীর জবানবন্দী' কী ধরনের রচনা?
Ⓐ কবিতা Ⓑ গল্প Ⓒ প্রবন্ধ Ⓓ নাটক

Solve কাজী নজরুল ইসলামের কতিপয় সাহিত্যকর্ম :

কাব্যগ্রন্থ	অগ্নি-বীণা, ঝড়, শেষ সওগাত, রাঙাজবা, সঞ্চিতা, সর্বহারা, প্রলয়-শিখা, দোলন-চাঁপা, সিন্ধু-হিন্দোল।
উপন্যাস	বাঁধন-হারা, মৃত্যু-ক্ষুধা, কুহেলিকা।
গল্প গ্রন্থ	ব্যথার দান, রিক্তের বেদন, শিউলিমালা।
নাটক	ঝিলিমিলি, আলেয়া, পুতুলের বিয়ে।
প্রবন্ধগ্রন্থ	যুগ-বাণী, দুর্দিনের যাত্রী, রাজবন্দীর জবানবন্দী।

06. বিদ্যাসাগরের প্রধান কীর্তি কোনটি?
Ⓐ সমাজ সংস্কারক Ⓑ সোসাইটি বানানো
Ⓒ আখ্যান রচনার পথিকৃৎ Ⓓ অনুবাদ করা

Solve ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর যতিচিহ্নের সার্থক ব্যবহার করেন 'বেতাল পঞ্চবিংশতি' গ্রন্থে। তবে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের সবচাইতে বড় পরিচয় সমাজ সংস্কারক হিসেবে। বিধবা বিবাহের প্রচলন, সতীদাহ প্রথা রোধে তিনি সক্রিয় ভূমিকা পালন করেন।

07. 'কেরী সাহেবের মুন্সী' কার লেখা?
Ⓐ প্রমথনাথ বিশী Ⓑ মন্মথ রায়
Ⓒ মনীশ ঘটক Ⓓ শিব্রাম

Solve প্রমথনাথ বিশীর উল্লেখযোগ্য সাহিত্যকর্ম : রবীন্দ্র কাব্যপ্রবাহ, পদ্মা, লালকেল্লা, চলনবিল, উত্তরের মেঘ, বঙ্গভঙ্গ।

08. মোতাহের হোসেন চৌধুরীর 'সংস্কৃতি' মানে কী?
Ⓐ মহৎভাবে বাঁচা Ⓑ পাপমুক্ত থাকা
Ⓒ বন্ধনমুক্ত থাকা Ⓓ ধর্মীয়ভাবে বাঁচা

Solve সৃজনশীল ও বস্তুনিষ্ঠ প্রাবন্ধিক মোতাহের হোসেন চৌধুরী মুসলিম সাহিত্য সমাজের বুদ্ধির মুক্তি আন্দোলনের অন্যতম প্রাণপুরুষ। সংস্কৃতি কথা, সভ্যতা, সুখ তাঁর রচনা।

09. 'নিষেধের বিড়ম্বনা' কার লেখা?
Ⓐ আবুল মনসুর আহমদ Ⓑ আবুল হুসেন
Ⓒ আবুল হোসেন Ⓓ আবুল ফজল

Solve আবুল হোসেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুগ্ম সচিব ছিলেন। 'অরণ্যের ডাক' তাঁর একটি অনূদিত উপন্যাস। এছাড়াও নববসন্ত, হাওয়া তোমার কি দুঃসাহস, এখনও সময় আছে– তাঁর রচিত কাব্যগ্রন্থ।

10. 'গৌড়ীয় ব্যাকরণ' কে রচনা করেছেন?
Ⓐ বিদ্যাসাগর Ⓑ রামমোহন রায়
Ⓒ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী Ⓓ মদনমোহন তর্কালঙ্কার

Solve রাজা রামমোহন রায় ছিলেন একজন সমাজ সংস্কারক। তাঁর উল্লেখযোগ্য কীর্তি সতীদাহ প্রথা বিলুপ্ত ও ব্রাহ্মসমাজের প্রতিষ্ঠা। দিল্লীর বাদশাহ তাকে 'রাজা' উপাধি দেন।

11. মধুসূদন দত্তের রচনা কোনটি?
Ⓐ রাজমোহনস ওয়াইফ Ⓑ দ্য ওয়াস্ট ল্যান্ড
Ⓒ ক্যাপটিভ লেডি Ⓓ ল্যাবরেটরি

Solve মাইকেল মধুসূদন দত্ত বাংলা সাহিত্যের প্রথম আধুনিক কবি। ১৮৪৩ সালে তিনি খ্রিস্টধর্ম গ্রহণ করে ইংরেজি ভাষায় সাহিত্য রচনা শুরু করেন। তিনি বাংলা সনেট ও অমিত্রাক্ষর ছন্দের জনক।

12. 'রাইফেল রোটি আওরাত' উপন্যাসের ঘটনাস্থল কোথায়?
Ⓐ বিশ্ববিদ্যালয় Ⓑ পুলিশ লাইন Ⓒ নারায়ণগঞ্জ Ⓓ সাভার

Solve ১৯৭১ সালের ২৫ মার্চ থেকে মে-জুন পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ে ঘটে যাওয়া বাস্তব ঘটনা অবলম্বনে আনোয়ার পাশা 'রাইফেল রোটি আওরাত' (১৯৭৩) উপন্যাস লিখেছেন। তাঁর অন্যান্য উপন্যাস : নীড় সন্ধানী, নিষুতি রাতের গাথা, নিরুপায় হরিণী।

13. 'পয়ার' কোন ছন্দের অন্তর্ভুক্ত?
Ⓐ গদ্যছন্দ Ⓑ স্বরবৃত্ত Ⓒ অক্ষরবৃত্ত Ⓓ মাত্রাবৃত্ত

Solve বাংলা সাহিত্যে অক্ষরবৃত্ত ছন্দের প্রবর্তন করেন মাইকেল মধুসূদন দত্ত। পয়ার ছন্দের প্রথাবদ্ধ নিয়মকে ভেঙ্গে তিনি অক্ষরবৃত্ত ছন্দের প্রচলন করেন। অক্ষরবৃত্ত ছন্দ ছাড়াও স্বরবৃত্ত ও মাত্রাবৃত্ত নামে আরোও দুটি ছন্দ আছে।

14. সমধাতুজ কর্মের উদাহরণ–
Ⓐ এমন খেলা খেলবে, দর্শক মাতানো যেন
Ⓑ তুমি আস নাই
Ⓒ কাল ভোর হবে Ⓓ খেলাধুলার বিকল্প নেই

Solve বাক্যের ক্রিয়াপদ ও কর্মপদ একই ধাতু থেকে গঠিত হলে তাকে সমধাতুজ কর্ম বলে। যেমন : এমন সুখের মরণ কে মরতে পারে? বেশ এক ঘুম ঘুমিয়েছি। আর মায়াকান্না কেঁদো না গো বাপু।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

15. 'সাহিত্যিক গদ্য' এর দ্রষ্টা কে?
Ⓐ রামমোহন রায় Ⓑ কবি রবীন্দ্রনাথ
Ⓒ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর Ⓓ অতুলপ্রসাদ

Solve বাংলা গদ্যকে গতিশীল করে প্রাণদান করেছেন বিদ্যাসাগর। তিনি বাংলা গদ্যে সুললিত শব্দবিন্যাস, পদবিভাগ ও যতিসন্নিবেশে সুবোধ্য ও শিল্প গুণান্বিত করে তোলেন। রবীন্দ্রনাথ ঠাকুর বিদ্যাসাগরকে বাংলা গদ্যের 'প্রথম শিল্পী' বলে অভিহিত করেছেন।

16. 'অপাঙ্গ' শব্দের অর্থ কী?
Ⓐ আপাদমস্তক Ⓑ দৃষ্টিকোণ Ⓒ প্রতি অঙ্গ Ⓓ ভিন্নাঙ্গ

Solve কতিপয় গুরুত্বপূর্ণ শব্দার্থ :

মস্যাধার	মাছ পালনের কাচের আধার।
ভাস্কর্য	ধাতু বা পাথর ইত্যাদি খোদাইয়ের শিল্প।

17. 'ফুল ফুটুক আর না ফুটুক আজ বসন্ত' পঙ্‌ক্তিটি কার?
Ⓐ সব্যসাচী হালদার Ⓑ সুভাষ মুখোপাধ্যায়
Ⓒ কৃষ্ণচন্দ্র মজুমদার Ⓓ জীবনানন্দ দাশ

Solve কতিপয় গুরুত্বপূর্ণ পঙ্‌ক্তি ও রচয়িতা :

ভাত দে হারামজাদা, তা না হলে মানচিত্র খাব।	রফিক আজাদ
মম এক হাতে বাঁকা বাঁশের বাঁশরী, আর হাতে রণ তূর্য!	কাজী নজরুল ইসলাম

18. 'জানালা' কোন ভাষার শব্দ?
Ⓐ ফারসি Ⓑ উর্দু Ⓒ বর্মী Ⓓ পর্তুগিজ

Solve কতিপয় পর্তুগিজ শব্দ : আলমারি, আলপিন, ফিতা, পিস্তল, কামরা, বোতাম, বারান্দা, চাবি, বেহালা, সাবান, গির্জা, মিস্ত্রি, নিলাম, তামাক, মার্কা, আনারস, বালতি, পাউরুটি, গুদাম, গামলা, কেরানি।

19. কোনটি ঠিক বানান?
Ⓐ সমিচীন Ⓑ সমীচীন Ⓒ সমাচিন Ⓓ সমীচিন

Solve কতিপয় শুদ্ধ বানান : সরস্বতী, স্বায়ত্তশাসন, সহযোগিতা, শ্রদ্ধাঞ্জলি, লজ্জাকর, মুহূর্ত, বিভীষিকা, মনস্তত্ত্ব, ভুবন, পাণিনি, প্রাণিবিদ্যা, দৌরাত্ম্য, মাহাত্ম্য, ব্যুৎপত্তি।

20. 'প্রদোষে প্রাকৃতজন' কী ধরনের রচনা?
Ⓐ ইতিহাসধর্মী উপন্যাস Ⓑ রোমান্টিক উপন্যাস
Ⓒ ছোটগল্পের বই Ⓓ পত্রোপন্যাস

Solve শওকত আলীর উপন্যাসের উপজীব্য মধ্যবিত্ত শ্রেণির মানুষের জীবন। তাঁর রচিত উল্লেখযোগ্য উপন্যাস : পিঙ্গল আকাশ, দক্ষিণায়নের দিন, দলিল, ত্রিপদী, অপেক্ষা, ওয়ারিশ, যাত্রা।

21. 'সেই সুমধুর স্তব্ধ দুপুরে পাঠশালা পলায়ন।' কোন কারকে কোন বিভক্তি?
Ⓐ অধিকরণে ৭মী Ⓑ কর্মে ২য়া
Ⓒ অপাদানে শূন্য Ⓓ করণে ৭মী

Solve যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় তাকে অপাদান কারক বলে। যেমন - বিরত : পাপে বিরত হও। জাত : খেজুর রসে গুড় হয়।

22. রোকেয়া মূলত কোন ধরনের লেখক?
Ⓐ প্রবন্ধকার Ⓑ কবি Ⓒ জীবনীকার Ⓓ নাট্যকার

Solve মুসলিম নারী জাগরণের অগ্রদূত বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন। তাঁর কয়েকটি উল্লেখযোগ্য গ্রন্থ: মতিচূর, অবরোধবাসিনী, পদ্মরাগ, সুলতানার স্বপ্ন ইত্যাদি।

23. 'বন্দী শিবির থেকে' বলতে কবি কী বুঝিয়েছেন?
Ⓐ অবরুদ্ধ বাংলাদেশ Ⓑ ছত্রীসেনার কথা
Ⓒ সামরিক শাসনকাল Ⓓ পাকিস্তানি শাসক

Solve মুক্তিযুদ্ধকালে অবরুদ্ধ বাংলাদেশে শামসুর রাহমান 'মজলুম আদিব' ছদ্মনামে কবিতা লিখতেন। বন্দী শিবির থেকে; উদ্ভট উটের পিঠে চলছে স্বদেশ; রৌদ্র করোটিতে; বিধ্বস্ত নীলিমা; প্রথম গান, দ্বিতীয় মৃত্যুর আগে তাঁর রচিত কাব্যগ্রন্থ।

24. 'কারাগারের রোজনামচা' কার লেখা?
Ⓐ মহাত্মা গান্ধী Ⓑ মাওলানা ভাসানী
Ⓒ শেখ মুজিবুর রহমান Ⓓ শেখ হাসিনা

Solve 'কারাগারের রোজনামচা' প্রকাশিত হয় ২০১৭ সালে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কারাগারে বন্দি থাকা অবস্থায় গ্রন্থটি লেখেন। ২০১২ সালে তাঁর রচিত 'অসমাপ্ত আত্মজীবনী' প্রকাশিত হয়।

25. 'লাল নীল দীপাবলী' কোন ধরনের গ্রন্থ?
Ⓐ গল্পের বই Ⓑ বাংলা সাহিত্যের সহজ ইতিহাস
Ⓒ বাংলা প্রবন্ধ Ⓓ কাব্যগ্রন্থ

Solve বাংলা সাহিত্যের ইতিহাস বিষয়ক কতিপয় গ্রন্থ :

গ্রন্থ	রচয়িতার নাম
বঙ্গভাষা ও সাহিত্য	ড. দীনেশচন্দ্র সেন
বাঙ্গালা সাহিত্যের কথা	ড. সুকুমার সেন
বাংলা সহিত্যের কথা	ড. মুহম্মদ শহীদুল্লাহ
বাংলা সাহিত্যের ইতিবৃত্ত	ড. অসিতকুমার বন্দ্যোপাধ্যায়

26. What is the plural form of the word 'crisis'?
Ⓐ Crises Ⓑ Crisiss
Ⓒ Crisises Ⓓ None of them

Solve Explanation Crisis (সংকটকাল) এর plural হলো crises।

27. He suffered from the —— that he was another Napoleon.
Ⓐ imagination Ⓑ illusion
Ⓒ notion Ⓓ allusion

Solve Explanation Illusion - মোহ। সে এমন মোহে ভোগে যে সে একজন নেপোলিয়ান।

28. In my opinion, she should have resigned earlier. The underlined word is/an–
Ⓐ Adverb Ⓑ Conjunction
Ⓒ Preposition Ⓓ Adjective

Solve Explanation Earlier শব্দটি verb (resign) কে নির্দেশ করায় এটা একটা adverb।

29. Which one is correct?
Ⓐ Had he known anything, he would have told me
Ⓑ Had he knowing anything, he would have told me
Ⓒ Had he knew anything, he would have told me
Ⓓ Had he know anything, he would have told me

Solve Explanation Had, 3rd conditional হিসেবে ব্যবহৃত হয়েছে তাই Had + sub + v_3 + sub + would/should/might have + v_3 হবে।

30. This is an exception —— the rule.
Ⓐ of Ⓑ for
Ⓒ to Ⓓ at

Solve Explanation Exception (ব্যতিক্রম) এর পর for বসে।

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

31. 'Arsenal' means–
Ⓐ A place where garments for military are stored or made
Ⓑ A place where weapons and military equipment are stored or made
Ⓒ A place where football players do practice
Ⓓ A place won by football players in a tournament
Ans B Explanation Arsenal - অস্ত্রশস্ত্র ও গোলাবারুদের কারখানা বা ভান্ডার।

32. This climate is not congenial —— my health.
Ⓐ to Ⓑ for Ⓒ of Ⓓ with
Ans A Explanation Congenial to - উপযোগী/অনুকূল।

33. Which one is correctly spelled?
Ⓐ Theoritical Ⓑ Theoriticol
Ⓒ Theoretical Ⓓ Theoratical
Ans C Explanation Theoretical - তত্ত্বগত।

34. The aircraft has our emergency exits. Here 'exits' is a/an-
Ⓐ adverb Ⓑ adjective Ⓒ verb Ⓓ none
Ans D Explanation Exits এখানে noun হিসেবে ব্যবহৃত হয়েছে। Possessive এর (our) পর দুইটা শব্দ থাকলে শেষেরটা noun হয় এবং possessive এর পরেরটা adjective হয়।

35. The right form of verb: I heard him (to say) this.
Ⓐ I heard him saying this Ⓑ I heard him to say this
Ⓒ I heard him said this Ⓓ I hear him to say this
Ans A Explanation Hear এর পর v_1 বা v_1 + ing হয়।

36. What is the plural form of 'deer'?
Ⓐ Deer Ⓑ Deers Ⓒ Deeres Ⓓ Deeress
Ans A Explanation Deer, sheep, pice, public, dozen, scons, thousand, hundred ইত্যাদি singular ও plural form একই।

37. Choose the appropriate article to fill in the blank: You are —— Nazrul, I see.
Ⓐ the Ⓑ a Ⓒ an Ⓓ for
Ans B Explanation কারও মধ্যে অন্য কারও প্রভাব আছে বা কারও কাজ অন্য একজনের মত এরূপ বোঝাতে article a বসে।

38. Complete the following sentence: Unless the weather changes ——.
Ⓐ this year's harvest will be adversely affected
Ⓑ the harvest, this year, will adverse affected
Ⓒ this year will adversely affect the harvest
Ⓓ the harvest will adversely affect this year
Ans A Explanation যদি না আবহাওয়া পরিবর্তন হয়, তবে এই বছরের ফসলের (this year's harvest) উপর ব্যাপক প্রভাব পড়বে।

39. She wastes her time, —— useless things.
Ⓐ off Ⓑ on Ⓒ to Ⓓ none
Ans B Explanation বিভিন্ন অপ্রয়োজনীয় কাজে তা তার সময় নষ্ট করে।

40. Select the word or phrase that must be changed in order for the sentence to be correct: The (a) discovery of gold in 1848 (b) transformed sun Francisco suddenly from a (c) quiet port into one of the world's richest and the most famous (d) city.
Ⓐ discovery Ⓑ transformed
Ⓒ quiet Ⓓ city
Ans D Explanation City এর স্থলে port হবে।

41. I finally agreed —— the point.
Ⓐ with Ⓑ for Ⓒ to Ⓓ of
Ans C Explanation Agree to - রাজি হওয়া।

42. Select the word or phrase that must be changed in order for the sentence to be correct: (a) There are many different ways (b) of comparing the economy of one nation with (c) those of (d) another.
Ⓐ There are Ⓑ of comparing
Ⓒ those Ⓓ another
Ans C Explanation These of না হয়ে that of হবে।

43. Select the word or phrase that completes the sentence correctly: During the early period of ocean navigation —— any need for sophisticated instruments and techniques.
Ⓐ so that hardly Ⓑ when there hardly was
Ⓒ hardly was Ⓓ there was hardly
Ans D Explanation সমুদ্র নৌচালনার প্রথম দিকে কোনো অত্যাধুনিক যন্ত্রপাতি এবং কৌশলের প্রয়োজন ছিল না।

44. What is the antonym of the word 'pardon'.
Ⓐ Condemn Ⓑ Appease Ⓒ Release Ⓓ Exonerate
Ans A Explanation Pardon (ক্ষমা) এর বিপরীত শব্দ condemn (দোষারোপ করা)।

45. Meaning of 'Consensus' is ——.
Ⓐ General agreement Ⓑ Standard
Ⓒ A situation requiring choice
Ⓓ Outlook for the future
Ans A Explanation Consensus - ঐকমত্য, ঐক্য (general agreement)।

46. 'Havoc' means–
Ⓐ Cut in two Ⓑ Great damage and destruction
Ⓒ The enemy Ⓓ Outburst of excitement
Ans B Explanation Havoc - ব্যাপক ক্ষয়ক্ষতি।

47. Identify the plural noun in the sentence 'The report contains data from a secondary source.'
Ⓐ secondary Ⓑ contains
Ⓒ Data Ⓓ None of them
Ans A Explanation Data হলো plural এর singular হলো datum।

48. The word 'environment' means–
Ⓐ your surrounding Ⓑ all together
Ⓒ synthesis Ⓓ climate
Ans A Explanation চারপাশের যা কিছু তাই হলো পরিবেশ বা environment।

49. Which one is correct?
Ⓐ Nobody can please anyone
Ⓑ Nobody can please anybody
Ⓒ Nobody can please everyone
Ⓓ Nobody can please none
Ans C

50. Which one is singular form?
Ⓐ News Ⓑ Cattle Ⓒ Oats Ⓓ Scissors
Ans A Explanation Gallows (ফাঁসিকাঠ), news, physics, ethics, athletics ইত্যাদি শব্দগুলো দেখতে plural হলেও singular এবং singular verb গ্রহণ করে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

ভূগোল (ঐচ্ছিক)

51. পৃথিবীর দক্ষিণ মেরু সূর্যের সবচেয়ে কাছে আসে–
Ⓐ ২২ ডিসেম্বর Ⓑ ২২ সেপ্টেম্বর Ⓒ ২১ জুন Ⓓ ২৩ মার্চ
Ans A Solve ২২ ডিসেম্বর পৃথিবীর উত্তর গোলার্ধ ও সূর্যের মধ্যে সবচেয়ে বেশি দূরত্ব। দক্ষিণ গোলার্ধে দীর্ঘতম দিন ও ক্ষুদ্রতম রাত। সূর্য দক্ষিণায়নে শেষ সীমায় পৌঁছে, যা দক্ষিণায়ন দিবস নামে পরিচিত।

52. কোন অঞ্চলে নদীর ক্ষয়সাধন বেশি হয়?
Ⓐ পার্বত্য Ⓑ সমতল Ⓒ মালভূমি Ⓓ খ এবং গ
Ans A Solve পার্বত্য অবস্থায় নদীর সঞ্চয়ক্রিয়া অপেক্ষা ক্ষয়ক্রিয়াই অধিক। ফলে পার্বত্য অবস্থায় নদীর উপত্যকা গঠিত হয়ে থাকে।

53. জলভাগের পরিমাণ বেশি কোন গোলার্ধে?
Ⓐ উত্তর Ⓑ পূর্ব Ⓒ পশ্চিম Ⓓ দক্ষিণ
Ans D Solve ভূপৃষ্ঠের প্রায় ৭১ শতাংশ বারিমণ্ডল অন্তর্ভুক্ত। গভীরতা অনুসারে বারিমণ্ডল চারটি ভাগে বিভক্ত। যেমন- মহাসাগর, সাগর, নদী ও হ্রদ।

54. পৃথিবীর পরিধি–
Ⓐ ১৮০° Ⓑ ২৭০° Ⓒ ৩৬০° Ⓓ ৩৪৫°
Ans C Solve গোলাকার পৃথিবীর ব্যাসার্ধ নিরক্ষীয় রেখার প্রায় ৬,৩৭৮ কিলোমিটার এবং মেরুরেখা বরাবর ৬,৩৫৭ কিলোমিটার।

55. উপগ্রহের সংখ্যা সবচেয়ে বেশি–
Ⓐ পৃথিবীর Ⓑ শনির Ⓒ বৃহস্পতির Ⓓ বুধের
Ans C Solve পৃথিবীর ১টি, মঙ্গলের ২টি, বৃহস্পতির ৬৭ টি, শনির ৬২টি, ইউরেনাসের ২৭টি ও নেপচুনের ১৪টি উপগ্রহ আছে। [সূত্র: ভূগোল ও পরিবেশ নবম দশম শ্রেণি]

56. ক্রান্তীয় তৃণভূমি কোনটি?
Ⓐ তৈগা Ⓑ সাভানা Ⓒ পেম্পাস Ⓓ প্রেইরি Ans A

57. গভীর সমুদ্রখাত যে প্রক্রিয়ায় গঠিত হয়–
Ⓐ সমুদ্রতল সম্প্রসারণ Ⓑ প্লেট টেকটনিক
Ⓒ মহাদেশীয় সঞ্চালন Ⓓ আইসোটেসি Ans C

58. আন্তর্জাতিক তারিখ রেখার প্রত্যেক পার্শ্বে সময়ের ব্যবধান–
Ⓐ ১২ ঘন্টা Ⓑ ২৪ ঘন্টা Ⓒ ৩৬ ঘন্টা Ⓓ ৪৮ ঘন্টা
Ans A Solve ১৮০° দ্রাঘিমা রেখা পৃথিবীর পশ্চিম বা পূর্ব গোলার্ধের তারিখ বিভাজিকার (Date line divider) কাজ করে। ১৮০° দ্রাঘিমাকে আন্তর্জাতিক তারিখ রেখা বলে। প্রতি ১° এর জন্য ৪ মিনিট। অতএব ১৮০° এর জন্য ১৮০ × ৪ = ৭২০ মিনিট বা ১২ ঘন্টা

59. উপগ্রহ থেকে ভূপর্যবেক্ষণ করা হয় যে পদ্ধতিতে তা হল–
Ⓐ ইন্টারনেট Ⓑ ইমেইল Ⓒ রিমোট সেন্সিং Ⓓ জিপিএস
Ans D Solve জি পি এস (Global Positioning System) মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক ১৯৭০ এর দশকের শুরুর দিকে উদ্ভাবিত একটি প্রযুক্তি। একটি কৃত্রিম উপগ্রহভিত্তিক যোগাযোগ ব্যবস্থা।

60. বায়ুমণ্ডলে CO_2 এর পরিমাণ কত?
Ⓐ ০.০৯% Ⓑ ০.০৪% Ⓒ ০.০৫% Ⓓ ০.০৩%
Ans D Solve বায়ুমণ্ডলে বিভিন্ন উপাদান : নাইট্রোজেন (৭৮.০২%), অক্সিজেন (২০.৭১), আরগন (০.৮০%), কার্বন ডাইঅক্সাইড (০.০৩%) অন্য গ্যাসসমূহ (০.০২%), জলীয়বাষ্প (০.৪১%) ও ধূলিকণা ও কণিকা (০.০১%)

61. কালাহারি মরুভূমি কোথায় অবস্থিত?
Ⓐ এশিয়া Ⓑ ইউরোপ Ⓒ আফ্রিকা Ⓓ দ. আমেরিকা
Ans C Solve কালাহারি মরুভূমি আফ্রিকার দক্ষিণাঞ্চলের মালভূমিতে অবস্থিত একটি অববাহিকার মতো সমতল ভূমি। মরুভূমিটি বতসোয়ানা, নামিবিয়া ও দক্ষিণ আফ্রিকায় অবস্থিত।

62. পৃথিবীর গঠন প্রক্রিয়া ভূগোলের কোন শাখার অন্তর্গত?
Ⓐ রাজনৈতিক Ⓑ প্রাকৃতিক Ⓒ আঞ্চলিক Ⓓ গাণিতিক
Ans B Solve প্রাকৃতিক ভূগোলের প্রকৃতির বিভিন্ন বিষয়ের বিশ্বব্যাপী বিস্তারকে প্রাকৃতিক ভূগোলের পরিসর বলা হয়। ভূমিরূপবিদ্যা, জলবায়ুবিদ্যা, সমুদ্রবিদ্যা এবং জীবমণ্ডল প্রাকৃতিক ভূগোলের পরিসর হিসেবে গণ্য।

63. মানচিত্রে জলাশয়কে প্রকাশ করার জন্য কোন রং ব্যবহার করা হয়?
Ⓐ সাদা Ⓑ বাদামী Ⓒ নীল Ⓓ লাল Ans C

64. বাংলাদেশের পাহাড়সমূহ কোন যুগে সৃষ্টি হয়েছে?
Ⓐ টারশিয়ারি Ⓑ প্লাইস্টোসিন
Ⓒ হলোসিন Ⓓ জুরাসিক
Ans A Solve বাংলাদেশের পাহাড়সমূহ টারশিয়ারি যুগের সৃষ্টি হয়েছে। এ টারশিয়ারি যুগের পাহাড়গুলোকে দুইভাগে ভাগ করা যায় - (ক) দক্ষিণ-পূর্বাঞ্চলের পাহাড়সমূহ এবং (খ) উত্তর-পূর্বাঞ্চলের পাহাড়সমূহ।

65. সুনামি সৃষ্টির কারণ কী?
Ⓐ সমুদ্রতলদেশে ভূমিকম্প Ⓑ সমুদ্রে ঝড়ো হাওয়া
Ⓒ অগ্ন্যুৎপাত Ⓓ সমুদ্রস্রোত
Ans A Solve সুনামি একটি জাপানি শব্দ। জাপানি ভাষায় এর অর্থ হলো 'হারবার ওয়েভ' বা পোতাশ্রয়ের ঢেউ। সমুদ্র তলদেশে ভূমিকম্প বা আগ্নেয়গিরির অগ্নুৎপাতের কারণে সুনামির সৃষ্টি হয়ে থাকে।

66. পৃথিবীর সর্ববৃহৎ চিরহরিৎ বনভূমি কোনটি?
Ⓐ আমাজন Ⓑ সুন্দরবন
Ⓒ তৈগা Ⓓ সুশান বনভূমি
Ans A Solve নিরক্ষীয় জলবায়ু অঞ্চলে সারা বছর ধরে প্রচুর বৃষ্টিপাত এবং অধিক তাপের জন্য এ অঞ্চলে প্রশস্ত পত্রযুক্ত চিরহরিৎ বৃক্ষের গভীর বনের সৃষ্টি হয়েছে।

67. ইকো সাউন্ড চার্ট কী প্রকাশ করে?
Ⓐ সমুদ্রতলের গভীরতা Ⓑ সমুদ্রে দ্বীপের স্থান
Ⓒ পর্বতের উচ্চতা Ⓓ ভূমির উচ্চতা Ans A

68. বাংলাদেশের সীমানা চিহ্নিত করেছে এমন নদী কোনটি?
Ⓐ তিস্তা Ⓑ নাফ Ⓒ মেঘনা Ⓓ বলেশ্বর
Ans B Solve নাফ নদী মিয়ানমারের আরাকান থেকে কক্সবাজার জেলাকে বিভক্ত করেছে। বাংলাদেশের দক্ষিণতম উপজেলা টেকনাফ নদীর ডান তীরে অবস্থিত। নদীটির মোহনায় শাহপরীর দ্বীপ ও সেন্টমার্টিন দ্বীপ অবস্থিত।

69. নিচের কোন খনিজটির কাঠিন্যতা কম?
Ⓐ কোয়ার্টজ Ⓑ টোপাজ Ⓒ হীরা Ⓓ জিপসাম Ans D

70. যখন সূর্য ও পৃথিবীর মধ্যে চাঁদ অবস্থান করে তখন কী হয়?
Ⓐ সূর্যগ্রহণ Ⓑ চন্দ্রগ্রহণ Ⓒ পূর্ণিমা Ⓓ অমাবস্যা
Ans A Solve চাঁদ যখন পরিভ্রমণরত অবস্থায় কিছু সময়ের জন্য পৃথিবী ও সূর্যের মাঝখানে এসে পড়ে তখন পৃথিবীর কোনো দর্শকের কাছে সূর্য আংশিক বা সম্পূর্ণরূপে অদৃশ্য হয়ে যায় এই ঘটনাকে সূর্যগ্রহণ বলা হয়।

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

71. ৯০° - ৯১° দ্রাঘিমাংশের মধ্যে সময়ের পার্থক্য কত?
Ⓐ ০২ মিনিট Ⓑ ০৩ মিনিট Ⓒ ০৪ মিনিট Ⓓ ০৫ মিনিট
Solve দ্রাঘিমারেখার নিয়মানুসারে মূল মধ্যরেখা থেকে পূর্ব ও পশ্চিমে অগ্রসর হলে প্রতি ১° দ্রাঘিমার পার্থক্যের জন্য ৪ মিনিট সময়ের ব্যবধান হয়। ০° দ্রাঘিমার ঠিক উল্টো দিকে ১৮০° পূর্ব ও পশ্চিম দ্রাঘিমারেখা।

72. জোয়ারের কত সময় পরে ভাটার সৃষ্টি হয়?
Ⓐ ৫ ঘন্টা ১৩ মিনিট Ⓑ ৬ ঘন্টা ১৩ মিনিট
Ⓒ ৭ ঘন্টা ০৭ মিনিট Ⓓ ১৩ ঘন্টা ৬ মিনিট
Solve আহ্নিক গতির ফলে পৃথিবীর বিভিন্ন অংশে প্রতিদিন দুবার করে জোয়ার ও ভাটা হয়ে থাকে। তবে জোয়ার-ভাটা ঠিক ৬ ঘন্টা পরে না হয়ে ৬ ঘন্টা ১৩ মিনিট পরে হয়।

73. কোন অঞ্চলে সাধারণত সারা বৎসর বৃষ্টিপাত হয়?
Ⓐ ক্রান্তীয় Ⓑ উপক্রান্তীয় Ⓒ মেরু Ⓓ নিরক্ষীয়
Solve নিরক্ষরেখার উভয় পাশে ৫° অক্ষাংশের মধ্যে এ অঞ্চল বিস্তৃত। এখানকার গড় তাপমাত্রা ২২°-৩৪° সেলসিয়াস পর্যন্ত হয়। প্রচুর জলীয়বাষ্প পূর্ণ উর্ধ্বগামী বায়ুর দ্বারা সারাবছরই পরিচলন বৃষ্টিপাত হয়। এ অঞ্চলে বার্ষিক বৃষ্টিপাতের পরিমাণ ১৭০–২৫০ সেন্টিমিটার।

74. মহাদেশসমূহের ক্রমনিম্ন স্বল্প গভীর নিমজ্জিত অংশের নাম–
Ⓐ সৈকত Ⓑ ঝিনুক অঞ্চল Ⓒ মহীসোপান Ⓓ মহীঢাল
Solve পৃথিবীর মহাদেশসমূহের চতুর্দিকে স্থলভাগের কিছু অংশ অল্প অল্প ঢালু হয়ে সমুদ্রের পানির মধ্যে নেমে গেছে। যে সব অংশে সমুদ্রের গভীরতা ১৮০ মিটারের (৬০০ ফুট) অনধিক সে সব ক্রমনিম্ন নিমজ্জিত অংশকে মহীসোপান বলে।

75. কোনটি ভারত মহাসাগরীয় স্রোত?
Ⓐ বেঙ্গুয়েলা Ⓑ ল্যাব্রাডার Ⓒ সোমালী Ⓓ ক্যানারী
Solve ভারত মহাসাগরের দক্ষিণ নিরক্ষীয় স্রোতের যে শাখাটি মাদাগাস্কার দ্বীপের উত্তর থেকে পশ্চিম দিকে বেঁকে আফ্রিকার পূর্ব উপকূলের সোমালিয়ার পাশ দিয়ে সোজা উত্তর দিকে প্রবাহিত হয়, তাই এটি সোমালি স্রোত নামে পরিচিত।

76. মৎস্য শিকার কোন পর্যায়ের অর্থনৈতিক কর্মকাণ্ড?
Ⓐ প্রাথমিক Ⓑ মাধ্যমিক
Ⓒ তৃতীয় Ⓓ চতুর্থ
Solve জীবিকা নির্বাহের জন্য মানুষ যে সব কার্যাবলি সম্পাদন করে তাদের সমষ্টিকে মানুষের অর্থনৈতিক কর্মকাণ্ড বলে। মানুষের অর্থনৈতিক কর্মকাণ্ড তিন ধরনের হয়ে থাকে। (১) প্রাথমিক পর্যায় (২) দ্বিতীয় পর্যায় ও (৩) তৃতীয় পর্যায়। কৃষিকাজ, মৎস্যশিকার, বনজ ও খনিজ সম্পদ আহরণ ইত্যাদি প্রাথমিক পর্যায়ের কাজ।

77. আগ্নেয় মেঘলা কোন মহাসাগরে অবস্থিত?
Ⓐ ভারত Ⓑ প্রশান্ত Ⓒ আটলান্টিক Ⓓ দ. মহাসাগর
Solve পশ্চিম প্রশান্ত মহাসাগরীয় বলয়ে ৩০৪টি প্রধান আগ্নেয়গিরি রয়েছে। প্রশান্ত মহাসাগরকে ঘিরে রেখেছে বলে এই আগ্নেয় বলয়কে প্রশান্ত মহাসাগরীয় আগ্নেয় মেঘলা নামে অভিহিত করা হয়।

78. দুটি ভিন্ন বৈশিষ্ট্যের বায়ুপুঞ্জের ভিতরে কী থাকে?
Ⓐ জেট বায়ু Ⓑ তাপ উৎক্রম
Ⓒ বায়ু প্রাচীর Ⓓ বায়ুশুন্যতা
Ans Ⓒ

79. চিলির রাজধানীর নাম কী?
Ⓐ রিও-ডি- জেনেরিও Ⓑ সান্টিয়াগো
Ⓒ বোয়েন্স আয়ারস Ⓓ লিমা
Solve

দেশ	রাজধানী	ভাষা	মুদ্রা
চিলি	সান্টিয়াগো	স্প্যানিশ	পেসো
ব্রাজিল	ব্রাসিলিয়া	পর্তুগিজ	রিয়াল
আর্জেন্টিনা	বুয়েন্স আয়ার্স	স্প্যানিশ	পেসো
পেরু	লিমা	স্প্যানিশ	নিয়েভোসল

80. সূর্যকে প্রদক্ষিণ করতে সবচেয়ে কম সময় লাগে কোন গ্রহের?
Ⓐ মঙ্গল Ⓑ শনি Ⓒ বুধ Ⓓ বৃহস্পতি
Solve বুধ (Mercury) সৌরজগতের ক্ষুদ্রতম এবং সূর্যের নিকটতম গ্রহ। সূর্য থেকে এর গড় দূরত্ব ৫.৮ কোটি কিলোমিটার ব্যাস ৪,৮৫০ কিলোমিটার। সূর্যকে একবার প্রদক্ষিণ করে আসতে বুধের সময় লাগে ৮৮ দিন।

81. নিরক্ষরেখা থেকে উত্তর বা দক্ষিণে কোন স্থানের কৌণিক দূরত্বকে বলে–
Ⓐ অক্ষাংশ Ⓑ অক্ষরেখা Ⓒ দ্রাঘিমাংশ Ⓓ দ্রাঘিমারেখা
Solve পৃথিবীর বৃত্তের কেন্দ্রে উৎপন্ন কোণ ৩৬০° নিরক্ষরেখার উত্তর দিকে অবস্থিত কোনো একটি স্থানের অক্ষাংশকে উত্তর অক্ষাংশ এবং দক্ষিণ দিকে অবস্থিত কোনো স্থানের অক্ষাংশকে দক্ষিণ অক্ষাংশ বলে।

82. তিতাস কোন নদীর উপনদী?
Ⓐ যমুনা Ⓑ পদ্মা Ⓒ মেঘনা Ⓓ কর্ণফুলী
Solve আসামের 'বরাক নদী' নাগা মণিপুর পাহাড়ের দক্ষিণ হতে উৎপন্ন হয়ে মেঘনা বাংলাদেশের সিলেট জেলায় প্রবেশ করেছে। বাউলাই, তিতাস ও গোমতী প্রভৃতি মেঘনার উল্লেখযোগ্য উপনদী।

83. পৃথিবীর উচ্চতম জলপ্রপাতের নাম কী?
Ⓐ নায়াগ্রা Ⓑ মাধবকুণ্ড Ⓒ ভিক্টোরিয়া Ⓓ এঞ্জেল
Solve দক্ষিণ আমেরিকার ভেনেজুয়েলায় রিও করোনি (Rio Caroni) নদীর ওপর অ্যাঞ্জেল জলপ্রপাত (Angel waterfall) পৃথিবীর সর্বোচ্চ জলপ্রপাত। এর পানি প্রায় ১১৭০ মিটার ওপর হতে নিচে পতিত হয়।

84. কোন প্রণালির দ্বারা আফ্রিকা মহাদেশ ইউরোপ মহাদেশ থেকে বিভক্ত হয়েছে?
Ⓐ জিব্রাল্টার Ⓑ পক Ⓒ বেরিং Ⓓ বাফিন
Solve

নাম	পৃথক করেছে	সংযুক্ত করেছে
জিব্রাল্টার প্রণালি	আফ্রিকা- ইউরোপ	উত্তর- আটলান্টিক ভূমধ্যসাগর
পক প্রণালি	ভারত-শ্রীলঙ্কা	ভারতসাগর-আরব সাগর
বেরিং প্রণালি	এশিয়া-উত্তর আমেরিকা	চুপচি সাগর- বেরিং সাগর

85. প্রাকৃতিক উপায়ে শিলারাশির বিখণ্ডায়ন ও বিশ্লিষ্ট হওয়ার প্রক্রিয়া–
Ⓐ বিচূর্ণীভবন Ⓑ ক্ষয়ীভবন Ⓒ অবনমন Ⓓ নগ্নীভবন
Solve বিচূর্ণীভবনের ফলে ভূত্বকের উপরিস্তরের শিলা ভেঙেচুরে শিথিল হয়ে পড়ে কিন্তু অপসারিত হয় না। আবহাওয়ার তারতম্যের জন্য বিচূর্ণীভবন হয় বলে বিচূর্ণীভবনকে আবহবিকারও বলা হয়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

86. সমান উচ্চতাবিশিষ্ট স্থানসমূহকে যে কাল্পনিক রেখা দ্বারা যুক্ত করা হয়–
Ⓐ কাল্পনিক রেখা Ⓑ ডুরান্ড লাইন
Ⓒ সমতাপ রেখা Ⓓ সমোন্নতি রেখা
Solve সমুদ্রপৃষ্ঠ থেকে একই উচ্চতায় অবস্থিত স্থানসমূহের ওপর দিয়ে যে রেখা অঙ্কিত হয় তাকে সমোন্নতি রেখা বলে। কোনো পাহাড়, মালভূমি বা দ্বীপের বিভিন্ন উচ্চতার ওপর দিয়ে অঙ্কিত সমোন্নতি রেখা দ্বারা উচ্চতা দেখান যায়। এরূপ মানচিত্রকে সমোন্নতি রেখা মানচিত্র (Contour Map) বলে।

87. বায়ুমণ্ডলের কোন স্তরকে উর্ধ্বাকাশ বলে?
Ⓐ ট্রপোস্ফিয়ার Ⓑ ষ্ট্রাটোস্ফিয়ার
Ⓒ আয়োনোস্ফিয়ার Ⓓ এক্সোস্ফিয়ার
Solve বায়ুমণ্ডলের উষ্ণতার হ্রাস বৃদ্ধির দিকে লক্ষ্য রেখে বায়ুমণ্ডলকে ৫টি ভাগে ভাগ করা হয়। যেমন-(১) ট্রপোস্ফিয়ার (২) স্ট্রাটোস্ফিয়ার (৩) থার্মোস্ফিয়ার (৪) এক্সোস্ফিয়ার এবং (৫) ম্যাগনেটোস্ফিয়ার।

88. তাপমাত্রা বাড়লে বায়ুর জলীয় বাষ্প ধারণ ক্ষমতা–
Ⓐ বাড়ে Ⓑ কমে
Ⓒ অপরিবর্তিত থাকে Ⓓ প্রথমে কমে পরে বৃদ্ধি পায়
Solve নির্দিষ্ট তাপমাত্রায় কোনো নির্দিষ্ট আয়তনের বায়ু নির্দিষ্ট পরিমাণ জলীয়বাষ্প ধারণ করে, বায়ু জলীয়বাষ্প ধারণ ক্ষমতা তাপমাত্রা বৃদ্ধির সাথে বেড়ে যায় এবং তাপমাত্রা হ্রাসের সাথে কমে যায়।

89. বাংলাদেশে প্রাপ্ত প্রাকৃতিক গ্যাসের মূল উপাদান কী?
Ⓐ ইথেন Ⓑ মিথেন Ⓒ প্রোপেন Ⓓ আর্গন
Solve তেলখনি হতে যে স্বাভাবিক গ্যাস নির্গত হয়, তাই প্রাকৃতিক গ্যাস। এ গ্যাস তেলের উপর ভাসমান অবস্থায় থাকে।

90. ভূতাত্ত্বিক সময়সারণি অনুযায়ী অতি সাম্প্রতিক যুগ কোনটি?
Ⓐ মেসোজোয়িক Ⓑ পেলিওসিন
Ⓒ ট্রাইয়োসিক Ⓓ সেনোজোয়িক
Solve প্যালোজোয়িক যুগের পর শুরু হয় মেসোজোয়িক যুগ। এ যুগে সরীসৃপ জাতীয় প্রাণীর ব্যাপক বিকাশের কারণে একে সরীসৃপ যুগও বলা হয়, বিগত ছয় কোটি ৬০ লক্ষ বছর থেকে বর্তমান সময় সেনোজোয়িক মহাযুগ হিসেবে অভিহিত।

91. পৃথিবীর দীর্ঘতম পর্বত শ্রেণি কোনটি?
Ⓐ আন্দিজ Ⓑ কোস্ট মাউন্টেন
Ⓒ হিমালয় Ⓓ পশ্চিমঘাট পর্বত
Solve দক্ষিণ আমেরিকার পশ্চিম উপকূলীয় অঞ্চল জুড়ে আন্দিজ পর্বতমালা বিস্তৃত আন্দিজ পর্বতমালার সর্বোচ্চ শৃঙ্গ আকোঙ্কাগুয়ার।

92. গ্রাফাইট কীসের উদাহরণ?
Ⓐ পাললিক শিলা Ⓑ রূপান্তরিত শিলা
Ⓒ প্লুটোনিক শিলা Ⓓ আগ্নেয়শিলা
Solve অঙ্গারময় পাললিক শিলা তাপ ও চাপে রূপান্তরিত হয়ে গ্রাফাইট সৃষ্টি হয়। রূপান্তরিত শিলা অঞ্চলে গ্রাফাইট পাওয়া যায়। গ্রাফাইট কাঠ পেনসিলের শিষ, রং তৈরির কাজে গ্রাফাইট ব্যবহার করা হয়। এছাড়া পারমাণবিক চুল্লি নিয়ন্ত্রণের কাজ ও ব্যবহার করা হয়।

93. টেকসই বাস্তুতন্ত্র কোনটি?
Ⓐ মহাসাগর Ⓑ পর্বত Ⓒ বন Ⓓ সমভূমি
Solve টেকসই উন্নয়নের জন্য মহাসাগর, সাগর আর সামুদ্রিক সম্পদ সংরক্ষণের প্রয়োজন। পরিবেশের জন্য ক্ষতিকর কার্বন ডাইঅক্সাইডের ৩০% শোষণ করে নেয় সমুদ্র। সাগরতলে বিভিন্ন ফাইটোপ্লাংকটন ৫০% অক্সিজেন সরবরাহ করে।

94. আড়িয়াল খাঁ কোন নদীর শাখা নদী?
Ⓐ পদ্মা Ⓑ যমুনা
Ⓒ মেঘনা Ⓓ সুরমা
Solve কুমার, মাথাভাঙা, ভৈরব, গড়াই, মধুমতী, আড়িয়াল খাঁ ইত্যাদি পদ্মা নদীর প্রধান শাখানদী। পুনর্ভবা, নাগর, পাগলা, কুলিক ও ট্যাংগন মহানন্দার উপনদী।

95. এক বা একাধিক মৌলিক পদার্থের সমন্বয়ে গঠিত হয়–
Ⓐ খনিজ Ⓑ শিলা Ⓒ মাটি Ⓓ কোনোটিই নয়
Solve প্রকৃতি প্রদত্ত অজৈব কঠিন পদার্থ যাদের মধ্যে কতিপয় প্রাকৃতিক বৈশিষ্ট্য এবং নির্দিষ্ট রাসায়নিক সংযুক্তি থাকে তাদেরকেই খনিজ পদার্থ বলে। কোনো কোনো খনিজ কেবল একটি মৌলিক উপাদানে গঠিত, যেমন- সোনা, রুপা, হীরা ইত্যাদি।

96. কোনটি আগ্নেয় লাভা থেকে সৃষ্ট নয়?
Ⓐ দক্ষিণাঞ্চলের মালভূমি Ⓑ হাওয়াই দ্বীপপুঞ্জ
Ⓒ ইটালির ভিসুভিয়াস Ⓓ বাংলাদেশের সেন্টমার্টিন
Solve ভূত্বকের ফাটল দিয়ে ভূপৃষ্ঠে ম্যাগমা নির্গমনকে আগ্নেয়গিরি বলে। সমুদ্র তলদেশেও বহু আগ্নেয়গিরি আছে। এদের লাভা সঞ্চিত হয়ে দ্বীপের সৃষ্টি হয়। হাওয়াই দ্বীপপুঞ্জ পৃথিবীর বৃহত্তম আগ্নেয় দ্বীপ।

97. দিনাজপুর জেলার অধিকাংশ স্থানই–
Ⓐ পাদদেশীয় পলল সমভূমি Ⓑ সমভূমি
Ⓒ প্লাবন সমভূমি Ⓓ সবগুলোই
Solve বাংলাদেশের উত্তর -পশ্চিমে বৃহত্তর রংপুর ও দিনাজপুর জেলার অধিকাংশ স্থান জুড়ে পাদদেশীয় পলল সমভূমি বিস্তৃত। হিমালয় পর্বত হতে আনীত পলল দ্বারাই এ অঞ্চল গঠিত। তিস্তা, আত্রাই, করতোয়া প্রভৃতি নদীবাহিত পলি জমা হয়ে এ ঢালু ভূমির সৃষ্টি হয়েছে।

98. বায়ুমণ্ডলের কোন স্তরে হিলিয়াম ও হাইড্রোজেন গ্যাসের প্রাধান্য থাকে?
Ⓐ এক্সোমণ্ডল Ⓑ তাপমণ্ডল
Ⓒ স্ট্রাটোমণ্ডল Ⓓ কোনোটিই নয়
Solve এক্সোমণ্ডলের স্তরটি ভূপৃষ্ঠের ৬৪০ কি.মি এর উর্ধ্বে অবস্থান। বায়ু এত হালকা যে তার অস্তিত্ব প্রায়ই বুঝা যায় না। এ স্তর প্রধানত অক্সিজেন হাইড্রোজেন ও হিলিয়াম পরমাণু দ্বারা গঠিত।

99. 'গর্জনশীল চল্লিশা' এর সীমানা হল–
Ⓐ ৪১° - ৪৮° দক্ষিণ অক্ষাংশ Ⓑ ৪০° - ৪৭° উত্তর অক্ষাংশ
Ⓒ ৪০° - ৪৭° দক্ষিণ অক্ষাংশ Ⓓ ৪১° - ৪৮° অক্ষাংশ
Solve ৪০° থেকে ৪৭° দক্ষিণ অক্ষাংশ পর্যন্ত পশ্চিমা বায়ুর গতিবেগ সর্বাপেক্ষা বেশি। এ অঞ্চলকে গর্জনশীল চল্লিশা (Roaring forties) বলে।

100. পৃথিবীর কোন স্থানে কোরিওলিস বল সবচেয়ে বেশি?
Ⓐ নিরক্ষ রেখা বরাবর Ⓑ দুই মেরুতে
Ⓒ ক্রান্তীয় অঞ্চলে Ⓓ উত্তর গোলার্ধে
Ans Ⓑ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

মনোবিজ্ঞান (ঐচ্ছিক)

51. কোন পদ্ধতিতে নিজের আচরণকে নিজেই অনুধ্যান করা যায়?
Ⓐ অন্তর্দর্শন পদ্ধতি Ⓑ পরীক্ষণ পদ্ধতি
Ⓒ চিকিৎসা পদ্ধতি Ⓓ পর্যবেক্ষণ পদ্ধতি Ans Ⓐ

52. একটি ১৫ বছরের শিশুর মানসিক বয়স ১৫ বছর হলে তার বুদ্ধ্যাংক কত?
Ⓐ ৯০ Ⓑ ১০০ Ⓒ ১১০ Ⓓ ১২০ Ans Ⓑ

53. কোন পদ্ধতিতে প্রাকৃতিক পরিবেশে আচরণকে পর্যবেক্ষণ বলা হয়?
Ⓐ পর্যবেক্ষণ পদ্ধতি Ⓑ পরীক্ষণ পদ্ধতি
Ⓒ চিকিৎসা পদ্ধতি Ⓓ জরিপ পদ্ধতি Ans Ⓐ

54. কোনটি প্রত্যক্ষণের ব্যক্তিনিষ্ঠ উপাদান নয়?
Ⓐ পূর্বপ্রস্তুতি Ⓑ আবেগ
Ⓒ প্রেষণা Ⓓ উদ্দীপকের সাদৃশ্য Ans Ⓓ

55. ভেডিড ওয়েসলার ছিলেন একজন–
Ⓐ মনোবিজ্ঞানী Ⓑ সাইকিয়াট্রিষ্ট
Ⓒ চিকিৎসা মনোবিজ্ঞানী Ⓓ সাহিত্যিক Ans Ⓐ

56. অক্ষিপটের যে স্থানে রড ও কোন নেই তাকে বলে–
Ⓐ ফোভিয়া Ⓑ অন্ধবিন্দু
Ⓒ ভেলেরা Ⓓ কর্নিয়া Ans Ⓑ

57. ব্যক্তিত্বের সবচেয়ে গ্রহণযোগ্য সংজ্ঞা দিয়েছেন–
Ⓐ ওয়েসলার Ⓑ আলপোর্ট
Ⓒ প্যাভলভ Ⓓ ক্যাটেল Ans Ⓑ

58. কোন গ্রন্থি অন্য সকল গ্রন্থির কাজ নিয়ন্ত্রণ করে?
Ⓐ পিটুইটারি গ্রন্থি Ⓑ এড্রিনাল গ্রন্থি
Ⓒ থাইরয়েড গ্রন্থি Ⓓ গোনাডস Ans Ⓐ

59. কোন প্রক্রিয়ার মাধ্যমে উদ্দীপক সম্পর্কে সরলতম জ্ঞান লাভ হয়?
Ⓐ প্রত্যক্ষণ Ⓑ সংবেদন
Ⓒ শিক্ষণ Ⓓ চিন্তন Ans Ⓑ

60. কোনটি গৌণ প্রেষণা?
Ⓐ ক্ষুধা Ⓑ তৃষ্ণা
Ⓒ নিদ্রা Ⓓ ক্ষমতা অর্জনের আকাঙ্ক্ষা Ans Ⓓ

61. কোন শিক্ষণে শুধুমাত্র সঠিক প্রতিক্রিয়া করার পর বলবৃদ্ধিকরণ করা হয়?
Ⓐ সাপেক্ষীকরণ Ⓑ সহায়ক শিক্ষণ
Ⓒ সুপ্ত শিক্ষণ Ⓓ সবগুলো Ans Ⓓ

62. অনির্ভরশীল ও নির্ভরশীল চলের মধ্যকার কার্যকারণ সম্পর্ক নির্ণয় করা হয় কোন পদ্ধতির সাহায্যে?
Ⓐ অন্তর্দর্শন Ⓑ পর্যবেক্ষণ
Ⓒ পরীক্ষণ Ⓓ জীবনচরিত Ans Ⓒ

63. গভীরতা প্রত্যক্ষণের দ্বিনেত্রীয় সংকেত কোনটি?
Ⓐ মসৃণতা Ⓑ রৈখিক দৃষ্টিকোণ
Ⓒ অক্ষিপটমূলক বৈষম্য Ⓓ আলোছায়া Ans Ⓒ

64. বুদ্ধির সর্বোচ্চ ও সর্বনিম্ন সীমা নির্ধারণ করে–
Ⓐ বংশগতি Ⓑ পরিবেশ
Ⓒ বংশগতি ও পরিবেশ Ⓓ প্রতিপালন পদ্ধতি Ans Ⓒ

65. নিচের কোন গ্রন্থির হরমোনের সাথে মিক্সিডিমা রোগের সম্পৃক্ততা আছে?
Ⓐ থাইরয়েড Ⓑ যৌন গ্রন্থি
Ⓒ এড্রিনাল Ⓓ প্যারাথাইরয়েড Ans Ⓐ

66. Phi-phenomenon কোন ধরনের অধ্যাস?
Ⓐ জ্যামিতিক Ⓑ শারীরিক
Ⓒ গতি Ⓓ প্রাকৃতিক Ans Ⓒ

67. কোন বিজ্ঞানী মনোবিজ্ঞানকে আচরণের বিজ্ঞান হিসেবে সংজ্ঞায়িত করেন?
Ⓐ ফ্রয়েড Ⓑ জেমস
Ⓒ উন্ড Ⓓ ওয়াটসন Ans Ⓓ

68. মস্তিষ্কের কোন অংশটি ক্ষুধা নিয়ন্ত্রণ করে?
Ⓐ থ্যালামাস Ⓑ হাইপোথ্যালামাস
Ⓒ পনস Ⓓ এমিগডালা Ans Ⓑ

69. IQ এর পূর্ণরূপ কোনটি?
Ⓐ Intelligence Question Ⓑ Intelligent Quotient
Ⓒ Intelligence Quotient Ⓓ Intelligent Question Ans Ⓒ

70. সংবেদনের অর্থপূর্ণ ব্যাখ্যাই হল–
Ⓐ প্রেষণা Ⓑ আবেগ Ⓒ প্রত্যক্ষণ Ⓓ মনোভাব Ans Ⓒ

71. স্বল্পস্থায়ী স্মৃতির ধারণ ক্ষমতা কত?
Ⓐ ৪ ± ২ Ⓑ ৭ ± ২ Ⓒ ৮ ± ২ Ⓓ ৬ ± ২ Ans Ⓑ

72. কোন পদ্ধতিতে বাহ্যিক চল নিয়ন্ত্রণ করা হয়?
Ⓐ অন্তর্দর্শন Ⓑ চিকিৎসা
Ⓒ পরীক্ষণ Ⓓ পর্যবেক্ষন Ans Ⓒ

73. গবেষক পরীক্ষণে কোন চলের হ্রাস বা বৃদ্ধি করে থাকেন?
Ⓐ অনির্ভরশীল চল Ⓑ নির্ভরশীল চল
Ⓒ বাহ্যিক চল Ⓓ মধ্যবর্তী চল Ans Ⓑ

74. Persona শব্দের অর্থ কি?
Ⓐ মুখোশ Ⓑ ব্যক্তিত্ব Ⓒ শরীর Ⓓ মানুষ Ans Ⓑ

75. বয়স, অভ্যাস, লিঙ্গ, অভিজ্ঞতা কোন চলের উদাহরণ?
Ⓐ মধ্যবর্তী চল Ⓑ বাহ্যিক চল
Ⓒ নির্ভরশীল চল Ⓓ অনির্ভরশীল চল Ans Ⓐ

76. নিচের কোনটি শিক্ষণের অত্যাবশ্যকীয় শর্ত নয়?
Ⓐ সমস্যা Ⓑ বলবৃদ্ধি
Ⓒ প্রেষণা Ⓓ আবেগ Ans Ⓓ

77. চিরায়ত সাপেক্ষীকরণের প্রবর্তক কে?
Ⓐ স্কিনার Ⓑ প্যাভলভ
Ⓒ থর্নডাইক Ⓓ কোহলার Ans Ⓑ

78. কোন শিক্ষণে সঠিক প্রতিক্রিয়া করার পূর্বে বলবর্ধক উপস্থাপন করা হয়?
Ⓐ সহায়ক শিক্ষণ Ⓑ চিরায়ত সাপেক্ষীকরণ
Ⓒ অন্তর্দৃষ্টিমূলক Ⓓ পরিহারমূলক শিক্ষণ Ans Ⓑ

79. এই ভর্তি পরীক্ষায় স্মৃতি পরিমাপের কোন পদ্ধতি ব্যবহার করা হয়েছে?
Ⓐ প্রত্যাভিজ্ঞা Ⓑ প্রত্যাহ্বান
Ⓒ সঞ্চয়ী Ⓓ পূর্বশিক্ষণ Ans Ⓐ

80. বুদ্ধি অভীক্ষা প্রথম কে তৈরি করেন?
Ⓐ বিনে Ⓑ সিমো
Ⓒ টারম্যান Ⓓ ওয়েসলার Ans Ⓐ

81. বয়ঃসন্ধিতে ছেলেদের কোন হরমোন ক্ষরিত হয়?
Ⓐ এন্ড্রোজেন Ⓑ এস্ট্রোজেন
Ⓒ ভেসোপ্রসিন Ⓓ সবগুলো Ans Ⓐ

82. কাহিনি সংপ্রত্যক্ষণ অভীক্ষা কে তৈরি করেন?
Ⓐ হারম্যান রোশাক Ⓑ আব্রাহাম মাসলো
Ⓒ রজার্স Ⓓ মরগান ও মারে Ans Ⓓ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

83. মনোবিজ্ঞানের প্রথম গবেষণার প্রতিষ্ঠা করেন–
Ⓐ Wundt Ⓑ Freud Ⓒ Adler Ⓓ Jung Ans Ⓐ

84. শ্বাস-প্রশ্বাসের গতি পরিমাপ করা হয় কোন যন্ত্র দিয়ে?
Ⓐ পিউপিলো Ⓑ নিউমোগ্রাফ
Ⓒ প্রেসারগজ Ⓓ কার্ডিওগ্রাফ Ans Ⓑ

85. পরবর্তী শিক্ষণ পূর্ববর্তী শিক্ষণের স্মৃতিতে যে বাধা সৃষ্টি করে তাকে বলা হয়–
Ⓐ পূর্বশিক্ষণ প্রতিবন্ধকতা Ⓑ স্মৃতি
Ⓒ অনুশিক্ষণ প্রতিবন্ধকতা Ⓓ উভয়ই Ans Ⓒ

86. মুলার-লায়ার অধ্যাস কোন ধরনের অধ্যাস?
Ⓐ জ্যামিতিক Ⓑ গতি Ⓒ চন্দ্র Ⓓ শারীরবৃত্তীয় Ans Ⓐ

87. Psychology শব্দের psyche শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
Ⓐ ল্যাটিন Ⓑ গ্রিক
Ⓒ জার্মান Ⓓ ফরাসি Ans Ⓑ

88. মানব দেহের একক কোনটি?
Ⓐ জিন Ⓑ কোষ
Ⓒ ক্রোমোসোম Ⓓ ডি.এন.এ Ans Ⓑ

89. বাহ্যিক চল নিয়ন্ত্রণের কৌশল কোনটি?
Ⓐ অপসারণ Ⓑ তুল্যমূল্যায়ন
Ⓒ দৈবচয়ন Ⓓ সবগুলো Ans Ⓓ

90. কোনটি ব্যক্তিত্বের প্রশ্নমালা অভীক্ষা?
Ⓐ রোশাক কালির ছাপ অভীক্ষা Ⓑ কাহিনি প্রত্যক্ষণ অভীক্ষা
Ⓒ MMPI Ⓓ সবগুলো Ans Ⓒ

91. একটি প্রেষণাচক্রে কয়টি স্তর রয়েছে?
Ⓐ ২ Ⓑ ৩ Ⓒ ৪ Ⓓ ৫ Ans Ⓓ

92. বঙ্গদেশীয় মেরুর সংখ্যা কত জোড়া?
Ⓐ ১ Ⓑ ৫ Ⓒ ৮ Ⓓ ১২ Ans Ⓓ

93. আবেগের কেন্দ্রস্থল বলা হয় কোনটিকে?
Ⓐ Hippocampus Ⓑ Thalamus
Ⓒ Hypothalamus Ⓓ Cerebrum Ans Ⓐ

94. কোনটি মনোযোগের ব্যক্তিনিষ্ঠ শর্ত?
Ⓐ স্থায়িত্ব Ⓑ আগ্রহ
Ⓒ নতুনত্ব Ⓓ উদ্দীপকের আকার Ans Ⓑ

95. অনালি গ্রন্থি থেকে যে রস বা পদার্থ নিঃসৃত হয় তার নাম কী?
Ⓐ নিউরণ Ⓑ হরমোন Ⓒ সন্নিকর্ষ Ⓓ এক্সন Ans Ⓑ

96. কোন বস্তু বা উদ্দীপকের ভুলভাবে প্রত্যক্ষণ করাকে কী বলে?
Ⓐ অধ্যাস Ⓑ অলীক প্রত্যক্ষণ
Ⓒ অলীকবীক্ষণ Ⓓ ভ্রান্ত পর্যবেক্ষণ Ans Ⓑ

97. রেটিনার কোন কোষ রাতের বেলায় সংবেদনশীল?
Ⓐ রড কোষ Ⓑ কোনো কোষ
Ⓒ গ্যাংলিয়ন কোষ Ⓓ কোনোটিই নয় Ans Ⓐ

98. যে প্রক্রিয়ায় শিশু সামাজিক মানুষ হিসেবে গড়ে উঠে তাকে বলে–
Ⓐ সামাজিক আদর্শমান Ⓑ সামাজিকীকরণ
Ⓒ মতানুবর্তিতা Ⓓ মনোভাব Ans Ⓑ

99. বংশগতির বাহক কোনটি?
Ⓐ ক্রোমোসোম Ⓑ জিন
Ⓒ ডি.এন.এ Ⓓ আর.এন.এ Ans Ⓐ

100. একটি পরিপক্ব জনন কোষে কতটি সেক্স ক্রোমোসোম থাকে?
Ⓐ ২২টি Ⓑ ২২ জোড় Ⓒ ১টি Ⓓ ১ জোড়া Ans Ⓓ

সাধারণ জ্ঞান (ঐচ্ছিক)

51. দেশের বৃহত্তম সৌর বিদ্যুৎ কেন্দ্র কোথায় অবস্থিত?
Ⓐ বেতাগী, বরগুনা Ⓑ ফুলতলা, খুলনা
Ⓒ সন্দ্বীপ, চট্টগ্রাম Ⓓ টঙ্গী, গাজীপুর
Solve: C বৃহত্তর এ সৌর বিদ্যুৎ কেন্দ্রের ১০০ কিলোওয়াট সোলার মিনি গ্রিড থেকে আলোকিত হচ্ছে মেঘনা মোহনার জনপদ। এ প্রকল্পে ব্যয় হয়েছে ৫ কোটি ৭৭ লাখ টাকা।

52. SDGs কী?
Ⓐ South Asian Development Goals
Ⓑ Sustainable Development Goals
Ⓒ Supplier Development Goals
Ⓓ Sunderban Development Group
Solve: B SDGs -এর মেয়াদ কাল ২০১৬-২০৩০ সাল। এতে মোট ১৭টি লক্ষ্যমাত্রা ও ১৬৯টি লক্ষ্য অন্তর্ভুক্ত রয়েছে। ২৫-২৭ সেপ্টেম্বর যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে UN Sustainable development Summit এ বিভিন্ন দেশের সরকার প্রধানের আলোচনার মাধ্যমে এ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়।

53. মাদার তেরেসা কোন দেশে জন্মগ্রহণ করেন?
Ⓐ ভারত Ⓑ আলজেরিয়া Ⓒ আলবেনিয়া Ⓓ ফ্রান্স
Solve: C মাদার তেরেসা ২৬ আগস্ট ১৯১০ সালে মেসিডোনিয়ার স্কোপজে জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন আলবেনীয় বংশোদ্ভূত। ১৯৫০ সালে কলকাতায় প্রথম তিনি মিশনারিজ অফ চ্যারিটি নামে একটি সেবা প্রতিষ্ঠান গড়ে তোলেন। তাঁর মৃত্যুর পর পোপ দ্বিতীয় জন পল তাকে স্বর্গীয় ব্যাখ্যা দেন। ১৯৭৯ সালে তিনি তার সেবাকার্যের জন্য নোবেল শান্তি পুরস্কার পান। তিনি ১৯২৯ সালে ভারতে আসেন।

54. স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য কতজন মহিলা বীর প্রতীক উপাধিতে ভূষিত হন?
Ⓐ ২ জন Ⓑ ৫ জন Ⓒ ৬ জন Ⓓ ৭ জন
Solve: A

উপাধি	সংখ্যা
বীরশ্রেষ্ঠ	৭ জন
বীর উত্তম	৬৯ জন
বীর বিক্রম	১৭৫ জন
বীর প্রতীক	৪২৬ জন

55. 'আমরা হিন্দু বা মুসলিম যেমন সত্য, তার চেয়ে বেশি সত্য আমরা বাঙ্গালী' উক্তি করেন–
Ⓐ রবীন্দ্রনাথ ঠাকুর Ⓑ কাজী নজরুল ইসলাম
Ⓒ ড. মুহম্মদ শহীদুল্লাহ Ⓓ মাওলানা আকরাম খাঁ
Solve: C ড. মুহাম্মদ শহীদুল্লাহ ভারতীয় উপমহাদেশের একজন স্মরণীয় বাঙ্গালি ব্যক্তিত্ব, বহুভাষাবিদ, বিশিষ্ট শিক্ষক ও দার্শনিক ছিলেন। তিনি ভারতের পশ্চিমবঙ্গের অবিভক্ত চব্বিশ পরগনা জেলার পেয়ারা গ্রামে জন্মগ্রহণ করেন।

56. প্রথম বাংলাদেশি নারী মেজর জেনারেল কে?
Ⓐ গীতি আরা সাফিয়া Ⓑ নাজমুন নাহার
Ⓒ সুসানে গীতি Ⓓ রোমানা হক
Solve: C মেজর জেনারেল সুসানে গীতি বাংলাদেশের প্রথম নারী মেজর জেনারেল। তিনি ২০১৮ সালের ৩০ সেপ্টেম্বর বাংলাদেশ সেনাবাহিনীর প্রথম নারী হিসেবে পদোন্নতি পেয়ে মেজর জেনারেল হন।

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

57. বাংলাদেশে দিয়াশলাইয়ের কাঠি প্রস্তুত হয় কোন কাঠ হতে?
Ⓐ গেওয়া Ⓑ গরান Ⓒ ধুন্দল Ⓓ শিমুল
Solve গেওয়া গাছ সুন্দরবনে জন্মে। এটি লবণাক্ত পরিবেশের একটি উদ্ভিদ।

58. হিলি স্থলবন্দরটি কোন জেলায় অবস্থিত?
Ⓐ নোয়াখালী Ⓑ যশোর Ⓒ দিনাজপুর Ⓓ সাতক্ষীরা
Solve যশোরের 'বেনাপোল' বাংলাদেশের সবচেয়ে বড় স্থলবন্দর। সাতক্ষীরার ভোমরা ও কলারোয়া স্থলবন্দর উল্লেখযোগ্য। নোয়াখালীতে কোনো স্থলবন্দর নেই। নতুন স্থলবন্দর হবিগঞ্জের চুনারুঘাটের বাল্লা।

59. নারী এশিয়া কাপ ২০১৮ এর বিজয়ী কোন দেশ?
Ⓐ ভারত Ⓑ শ্রীলঙ্কা Ⓒ বাংলাদেশ Ⓓ আফগানিস্তান
Solve ২০১৮ মহিলা টুয়েন্টি ২০ এশিয়া কাপ এশিয়ান ক্রিকেট কাউন্সিল আয়োজিত এসিসি প্রমিলা এশিয়া কাপের সপ্তম সংস্করণ। এটি ২০১৮ সালের ৩ থেকে ১৮ জুন পর্যন্ত মালয়েশিয়ায় অনুষ্ঠিত হয়। টুর্নামেন্টে অংশ নিয়েছিলো বাংলাদেশ, ভারত, মালয়েশিয়া, পাকিস্তান, শ্রীলঙ্কা এবং থাইল্যান্ড।

60. মার্কিন কংগ্রেসে প্রথম মুসলিম নারী কংগ্রেসম্যান হতে যাচ্ছেন কে?
Ⓐ নুস ঘানি Ⓑ রাশিদা তিলাইব
Ⓒ হালিমা ইয়াকুব Ⓓ আমাতুল ওয়াদুদ Ans Ⓑ

61. জনসংখ্যার ভিত্তিতে বিশ্বের সবচেয়ে বড় মুসলিম দেশ কোনটি?
Ⓐ সৌদি আরব Ⓑ ইন্দোনেশিয়া
Ⓒ মালয়েশিয়া Ⓓ ইরান
Solve বর্তমানে পৃথিবীতে জনসংখ্যা প্রায় ৭৫৫ কোটি যার মধ্যে মুসলমানদের সংখ্যা প্রায় ১৫৭ কোটি অর্থাৎ বর্তমান বিশ্বে মোট জনসংখ্যার প্রায় ২৩% মুসলিম। আর মুসলমান প্রায় ২০% এশিয়া মহাদেশে বাস করে। ইন্দোনেশিয়ায় প্রায় ২০ কোটি ৩০ লাখ মুসলমান বাস করে যা বিশ্বের মোট মুসলমান জনসংখ্যার প্রায় ১৩%।

62. ন্যাশনাল লীগ ফর ডেমোক্রেসি কোন দেশের রাজনৈতিক দল?
Ⓐ থাইল্যান্ড Ⓑ ভিয়েতনাম Ⓒ মিয়ানমার Ⓓ চীন
Solve ন্যাশনাল লীগ ফর ডেমোক্রেসি ১৯৮৮ সালে প্রতিষ্ঠিত হয়। অং সান সুচির নেতৃত্বে মিয়ানমারে এ রাজনৈতিক দলটি প্রতিষ্ঠিত হয়। মিয়ানমারের বর্তমান সরকার NLD পরিচালিত সরকার।

63. 'সোয়াচ অব নো গ্রাউন্ড' কোথায় অবস্থিত?
Ⓐ বঙ্গোপসাগরে Ⓑ বাল্টিক সাগরে
Ⓒ ভূমধ্যসাগরে Ⓓ লোহিত সাগরে
Solve সোয়াচ অব নো গ্রাউন্ড গঙ্গা খাত নামেও পরিচিত। এটি খাদ আকৃতির সামুদ্রিক অববাহিকা বা গিরিখাত যা বঙ্গোপসাগরের মহীসোপানকে কৌণিকভাবে অতিক্রম করেছে।

64. জাতীয় সংসদের এক নং আসনটি কোন জেলায়?
Ⓐ কক্সবাজার Ⓑ পঞ্চগড়
Ⓒ রাঙামাটি Ⓓ বান্দরবন
Solve ৩৫০ আসন নিয়ে জাতীয় সংসদ গঠিত হয়। ৩০০ জন একক নির্বাচনী এলাকা থেকে নির্বাচিত হন এবং ৫০ জন সংরক্ষিত মহিলা আসনে নির্বাচিত হন একক হস্তান্তরযোগ্য ভোটের মাধ্যমে। ৩০০ নির্বাচনী আসনের ১নং আসন পঞ্চগড়ে এবং ৩০০ নং আসন বান্দরবানে অবস্থিত।

65. চা গবেষণা কেন্দ্র অবস্থিত–
Ⓐ সিলেট Ⓑ ঢাকায়
Ⓒ শ্রীমঙ্গলে Ⓓ মৌলভীবাজারে
Solve

নাম	অবস্থান
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট	জয়দেবপুর, গাজীপুর
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট	জয়দেবপুর, গাজীপুর
বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট	ঢাকা

66. Fourth Estate বলতে বোঝায়?
Ⓐ The Police Ⓑ The Military
Ⓒ The Press Ⓓ The Library
Solve রাষ্ট্রের ৩টি স্তম্ভ হলো (১) নির্বাহী বিভাগ (২) আইন বিভাগ (৩) বিচার বিভাগ। এরপর সংবাদপত্রকে রাষ্ট্রের চতুর্থ স্তম্ভের মর্যাদা দেওয়া হয় কারণ সংবাদপত্র গণতন্ত্র রক্ষায় ও জাতিগঠনে অপরিসীম ভূমিকা পালন করে।

67. কোন দেশে প্রথম মহিলাদের ভোটাধিকার প্রদান করা হয়?
Ⓐ বাহামা Ⓑ নিউজিল্যান্ড Ⓒ মিয়ানমার Ⓓ যুক্তরাজ্য
Solve ১৮৯৩ সালে যুক্তরাজ্যের তৎকালীন নিউজিল্যান্ড উপনিবেশ তাদের নারীদের ভোটের অধিকার দেয়। কানাডা ১৯১৭ সালে, যুক্তরাজ্য ১৯১৮ সালে এবং মার্কিন যুক্তরাষ্ট্র ১৯২০ সালে নারীদের ভোটাধিকার প্রদান করে।

68. মুজিবনগর সরকারের স্বরাষ্ট্রমন্ত্রী কে ছিলেন?
Ⓐ তাজউদ্দিন আহমেদ Ⓑ এম মুনসুর আলী
Ⓒ এ এইচ এম কামারুজ্জামান Ⓓ খন্দকার মোশতাক আহমেদ
Solve মুজিবনগর সরকার:

রাষ্ট্রপতি	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
উপরাষ্ট্রপতি	সৈয়দ নজরুল ইসলাম
প্রধানমন্ত্রী	তাজউদ্দীন আহমেদ
পররাষ্ট্র, আইন ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়	খন্দকার মোশতাক আহমেদ
অর্থ ও জাতীয় রাজস্ব, বাণিজ্য ও শিল্প মন্ত্রণালয়	এম. মনসুর আলী
স্বরাষ্ট্র, সরবরাহ, ত্রাণ ও পুণর্বাসন মন্ত্রণালয়	এ. এইচ. এম. কামারুজ্জামান

69. ছয় দফা কত সালে ঘোষিত হয়?
Ⓐ ১৯৬৪ Ⓑ ১৯৬৬ Ⓒ ১৯৬৯ Ⓓ ১৯৭১
Solve ৫ ফেব্রুয়ারি ১৯৬৬ সালে লাহোরে বিরোধী দলসমূহের জাতীয় সম্মেলনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রথম ৬-দফা দাবি উত্থাপন করেন। এরপর ২৩ মার্চ সংবাদ সম্মেলন করে আওয়ামী লীগের পক্ষ থেকে ৬ দফার দাবি জানানো হয়।

70. বাংলাদেশের প্রথম জাদুঘর কোনটি?
Ⓐ জাতীয় জাদুঘর Ⓑ বরেন্দ্র জাদুঘর
Ⓒ লোকশিল্প জাদুঘর Ⓓ মুক্তিযুদ্ধ জাদুঘর
Solve বরেন্দ্র গবেষণা জাদুঘর রাজশাহী শহরে স্থাপিত বাংলাদেশের প্রথম জাদুঘর। এই প্রত্নসংগ্রহশালাটি ১৯১০ খ্রিস্টাব্দে ব্যক্তিগত উদ্যোগে স্থাপিত হয়েছিলো। বর্তমানে রাজশাহী বিশ্ববিদ্যালয় এটি পরিচালনা করে থাকে।

71. আজারবাইজানের রাজধানীর নাম–
Ⓐ বাকু Ⓑ বিশবেক Ⓒ তাসখন্দ Ⓓ হেলসিংকি
Solve

দেশ	রাজধানী
কিরগিজস্তান	বিশবেক
উজবেকিস্তান	তাসখন্দ
ফিনল্যান্ড	হেলসিংকি

72. ভলিবল খেলায় এক দলে খেলোয়াড়ের সংখ্যা–
Ⓐ ৫ জন Ⓑ ৬ জন Ⓒ ৭ জন Ⓓ ৮ জন Ans Ⓑ

73. কোন শাকে লৌহের পরিমাণ সবচেয়ে বেশি?
Ⓐ কচু Ⓑ পালং Ⓒ কলমি Ⓓ পুঁই
Solve বাংলাদেশ ডেমোগ্রাফিক অ্যান্ড হেলথ সার্ভে ২০১১ -এর তথ্য অনুযায়ী শতকরা ৪২ ভাগ নারী রক্তে লৌহ স্বল্পতায় ভুগছে।

74. বায়ুর প্রধান উপাদান কোনটি?
Ⓐ অক্সিজেন Ⓑ হাইড্রোজেন
Ⓒ নাইট্রোজেন Ⓓ কার্বন ডাইঅক্সাইড
Solve বায়ুতে উপাদানসমূহ:

উপাদান	শতকরা পরিমাণ
নাইট্রোজেন	৭৮.০২%
অক্সিজেন	২০.৭১%
আর্গন	.৮০%
হিলিয়াম	০.০০০৫%
কার্বন ডাইঅক্সাইড	০.০৩%

75. FAO এর সদর দপ্তর কোথায়?
Ⓐ রোমে Ⓑ প্যারিসে Ⓒ ম্যানিলায় Ⓓ জেনেভায়
Solve

সংস্থা	সদর দপ্তর
Asian Development Bank	ম্যানিলা, ফিলিপাইন
UNICEF	প্যারিস, ফ্রান্স
জাতিসংঘ	নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র

76. বাংলাদেশের ইলিশ মাছ কোন সনদ লাভ করেছে?
Ⓐ BSTI Ⓑ GI
Ⓒ ISO Ⓓ ISBN
Solve বাংলাদেশের ভৌগোলিক নির্দেশক পণ্য (GI) হলো তিনটি: জামদানি, ইলিশ ও খিরসাপাতি । ইলিশ উৎপাদনে বাংলাদেশ বিশ্বের অন্যতম। বাংলাদেশে বিশ্বের মোট ৭৫ শতাংশ ইলিশ আহরিত হয়। এছাড়া ১৫ শতাংশ মিয়ানমার, ৫ শতাংশ ভারত ও ৫ শতাংশ অন্যান্য দেশের।

77. বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম আরব দেশ কোনটি?
Ⓐ কুয়েত Ⓑ ইরান
Ⓒ সৌদি আরব Ⓓ ইরাক
Solve বাংলাদেশকে স্বীকৃতিতে প্রথম:

নাম	দেশ	তারিখ
প্রথম দেশ	ভুটান	৬ ডিসেম্বর ১৯৭১
আরব দেশ	ইরাক	৮ জুলাই ১৯৭২
ইউরোপীয় দেশ	পূর্ব জার্মানি	১১ জানুয়ারি ১৯৭২
অ-আরব মুসলিম দেশ	সেনেগাল	১ ফেব্রুয়ারি ১৯৭২

78. বাংলাদেশ জাতিসংঘের সদস্যপদ লাভ করে কবে?
Ⓐ ১৮ এপ্রিল ১৯৭২ Ⓑ ১৭ সেপ্টেম্বর ১৯৭৪
Ⓒ ২৫ সেপ্টেম্বর ১৯৭৪ Ⓓ ১৭ অক্টোবর ১৯৭৫
Solve বিভিন্ন সংস্থার বাংলাদেশের সদস্যপদ লাভ:

সংস্থা	সদস্যপদ লাভ
কমনওয়েলথ	১৮ এপ্রিল ১৯৭২
বিশ্ব স্বাস্থ্য সংস্থা	১৭ মে ১৯৭২
আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO)	২২ জুন ১৯৭২
জোটনিরপেক্ষ আন্দোলন (NAM)	৫ সেপ্টেম্বর ১৯৭৩

79. বাংলাদেশ মহাকাশে স্যাটেলাইট প্রেরণকারী কততম দেশ?
Ⓐ ৪৭ Ⓑ ৫১ Ⓒ ৫৭ Ⓓ ৬৭
Solve ১১ মে ২০১৮ সালে যুক্তরাষ্ট্রের কেনেডি স্পেস সেন্টার থেকে বাংলাদেশের প্রথম স্যাটেলাইট বঙ্গবন্ধু-১ প্রেরণ করা হয়। যার মাধ্যমে বাংলাদেশ ৫৭তম স্যাটেলাইট প্রেরণকারী দেশের মর্যাদা অর্জন করে।

80. G-7 এর একমাত্র এশীয় দেশ কোনটি?
Ⓐ ভারত Ⓑ জাপান Ⓒ চীন Ⓓ সিঙ্গাপুর
Solve G-7 এর একমাত্র এশীয় দেশ জাপান। G-7 এর ৭টি দেশের নাম হলো: কানাডা, ফ্রান্স, জার্মানি, ইতালি, জাপান, যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্র।

81. ২০১৮ সালে সাহিত্যে স্বাধীনতা পুরস্কার পান–
Ⓐ সেলিনা হোসেন Ⓑ নির্মলেন্দু গুণ
Ⓒ জাফর ইকবাল Ⓓ হুমায়ূন আহমেদ
Solve ২০১৮ সালে ১৮ জন ব্যক্তিত্ব জাতীয় জীবনে তাদের অবদানের জন্য স্বাধীনতা পুরস্কার সম্মাননায় ভূষিত করা হয়।

প্রাপক	ক্ষেত্র
মোশাররফ হোসেন	স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ
হাসান আজিজুল হক	সাহিত্য
মুর্তজা বশীর	সংস্কৃতি
হাসিনা খান	গবেষণা ও প্রশিক্ষণ
নুরুন্নাহার ফাতেমা বেগম	চিকিৎসাবিদ্যা
কাজী খলীকুজ্জমান আহমদ	সমাজসেবা

82. বাংলাদেশে মুক্তিযুদ্ধ জাদুঘর বর্তমানে কোথায় অবস্থিত?
Ⓐ কাকরাইল Ⓑ মতিঝিল
Ⓒ সেগুনবাগিচা Ⓓ আগারগাঁও
Solve ২২ মার্চ ১৯৯৬ সালে ঢাকার আগারগাঁও এ মুক্তিযুদ্ধ জাদুঘর স্থাপন করা হয়।

83. ঐতিহাসিক কাগমারী সম্মেলনে নেতৃত্বদানকারী নেতার নাম কী?
Ⓐ শহীদ সোহরাওয়ার্দী Ⓑ শেখ মুজিবুর রহমান
Ⓒ মওলানা ভাসানী Ⓓ শহীদ তিতুমীর
Solve কাগমারী সম্মেলন ৬-১০ ফেব্রুয়ারি ১৯৫৭ টাঙ্গাইল জেলার কাগমারীতে অনুষ্ঠিত একটি সাংস্কৃতিক সম্মেলন। এই সম্মেলনে সভাপতিত্ব করেন মাওলানা আবদুল হামিদ খান ভাসানী।

84. 'ল্যান্ড অব মার্বেল' বলা হয় কোন দেশকে?
Ⓐ জাপান Ⓑ সুইজারল্যান্ড Ⓒ ইতালি Ⓓ বেলজিয়াম
Solve

উপনাম	দেশ
ভূমিকম্পের দেশ	জাপান
সম্মেলনের শহর	সুইজারল্যান্ড
ইউরোপের ককপিট	বেলজিয়াম

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

85. জীব জগতের জন্য সবচেয়ে ক্ষতিকারক রশ্মি কোনটি?
Ⓐ এক্স-রশ্মি Ⓑ গামা রশ্মি
Ⓒ অতিবেগুনি রশ্মি Ⓓ সবগুলোই
Solve ১৯০০ সালে পল ভিলার্ড গামা রশ্মির আবিষ্কার করে। এটি তড়িৎচুম্বকীয় তরঙ্গ যার তরঙ্গদৈর্ঘ্য খুবই কম।

86. মসজিদের শহর বলা হয় কোনটিকে?
Ⓐ ইসলামাবাদ Ⓑ ঢাকা Ⓒ ইস্তাম্বুল Ⓓ জাকার্তা
Solve

শহর	স্থান
ইসলামাবাদ	পাকিস্তানের রাজধানী
ইস্তাম্বুল	তুরস্কের একটি শহর
জাকার্তা	ইন্দোনেশিয়ার রাজধানী

87. ইউনেস্কোর সদর দপ্তর কোথায় অবস্থিত?
Ⓐ নিউইয়র্কে Ⓑ ওয়াশিংটনে Ⓒ প্যারিসে Ⓓ রোমে
Solve

নিউইয়র্ক	জাতিসংঘের সদর দপ্তর
রোম	বিশ্ব খাদ্য সংস্থার সদর দপ্তর
ওয়াশিংটন	বিশ্ব ব্যাংকের সদর দপ্তর

88. কোন ক্ষেত্রে অবদানের জন্য অমর্ত্য সেনকে নোবেল পুরস্কার দেওয়া হয়েছে?
Ⓐ উন্নয়ন অর্থনীতি Ⓑ কল্যাণ অর্থনীতি
Ⓒ আন্তর্জাতিক বাণিজ্যতত্ত্ব Ⓓ মজুরি তত্ত্ব
Solve অমর্ত্য সেন একজন নোবেল পুরস্কার বিজয়ী ভারতীয় বাঙালি অর্থনীতিবিদ ও দার্শনিক। দুর্ভিক্ষ ও মানব উন্নয়ন তত্ত্ব নিয়ে গবেষণা ও উদারনৈতিক রাজনীতিতে অবদান রাখার জন্য ১৯৯৮ সালে তিনি নোবেল পুরস্কারে ভূষিত হন।

89. রাশিয়া ফুটবল বিশ্বকাপ ২০১৮ এর সেরা উদীয়মান খেলোয়াড় কে?
Ⓐ থিবো কুর্তোয়া Ⓑ কিলিয়ান এম্বাপ্পে
Ⓒ লুকা মদ্রিচ Ⓓ হ্যারি কেইন
Solve রাশিয়া ফুটবল বিশ্বকাপে ২০১৮ এর সেরা খেলোয়াড় নির্বাচিত হন লুকা মদরিচ, সর্বোচ্চ গোলদাতা হ্যারি কেইন।

90. মানবদেহে ক্রোমোসোমের সংখ্যা কয়টি?
Ⓐ ৪৬ Ⓑ ৪৮ Ⓒ ৫০ Ⓓ ৫২
Solve মানুষের দেহে ২৩ জোড়া বা ৪৬টি ক্রোমোসোম আছে, যার মধ্যে একজোড়া বা ২টি সেক্স ক্রোমোসোম।

91. 'রিংগিত' কোন দেশের মুদ্রা?
Ⓐ থাইল্যান্ড Ⓑ ইন্দোনেশিয়া Ⓒ সিঙ্গাপুর Ⓓ মালয়েশিয়া
Solve

দেশের নাম	মুদ্রার নাম
থাইল্যান্ড	ডং
ইন্দোনেশিয়া	রুপিয়া
সিঙ্গাপুর	ডলার
মালয়েশিয়া	রিংগিত

92. শিল্পী জয়নুল আবেদীনের সংগ্রামশালা কোথায়?
Ⓐ ময়মনসিংহে Ⓑ নড়াইলে Ⓒ ঢাকায় Ⓓ চট্টগ্রামে
Solve জয়নুল আবেদিন ১৯৪৩ সালে দুর্ভিক্ষ শিল্পকর্মের জন্য খ্যাতি অর্জন করেন। তার বিখ্যাত চিত্রকর্মের মধ্যে উল্লেখযোগ্য - সংগ্রাম, সাঁওতাল রমণী, কাক, বিদ্রোহী ইত্যাদি।

93. হামহাম ঝরণা কোন জেলায় অবস্থিত?
Ⓐ সিলেট Ⓑ সুনামগঞ্জ
Ⓒ হবিগঞ্জ Ⓓ মৌলভীবাজার
Solve হামহাম ঝরনা বাংলাদেশের মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলার রাজকান্দির সংরক্ষিত বনাঞ্চলের গভীরে কুরমা বন এলাকায় অবস্থিত একটি প্রাকৃতিক জলপ্রপাত।

94. আল-জাজিরা স্যাটেলাইট টেলিভিশন কেন্দ্র কোন দেশে অবস্থিত?
Ⓐ কাতার Ⓑ লিবিয়া
Ⓒ সৌদি আরব Ⓓ সংযুক্ত আরব আমিরাত
Solve আল জাজিরা কাতারের দোহা সদর দপ্তর থেকে সম্প্রচারিত একটি সংবাদভিত্তিক টেলিভিশন চ্যানেল।

95. বিশ্বে কার্বনমুক্ত প্রথম দেশ কোনটি?
Ⓐ ভুটান Ⓑ জাপান
Ⓒ সিঙ্গাপুর Ⓓ থাইল্যান্ড
Solve ভুটান বিশ্বের প্রথম ধূমপানমুক্ত দেশ এবং প্রথম কার্বনমুক্ত দেশ।

96. জাতিসংঘ কোন বছর প্রতিষ্ঠিত হয়?
Ⓐ ১৯৪১ Ⓑ ১৯৪৫ Ⓒ ১৯৪৮ Ⓓ ১৯৪৯
Solve

সংস্থা	প্রতিষ্ঠার সাল
জাতিসংঘ	১৯৪৫
বিশ্বব্যাংক	১৯৪৪
বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO)	১৯৯৫
অর্গানাইজেশন অব ইসলামিক কো-অপারেশন (OIC)	১৯৬৯

97. শ্যামদেশ কোন দেশের পুরাতন নাম?
Ⓐ মিশর Ⓑ ইরাক Ⓒ থাইল্যান্ড Ⓓ ভিয়েতনাম
Solve

দেশের নাম	পুরাতন নাম
মিয়ানমার	বার্মা
ইরাক	মেসোপটেমিয়া
থাইল্যান্ড	শ্যামদেশ
শ্রীলঙ্কা	সিংহল

98. 'Lunar eclipse' চাঁদের কোন অবস্থার সাথে সম্পর্কিত?
Ⓐ new moon Ⓑ full moon
Ⓒ half moon Ⓓ blue moon
Solve Lunar eclipse চাঁদের পূর্ণ অবস্থার সাথে সম্পর্কিত।

99. মার্কিন যুক্তরাষ্ট্রের সংসদের উচ্চ কক্ষের নাম কী?
Ⓐ সিনেট Ⓑ হাউজ অফ রিপ্রেজেন্টেটিভস
Ⓒ হাউজ অফ কমনস Ⓓ হাউজ অফ লর্ডস
Solve মার্কিন যুক্তরাষ্ট্রের সংসদের উচ্চকক্ষের নাম সিনেট এবং নিম্নকক্ষের নাম হাউজ অব রিপ্রেজেন্টেটিভস।

100. কোন নগরটি দুই মহাদেশে অবস্থিত?
Ⓐ কায়রো Ⓑ আঙ্কারা
Ⓒ ভ্লাদিভস্টক Ⓓ ইস্তাম্বুল
Solve তুরস্কের অন্যতম শহর ইস্তাম্বুল ইউরোপ ও এশিয়া মহাদেশের মধ্যে অবস্থিত।

101. বাংলায় ও ইংরেজিতে একটি করে বাক্য লিখ।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ২০১৭-১৮
ইউনিট: F; সেট: ০১; অ-বিজ্ঞান গ্রুপ [৩য় শিফট]

বাংলা ও ইংরেজি (আবশ্যিক)

01. "Kuakata is a sanctuary of migratory birds". Here migratory is a:
Ⓐ Verb Ⓑ Adjective Ⓒ Noun Ⓓ Adverb
Explanation Sanctuary অর্থ আশ্রয় স্থল, অভয়ারণ্য। migratory birds অর্থ ভ্রমণশীল/ এক জায়গা থেকে অন্য জায়গায় গিয়ে বসবাস করে এমন পাখি। পাখিগুলো কেমন, তার গুণাগুণ বুঝাচ্ছে, তাই এটি adjective।

02. স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে কী বলে?
Ⓐ ফলা Ⓑ কার Ⓒ ধ্বনি Ⓓ স্বর
Solve বাংলা বর্ণমালার কার ও ফলা সম্পর্কিত তথ্য :

কার	স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে কার বলে। স্বরবর্ণের কার সংখ্যা- ১০টি। যথা : আ (া), ই (ি), ঈ (ী), উ (ু), ঊ (ূ), ঋ (ৃ), এ (ে), ঐ (ৈ), ও (ো), ঔ (ৌ)।
ফলা	ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপকে ফলা বলে। ব্যঞ্জনবর্ণের ফলা সংখ্যা- ৬টি। যথা : ম (্ম), র (্র), য (্য), ন (্ন), ব (্ব), ল (্ল)।

03. যে ভূমিতে ফসল জন্মায় না–
Ⓐ বন্ধ্যা Ⓑ অনুর্বর Ⓒ পতিত Ⓓ উষর
Solve কতিপয় এক কথায় প্রকাশ : যে ভূমি উর্বর নয় = অনুর্বর, যে নারীর সন্তান হয় না = বন্ধ্যা, পড়ে আছে এমন জমি (অনাবাদি) = পতিত, দুই বার জন্ম হয় যার = দ্বিজ।

04. কোন জাতীয় শব্দে 'ষ' এর ব্যবহার হয় না?
Ⓐ তৎসম Ⓑ বিদেশি/তদ্ভব
Ⓒ সংস্কৃত Ⓓ বৈদিক
Solve তৎসম শব্দের বানানে মূর্ধন্য 'ষ' ব্যবহারের নিয়মকে ষ-ত্ব বিধান বলে। দেশি, তদ্ভব ও বিদেশি শব্দের বানানে মূর্ধন্য 'ষ' ব্যবহার হয় না।

05. Change the voice of "One should keep one's promise".
Ⓐ One's promise should be kept.
Ⓑ A promise should be kept.
Ⓒ One's promise should be kept by one.
Ⓓ Promise should be kept.
Explanation .... should keep - এর passive should be kept। by one ভুল expression।

06. Change the word 'LITTLE' into verb.
Ⓐ belittle Ⓑ enlittle Ⓒ enlitten Ⓓ littled
Explanation Little - এর verb হলো belittle (হেয় করা/ছোট করা)।

07. Choose the best word to fit into the following sentence.
She became —— parachuting at a young age.
Ⓐ interested in Ⓑ interested to
Ⓒ interested for Ⓓ interested with
Explanation Became interested in অর্থ কোনো কিছুতে আগ্রহী হওয়া।

08. Correct English translation of 'রহিম আসার আগেই করিম এসে থাকবে'।
Ⓐ Karim will come before Rahim will come.
Ⓑ Rahim will have come before Karim will come.
Ⓒ Karim will have come before Rahim comes.
Ⓓ Karim will come before Rahim will have come.
Explanation এসে থাকবে = will have come এবং যেই কাজটি পরে হয়েছে সেটি present indefinite tense হবে।

09. বাংলা সাহিত্যের অন্ধকার যুগ কোনটি?
Ⓐ ৬৫০-১২০০ Ⓑ ৮৫০-১৩০০
Ⓒ ১২০১-১৩৫০ Ⓓ ১৩৫০-১৮০০
Solve বাংলা সাহিত্যে ১২০১-১৩৫০ খ্রিস্টাব্দ পর্যন্ত সময়কে অন্ধকার যুগ হিসেবে অভিহিত করা হয়। কারণ এ সময়ে রচিত কোনো সাহিত্যকর্মের লিখিত পরিচয় পাওয়া যায় নি।

10. Fear of women is –
Ⓐ Gynophobia Ⓑ Eveophobia
Ⓒ Gynoophobia Ⓓ Femophobia Ans Ⓐ

11. 'রকিব অংকে কাঁচা, কিন্তু ব্যাকরণে ভালো।' নিচে দাগযুক্ত শব্দ দুটি কোন কারক?
Ⓐ কালাধিকরণ Ⓑ আধারাধিকরণ
Ⓒ ভাবাধিকরণ Ⓓ কোনোটিই না
Solve বিষয় বিশেষে বা কোনো বিশেষ গুণে কারও কোনো দক্ষতা বা ক্ষমতা থাকলে সেখানে বৈষয়িক আধারাধিকরণ হয়।

12. সর্বজনস্বীকৃত ও খাঁটি বাংলা ভাষায় রচিত প্রথম কাব্যগ্রন্থ কোনটি?
Ⓐ চর্যাপদ Ⓑ শ্রীকৃষ্ণকীর্তন
Ⓒ পদ্মাবতী Ⓓ ইউসুফ-জোলেখা
Solve 'শ্রীকৃষ্ণকীর্তন' মধ্যযুগের প্রথম সাহিত্যধারা, যা বৈষ্ণব সাহিত্যের একটি নিদর্শন। চতুর্দশ শতাব্দীর প্রথমদিকে বড়ু চণ্ডীদাস কাব্যটি রচনা করেন। শ্রীকৃষ্ণের প্রেমলীলা এবং রাধার প্রেম ও বিরহ এ কাব্যের বিষয়বস্তু।

13. 'আমার কন্যার গহনা আমি চুরি করিব এ কথা যারা মনে করে তাদের হাতে আমি কন্যা দিতে পারি না।' উক্তিটিতে কী প্রকাশ পেয়েছে?
Ⓐ ক্ষেপ Ⓑ অভিযান
Ⓒ একগুয়েমি Ⓓ আত্মমর্যাদাবোধ
Solve 'অপরিচিতা' রবীন্দ্রনাথ ঠাকুরের উল্লেখযোগ্য ছোটগল্প। উদ্ধৃতিটিতে শম্ভুনাথ সেনের আত্মমর্যাদাবোধ ও বলিষ্ঠ প্রতিরোধের প্রতিফলন লক্ষণীয়।

14. 'পর্বত' এর প্রতিশব্দ কোনটি?
Ⓐ অদ্রি Ⓑ অশ্ম Ⓒ ক্ষিতি Ⓓ অংশু
Solve 'পর্বত' এর কতিপয় প্রতিশব্দ : অচল, গিরি, পাহাড়, ভূধর, শৈল, মহীধর, অবনীধর, ক্ষিতিধর, মেদিনীধর, ধরাধর, বসুধাধর, পাহাড়, অদ্রি।

15. 'মুখচন্দ্র' কোন ধরনের সমাস?
Ⓐ মধ্যপদলোপী কর্মধারয় Ⓑ উপমান কর্মধারয়
Ⓒ উপমিত কর্মধারয় Ⓓ রূপক কর্মধারয়
Solve যে কর্মধারয় সমাসে উপমান ও উপমেয় পদের সমাস হয়, তাকে উপমিত কর্মধারয় সমাস বলে। যেমন : সোনার মতো মুখ = সোনামুখ, কর পল্লবের ন্যায় = করপল্লব।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

16. 'পিশাচ > পিচাশ' কোন ধরনের ধ্বনি পরিবর্তনের উদাহরণ?
Ⓐ অপিনিহিতি Ⓑ বিষমীভবন Ⓒ ধ্বনি বিপর্যয় Ⓓ অন্তর্হতি
Ans C Solve শব্দের মধ্যে দুটি ব্যঞ্জনের পরস্পর পরিবর্তন ঘটলে, তাকে ধ্বনি বিপর্যয় বলে। যেমন : বাক্স > বাস্ক, রিক্সা > রিস্কা, পিশাচ > পিচাশ ইত্যাদি।

17. নিচের কোনটি যোগরূঢ় শব্দের উদাহরণ?
Ⓐ রাজপুত Ⓑ গায়ক Ⓒ বাঁশি Ⓓ প্রবীণ
Ans A Solve সমাসনিষ্পন্ন যে সকল শব্দ সম্পূর্ণভাবে সমস্যমান পদসমূহের অনুগামী না হয়ে কোনো বিশিষ্ট অর্থ গ্রহণ করে, তাদের যোগরূঢ় শব্দ বলে। যেমন : রাজপুত = রাজার পুত্র অর্থ পরিত্যাগ করে যোগরূঢ় শব্দ হিসেবে এর অর্থ হয়েছে 'জাতি-বিশেষ'।

18. What is the antonym of the word "riotously".
Ⓐ mightily Ⓑ in a frenzy Ⓒ awfully Ⓓ gently
Ans D Explanation Riotously অর্থ উচ্চশৃঙ্খলভাবে ; gently অর্থ ভদ্রভাবে।

19. What is the Feminine gender of 'Duke'?
Ⓐ Duck Ⓑ Duchies Ⓒ Dukies Ⓓ Duchess
Ans D Explanation Duke অর্থ অভিজাত ব্যক্তি (পুরুষ)।

20. What is the verb of the word "antagonism"?
Ⓐ antaginistic Ⓑ antagonise
Ⓒ antagonisely Ⓓ antagonistically
Ans B Explanation Antagonism অর্থ বিরুদ্ধাচরণ, সক্রিয় বিরোধিতা, এর verb হলো antagonize যার অর্থ প্রতিকূলতা, বিরোধিতা করা।

21. Which one is always used as singular?
Ⓐ staff Ⓑ horse Ⓒ custom Ⓓ bread
Ans D Explanation Bread, water প্রভৃতি uncountable noun সর্বদাই সাধারণত singular হিসেবে ব্যবহৃত হয়।

22. The meaning of 'Weal and woe' is:
Ⓐ আনন্দ-বিষাদ Ⓑ ক্ষয়-ক্ষতি
Ⓒ স্বচ্ছল Ⓓ কম-বেশি
Ans A Explanation Weal and woe অর্থ সুখ-দুঃখ, আনন্দ-বিষাদ।

23. 'দ্বিপ' শব্দের অর্থ কী?
Ⓐ আলো Ⓑ জলবেষ্টিত স্থান Ⓒ বাতি Ⓓ হাতি
Ans D Solve 'দ্বিপ' ও 'দ্বীপ' এর সমার্থক শব্দ :

দ্বিপ	হাতি, গজ, করী, দ্বিরদ, রদী, ঐরাবত, মাতঙ্গ।
দ্বীপ	চারদিকে পানিবেষ্টিত ভূভাগ।

24. কাজী নজরুল ইসলামের 'মহরম' কবিতাটি কোন কাব্যের অন্তর্গত?
Ⓐ মালঞ্চ Ⓑ বুলবুল Ⓒ অগ্নি-বীণা Ⓓ ছায়ানট
Ans C Solve 'অগ্নি-বীণা' কাব্যগ্রন্থটি ১৯২২ সালে প্রকাশিত হয়। এ কাব্যগ্রন্থের প্রথম কবিতা 'প্রলয়োল্লাস'।

25. 'কর্বুর' শব্দের অর্থ কী?
Ⓐ পাহাড় Ⓑ সোনা Ⓒ মেঘ Ⓓ হস্তী
Ans Explanation ঠিক উত্তর নেই। 'কর্বুর' অর্থ 'রাক্ষস'।

26. 'Do not cry down your enemy' এর অনুবাদ কোনটি?
Ⓐ শত্রুর সাথে মেলামেশা করো না।
Ⓑ শত্রুর মায়াজালে পড়িও না।
Ⓒ শত্রুকে খাটো করে দেখো না।
Ⓓ কোনোটিই না।
Ans C Explanation Cry down অর্থ খাটো করে দেখা।

27. The word 'Nuptial' is related to ——.
Ⓐ flight Ⓑ marriage Ⓒ neptune Ⓓ Norway
Ans B Explanation Nuptial অর্থ বিবাহ-সংক্রান্ত।

28. Which one of the following is a compound sentence?
Ⓐ Turning to the left you will see the shop.
Ⓑ If you read you will learn.
Ⓒ I shall work hard or I shall fail.
Ⓓ Had I the wings of a bird!
Ans C Explanation Compound বাক্যে or, but, and, and therefore, neither... nor, either ...or প্রভৃতি conjunction দুটি independent clause দ্বারা যুক্ত থাকে।

29. Zabir said, "I must write a letter."– change the narration.
Ⓐ Zabir said that he might write a letter.
Ⓑ Zabir told that he should write a letter.
Ⓒ Zabir told that he must write a letter.
Ⓓ Zabir said that he had to write a letter.
Ans D Explanation Must এর বদলে narration এ had to হয়।

30. বাংলা ভাষায় খাঁটি বাংলা উপসর্গ কয়টি?
Ⓐ ২০ Ⓑ ২১ Ⓒ ২২ Ⓓ ২৩
Ans B Solve বাংলা ভাষায় খাঁটি বাংলা উপসর্গ ২১ টি। যথা : অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, ইতি, উন, কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা।

31. A speech full of too many word is-
Ⓐ a big speech Ⓑ maiden speech
Ⓒ an unimportant speech Ⓓ a verbose speech
Ans D Explanation Verbose অর্থ বাগাড়ম্বরপূর্ণ, শব্দ-বাহুল্য।

32. শুদ্ধ বানান কোনটি?
Ⓐ মূমুর্ষু Ⓑ মুমুর্ষ Ⓒ মুমূর্ষু Ⓓ মুমুর্ষু
Ans C Solve কতিপয় শুদ্ধ বানান : মুমুক্ষা, মাঙ্গিষ্ঠ, মুহূর্ত, মরূদ্যান, মনোবাঞ্ছা, মধ্যাহ্ন, মধূৎসব, মঞ্জুষা, মনীষী, মহোৎসাহ, মহোদধি, মুৎসুদ্দি, মৃন্ময়, মোহ্যমান, মূর্ছনা।

33. 'ষষ্ঠ' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?
Ⓐ ষষ্ + ত Ⓑ ষষ্ + ঠ Ⓒ ষষ্ + থ Ⓓ ষট্ + ঠ
Ans C Solve আগে মূর্ধন্য ষ এবং পরে ত্ বা থ্ থাকলে সন্ধিতে ত্ স্থানে ট্ ও থ্ স্থানে ঠ্ হয়। যেমন :

আকৃষ্ + ত = আকৃষ্ট	বৃষ্ + তি = বৃষ্টি
ষষ্ + থ = ষষ্ঠ	দ্রষ্ + তা = দ্রষ্টা

34. 'জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি যেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব' কোন পত্রিকার শ্লোগান?
Ⓐ ধূমকেতু Ⓑ লাঙ্গল Ⓒ কল্লোল Ⓓ শিখা
Ans D Solve ঢাকা মুসলিম সাহিত্য সমাজের মুখপত্র হিসেবে ১৯২৭ সালে আবুল হোসেনের সম্পাদনায় 'শিখা' পত্রিকা প্রকাশিত হয়। উপর্যুক্ত বাক্যটি 'শিখা' পত্রিকার প্রতি সংখ্যায় লেখা থাকতো।

35. 'আপন ভালো সবাই চায়'। এখানে 'ভালো' কোন পদ?
Ⓐ বিশেষ্য Ⓑ বিশেষণ Ⓒ সর্বনাম Ⓓ ক্রিয়া
Ans A Solve একই পদের বিশেষ্য ও বিশেষণরূপে ব্যবহার :

ভালো	বিশেষণ	ভালো বাড়ি পাওয়া কঠিন।
	বিশেষ্য	আপন ভালো কে না চায়।
মন্দ	বিশেষণ	মন্দ কথা বলতে নেই।
	বিশেষ্য	এখানে কী মন্দটা তুমি দেখলে?

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

36. 'দৃষ্টিহীন' কার ছদ্মনাম?
Ⓐ বিহারীলাল চক্রবর্তী Ⓑ প্যারীচাঁদ মিত্র
Ⓒ মধুসূদন দত্ত Ⓓ মধুসূদন মজুমদার
Ans D Solve কতিপয় লেখকের প্রকৃত ও ছদ্মনাম :

প্রকৃত নাম	ছদ্মনাম	প্রকৃত নাম	ছদ্মনাম
প্যারীচাঁদ মিত্র	টেকচাঁদ ঠাকুর	মধুসূদন দত্ত	এ নেটিভ
সমরেশ বসু	কালকূট	মধুসূদন মজুমদার	দৃষ্টিহীন

37. 'গাছপাথর' বাগ্‌ধারাটির অর্থ–
Ⓐ বাড়াবাড়ি করা Ⓑ সঞ্চয়ের প্রবৃত্তি
Ⓒ হিসাব-নিকাশ Ⓓ সাহায্যকারী
Ans C Solve কতিপয় গুরুত্বপূর্ণ বাগ্‌ধারা : গোল্লায় যাওয়া (নষ্ট হওয়া), গোবরে পদ্মফুল (নীচ বংশে মহৎ ব্যক্তি), গোঁয়ার-গোবিন্দ (কাণ্ডজ্ঞানহীন ও একগুঁয়ে লোক), গোডিমওয়ালা ছেলে (কচি ছেলে, দুধের ছেলে)।

38. 'যার দুই হাত সমান চলে।' তাকে কী বলে?
Ⓐ দোহাতী Ⓑ সব্যসাচী Ⓒ তবলাবাদক Ⓓ ক্রন্দসী
Ans B Solve কতিপয় এক কথায় প্রকাশ : যা সরোবরে জন্মে = সরোজ, যার যশ আছে = যশস্বী, যার সর্বস্ব খোয়া গেছে = সর্বস্বান্ত, যে শুনেই মনে রাখতে পারে = শ্রুতিধর, যা বলা হবে = বক্তব্য, যে রব শুনে এসেছে = রবাহূত, যে অঘটন ঘটাতে পটু = অঘটনঘটনপটীয়সী, যা গলে যায় না = অদ্রব।

39. Antonym of 'humble' is –
Ⓐ arrogant Ⓑ modest Ⓒ meek Ⓓ honourable
Ans A Explanation Humble অর্থ বিনয়ী, নম্র। এর বিপরীত শব্দ arrogant (অহংকারী), proud , haughty (উদ্ধত), boastful, conceited (দাম্ভিক), egoistic, vain প্রভৃতি। meek অর্থ বিনম্র।

40. What is the past form of 'String'?
Ⓐ Strang Ⓑ Strong Ⓒ Strung Ⓓ Stringed
Ans C Explanation String এর past এবং pp form হলো strung। এরূপ কিছু verb form হলো pay-paid + paid, meant - meant - meant, make - made - made, keep - kept - kept, get - got - got, find - found - found, feel - felt - felt, bring - brought - brought প্রভৃতি।

41. Wi-Fi means-
Ⓐ Wireless Field Ⓑ Wireless Finder
Ⓒ Wireless Fidelity Ⓓ Wireless Finding **Ans C**

42. "Do you enjoy teaching"? Here 'teaching' is a-
Ⓐ noun Ⓑ participle Ⓒ adjective Ⓓ gerund
Ans D Explanation এই বাক্যে teaching (শিক্ষকতা) শব্দটি object, তাই এটি noun। বাক্যে (verb + ing) object হিসেবে ব্যবহৃত হয়ে noun equivalent তথা gerund হিসেবে কাজ করে।

43. Which sentence of the following is incorrect?
Ⓐ Slow and steady win the race.
Ⓑ Slow and steady won the race.
Ⓒ Slow and steady wins the race.
Ⓓ Slow and steady has won the race.
Ans A Explanation Slow and steady, Bread and butter, Rice and curry,Truth and honesty, horse and carriage, crown and glory, Rise and fall, coming and going, long and short, Bag and baggage প্রভৃতি যুক্তশব্দগুলো সর্বদাই singular হিসেবে ব্যবহৃত হবে।

44. Which spelling of the following word is correct?
Ⓐ Phenomenological Ⓑ Phanomanological
Ⓒ Phanomenological Ⓓ Pheanomanological
Ans A Explanation Phenomenological অর্থ ইন্দ্রিয়গ্রাহ্য সম্পর্কীয়। Phenomenology অর্থ ইন্দ্রিয়গ্রাহ্য সংক্রান্ত বিদ্যা।

45. লিঙ্গান্তর হয় না কোন শব্দটির?
Ⓐ ডাক্তার Ⓑ ধোপা Ⓒ কেরানি Ⓓ নাপিত
Ans C Solve লিঙ্গান্তর হয় না এমন কয়েকটি শব্দ : কেরানি, কবিরাজ, ঢাকি, কৃতদার।

46. Which one is the passive voice form of 'Whom is he teaching Geography?'
Ⓐ Is somebody taught Geography?
Ⓑ Who is being taught Geography by him?
Ⓒ Who is teaching Geography?
Ⓓ Did he teach Geography?
Ans B Explanation Whom is teaching? এর interrogative হলো Who is being taught?।

47. 'There is nothing nobler than love' is a/an –
Ⓐ assertive sentence Ⓑ simple sentence
Ⓒ compound sentence Ⓓ complex sentence
Ans D Explanation ... than love (is).

48. 'তন্বী' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?
Ⓐ তনু + ঈ Ⓑ তনু + ই
Ⓒ তন্ + ঈ Ⓓ তনু + ই + অ
Ans A Solve উ-কার বা ঊ-কারের উ, ঊ ভিন্ন অন্য স্বর থাকলে উ বা ঊ স্থানে ব-ফলা হয়। যেমন :

অনু + অয় = অন্বয়	সু + অল্প = স্বল্প
সু + অচ্ছ = স্বচ্ছ	তনু + ঈ = তন্বী
সু + আগত = স্বাগত	অনু + ইত = অন্বিত

ভূগোল (ঐচ্ছিক)

49. বাংলাদেশের কোন জেলায় টারশিয়ারি যুগের পাহাড় আছে?
Ⓐ কুমিল্লা Ⓑ খাগড়াছড়ি Ⓒ জামালপুর Ⓓ পঞ্চগড়
Ans B Solve সর্বপ্রথম বাংলাদেশের টারশিয়ারি যুগের পাহাড় অঞ্চল গঠিত হয়। টারশিয়ারি যুগের পাহাড়সমূহ বেলে পাথর, শেল ও কর্দম দ্বারা গঠিত। টারশিয়ারি যুগের পাহাড়সমূহ দক্ষিণ-পূর্ব, উত্তর ও উত্তর-পূর্বাঞ্চল নিয়ে গঠিত। রাঙামাটি, বান্দরবান, খাগড়াছড়ি, কক্সবাজার ও চট্টগ্রাম এ পাহাড় শ্রেণির অন্তর্ভুক্ত।

50. ভারতের কতটি ছিটমহল বাংলাদেশের ভৌগোলিক সীমায় অন্তর্ভুক্ত হয়েছে?
Ⓐ ১০১ টি Ⓑ ৫১ টি Ⓒ ১১১ টি Ⓓ ১৬২ টি
Ans C Solve বাংলাদেশ-ভারত স্থলসীমান্ত চুক্তি বাস্তবায়নে ছিটমহল ইস্যুতে বাংলাদেশের ভৌগোলিক সীমায় ১১১টি ছিটমহল অন্তর্ভুক্ত হয়েছে। যার আয়তন ১৭,১৬০.৬৩ একর। ৬ জুন ২০১৫ বাংলাদেশ-ভারত স্থলসীমান্ত চুক্তি কার্যকর হয়। বর্তমানে ছিটমহলের কোনো অস্তিত্ব নাই।

51. বহিঃগুরুমণ্ডলের অপর নাম কী?
Ⓐ ক্রোফেসিমা Ⓑ নিফেসিমা Ⓒ সিয়াল Ⓓ নাইফ
Ans A Solve গুরুমণ্ডলের উপরের অংশকে বহিঃগুরুমণ্ডল বলে। ভূ-ত্বকের নিচ থেকে এর পুরুত্ব প্রায় ৭০০ কিলোমিটার। এতে ক্রোমিয়াম লোহা, সিলিকন ও ম্যাগনেশিয়াম বেশি থাকায় একে ক্রোফেসিমা (Cro-Fe-si-ma) বলে।

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

52. অসংখ্য দ্বীপ নিয়ে গঠিত বনাঞ্চল কোনটি?
Ⓐ সুন্দরবন Ⓑ সেন্টমার্টিন Ⓒ নিঝুম দ্বীপ Ⓓ মহেষখালী

Solve Ⓐ সুন্দরবন হলো বঙ্গোপসাগর উপকূলবর্তী অঞ্চলে অবস্থিত অসংখ্য দ্বীপ নিয়ে গঠিত বনাঞ্চল। এ অপরূপ বনভূমি বাংলাদেশের খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, পটুয়াখালী ও বরগুনা জেলা জুড়ে বিস্তৃত। সুন্দরবন পৃথিবীর সর্ববৃহৎ ম্যানগ্রোভ বনভূমি। ২১ মে ১৯৯২ সুন্দরবন রামসার স্থান হিসেবে স্বীকৃতি লাভ করে। ১৯৯৭ সালে ইউনেস্কো বিশ্ব ঐতিহ্যবাহী স্থান হিসেবে স্বীকৃতি লাভ করে।

53. গুয়াম দ্বীপটি কোন মহাসাগরে অবস্থিত?
Ⓐ আটলান্টিক Ⓑ ভারত Ⓒ উত্তর Ⓓ প্রশান্ত

Solve Ⓓ গুয়াম প্রশান্ত মহাসাগরের পশ্চিমাংশের একটি দ্বীপ। এটি মার্কিন যুক্তরাষ্ট্রের অধীন। এখানকার আদিবাসী চামোরো নামক জনগোষ্ঠী। এটি মারিয়ানা দ্বীপপুঞ্জের বৃহত্তম ও সর্ব-দক্ষিণের দ্বীপ। এখানে মার্কিন সামরিক বাহিনীর একটি গুরুত্বপূর্ণ ঘাঁটি অবস্থিত।

54. Geography শব্দটি প্রথম কে ব্যবহার করেন?
Ⓐ ইরাটোসথেনিস Ⓑ হেকেটিয়াস
Ⓒ প্লেটো Ⓓ সক্রেটিস

Solve Ⓐ 'Geography'-এর বাংলা প্রতিশব্দ ভূগোল। প্রাচীন গ্রিস দেশীয় ভূগোলবিদ ইরাটোসথেনিস 'Geography' শব্দটি প্রথম ব্যবহার করেন। 'Geo' শব্দের অর্থ পৃথিবী এবং 'Graphy' শব্দের অর্থ বর্ণনা।

55. ঝড়, বৃষ্টি, বজ্রপাত, মেঘ প্রভৃতি বায়ুমণ্ডলের কোন স্তরে বিদ্যমান?
Ⓐ ট্রপোস্ফিয়ার Ⓑ স্ট্রাটোস্ফিয়ার
Ⓒ মেসোস্ফিয়ার Ⓓ আয়ানোস্ফিয়ার

Solve Ⓐ গ্রিক শব্দ Tropos-এর অর্থ পরিবর্তন ও 'Sphere'-এর অর্থ মণ্ডল। ভূপৃষ্ঠ থেকে মেরু অঞ্চলে প্রায় ৮ কি.মি. ও নিরক্ষীয় অঞ্চলে প্রায় ১৮ কি.মি. উচ্চতা পর্যন্ত অবস্থিত বায়ুস্তরকে ট্রপোস্ফিয়ার বলে। বায়ুমণ্ডলের এ স্তরে আমরা বসবাস করি। বায়ুমণ্ডলের এ স্তরের বায়ুতে প্রায় ৯০ শতাংশ ধূলিকণা জলীয়বাষ্প মেঘ প্রভৃতি থাকায় এ স্তরে ঝড়, বৃষ্টি, শিলাবৃষ্টি, বজ্রপাত, তুষারপাত প্রভৃতি ঘটে থাকে।

56. অক্ষরেখা ও দ্রাঘিমারেখার সুবিন্যস্ত ছক কোনটি?
Ⓐ অভিক্ষেপ Ⓑ গ্রাফ
Ⓒ ছক Ⓓ প্লান

Solve Ⓐ নিরক্ষরেখা থেকে উত্তর বা দক্ষিণে কোন স্থানের কৌণিক দূরত্বকে অক্ষরেখা বলে। মূল মধ্যরেখা থেকে পূর্ব বা পশ্চিমে কোনো স্থানের কৌণিক দূরত্বকে দ্রাঘিমা রেখা বলে।

57. কোন মহাসাগরে গ্রেট বেরিয়ার রিফ অবস্থিত?
Ⓐ আটলান্টিক Ⓑ ভারত
Ⓒ প্রশান্ত Ⓓ আর্কটিক

Solve Ⓒ পর্যটনের জন্য আকর্ষণীয় প্রাকৃতিক স্থানগুলোর মধ্যে অস্ট্রেলিয়ার গ্রেট বেরিয়ার রিফ অন্যতম। প্রশান্ত মহাসাগর ও ভারত মহাসাগরের মাঝখানে অস্ট্রেলীয় উপকূলীয় শহর কুইন্সল্যান্ডের কোরাল সাগরে অবস্থিত পৃথিবীর বৃহত্তম এ প্রবাল প্রাচীর। প্রতিবছর ২০ লক্ষের বেশি পর্যটকের আগমন ঘটে এ গ্রেট বেরিয়ার রীফে। ১৯৮১ সালে এ প্রবাল প্রাচীরটিকে বিশ্ব ঐতিহ্যের তালিকায় অন্তর্ভুক্ত করে ইউনেস্কো।

58. কোনো দেশের মধ্যভাগে দ্রাঘিমা রেখা অনুযায়ী যে সময় নির্ধারণ করা হয় তাকে বলে-
Ⓐ স্থানীয় সময় Ⓑ প্রমাণ সময়
Ⓒ আন্তর্জাতিক তারিখ রেখা Ⓓ সবকটি

Solve

প্রমাণ সময়	কোনো দেশের মধ্যভাগে দ্রাঘিমা রেখা অনুযায়ী যে সময় নির্ধারণ করা হয় তাকে প্রমাণ সময় বলে।
স্থানীয় সময়	প্রত্যেক দেশের মধ্যভাগের কোনো স্থানের দ্রাঘিমা রেখা অনুযায়ী সারা-দেশের জন্য ব্যবহারিকরূপে যে সময় নির্ধারণ করা হয় তাকে স্থানীয় সময় বলে।
আন্তর্জাতিক তারিখ রেখা	মূল মধ্যরেখা থেকে ১৮০° পূর্ব দ্রাঘিমায় বা ১৮০° পশ্চিম দ্রাঘিমায় সম্পূর্ণ জলভাগের উপর দিয়ে উত্তর-দক্ষিণে প্রসারিত একটি রেখা কল্পনা করা হয়েছে তাকে আন্তর্জাতিক তারিখ রেখা বলে।

59. মহীসোপানে সমুদ্রের পানির সর্বোচ্চ গভীরতা কত মিটার?
Ⓐ ১০০ Ⓑ ১৮০ Ⓒ ৩০০ Ⓓ ৪০০ Ans Ⓒ

60. পৃথিবী থেকে প্রক্সিমা সেন্টারাই এর দূরত্ব কত?
Ⓐ ৩.২ আলোক বর্ষ Ⓑ ৪.২ আলোক বর্ষ
Ⓒ ৪.৮ আলোক বর্ষ Ⓓ ৫.২ আলোক বর্ষ

Solve Ⓑ প্রক্সিমা সেন্টরাই বা আলফা সেন্টরাই সি হলো সূর্যের নিকটতম নক্ষত্র। প্রক্সিমা সেন্টরাই নক্ষত্র পুঞ্জের অন্তর্গত তৃতীয় নক্ষত্র।

61. বায়ুর আর্দ্রতা কোনটি দ্বারা পরিমাপ করা হয়?
Ⓐ স্পেরোমিটার Ⓑ ফেরোমিটার
Ⓒ হাইগ্রোমিটার Ⓓ হাইড্রোমিটার

Solve Ⓒ

যন্ত্র	পরিমাপ
স্পেরোমিটার	সমুদ্রের গভীরতা পরিমাপ করা হয়
হাইগ্রোমিটার	বায়ুর আর্দ্রতা পরিমাপ করা হয়
হাইড্রোমিটার	তরলের ঘনত্ব নির্ণায়ক যন্ত্র

62. জোয়ার হয় প্রধানত কী কারণে?
Ⓐ সূর্যের আকর্ষণে Ⓑ চাঁদের আকর্ষণে
Ⓒ নক্ষত্রের আকর্ষণে Ⓓ মঙ্গল গ্রহের আকর্ষণে

Solve Ⓑ পৃথিবীর বাইরের মহকর্ষীয় শক্তির (বিশেষ করে চাঁদের) প্রভাবে সমুদ্রপৃষ্ঠের পানি ফুলে ওঠাকে জোয়ার এবং নেমে যাওয়াকে ভাটা বলে।

63. ১ নটিক্যাল মাইল সমান-
Ⓐ ১.১০ মাইল Ⓑ ১.১৫ মাইল
Ⓒ ১.২০ মাইল Ⓓ ১.২৫ মাইল

Solve Ⓑ ১ নটিক্যাল মাইল = ১.১৫৩ মাইল বা ১.৮৫২ কিলোমিটার বা ৬০৭৬.০১ ফুট বা ২০২৫ গজ।

64. বিশ্বের প্রধান তুলা উৎপাদনকারী দেশ কোনটি?
Ⓐ ভারত Ⓑ পাকিস্তান Ⓒ মিশর Ⓓ যুক্তরাষ্ট্র

Solve Ⓐ বিশ্বে তুলা উৎপাদনে শীর্ষ দেশ ভারত (দ্বিতীয় চীন)। তুলা রপ্তানিতে শীর্ষ দেশ যুক্তরাষ্ট্র (দ্বিতীয় ভারত)। বিশ্বে তুলা আমদানিতে শীর্ষ দেশ চীন।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

65. নিচের কোন প্লানেটস এর চেয়ে সূর্য ১.৩ মিলিয়ন গুণ বড়?
Ⓐ Venus Ⓑ Mars Ⓒ Earth Ⓓ Jupiter Ans Ⓒ

66. কোন সময় স্থল বায়ু প্রবাহিত হয়?
Ⓐ দিনে Ⓑ রাতে Ⓒ সকালে Ⓓ সন্ধ্যায়

Solve Ⓑ মূলত সন্ধ্যাবেলার পর থেকে সারা রাত্রি (বিশেষত ভোরবেলা) স্থলভাগ থেকে সমুদ্রভাগের দিকে প্রবাহিত বায়ুকে স্থল বায়ু বলে। উপকূলভাগ থেকে সমুদ্রভাগের অভ্যন্তরে প্রায় ১০-১৫ কিলোমিটার অঞ্চল জুড়ে স্থল বায়ুর প্রভাব দেখা যায়।

67. এশিয়ার পূর্ব উপকূল ঘেঁষে প্রবাহিত সমুদ্র স্রোতটির নাম কী?
Ⓐ ল্যাব্রাডার স্রোত Ⓑ ক্যানারী স্রোত
Ⓒ কুরোশিয় স্রোত Ⓓ নিরক্ষীয় স্রোত

Solve Ⓒ

ল্যাব্রাডার স্রোত	উত্তর মহাসাগর হতে আগত সুমেরু শীতল স্রোত দুটি- গ্রিনল্যান্ডের পূর্ব ও পশ্চিম পাশ দিয়ে দক্ষিণ দিকে প্রবাহিত হয়ে ল্যাব্রাডার উপদ্বীপের নিকট মিলিত হয় এ মিলিত স্রোত ল্যাব্রাডার স্রোত নামে পরিচিত।
ক্যানারি স্রোত	উষ্ণ উপসাগরীয় স্রোতের দ্বিতীয় শাখাটি প্রথমে পূর্ব দিকে অগ্রসর হয়ে পর্তুগালের উপকূলে পৌঁছে। সেখান হতে এ স্রোত ফেরেলের সূত্র অনুসারে দক্ষিণ দিকে বেঁকে ক্যানারি দ্বীপপুঞ্জের পাশ দিয়ে আফ্রিকার পশ্চিম উপকূল হয়ে প্রবাহিত হয়। ক্যান্যারী দ্বীপপুঞ্জের পাশ দিয়ে প্রবাহিত হয় বলে একে ক্যানারি স্রোত বলে।
কুরোশিয় স্রোত বা জাপান স্রোত	উত্তর নিরক্ষীয় স্রোত ইন্দোনেশিয়ার কাছে এসে উত্তরমুখী হয়ে এশিয়া মহাদেশের জাপান ও তাইওয়ানের পূর্ব উপকূল ধরে উষ্ণ জাপান স্রোত বা কুরোশিয় স্রোত নামে উত্তরে প্রবাহিত হয়।

68. বাংলাদেশে সর্বশেষ আঘাত হানা ঘূর্ণিঝড়ের নাম কী?
Ⓐ মোরা Ⓑ নার্গিস Ⓒ মহাসেন Ⓓ রেশমি

Solve Ⓐ থাইল্যান্ডের প্রস্তাবের ভিত্তিতে এ ঘূর্ণিঝড়টির নামকরণ করা হয়েছে। মোরা শব্দটি একটি থাই শব্দ। এর ইংরেজি হচ্ছে 'স্টার অব দ্য সি'। যার বাংলা অর্থ সাগরের তারা। ৩০ মে ২০১৭ সালে বাংলাদেশে আঘাত হানে।

69. আফ্রিকা মহাদেশের মানচিত্রে Horns of Africa তে কোন দেশটি অবস্থিত?
Ⓐ নাইজেরিয়া Ⓑ সুদান Ⓒ কেনিয়া Ⓓ ইথিওপিয়া

Solve Ⓓ আফ্রিকার শিং আফ্রিকার পূর্বতম অঞ্চল। এটি ইরিত্রিয়া, ইথিওপিয়া, জিবুতি এবং সোমালিয়া নিয়ে গঠিত। সোমালিয়া উত্তর পূর্ব দিকে শিঙের আকারে আরব সাগরে প্রসারিত হয়েছে বলে অঞ্চলটির এরকম নামকরণ হয়েছে।

70. ভূমধ্যসাগরের বৃহৎ দ্বীপ কোনটি?
Ⓐ সিসিলি Ⓑ আটাফু
Ⓒ সাইপ্রাস Ⓓ সারডিনা

Solve Ⓐ ইউরোপ মহাদেশের ছোট্ট ও ভূমধ্যসাগরের সর্ববৃহৎ দ্বীপ। ইতালি থেকে ৫০০ মাইল দূরে অবস্থিত এ দ্বীপটি স্থলভাগ থেকে অনেকটাই বিচ্ছিন্ন। এটি পার্শ্ববর্তী ছোট ছোট দ্বীপসমূহ নিয়ে ইতালির একটি সাংবিধানিক স্বায়ত্তশাসিত অঞ্চল।

71. সমান বায়ুচাপবিশিষ্ট স্থানগুলো যে কাল্পনিক রেখা দ্বারা যুক্ত হয়-
Ⓐ কনটুর রেখা Ⓑ আইসোথার্ম
Ⓒ আইসোবার Ⓓ আইসোহাইট

Solve Ⓐ নির্দিষ্ট উপাত্ত তল হতে সম-উচ্চতা বিশিষ্ট বিভিন্ন বিন্দুর সংযোগকারী কাল্পনিক রেখাকে কনটুর বলা হয়। আর এ কনটুর নক্সায় অংকিত হলে একে কনটুর রেখা বলা হয়।

72. কোন অঞ্চলে সাধারণত সারা বছর বৃষ্টিপাত হয়?
Ⓐ নিরক্ষীয় Ⓑ ক্রান্তীয় Ⓒ উপ-ক্রান্তীয় Ⓓ মেরু

Solve Ⓐ নিরক্ষরেখার উত্তর দিকে উত্তর ও দক্ষিণ অক্ষাংশের মধ্যে অবস্থিত সিঙ্গাপুর, মালয়েশিয়া, ও ইন্দোনেশিয়া নিরক্ষীয় জলবায়ু দেখা যায়। এ জলবায়ুর বৈশিষ্ট্য হল সারাবছর ধরে অত্যধিক উত্তাপ ও বৃষ্টিপাত। এ অঞ্চলে গ্রীষ্মকালীন গড় তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াস।

73. মূল মধ্যরেখা হতে কোনো স্থানের কৌণিক দূরত্বকে বলে-
Ⓐ অবস্থান Ⓑ অক্ষাংশ Ⓒ দ্রাঘিমাংশ Ⓓ কমপাস

Solve Ⓒ

কম্পাস	নৌপথে অথবা জরিপ কার্যে ব্যবহৃত প্রধান উপকরণ বা যন্ত্রাংশ যা কাঠামো নির্দেশক হিসেবে চৌম্বকীয় দণ্ডের সাহায্যে দিক নির্দেশনা করে।
অক্ষাংশ	পৃথিবীর কেন্দ্র দিয়ে উত্তর-দক্ষিণে কল্পিত রেখাকে অক্ষরেখা বলে
দ্রাঘিমাংশ	গ্রিনিচের মূল মধ্যরেখা হতে পূর্ব বা পশ্চিম কোনো স্থানের কৌণিক দূরত্বকে দ্রাঘিমাংশ বলে।

74. ভূপৃষ্ঠ থেকে পাঠানো বেতার তরঙ্গ কোন স্তরে বাধা পায়?
Ⓐ স্ট্রাটোমণ্ডল Ⓑ মেসোমণ্ডল Ⓒ ট্রপোমণ্ডল Ⓓ আয়নমণ্ডল

Solve Ⓓ থার্মোস্ফিয়ার বা আয়নোস্ফিয়ার বায়ুমণ্ডলের তৃতীয় স্তর। অতিরিক্ত তাপে অসংখ্য বিদ্যুৎযুক্ত কণা বা আয়ন ইলেক্ট্রনে পরিপূর্ণ হয় অঞ্চলটি। তাই এ স্তরকে আয়নোস্ফিয়ার ও বলা হয়। এখানে পজিটিভ ও নেগেটিভ দুই ধরনের আয়নের প্রাচুর্য ঘটে। এর ফলে বেতার তরঙ্গ আয়নোস্ফিয়ার প্রতিফলিত হয়ে পুনরায় ভূপৃষ্ঠে ফিরে আসে। ফলে মানুষ-নির্বিঘ্নে রেডিও শুনতে পাই।

75. মানচিত্রে অভিক্ষেপে অক্ষরেখা ও দ্রাঘিমারেখার দ্বারা সৃষ্ট জালকে কী বলে?
Ⓐ গ্রাটিকুল Ⓑ পরিমিত অক্ষরেখা
Ⓒ গোর Ⓓ মণ্ডল Ans Ⓐ

76. কোন খনিজের কাঠিন্য সবচেয়ে কম?
Ⓐ হীরা Ⓑ ক্যালসাইট Ⓒ জিপসাম Ⓓ টেল্‌ক

Solve Ⓓ

হীরা	পৃথিবীর সবচেয়ে কঠিন পদার্থ
জিপসাম	'জিপসাম'– এর রাসায়নিক নাম ক্যালসিয়াম সালফেট। এটি খুব মজবুত ও টেকসই
টেলক	খনিজের কাঠিন্য সবচেয়ে কম

77. বন থেকে কাঠ সংগ্রহ কোন পর্যায়ের অর্থনৈতিক কর্মকাণ্ড?
Ⓐ প্রাথমিক Ⓑ মাধ্যমিক Ⓒ তৃতীয় Ⓓ চতুর্থ

Solve Ⓐ মানুষ জীবিকা নির্বাহের জন্য প্রতিদিন প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যে সব কাজ করে থাকে সে সব কাজকে সম্মিলিতভাবে অর্থনৈতিক কর্মকাণ্ড বলে। কাঠ সংগ্রহ, পশু শিকার, মাছ শিকার, পশু পালন ইত্যাদি প্রাথমিক পর্যায়ের অর্থনৈতিক কর্মকাণ্ড।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

78. বাংলাদেশের অর্থনৈতিক অঞ্চল কত নটিক্যাল মাইল?
Ⓐ ১২ Ⓑ ১৮ Ⓒ ২০০ Ⓓ ৩৫০
Solve C বাংলাদেশের অর্থনৈতিক সমুদ্রসীমা ২০০ নটিক্যাল মাইল। বাংলাদেশের রাজনৈতিক সমুদ্রসীমা ১২ নটিক্যাল মাইল।

79. তিনবিঘা করিডোরের আয়তন কত?
Ⓐ ১৭৫ মিটার × ৭১ মিটার Ⓑ ১৮৩ মিটার × ৮৭ মিটার
Ⓒ ১৭৮ মিটার × ৮৫ মিটার Ⓓ ১৭৮ মিটার × ৯৩ মিটার
Solve C তিনবিঘা করিডোর হলো একটি স্বতন্ত্র ভূমি যা ভারতের মালিকানাধীন তিন বিঘা জায়গার মধ্যে অবস্থিত। এটি ভারতের পশ্চিমবঙ্গের মেঘলীগঞ্জ জেলা ও বাংলাদেশের লালমনিরহাট জেলার পাটগ্রাম সীমান্তে অবস্থিত। ২০১১ সালের সেপ্টেম্বরে বাংলাদেশের দহগ্রাম ও আঙ্গরপোতা ছিটমহলে যাতায়াতের সুবিধার্থে এটি বাংলাদেশকে ইজারার মাধ্যমে দেওয়া হয়।

80. দুটি ভিন্ন বৈশিষ্ট্যের বায়ুপুঞ্জের ভিতরে অবস্থান করে-
Ⓐ জেট বায়ু Ⓑ তাপ উৎক্রম Ⓒ বায়ু প্রাচীর Ⓓ বায়ুশূন্যতা
Solve C বায়ু প্রাচীর ৪ প্রকার। যথা: উষ্ণ বায়ু প্রাচীর, শীতল বায়ু প্রাচীর, অন্তর্ধৃত বায়ু প্রাচীর ও স্থির বায়ু প্রাচীর।

মনোবিজ্ঞান (ঐচ্ছিক)

49. কোন পদ্ধতিটি সবচেয়ে বেশি বৈজ্ঞানিক নিয়ম-নীতি অনুসরণ করে?
Ⓐ পর্যবেক্ষণ Ⓑ অন্তর্দর্শন Ⓒ পরীক্ষণ Ⓓ জরীপ Ans C

50. স্নায়ুতন্ত্রের একক কী?
Ⓐ নিউরোন Ⓑ নিউক্লিয়াস Ⓒ এক্সন Ⓓ ডেনড্রাইট Ans A

51. স্মৃতি পরিমাপের কোন পদ্ধতির অপর নাম সঞ্চয় পদ্ধতি?
Ⓐ প্রত্যাহ্বান Ⓑ প্রত্যাভিজ্ঞা
Ⓒ পুনর্গঠন Ⓓ পুনর্শিক্ষণ Ans D

52. কোনটি প্রতিবর্ত ক্রিয়া নিয়ন্ত্রণ করে?
Ⓐ থ্যালামাস Ⓑ হাইপোথ্যালামাস
Ⓒ মেরুরজ্জু Ⓓ এমিগডালা Ans C

53. প্রত্যক্ষণ সংঘটনের বস্তুনিষ্ঠ শর্ত কোনটি?
Ⓐ নৈকট্য Ⓑ ঝোঁক Ⓒ চাহিদা Ⓓ আবেগ Ans B

54. মানুষের চোখে কী ধরণের লেন্স থাকে?
Ⓐ উত্তল Ⓑ অবতল Ⓒ দ্বি-উত্তল Ⓓ দ্বি-অবতল Ans C

55. প্রেসারগজের সাহায্যে আবেগের সময় কী পরিমাপ করা যায়?
Ⓐ হৃৎপিন্ডের ক্রিয়া Ⓑ রক্তের চাপ
Ⓒ লালা ক্ষরণ Ⓓ কোনোটিই না Ans B

56. কোনটি জৈবিক প্রেষণা?
Ⓐ মুখচারিতা Ⓑ মাতৃত্ব Ⓒ খ্যাতি Ⓓ নিরাপত্তা Ans B

57. কোনটি বিচ্যুতির সর্বোৎকৃষ্ট পরিমাপ?
Ⓐ গড় বিচ্যুতি Ⓑ আদর্শ বিচ্যুতি
Ⓒ চতুর্থাংশ বিচ্যুতি Ⓓ পরিসর Ans B

58. ইউস্টিসিয়ান নালি কর্ণের কোন ভাগে থাকে?
Ⓐ বহিঃকর্ণ Ⓑ মধ্যকর্ণ Ⓒ অন্তঃকর্ণ Ⓓ ককলিয়া Ans B

59. কোনটি অনালি গ্রন্থি?
Ⓐ ঘর্ম গ্রন্থি Ⓑ অশ্রুগ্রন্থি
Ⓒ পিনিয়াল গ্রন্থি Ⓓ সবগুলো Ans C

60. অক্ষিপটমূলক বৈষম্য কী ধরনের সংকেত?
Ⓐ এক নেত্রীয় Ⓑ দ্বি নেত্রীয়
Ⓒ অচাক্ষুষ Ⓓ কোনোটিই না Ans B

61. স্বল্পস্থায়ী স্মৃতি ভান্ডারের ধারণ ক্ষমতা কতটুকু?
Ⓐ ৮ ± ২ Ⓑ ৭ ± ২ Ⓒ ৫ ± ২ Ⓓ ১০ ± ২ Ans B

62. WAIS -এ কয়টি উপ-অভীক্ষা আছে?
Ⓐ ১১ Ⓑ ১২ Ⓒ ১৫ Ⓓ ৯ Ans A

63. $\frac{\Delta I}{I} = K$ এই সূত্রের প্রণেতা কে?
Ⓐ ওয়েবার Ⓑ ফেকনার Ⓒ স্টিভেন Ⓓ ইয়ুং Ans A

64. Free nerve ending কোন ধরনের সংবেদন সৃষ্টি করে?
Ⓐ স্পর্শ Ⓑ তাপ Ⓒ শৈত্য Ⓓ ব্যথা Ans D

65. কর্টিন কোন গ্রন্থি নিঃসৃত হরমোন?
Ⓐ থাইরয়েড Ⓑ প্যারাথাইরয়েড
Ⓒ পিটুইটারি Ⓓ এড্রিনাল Ans D

66. চিরায়ত সাপেক্ষীকরণে শিক্ষণ বিলুপ্তির পর সাপেক্ষ প্রতিক্রিয়ার পুনরায় প্রকাশকে বলা হয়–
Ⓐ সাধারণীকরণ Ⓑ পৃথকীকরণ
Ⓒ স্বতঃস্ফূর্ত পুনরাগমন Ⓓ কোনোটিই না Ans C

67. কোনটিকে সব মানসিক শক্তির আধার বলা হয়?
Ⓐ Id Ⓑ Ego
Ⓒ Super ego Ⓓ সবগুলো Ans A

68. ফ্রয়েডের মতানুসারে বিস্মৃতির কারণ কোনটি?
Ⓐ আঘাত Ⓑ অনুশিক্ষণ প্রতিবন্ধকতা
Ⓒ অবদমন Ⓓ পর্যালোচনার অভাব Ans C

69. কোনো উদ্দীপক বস্তুকে ভুলভাবে প্রত্যক্ষণ করাকে বলা হয়–
Ⓐ অলীক বীক্ষণ Ⓑ গভীরতা প্রত্যক্ষণ
Ⓒ অধ্যাস Ⓓ কোনোটিই না Ans C

70. মস্তিষ্কের কোন অঞ্চল দর্শনের জন্য দায়ী?
Ⓐ পশ্চাদাঞ্চল Ⓑ রগাঞ্চল
Ⓒ ললাটাঞ্চল Ⓓ শিরকুন্ডাঞ্চল Ans A

71. ব্যক্তিত্বের সংলক্ষণ মতবাদের প্রবর্তক কে?
Ⓐ ফ্রয়েড Ⓑ ক্যাটেল Ⓒ আলপোর্ট Ⓓ কার্ল ইয়ুং Ans B

72. ব্যক্তিত্ব পরিমাপের প্রক্ষেপণমূলক অভীক্ষা কোনটি?
Ⓐ EPPS Ⓑ TAT Ⓒ MMPI Ⓓ CPI Ans B

73. সহায়ক শিক্ষণের প্রবক্তা কে?
Ⓐ স্কীনার Ⓑ প্যাভলভ Ⓒ টলম্যান Ⓓ গাথরি Ans A

74. সাধারণত বুদ্ধ্যংক কত মাত্রার নিচে গেলে মানসিক প্রতিবন্ধী বলা হয়?
Ⓐ ৯০ Ⓑ ৮০ Ⓒ ৭০ Ⓓ ৬০ Ans C

75. মস্তিষ্কের ডান ও বাম গোলার্ধের সংযোগ স্থাপনকারী স্নায়ুগুচ্ছের নাম কি?
Ⓐ থ্যালামাস Ⓑ করপাস কলোসাম
Ⓒ রেটিকুলার ফরমেশান Ⓓ কোনোটিই না Ans B

76. অক্ষিপটের কোন স্থানে দন্ড ও শঙ্কু কোষ নাই?
Ⓐ স্নায়ুপথ Ⓑ অন্ধবিন্দু
Ⓒ ফোবিয়া Ⓓ প্রান্তীয় এলাকা Ans B

77. মানসিক বয়স কথাটির প্রবর্তক কে?
Ⓐ ওয়েক্সলার Ⓑ বিনে
Ⓒ ক্যাটেল Ⓓ আলেক্সান্ডার Ans B

78. বংশগতি নির্ধারিত হয় কিসের মাধ্যমে?
Ⓐ জিন Ⓑ ক্রোমোসোম
Ⓒ ডি.এন.এ Ⓓ আর.এন.এ Ans B

79. প্রেষণাচক্রের কয়টি স্তর আছে?
Ⓐ ৫টি Ⓑ ৪টি Ⓒ ৩টি Ⓓ ৬টি Ans B

80. কোনটি প্রত্যক্ষণের সরলতম একক?
Ⓐ অনুভূতি Ⓑ সংবেদন Ⓒ প্রেষণা Ⓓ আবেগ Ans B

সাধারণ জ্ঞান (ঐচ্ছিক)

49. চিকেন নেক কোনটি?
Ⓐ শিলিগুড়ি করিডোর Ⓑ কোলিল করিডোর
Ⓒ দুই জার্মানির সংযোগস্থল Ⓓ তিন বিঘা করিডোর
Solve A শিলিগুড়ি করিডোর ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলির সঙ্গে অবশিষ্ট অংশের সংযোগকারী সংকীর্ণ ভূখণ্ড। ভূখন্ডটির আকৃতি মুরগির ঘাড়ের মতো বলে চিকেন'স নেক নামেও পরিচিত। প্রস্থ ২১ থেকে ৪০ কিলোমিটার। এর দুপাশে নেপাল ও বাংলাদেশ রাষ্ট্র।

50. "অরেঞ্জ রেভ্যুলেশন" কোথায় সংঘটিত হয়েছে?
Ⓐ যুক্তরাষ্ট্রে Ⓑ পূর্ব ইউরোপে
Ⓒ জার্মানিতে Ⓓ ইউক্রেনে
Solve D ইউক্রেনে ২০০৪ সালে ভিক্টর ইয়ুশ্চেনকোকে ক্ষমতায় বসানোর জন্য যে শান্তিপূর্ণ বিপ্লব হয় ইতিহাসে তা 'কমলা বিপ্লব' বা অরেঞ্জ রেভ্যুলুশন হিসেবে পরিচিত। এছাড়া ২০০৩ সালে জর্জিয়ায় 'গোলাপ বিপ্লব' এবং ২০০৫ সালে কিরগিজস্তানে 'টিউলিপ বিপ্লব' সংঘটিত হয়।

51. ইউরোপিয়ান ইউনিয়ন (EU) ও জাপান নতুন করে মুক্ত বানিজ্য চুক্তি স্বাক্ষর করে কবে?
Ⓐ ৩ জুলাই ২০১৭ Ⓑ ৬ জুলাই ২০১৭
Ⓒ ৯ জুলাই ২০১৭ Ⓓ ১৩ জুলাই ২০১৭
Solve B জার্মানিতে অনুষ্ঠিত জি ২০ এর ১২ তম সম্মেলনের (৭-৮ জুলাই, ২০১৭) প্রাক্কালে ইউরোপিয়ান ইউনিয়ন (ইইউ) ও জাপান নতুন করে মুক্ত বাণিজ্য চুক্তি স্বাক্ষর করে। চুক্তি স্বাক্ষরিত হয় ৬ জুলাই ২০১৭।

52. বাংলাদেশে বসবাসকারী উপজাতীয়দের বড় অংশ–
Ⓐ মঙ্গোলয়েড Ⓑ সেমাটিড Ⓒ অষ্ট্রালয়েড Ⓓ ককেশীয়
Solve A দৈহিক গড়ন বা বৈশিষ্ট্যকে প্রাধান্য দিয়ে নৃবিজ্ঞানীরা মানুষকে তিনটি মহাজাতি সত্তায় বিভাজিত করেছেন। যথা: ককেশীয়, মঙ্গোলীয়, ও নিগ্রোইড। এদের ভেতর এককভাবে সবচেয়ে বেশি জনসংখ্যা মঙ্গোলয়েড নৃ-গোষ্ঠির চাকমাদের।

53. 'এজেন্ডা ২১' বিষয়বস্তু কী?
Ⓐ পরমাণু Ⓑ পরিবেশ Ⓒ নারী Ⓓ সন্ত্রাসবাদ
Solve B ১৯৯২ সালে ব্রাজিলের রিও ডি জেনিরোতে অনুষ্ঠিত পরিবেশ ও উন্নয়ন বিষয়ক জাতিসংঘ সম্মেলনে গৃহীত একটি দলিল হল 'এজেন্ডা ২১'। এতে সমর্থন দিয়েছিল ১৮০টি দেশ। রিও ঘোষণায় ছিল ২৭টি নীতি।

54. বর্তমান বিশ্বে কোন দেশটির সংবিধানকে 'শান্তি সংবিধান' বলা হয়?
Ⓐ জাপান Ⓑ কোস্টারিকা Ⓒ পেরু Ⓓ সুইজারল্যান্ড
Solve A বিশ্বের সর্ববৃহৎ দাতা দেশ জাপানের সংবিধান প্রণীত হয় ১৯৪৭ সালে। দেশটির সরকার পদ্ধতি-সাংবিধানিক রাজতন্ত্র।

55. 'বেবি জিঙ্ক' ট্যাবলেটের আবিষ্কারক প্রতিষ্ঠানের নাম কী?
Ⓐ FAO Ⓑ icddr'b Ⓒ WHO Ⓓ UNICEF
Solve B আইসিডিআর'বি ১৯৬০ সালে প্রতিষ্ঠিত হয়। এখানে বিনামূল্যে কলেরা ও ডায়রিয়া রোগের চিকিৎসা এবং গবেষণা করা হয়। এই প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ অবদান হল ওরস্যালাইন (ORS- Oral Rehydration Solution) উদ্ভাবন।

56. কোন দেশে "আরব বসন্ত"-এর সূচনা হয়?
Ⓐ আলজেরিয়া Ⓑ সৌদি আরব Ⓒ তিউনিশিয়া Ⓓ A + B
Solve C ২০১০ সালের ১৭ ডিসেম্বর আরব বসন্ত শুরু হয়েছিল তিউনিসিয়ায়। এছাড়া ২০০৩ সালে জর্জিয়ায় 'গোলাপ বিপ্লব', ২০০৪ সালে ইউক্রেনে 'কমলা বিপ্লব' এবং ২০০৫ সালে কিরগিজস্তানে 'টিউলিপ বিপ্লব' সংঘটিত হয়।

57. ৪ জুলাই ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয় কোন ব্যক্তিকে ডক্টর অব লজ ডিগ্রি প্রদান করে?
Ⓐ ইউকিয়ো আমানো Ⓑ শিনজো আবে
Ⓒ অমর্ত্য সেন Ⓓ নরেন্দ্র মোদী
Solve A বিশেষ সমাবর্তনের মাধ্যমে আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থার (আইএইএ) মহাপরিচালক ইয়ুকিয়া আমানোকে সম্মানসূচক 'ডক্টর অব লজ' ডিগ্রি প্রদান করে ঢাকা বিশ্ববিদ্যালয়। ২০০৯ সালে তিনি এ সংস্থার মহাপরিচালক নির্বাচিত হন।

58. 'সিডর' (SIDR) শব্দের অর্থ কী?
Ⓐ Cyclone Ⓑ Eye Ⓒ Ear Ⓓ Wind
Solve B 'সিডর' হচ্ছে সিংহলি শব্দ। এর অর্থ হল চোখ। এই ঘূর্ণিঝড়ের আকৃতি প্রায় চোখের মত। সিডর এর গতিবেগ ঘন্টায় প্রায় সর্বোচ্চ ২৪০ কিলোমিটার। এটি বাংলাদেশের আঘাত হানে ১৫ নভেম্বর, ২০০৭ সালে। ২২টি জেলা সিডর দ্বারা আক্রান্ত হয়।

59. বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৭ অনুযায়ী বাংলাদেশের জনসংখ্যা কত?
Ⓐ ১৫.১৭ কোটি Ⓑ ১৫.৯৯ কোটি
Ⓒ ১৫.৮৯ কোটি Ⓓ ১৬.০১ কোটি
Solve C অর্থনৈতিক সমীক্ষা ২০১৯ অনুযায়ী বাংলাদেশের জনসংখ্যা ১৬.৩৭ মিলিয়ন।

60. সমুদ্রপৃষ্ঠ ৪৫cm বৃদ্ধি পেলে ২০৫০ সাল নাগাদ বাংলাদেশে Climate refugee হবে–
Ⓐ ৩ কোটি Ⓑ ৩.৫ কোটি Ⓒ ৪ কোটি Ⓓ ৪.৫ কোটি
Solve B United Nations Framework Convention on Climate Change (UNFCCC) জাতিসংঘের পরিবেশ বিষয়ক একটি বৈশ্বিক চুক্তি যা ১৯৯২ সালের ৩-১৪ জুন রিও ডি জেনেরিওতে স্বাক্ষরিত হয়। চুক্তির মূল লক্ষ্য ছিল বায়ুমন্ডলে গ্রিনহাউজ গ্যাসের হার কমানো।

61. জাতীয় পরিচয়পত্র (স্মার্ট কার্ড) এর মাধ্যমে কত ধরনের সেবা পাওয়া যাবে?
Ⓐ ২০ Ⓑ ২১ Ⓒ ২২ Ⓓ ২৩
Solve C বাংলাদেশের নাগরিকদের জন্য স্মার্ট কার্ড একটি ডিজিটাল পরিচয় পত্র। 'স্মার্ট কার্ড ২০১৬' হবে ১০ ডিজিটের। এই স্মার্ট কার্ডে ২৫টি নিরাপত্তা বৈশিষ্ট্য রয়েছে যার মাধ্যমে ২২ ধরনের নাগরিক সুবিধা বা সেবা পাওয়া যাবে। স্মার্ট কার্ডের জনক রোল্যান্ড মোরেনো।

62. 'বিশ্ব আদিবাসী দিবস' পালিত হয়ে থাকে-
Ⓐ ২ আগস্ট Ⓑ ৫ আগস্ট Ⓒ ৯ আগস্ট Ⓓ ৭ আগস্ট
Solve C জাতিসংঘ ১৯৮২ সালে সর্বপ্রথম আদিবাসীদের স্বীকৃতি দিয়ে ১৯৯৩ সালকে 'আন্তর্জাতিক বিশ্ব আদিবাসী জনগোষ্ঠী বর্ষ' এবং ১৯৯৫ - ২০০৪ সাল 'আন্তর্জাতিক বিশ্ব আদিবাসী জনগোষ্ঠী দশক' ঘোষণা করে। ১৯৯৫ সালের ৯ আগস্ট 'বিশ্ব আদিবাসী দিবস' ঘোষণা করা হয়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

63. নিচের কোনটি জাতিসংঘ সম্পর্কিত নয়?
Ⓐ ILO Ⓑ WHO Ⓒ WNFPA Ⓓ ASEAN
Solve নিম্নোক্ত সংস্থা গুলোর মধ্যে ASEAN ছাড়া সবগুলোই জাতিসংঘের অঙ্গ সংগঠন। ASEAN (১৯৬৭) হল দক্ষিন-পূর্ব এশিয়ার আঞ্চলিক সহযোগিতামূলক সংগঠন যার সদর দপ্তর ইন্দোনেশিয়ার জাকার্তায় অবস্থিত।

64. ভারতের সেভেন সিস্টার্সের মধ্যে কোনটির সাথে বাংলাদেশের সীমান্ত রেখা নেই?
Ⓐ মেঘালয় Ⓑ ত্রিপুরা Ⓒ মিজোরাম Ⓓ মণিপুর
Solve বাংলাদেশের সাথে ভারতের ৫টি রাজ্যের সীমান্ত সংযোগ রয়েছে। যথা: পশ্চিমবঙ্গ, আসাম, মেঘালয়, ত্রিপুরা ও মিজোরাম। ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্য যথা: মণিপুর, নাগাল্যান্ড ও অরুনাচল বাংলাদেশ সীমান্তে অবস্থিত নয়।

65. পৃথিবীর সবচেয়ে পুরাতন কীর্তিস্তম্ভ কোনটি?
Ⓐ পিরামিড Ⓑ তাজমহল
Ⓒ আইফেল টাওয়ার Ⓓ কুতুবমিনার করিডোর
Solve মিশরে অবস্থিত সবচেয়ে বড় পিরামিডটির নাম গ্রেট পিরামিড অব গিজা বা খুফুর পিরামিড যেটি ফারাও রাজা খুফুর জন্য খ্রিস্টপূর্ব প্রায় ৫০০০ বছর আগে তৈরী করা হয়েছিলো। এর উচ্চতা প্রায় ৪৮১ ফুট।

66. কোন নদীটির উৎস ও সমাপ্তি বাংলাদেশের অভ্যন্তরে?
Ⓐ মাতামুহুরী Ⓑ নাফ Ⓒ কর্ণফুলি Ⓓ সাঙ্গু
Solve বাংলাদেশে নদ- নদীর সংখ্যা ৭০০টি (মাধ্যমিক ভূগোল বই)। আন্তর্জাতিক নদীর সংখ্যা ৫৭ টি (যৌথ নদী কমিশন)। ভারতের সাথে ৫৪টি এবং মায়ানমারের সাথে ৩টি। বাংলাদেশের জলসীমায় উৎপত্তি ও সমাপ্ত নদী হালদা ও সাঙ্গু এবং খরস্রোতা নদী কর্ণফুলী।

67. "মিস আর্থ" প্রতিযোগিতার উদ্দেশ্য কী?
Ⓐ নারী সচেতনতা বৃদ্ধি Ⓑ সামাজিক সচেতনতা বৃদ্ধি
Ⓒ স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি Ⓓ পরিবেশ সচেতনতা বৃদ্ধি
Solve মিস আর্থ হচ্ছে একটি বার্ষিক আন্তর্জাতিক সৌন্দর্য প্রতিযোগিতা যার মূল লক্ষ্য সকলের মাঝে পরিবেশ সচেতনতা সৃষ্টি করা। এটি গঠিত ২৮ অক্টোবর ২০০১ সালে। নীতিবাক্য 'বিউটিস ফর এ কজ'। সদর দপ্তর- ম্যানিলা, ফিলিপাইন।

68. BCIM আঞ্চলিক করিডোরে নিচের কোন দেশটি নেই?
Ⓐ ভারত Ⓑ চীন
Ⓒ মিয়ানমার Ⓓ ইন্দোনেশিয়া
Solve বাংলাদেশ-চায়না-ইন্ডিয়া-মিয়ানমার এই চারটি দেশের অর্থনৈতিক করিডোরকে একত্রে বিসিআইএম (BCIM) করিডোর। করিডরটির আওতায় চীনের ইউনান প্রদেশ, বাংলাদেশ, মায়ানমার ও ভারতের সাড়ে ১৬ লাখ বর্গকিলোমিটার অঞ্চল।

69. ২০১৭ সালে ভারত ও চীনের মধ্যে কোন অঞ্চলটি নিয়ে বিরোধ দেখা দেয়?
Ⓐ লাদাখ Ⓑ অরুনাচল
Ⓒ ধর্মশালা Ⓓ ডোকলাম
Solve ডোকলাম উপত্যকার অবস্থান-ভারত, ভুটান ও চীন সীমান্তে। এই উপত্যকার মালিকানা চীন ও ভুটান। ডোকলাম উপত্যকাটি চীনে ডংল্যাং এবং ভারতে ডোকলাম নামে পরিচিত। ১৬ জুন ২০১৭ তারিখে চীন ও ভারতের মধ্যে এ সীমান্ত নিয়ে বিরোধ দেখা দেয়।

70. কোন স্থানকে বাংলাদেশের ফুসফুস বলা হয়?
Ⓐ কক্সবাজার Ⓑ কাপ্তাই লেক Ⓒ সুন্দরবন Ⓓ মংলা বন্দর
Solve সুন্দরবন পৃথিবীর সবচেয়ে বড় ম্যানগ্রোভ বনভূমি। ইউনেস্কো এটিকে ১৯৯৭ সালের ৬ ডিসেম্বর বিশ্ব ঐতিহ্যবাহী (৭৯৮তম) স্থান হিসেবে স্বীকৃতি দেয়। মোট আয়তন ১০০০০ বর্গ কি.মি। বাংলাদেশ অংশের ৬২% এর আয়তন প্রায় ৬,০১৭ বর্গ কি.মি যা ৫টি জেলাকে স্পর্শ করেছে।

71. জনসংখ্যার বিবেচনায় বাংলাদেশের ছোট উপজেলা কোনটি?
Ⓐ থানচি Ⓑ শিবগঞ্জ
Ⓒ শ্যামনগর Ⓓ কোনোটিই না
Solve আয়তনে বাংলাদেশর সবচেয়ে বড় জেলা- রাঙ্গামাটি, ছোট- নারায়ণগঞ্জ; জনসংখ্যার ভিত্তিতে বৃহত্তম জেলা- ঢাকা, ক্ষুদ্রতম- বান্দরবান; আয়তনে বৃহত্তম উপজেলা- শ্যামনগর, ক্ষুদ্রতম- বন্দর (নারায়ণগঞ্জ); জনসংখ্যায় বৃহত্তম উপজেলা- গাজীপুর সদর, গাজীপুর। ক্ষুদ্রতম - থানচি, বান্দরবান।

72. "Grund norm"-তত্ত্বের প্রবক্তা হলেন-
Ⓐ অস্টিন Ⓑ কেলজন
Ⓒ হার্ভাড Ⓓ কোনোটিই না
Solve কতিপয় তত্ত্ব ও তত্ত্বের প্রবক্তা-

তত্ত্বের ধারণা	তত্ত্বের প্রবক্তা
বিগ ব্যাং থিওরি	স্টিফেন হকিংস
দারিদ্র্যের দুষ্টচক্র	অধ্যাপক নার্কস
শ্রমবিভাগ তত্ত্বের	এডাম স্মিথ
জনসংখ্যা তত্ত্বের	ম্যালথাস

73. কোন সমুদ্র সৈকতকে বাংলাদেশের "সাগর কন্যা" বলা হয়?
Ⓐ কক্সবাজার Ⓑ সেন্টমার্টিন Ⓒ পতেঙ্গা Ⓓ কুয়াকাটা
Solve কক্সবাজার বাংলাদেশ তথা বিশ্বের দীর্ঘতম সমুদ্র সৈকত যা ১২০ কি.মি পর্যন্ত বিস্তৃত। এখানে বাংলাদেশের বৃহত্তম সামুদ্রিক মৎস্য বন্দর এবং সাবমেরিন ক্যাবল ল্যান্ডিং স্টেশন অবস্থিত। এটি পানোয়া ও পালঙ্কি নামেও পরিচিত।

74. 'বর্ণালি' ও 'শুভ্র' কী?
Ⓐ উন্নত জাতের ভুট্টা Ⓑ উন্নত জাতের আম
Ⓒ উন্নত জাতের গম Ⓓ উন্নত জাতের চাল
Solve কতিপয় ফসল ও ফসলের উন্নত জাত:

ফসল	উন্নত জাত
গম	বলাকা, দোয়েল, আনন্দ, কাঞ্চন, সোনালিকা, আকবর,বরকত
আম	মহানন্দা, হাড়িয়াভাঙ্গা, কোয়াপাহাড়ি, ফজলি, গোপালভোগ, লেংড়া
টমেটো	বাহার, মানিক, রতন, ঝুমকা, সিঁদুর, শ্রাবণী
কলা	অগ্নিশ্বর, কানাইবাঁশী,বীটজবা, সিঙ্গাপুরী, মোহনবাঁশী, অমৃতসাগর

75. ২০১৭ সালের জুলাই মাসে বিল গেটস ১৫ ঘন্টার জন্য নিচের কোন জনের নিকট বিশ্বের শীর্ষ ধনী পদ হারিয়েছিলেন?
Ⓐ জেফ বেজোস Ⓑ মার্ক জুকারবার্গ
Ⓒ কার্লোস স্লিম Ⓓ ওয়ারেন বাফেট
Solve বিলগেটস-মাইক্রোসফটের প্রতিষ্ঠাতা, জেফ বেজোস- অ্যামাজন ডট কমের প্রতিষ্ঠাতা, মার্ক জুকারবার্গ-ফেইস বুক এর প্রতিষ্ঠাতা।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

76. 'কালাপানি' কোন দুই রাষ্ট্রের মধ্যে অমীমাংসিত ভূখণ্ড?
Ⓐ ভারত ও নেপাল Ⓑ পাকিস্তান ও চীন
Ⓒ ভুটান ও ভারত Ⓓ বাংলাদেশ ও ভারত
Solve কতিপয় গুরুত্বপূর্ণ ভূখন্ড/সীমান্ত ও দেশ-

ভূ-খণ্ড	দেশ	ভূ-খণ্ড	দেশ
র‍্যাডক্লিফ লাইন	বাংলাদেশ-ভারত	ব্লু লাইন	লেবানন-ইসরাইল
ম্যাকমোহন লাইন	ভারত-চীন	সনোরা লাইন	মেক্সিকো-যুক্তরাষ্ট্র
ডুরান্ড লাইন	পাকিস্তান-আফগানিস্তান	হিন্ডারবার্গ লাইন	জার্মানি-পোল্যান্ড
ম্যাজিনো লাইন	ফ্রান্স-জার্মানি	গ্রিন লাইন	ইসরাইল-সিরিয়া

77. নিচের কোনটি নদী নয়?
Ⓐ পদ্মা Ⓑ মেঘনা
Ⓒ যমুনা Ⓓ ব্রহ্মপুত্র
Solve ব্রহ্মপুত্র হল নদ আর সবগুলোই নদী হিসেবে আমাদের কাছে পরিচিত। বাংলাদেশে নদ- নদীর সংখ্যা ৭০০টি (মাধ্যমিক ভূগোল) এবং আন্তর্জাতিক নদীর সংখ্যা ৫৭ টি (যৌথ নদী কমিশন)।

78. চতুর্থ LDC সম্মেলন সম্প্রতি কোথায় অনুষ্ঠিত হয়েছে?
Ⓐ ব্রাসেলস Ⓑ তেহরান
Ⓒ ইস্তাম্বুল Ⓓ নয়াদিল্লি
Solve বর্তমানে এলডিসিভুক্ত দেশ ৪৮টি। জাতিসংঘ এ তালিকা করে ১৯৭১ সালে যার নির্ধারণ করার সূচক ৩টি। এলডিসি থেকে বের হতে পেরেছে ৪টি দেশ যেখানে একমাত্র এশীয় দেশ মালদ্বীপ। ৪৮টি দেশের মধ্যে ৩৪টি WTO এর সদস্য যা 'এলডিসি গ্রুপ' নামে পরিচিত।

79. কোন শাকে লৌহের পরিমাণ সবচেয়ে বেশি?
Ⓐ পালং শাক Ⓑ কচু শাক
Ⓒ কলমি শাক Ⓓ পুঁই শাক
Solve মানব দেহে আয়রন/লৌহের অভাব হলে রক্তস্বল্পতার সমস্যা শুরু হয়। রক্তের হিমোগ্লোবিন কমে গেলে এ সমস্যা দেখা দেয়। একজন পূর্ণবয়স্ক নারীর রক্তে ১২.১-১৫.১ গ্রাম, পুরুষের রক্তে ১৩.৮-১৭.২ গ্রাম ও শিশুদের রক্তে ১১-১৬ গ্রাম হিমোগ্লোবিন থাকা স্বাভাবিক।

80. বাংলাদেশের ইলিশ সম্প্রতি কোন সনদ লাভ করেছে?
Ⓐ ISO Ⓑ GI
Ⓒ BSTI Ⓓ ISBN
Solve দেশের প্রথম ভৌগোলিক নির্দেশক/ Geographical Indication পণ্য হিসেবে নিবন্ধন লাভ করে জামদানি ২০১৬ সালে, দ্বিতীয় ইলিশ মাছ ২০১৭ সালে। বিশ্বের মোট ইলিশের ৬৫ শতাংশ উৎপাদিত হয় বাংলাদেশে স্বীকৃতির নিবন্ধনটি প্রদান করে আন্তর্জাতিক মেধাসম্পদ বিষয়ক সংস্থা (WIPO)।

81. বাংলা ও ইংরেজিতে একটি করে বাক্য লিখ।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

রাজশাহী বিশ্ববিদ্যালয় [ভর্তি পরীক্ষা: ২০১৬-২০১৭]
ইউনিট: F [অ-বিজ্ঞান গ্রুপ (বিভাগ পরিবর্তন)] সেট-১

[বাংলা (আবশ্যিক)]

01. কোন বানানটি শুদ্ধ?
Ⓐ সমীচীন Ⓑ সমিচীন Ⓒ সমীচিন Ⓓ সমিচিন
Solve কতিপয় শুদ্ধ বানান : সৌন্দর্য, স্ফূর্তি, স্বাতন্ত্র্য, সমীচীন, সত্বর, স্ফুরণ, সান্ত্বনা, স্থবির, সন্ন্যাস, সরস্বতী, সর্বস্বান্ত, সংবর্ধনা, স্পৃশ্য, স্বকীয়, স্বদেশি, স্থায়িত্ব, সস্ত্রীক, স্বাক্ষর, স্নেহাশিস।

02. বাংলা সনের প্রবর্তক কে?
Ⓐ টোডরমল Ⓑ আবুল ফজল
Ⓒ ফৈজী Ⓓ ফতেহুল্লাহ সিরাজী Ans Ⓑ

03. 'দামিনী' শব্দের অর্থ কী?
Ⓐ রাত্রি Ⓑ ধরিত্রী Ⓒ বিদ্যুৎ Ⓓ জলধি
Solve 'দামিনী' এর কতিপয় সমার্থক শব্দ : বিদ্যুৎ, চপলা, অশনি, ক্ষণপ্রভা, বিজলি, শম্পা, অনুভা।

04. 'অর্বাচীন' এর বিপরীতার্থক শব্দ কী?
Ⓐ প্রাচীন Ⓑ তরুণ Ⓒ অচেনা Ⓓ নবীন
Solve কতিপয় বিপরীত শব্দ :

মূলশব্দ	বিপরীত শব্দ	মূলশব্দ	বিপরীত শব্দ
বিরক্ত	অনুরক্ত	প্রাচীন	অর্বাচীন
নিমীলিত	উন্মীলিত	বন্ধুর	মসৃণ
মহাত্মা	নীচাত্মা	হলাহল	সুধা

05. 'যত বড় মুখ নয় তত বড় কথা।' এখানে 'মুখ' বলতে কী বোঝাচ্ছে?
Ⓐ অনুভূতি Ⓑ গালি Ⓒ প্রত্যাশা Ⓓ শক্তি
Solve 'মুখ' শব্দের রীতিসিদ্ধ কয়েকটি প্রয়োগ :

শব্দ	ব্যবহৃত অর্থ	উদাহরণ
মুখ রাখা	মান রাখা	ছেলেটা তার বাবার মুখ রেখেছে।
মুখ চাওয়া	নির্ভর করা	আমি তার মুখ চেয়ে বসে আছি।

06. কোনটি অধিকরণ কারকে শূন্য বিভক্তি?
Ⓐ তিনি পাবনায় গেছেন Ⓑ মা বাড়ি নেই
Ⓒ সকালে সূর্য উঠে Ⓓ ভোরে দোয়েল ডাকে
Solve যে স্থানে বা যে সময়ে ক্রিয়া সম্পাদিত হয় তাকে অধিকরণ কারক বলে। যেমন : পাতায় পাতায় পড়ে নিশির শিশির। ছেলেরা মাঠে খেলে।

07. ধ্বনির ব্যঞ্জনা বোঝাতে দ্বিরুক্তির উদাহরণ কোনটি?
Ⓐ বৃষ্টি পড়ে টাপুর টুপুর Ⓑ ও দাদা দাদা বলে কাঁদছে
Ⓒ বাতি জ্বলে মিটির মিটির Ⓓ ভয়ে গা ছমছম করছে
Solve যে সকল অব্যয় অব্যক্ত রব, শব্দ বা ধ্বনির অনুকরণে গঠিত হয়, সেগুলোকে অনুকার অব্যয় বা ধ্বন্যাত্মক অব্যয় বলে। যেমন : বৃষ্টি পড়ে টাপুর টুপুর (ক্রমাগত মৃদু বৃষ্টি পতনের ধ্বনি)।

08. কোনটি যোগরূঢ় শব্দ?
Ⓐ সন্দেশ Ⓑ প্রবীণ Ⓒ গায়ক Ⓓ পঙ্কজ
Solve সমাসনিষ্পন্ন যে সকল শব্দ সমস্যমান পদের অনুগামী না হয়ে ভিন্নার্থ গ্রহণ করে, তাকে যোগরূঢ় শব্দ বলে। যেমন : পঙ্কজ = পঙ্কে জন্মে যা। কিন্তু 'পঙ্কজ' পদ্মফুল অর্থে ব্যবহৃত, তাই এটি যোগরূঢ় শব্দ।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

09. 'বাস্তু ঘুঘু' এর অর্থ–
Ⓐ সামান্য লোক Ⓑ ভণ্ড
Ⓒ প্রচ্ছন্ন শয়তান Ⓓ পরোপকারী

Solve কতিপয় গুরুত্বপূর্ণ শব্দার্থ :

অর্ঘ্য বিরচন– অঞ্জলি বা উপহার রচনা	কুহেলি– চাদর
শ্বাপদ– হিংস্র মাংশাসী শিকারি জন্তু	কিংবদন্তি– জনশ্রুতি

10. কোন কবি নিজেকে বাঙালি বলে পরিচয় দিয়েছেন?
Ⓐ গোবিন্দ দাস Ⓑ কায়কোবাদ
Ⓒ কাহ্নপা Ⓓ ভুসুকুপা Ans Ⓓ

11. নিচের কোনটি দেশি শব্দ নয়?
Ⓐ ধুতি Ⓑ ঢেঁকি Ⓒ চিড়া Ⓓ মই

Solve কতিপয় গুরুত্বপূর্ণ শব্দ :

দেশি শব্দ	ঢেঁকি, চিড়া, মই, কুলা, চোঙ্গা, টোপর, ডাব।
হিন্দি শব্দ	কাহিনি, চামেলি, ফালতু, পানি, টহল, ডেরা।

12. 'বাকবিতণ্ডা' কোন সমাসসাধিত শব্দ?
Ⓐ কর্মধারয় Ⓑ দ্বন্দ্ব Ⓒ তৎপুরুষ Ⓓ অব্যয়ীভাব

Solve পূর্বপদে তৃতীয়া বিভক্তির (দ্বারা, দিয়া, কর্তৃক ইত্যাদি) লোপে যে সমাস হয়, তাকে তৃতীয়া তৎপুরুষ সমাস বলে। যেমন : মন দিয়ে গড়া = মনগড়া, শ্রম দ্বারা লব্ধ = শ্রমলব্ধ, মধু দিয়ে মাখা = মধুমাখা, ধন দ্বারা আঢ্য = ধনাঢ্য।

13. 'উজ্জ্বল' এর সমার্থক শব্দ কোনটি?
Ⓐ শীতাংশু Ⓑ উত্থিতি Ⓒ স্বজা Ⓓ খোলতাই

Solve 'উজ্জ্বল' শব্দটির সমার্থক শব্দ : খোলতাই, রোশনাই, দীপ্তিমান, শোভমান, প্রজ্বলিত, প্রোজ্জ্বল, সুপ্রভ, উদ্ভাসিত।

14. 'সুধীন্দ্র' শব্দের সন্ধিবিচ্ছেদ কী?
Ⓐ সুধি + ইন্দ্র Ⓑ সুধী + ইন্দ্র Ⓒ সুধী + ঈন্দ্র Ⓓ সুধি + ঈন্দ্র

Solve ই-কার বা ঈ-কারের পর ই-কার বা ঈ-কার থাকলে উভয় মিলে ঈ-কার হয়। ঈ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়। যেমন :

রবি + ইন্দ্র = রবীন্দ্র	অতি + ইব = অতীব
অভি + ইষ্ট = অভীষ্ট	গিরি + ঈশ = গিরীশ
পরি + ঈক্ষা = পরীক্ষা	মুনি + ইন্দ্র = মুনীন্দ্র

15. 'অম্বর' শব্দের অর্থ কী?
Ⓐ রাত্রি Ⓑ কৃত্রিম Ⓒ আকাশ Ⓓ মেঘ

Solve 'অম্বর' এর সমার্থক শব্দ : আকাশ, অন্তরিক্ষ, খগোল, নভস্থল, সুরপথ, অনন্ত, অভ্র, নীলিমা।

16. চর্যাপদে সর্বমোট কতটি পদ ছিল?
Ⓐ ৫১টি Ⓑ ৫২টি Ⓒ ৫৩টি Ⓓ ৫৫টি

Solve বাংলা সাহিত্যের আদি নিদর্শন 'চর্যাপদ' এর পদ সংখ্যা ৫১টি হলেও পাওয়া গেছে সাড়ে ছেচল্লিশটি পদ।

17. বাংলা সাহিত্যে চলিত রীতির প্রবর্তক কে?
Ⓐ মধুসূদন দত্ত Ⓑ জসীমউদ্‌দীন
Ⓒ প্রমথ চৌধুরী Ⓓ ফররুখ আহমদ

Solve প্রমথ চৌধুরী 'সবুজপত্র' (১৯১৪) পত্রিকা প্রকাশের মাধ্যমে সাহিত্য রচনার ক্ষেত্রে চলিতরীতিকে জনপ্রিয় করে তোলেন।

18. 'পরভৃত' এর প্রতিশব্দ কী?
Ⓐ কোকিল Ⓑ দোয়েল Ⓒ ভৃত্য Ⓓ কাক

Solve 'পরভৃত' এর সমার্থক শব্দ : পিক, কুহুমন্দ্র, কলকণ্ঠ, কাকপুষ্ট, কোকিল, মধুবন, অন্যভৃত।

19. 'বনফুল' কোন লেখকের ছদ্মনাম?
Ⓐ মানিক বন্দ্যোপাধ্যায় Ⓑ শওকত ওসমান
Ⓒ গোলাম মোস্তফা Ⓓ বলাইচাঁদ মুখোপাধ্যায়

Solve কতিপয় লেখকের প্রকৃত ও ছদ্মনাম :

প্রকৃত নাম	ছদ্মনাম
বলাইচাঁদ মুখোপাধ্যায়	বনফুল
শেখ আজিজুর রহমান	শওকত ওসমান

20. 'নিরানব্বুয়ের ধাক্কা' এর অর্থ কী?
Ⓐ নিরানব্বইবার ধাক্কা দেওয়া Ⓑ অমিতব্যয়ী
Ⓒ সঞ্চয়ের প্রবৃত্তি Ⓓ মারধর

Solve কতিপয় বাগ্‌ধারা : নাড়ি টেপা (পরীক্ষা করা), না ঢেঁকি না কুলো (অন্নসংস্থানের অভাব), নাড়ির টান (গভীর ও আন্তরিক মমত্ববোধ), নারদের ঢেঁকি (বিবাদের বিষয়), না রাম না গঙ্গা (ভালো মন্দ কিছুই না)।

21. 'সকল ছাত্রগণ আজ ক্লাসে অনুপস্থিত' বাক্যটি কোন দোষে দুষ্ট?
Ⓐ বাহুল্য দোষে Ⓑ দুর্বোধ্যতা দোষে
Ⓒ গুরুচণ্ডালী দোষে Ⓓ বিদেশি শব্দ দোষে

Solve প্রয়োজনের অতিরিক্ত শব্দ ব্যবহারে বাহুল্য দোষ ঘটে। যেমন : সকল ছাত্রগণ। এখানে যেহেতু 'সকল' শব্দটি বহুবচন সেহেতু ছাত্র এর সঙ্গে 'গণ' শব্দটির ব্যবহার বাহুল্য দোষ।

22. 'যার দুই হাত সমান চলে' তাকে বলে–
Ⓐ দু'হাতি Ⓑ সমানতালী Ⓒ সব্যসাচী Ⓓ তবলাবাদক

Solve **কতিপয় এক কথায় প্রকাশ :** যে সব জানে = সর্বজ্ঞ; যা দীপ্তি পাচ্ছে = দীপ্তিমান; যা পূর্বে দেখা যায়নি = অদৃষ্টপূর্ব; যা বলা হবে = বক্তব্য; যে বিষয়ে কোনো বিতর্ক নেই = অবিসংবাদী।

23. 'সংশয়' এর বিপরীতার্থক শব্দ হলো–
Ⓐ প্রত্যয় Ⓑ বিস্ময় Ⓒ নির্ভয় Ⓓ অব্যয়

Solve কতিপয় বিপরীত শব্দ :

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
সরস	নীরস	সুধা	বিষ/গরল
সংযোগ	বিয়োগ	সুপ্ত	ব্যক্ত/প্রকাশিত

24. 'আফতাব' এর সমার্থ কোনটি?
Ⓐ অর্ণব Ⓑ রাতুল Ⓒ অর্ক Ⓓ জলধি

Solve 'আফতাব' এর কতিপয় সমার্থক : অর্ক, রবি, সূর্য, বিবস্বান, পূষণ, ভানু, বীতিহোত্র, দিনমণি, প্রদ্যোতন।

[ইংরেজি (আবশ্যিক)]

25. 'Out and out' means-
Ⓐ Not at all Ⓑ Brave
Ⓒ Thoroughly Ⓓ Whole heartedly

Explanation Out and out - পুরোপুরি।

26. Which one is an imperative sentence?
Ⓐ How beautiful the flower is!
Ⓑ Be quite and listen to my words
Ⓒ Do you go the club?
Ⓓ I go to school every day.

Explanation কোনো ইংরেজি বাক্য verb বা let দিয়ে শুরু হলে তা imperative sentence।

27. Which one is singular number?
Ⓐ Phenomenon Ⓑ Lice Ⓒ Mice Ⓓ Errata

Explanation Phenomenon এর plural form হলো phenomena, louse - lice, mouse - mice.

28. আমার বন্ধু নেই বললেই চলে- Choose the correct translation-
Ⓐ I have a few friends Ⓑ I have no friends
Ⓒ I have few friends Ⓓ I have little friends

Explanation A few - কিছু সংখ্যক (positive), few -নেই বললেই চলে (negative), the few - যে কয়জন আছে তারা সবাই।

29. 'Bring the book' means-
Solve বাহ্যিক কিংবা অভ্যন্তরীণ উদ্দীপনার কারণে প্রাণিদেহে যে প্রতিক্রিয়া সৃষ্টি হয় তার বহিঃপ্রকাশকে আচরণ (behaviour) বলে। এর দ্বারা প্রাণী দ্রুত ও সুবিধাজনক উপায়ে তার পরিবেশের প্রতি সাড়া প্রদান করে। [Ref: আলীম]

99. সিরুমেন ক্ষরিত হয়–
Ⓐ অন্তঃকর্ণ হতে Ⓑ মধ্যঃকর্ণ হতে
Ⓒ বহিঃকর্ণ হতে Ⓓ সবগুলো হতে
Solve সেরুমিনাস গ্রন্থি নিঃসৃত সেরুমেন নামক তৈলাক্ত পদার্থ কর্ণ- মোম তৈরি করে ধূলাবালি কর্ণের ভেতরে প্রবেশ প্রতিহত করে। [Ref: মেঘনাদ]

100. অশ্রু ও লালায় যে এনজাইম রয়েছে তাকে কী বলে?
Ⓐ লিপোপ্রোটিন Ⓑ লাইসোজাইম
Ⓒ সিরুমেন Ⓓ প্রোটিওলাইটিক
Solve অশ্রু গ্রন্থি নিঃসৃত অশ্রু নামে এক ধরনের লবণাক্ত সোডিয়াম ক্লোরাইড, সোডিয়াম বাইকার্বনেট ও পানি এবং জীবাণুরোধক তরল (লাইসোজাইম এনজাইম) ক্ষরণ করে কনজাংক্টিভাকে নরম, সিক্ত, পরিচ্ছন্ন ও জীবাণুমুক্ত রাখে।
[Ref: আজমল]

রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ২০১৭-১৮
ইউনিট: G_2; সেট: ০২ [কৃষি অনুষদ]

01. রুই মাছের কত জোড়া ফুলকা থাকে?
Ⓐ ২ জোড়া Ⓑ ৩ জোড়া Ⓒ ৪ জোড়া Ⓓ ৫ জোড়া
Solve *Labeo* একটি অস্থিময় মাছ। চারজোড়া ফুলকা (gill) এ মাছের শ্বসন অঙ্গ। এগুলো মাথার দুপাশে দুটি কানকো (Operculum) তে আবদ্ধ ফুলকা-প্রকোষ্ঠ (branchial chamber) এর ভিতর রক্ষিত এবং গলবিলের পার্শ্বপ্রাচীরে অবস্থিত। [Ref: আজমল]

02. 'সাইনুসয়েড' নিচের কোনটির শনাক্তকারী বৈশিষ্ট্য?
Ⓐ ক্ষুদ্রান্ত্র Ⓑ পাকস্থলী Ⓒ যকৃৎ Ⓓ বৃক্ক
Solve যকৃৎ কতগুলো ক্ষুদ্র খণ্ড বা লোবিওল (lobule) এ বিভক্ত। লোবিওলের মাঝে মাঝে সাইনুসয়েড (sinusoid) নামক ফাঁকা স্থান থাকে। [Ref: আজমল]

03. কোষের RNA-র ৮০ ভাগই–
Ⓐ tRNA Ⓑ mRNA Ⓒ rRNA Ⓓ nRNA
Solve কোষের 80% RNA-ই rRNA। mRNA 3-5%, tRNA 15% [আলীম], কোষের 80-90% হলো rRNA।

04. মাইক্রোফাইলেরি বাস করে মানুষের–
Ⓐ লসিকা গ্রন্থিতে Ⓑ যকৃতে Ⓒ রক্তে Ⓓ সবগুলো Ans Ⓓ

05. শুক্রাণুর কোন অংশে মাইটোকন্ড্রিয়া থাকে?
Ⓐ মস্তক Ⓑ গ্রীবা Ⓒ অ্যাক্রোসোম Ⓓ লেজ
Solve শুক্রাণুর গ্রীবার পেছনে অবস্থিত লম্বা, সরু অংশই হলো লেজ। লেজের সম্মুখ দিকে দুটি সেন্ট্রিওল থাকে যাদের একটি থেকে অক্ষীয় সূত্রক (axial filament) সৃষ্টি হয়ে লেজের পশ্চাৎপ্রান্ত পর্যন্ত প্রসারিত থাকে। লেজের গোড়ার দিকে মাইটোকন্ড্রিয়াগুলো অক্ষীয় সূত্রকে সর্পিলভাবে প্যাঁচিয়ে থেকে শুক্রাণুর মধ্যাংশ গঠন করে। [Ref: আলীম]

06. ডেনড্রাইটে কোন অঙ্গাণু পাওয়া যায় না?
Ⓐ অমসৃণ ER Ⓑ রাইবোসোম Ⓒ নিউরোফিলামেন্ট Ⓓ সবগুলো
Solve ডেনড্রন কোষদেহ থেকে উৎপন্ন ক্ষুদ্র শাখা-প্রশাখাযুক্ত সংজ্ঞাবহ বা সংবেদী প্রবর্ধক। ডেনড্রনের এক-একটি শাখাকে ডেনড্রাইট (dendrite) বলে। ডেনড্রনে নিউরোপ্লাজম, নিউরোফাইব্রিল ও নিসল দানা থাকে। [Ref: মাজেদা]

07. ইনফ্লুয়েঞ্জা ও হেপাটাইটিস-A ভ্যাক্সিন কোন ধরনের ভ্যাক্সিন?
Ⓐ টক্সোয়েড Ⓑ নিষ্ক্রিয় Ⓒ সাব ইউনিট Ⓓ কনজুগেট
Solve রোগ সৃষ্টিকারী জীবাণুকে রাসায়নিক, তাপ, বিকিরণ বা অ্যান্টিবায়োটিক প্রয়োগ করে নিষ্ক্রিয় জীবাণু উৎপন্ন করে। ইনফ্লুয়েঞ্জা, কলেরা, পোলিও, হেপাটাইটিস-A, র‍্যাবিস প্রভৃতি নিষ্ক্রিয় ভ্যাক্সিন। [Ref: আজমল]

08. ড্রসোফিলা মাছির লুপ্তপ্রায় ডানা সৃষ্টিকারী জিনটি নিচের কোন ধরনের?
Ⓐ সেমিলিথাল জিন Ⓑ সাবলিথাল জিন
Ⓒ সাব ভাইটাল জিন Ⓓ পরিপূরক জিন
Solve যে সব লিথাল জিনের প্রভাবে ৫০% এর বেশি জীব মারা যায় সেগুলোকে সেমিলিথাল জিন (Semilethal gene) বলে। মানুষে হিমোফিলিয়া রোগ সৃষ্টিকারী লিথাল জিন সেমিলিথাল ধরনের। অন্যদিকে, যে সব লিথাল জিনের প্রভাবে ৫০ এর কম সংখ্যক জীব মারা যায় সেগুলোকে সাবভাইটাল জিন (Subvital gene) বলে। ড্রসোফিলা মাছির লুপ্তপ্রায় ডানা সৃষ্টিকারী লিথাল জিন সাবভাইটাল ধরনের। [Ref: আজমল]

09. সমুদ্রের কলম বলা হয় কাকে?
Ⓐ *Convoluta* Ⓑ *Porpita sp.*
Ⓒ *Adamsia palliata* Ⓓ *Pennatula sulcata*
Solve
Adamsia palliata - সাগরকসুম। [Ref: পারভীন]
Porpita sp - পরপিটা। [Ref: আজমল]
Pennatula sulcata - সমুদ্রের কলম। [Ref: আজমল]

10. চিংড়ির সাঁতারের পা-কে বলা হয়–
Ⓐ প্লিওপোড Ⓑ রোস্ট্রাম Ⓒ পিরিওপোড Ⓓ ইউরোপোড
Solve
- চিংড়ির দেহ লম্বাটে, দ্বিপার্শ্বীয় প্রতিসম এবং দুটি অংশে বিভক্ত - শিরোবক্ষ ও উদর।
- পাঁচজোড়া পিরিওপোড (হাঁটিয়ে পা) ও ছয় জোড়া প্লিওপোড (সাঁতারে পা) আছে। [Ref: আজমল]

11. Serous fluid দেহের কোন অংশ হতে নিঃসৃত হয়?
Ⓐ হৃৎপিণ্ড Ⓑ ফুসফুস Ⓒ মূত্রাশয় Ⓓ অগ্ন্যাশয়
Solve

অঙ্গের নাম	নিঃসৃত রস	কাজ
১. হৃৎপিণ্ড	পেরিকার্ডিয়াল ফ্লুইড	হৃৎপিণ্ডের সংকোচন সহজসাধ্য ও নিয়ন্ত্রণে সাহায্য করে।
২. ফুসফুস	সেরাস ফ্লুইড	ফুসফুসকে ঘর্ষণজনিত আঘাত থেকে রক্ষা করে।
৩. অগ্ন্যাশয়	অগ্ন্যাশয় রস	অম্ল-ক্ষারের সাম্য, পানিসাম্য ও দেহতাপ নিয়ন্ত্রণ করে।

[Ref: আজমল]

12. 'History of animals' বইটির লেখক কে?
Ⓐ ল্যামার্ক Ⓑ ডারউইন Ⓒ অ্যারিস্টটল Ⓓ লিনিয়াস
Solve ল্যাটিন Historia Animalium (History of Animals) বইটির লেখক গ্রিক দার্শনিক অ্যারিস্টটল। এটি লেখা হয় BC: চতুর্থ সেঞ্চুরিতে। [Ref: উইকিপিডিয়া]

13. কোনটি মধ্যকর্ণের অস্থি নয়?
Ⓐ ম্যালিয়াস Ⓑ ইনকাস Ⓒ স্টেপিস Ⓓ অ্যাটলাস
Solve ম্যালিয়াস, ইনকাস ও স্টেপিস মধ্যকর্ণের গহ্বরে অবস্থিত পরস্পর পেশি দিয়ে যুক্ত হয়ে ক্রমান্বয়ে সুনির্দিষ্টভাবে সাজানো ৩ টি ছোট অস্থি। অন্যদিকে অ্যাটলাস হলো প্রথম সারভাইকাল (গ্রীবাদেশীয়) কশেরুকা, যা দেখতে আংটির মতো। [Ref: আজমল]

14. ঘাসফড়িং এর রেচন অঙ্গ কোনটি?
Ⓐ উপচর্ম Ⓑ ম্যালপিজিয়ান নালিকা
Ⓒ ফুলকা Ⓓ পায়ুপথ
Solve আমিষজাতীয় খাদ্য বিপাকে সৃষ্ট নাইট্রোজেনঘটিত বর্জ্য পদার্থ নিষ্কাশনের প্রক্রিয়াকে রেচন (excretion) বলে। অন্যসব পতঙ্গের মতো ঘাসফড়িং এর প্রধান রেচন অঙ্গও ম্যালপিজিয়ান নালিকা (malpighian tubule)। তবে মেদপুঞ্জের কিছু কোষ অর্থাৎ ইউরেট কোষ, ইউরিকোজ গ্রন্থি, নেফ্রোসাইট এবং কিউটিকল অতিরিক্ত রেচন অঙ্গ হিসেবে কাজ করে। [Ref: আজমল]

15. করোনারি হার্ট ডিজিজ এর আওতাভুক্ত রোগ নয় কোনটি?
Ⓐ এনজাইনা পেকটোরিস Ⓑ পেপিলিওডিমা
Ⓒ মায়োকার্ডিয়াল ইনফার্কশন Ⓓ আনস্টেবল এনজাইনা
Solve
- হৃৎপেশি যখন O_2 সমৃদ্ধ পর্যাপ্ত রক্ত সরবরাহ পায় না তখন বুক নিষ্পেষিত হচ্ছে বা দম বন্ধ হয়ে আসছে এমন মারাত্মক অস্বস্তি অনুভূত হলে সে ধরনের বুক ব্যথাকে অ্যানজাইনা বা অ্যানজাইনা পেকটোরিস (angina pectoris) বলে। অ্যানজাইনাকে সাধারনত হার্ট অ্যাটাকের পূর্বাবস্থা মনে করা হয়।
- হার্ট অ্যাটাকের অপর নাম মায়োকার্ডিয়াল ইনফার্কশন।
- ধমনির লুমেন যদি ৯০-৯৯% সংকীর্ণ হয়ে যায় তখন অস্থির অ্যানজাইনা (Unstable angina) ত্বরান্বিত হয়। এমন অবস্থায় করোনারি বাইপাস কার্যক্রম গ্রহণ করা ছাড়া উপায় থাকে না। [Ref: আজমল]

16. আমিষ সংশ্লেষণ ও স্নেহজাতীয় পদার্থের বিপাক সাধন করে–
Ⓐ গলগি বডি Ⓑ মাইটোকন্ড্রিয়া
Ⓒ রাইবোসোম Ⓓ এন্ড্রোপ্লাজমিক রেটিকুলাম
Solve **গলগিবডি:** লাইসোসোম তৈরিকরা, অপ্রোটিন জাতীয় পদার্থের সংশ্লেষণ, কোষ বিভাজনকালে কোষপ্লেট তৈরি প্রভৃতি প্রধান কাজ করে থাকে।
মাইটোকন্ড্রিয়া: কোষের যাবতীয় কাজের জন্য শক্তি উৎপাদন ও নিয়ন্ত্রণ করা, শ্বসনের জন্য প্রয়োজনীয় এনজাইম ও কো-এনজাইম ধারণ করা, নিজস্ব DNA উৎপন্ন করা, প্রোটিন সংশ্লেষণ ও স্নেহ বিপাকে সাহায্য করা, শুক্রাণু ও ডিম্বাণু তৈরি প্রভৃতি প্রধান কাজ করে থাকে।
রাইবোসোম: প্রোটিন সংশ্লেষণ করাই রাইবোসোমের প্রধান কাজ। এজন্য রাইবোসোমকে কোষের প্রোটিন ফ্যাক্টরি বলে।

17. মূত্রের বর্ণের জন্য দায়ী কোনটি?
Ⓐ ইউরোম্যাটার Ⓑ ইউরেনিয়াম
Ⓒ ইউরোক্রোম Ⓓ নিউরোক্রোম
Solve বৃক্ক দৈনিক ০.৫ থেকে ২.৫ লিটার মূত্র উৎপন্ন করে। ইউরোক্রোম (Urochrome) নামক পদার্থ থাকায় মূত্র খড় বর্ণের হয়। [Ref: আজমল]

18. Adam's Apple কী?
Ⓐ খন্ডিত আপেল Ⓑ থাইরয়েড তরুণাস্থি
Ⓒ থাইরয়েড রস Ⓓ নিউরোক্রোম
Solve নাসাগলবিলের নিচের অংশের ঠিক সামনের দিকে থাকে স্বরযন্ত্র। এটি টুকরো টুকরো তরুণাস্থি দিয়ে তৈরি। এগুলোর মধ্যে থাইরয়েড তরুণাস্থি সবচেয়ে বড় এবং এটি গলার সামনে উচু হয়ে ওঠে (পুরুষে)। হাত দিলে এর অবস্থান বুঝা যায় এবং বাইরে থেকে দেখা যায়। একে Adam's Apple বলে।
[Ref: আজমল]

19. লিপোপ্রোটিন সমৃদ্ধ প্লাজমা মেমব্রেন দ্বারা কী আবৃত থাকে?
Ⓐ শুক্রাণু Ⓑ ডিম্বাণু
Ⓒ যকৃৎ Ⓓ প্লীহা
Solve লিপোপ্রোটিন সমৃদ্ধ প্লাজমামেমব্রেন (ঝিল্লি) দ্বারা ডিম্বাণু আবৃত থাকে। প্লাজমা মেমব্রেনের বাইরে জোনা পেলুসিডা (zona pellucida) নামক একটি প্রাইমারি আবরণ বিদ্যমান। প্রাইমারি আবরণীর বাইরে আবার করোনা রেডিয়েটা (corona radiata) নামক একটি সেকেন্ডারি আবরণ থাকে।

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

20. অক্সিজেনের অন্যতম আইসোটোপ ^{17}O এ নিউট্রন সংখ্যা কয়টি?
Ⓐ 8 Ⓑ 9 Ⓒ 17 Ⓓ 7
Solve নিউট্রন সংখ্যা = (17 – 8) = 9

21. কোন যৌগটি অর্দ্র বিশ্লেষিত হয় না?
Ⓐ $SiCl_4$ Ⓑ CCl_4 Ⓒ $AlCl_3$ Ⓓ Na_3PO_4
Solve CCl_4 এ কার্বনের বাইরের স্তরে (দ্বিতীয় স্তরে) কোনো ফাঁকা অরবিটাল না থাকায় এটি H_2O অনুর সাথে সন্নিবেশ বন্ধন গঠন করতে পারে না। ফলে CCl_4 আদ্রবিশ্লেষিত হয় না।

22. নিম্নের সবচেয়ে কম স্ফুটনাঙ্কের যৌগটি হলো–
Ⓐ Methane Ⓑ Ethane
Ⓒ Butane Ⓓ Pentane
Solve হাইড্রোকার্বন সমূহের ক্ষেত্রে কার্বন পরমাণুর সংখ্যা যত বেশি হবে স্ফুটনাংক ও তত বেশি হবে।

যৌগ	স্ফুটনাঙ্ক
মিথেন	–161°C
ইথেন	– 89°C
প্রোপেন	– 42°C
বিউটেন	– 0.5°C
পেন্টেন	+ 36°C

23. কোনটি ডায়াম্যাগনেটিক?
Ⓐ Ti Ⓑ Mn Ⓒ Zn Ⓓ Fe
Solve যে সব পরমানু বা ক্যাটায়ণের ইলেকট্রন বিন্যাসে প্রতিটি অরবিটালে দুটি করে ইলেকট্রন দ্বারা পূর্ণ থাকে অর্থাৎ কোনো বিজোড় ইলেকট্রন থাকে না সেই সমস্ত পরমাণু বা ক্যাটায়নগুলো ডায়ম্যাগনেটিক প্রকৃতির হয়।

24. মানবদেহের রক্তে কোন বাফারটি pH নিয়ন্ত্রণ করে না?
Ⓐ ফসফেট Ⓑ বাইকার্বনেট Ⓒ অ্যাসিটেট Ⓓ প্রোটিন বাফার
Solve প্রাকৃতিকভাবে রক্তের pH নিয়ন্ত্রণে তিনটি বাফার কাজ করে :
(A) কার্বনেট-বাফার সিস্টেম
(B) ফসফেট বাফার সিস্টেম (আন্তঃকোষীয় বাফার)
(C) প্রোটিন বাফার সিস্টেম

25. অ্যারোসলে নিম্নের কোন যৌগটি ব্যবহার করা হয়?
Ⓐ Ozone Ⓑ Gammexane
Ⓒ Freon Ⓓ Trioxane Ans Ⓒ

26. ব্রোমিন হলো–
Ⓐ গ্যাস Ⓑ তরল Ⓒ কঠিন Ⓓ অর্ধ-কঠিন
Solve ব্রোমিন অধাতু হওয়া সত্ত্বেও কক্ষ তাপমাত্রায় তরল অবস্থায় বিরাজ করে।

27. রুজ পাউডার হলো–
Ⓐ কপার অক্সাইড Ⓑ জিঙ্ক অক্সাইড
Ⓒ ফেরিক অক্সাইড Ⓓ কোনোটিই নয় Ans Ⓒ

28. $NaNO_3$ এর বর্ণ হলো–
Ⓐ সাদা Ⓑ নীল
Ⓒ বর্ণহীন Ⓓ গোলাপি Ans Ⓐ

29. চাইনিজ হোয়াইট বলা হয়–
Ⓐ কলিচুনকে Ⓑ চুনকে
Ⓒ কপারকে Ⓓ জিঙ্ক অক্সাইডকে Ans Ⓓ

30. NO এর জারণ সংখ্যা হলো–
Ⓐ +১ Ⓑ +৩ Ⓒ +২ Ⓓ +8 Ans Ⓒ

31. DDT এর সংকেত হলো–
Ⓐ $C_{14}H_9Cl_5$ Ⓑ $C_{11}H_7$ Ⓒ $C_{12}H_8Cl_3$ Ⓓ $C_{14}H_7Cl_2$
Solve



(DDT: 4,4-dichlorodiphenyl trichloroethane

32. দস্তার গুঁড়ার সাথে ফেনলকে উত্তপ্ত করলে পাওয়া যায়–
Ⓐ C_6H_6 Ⓑ $C_{12}H_{12}$ Ⓒ $C_{12}H_8Cl_3$ Ⓓ $C_{14}H_7Cl_2$
Solve



(বেনজিন)

33. হাইড্রোজেন বোমায় সংঘটিত বিক্রিয়ার নাম–
Ⓐ ফিউশান Ⓑ ট্রান্সমিউটেশন
Ⓒ ফিশান Ⓓ স্প্যালেশন বিক্রিয়া
Solve হাইড্রোজেন বোমা → ফিউশান বিক্রিয়া
পারমানবিক বোমা → ফিশান বিক্রিয়া

34. নিচের কোনটি রিডিউসিং স্যুগার?
Ⓐ গ্লুকোজ Ⓑ স্টার্চ Ⓒ সেলুলোজ Ⓓ গ্লাইকোজেন
Solve সুক্রোজ ছাড়া সব মনোস্যাকারাইড ও ডাইস্যাকারাইড রিডিউসিং স্যুগার বা বিজারক চিনি।

35. বৃত্তাকার DNA থাকে–
Ⓐ ভাইরাসে Ⓑ ছত্রাকে
Ⓒ প্লাজমিডে Ⓓ প্রোটোজোয়ায়
Solve ব্যাকটেরিয়ার সাইটোপ্লাজমে মূল ক্রোমোসোম ছাড়াও যে বৃত্তাকার দ্বিসূত্রক DNA অণু থাকে তাকে প্লাসমিড বলে। Laderberg (1952) *E.coli* ব্যাকটেরিয়া কোষে সর্বপ্রথম প্লাসমিডের সন্ধান পান।

36. সবুজ বেষ্টনীর বৃক্ষ নয় কোনটি?
Ⓐ নারিকেল Ⓑ ঝাউ Ⓒ সুপারি Ⓓ রেইনট্রি
Solve কেওড়া, সুন্দরী, বাইন, রাইজোফোরা, পশুর, নারিকেল, সুপারি, গাব, বিলাতি গাব ইত্যাদি সবুজ বেষ্টনীর বৃক্ষের ক্ষেত্রে নির্বাচন করা যেতে পারে।

37. ছত্রাকের বংশবৃদ্ধি ঘটে–
Ⓐ হ্যাপ্লয়েড স্পোরে Ⓑ ডিপ্লোয়েড স্পোরে
Ⓒ A ও B উভয়ে Ⓓ কোনোটিই নয়
Solve ছত্রাকের জনুক্রম সুস্পষ্ট অর্থাৎ হ্যাপ্লায়েড (n) ও ডিপ্লোয়েড (2n) দশার পর্যায়ক্রমে আবর্তন ঘটে।

38. গমে কোন ধরনের প্রোটিন পাওয়া যায়?
Ⓐ প্রোলামিন Ⓑ অ্যালবুমিন Ⓒ গ্লোবিউলিন Ⓓ কোনোটিই নয়
Solve গমের গ্লিয়াডিন হলো প্রোলামিন প্রোটিন।
[Ref: হাসান]

39. 'টেস্টিং সল্ট' প্রস্তুতিতে– ব্যবহৃত হয়।
Ⓐ ঈস্ট Ⓑ ভাইরাস Ⓒ ব্যাকটেরিয়া Ⓓ নেমাটোড
Solve টেস্টিংসল্ট তৈরি করা হয় ব্যাক্টেরিয়া থেকে।
[Ref: হাসান]

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

40. লেসিথিন কী?
Ⓐ ফসফোলিপিড Ⓑ অ্যামাইনো এসিড
Ⓒ কার্বহাইড্রেড Ⓓ ভিটামিন
Solve ফসফোলিপিডের উদাহরণ হলো: লেসিথিন, সেফালিন, প্লাজমালোজেন প্রভৃতি। [Ref: হাসান]

41. কোনটি মনোসিয়াস উদ্ভিদ?
Ⓐ পটল Ⓑ বেগুন Ⓒ মিষ্টি আলু Ⓓ ভুট্টা Ans Ⓓ

42. নিউসেলাস কিসের অংশ?
Ⓐ পরাগধানীর Ⓑ গর্ভদণ্ডের Ⓒ গর্ভমুণ্ডের Ⓓ ডিম্বকের
Solve ত্বক দিয়ে ঘেরা প্রধান টিস্যুই হলো নিউসেলাস বা ভ্রূণপোষক টিস্যু।

43. কোনটিতে প্লাস্টিড নেই?
Ⓐ ফার্ন Ⓑ শৈবাল Ⓒ ছত্রাক Ⓓ স্পাইরোগাইরা
Solve A, B ও D অপশনের উদ্ভিদে প্লাস্টিড বিদ্যমান। কিন্তু ছত্রাকে প্লাস্টিড থাকে না। তাই C অপশনটি উত্তর হবে।
[Ref: হাসান]

44. কোনটিতে ট্রাকিড পাওয়া যায়?
Ⓐ জাইলেম Ⓑ ফ্লোয়েম
Ⓒ কোলেনকাইমা Ⓓ স্ক্লেরেনকাইমা
Solve জাইলেম টিস্যু: চার ধরনের উপাদান নিয়ে জাইলেম টিস্যু গঠিত। যথা: ট্রাকিড, ভেসেল, জাইলেম ফাইবার ও জাইলেম প্যারেনকাইমা।
ফ্লোয়েম টিস্যু: ফ্লোয়েম টিস্যুও চার ধরনের উপাদান নিয়ে গঠিত। যথা: সিভনল, সঙ্গীকোষ, ফ্লোয়েম প্যারেনকাইমা ও ফ্লোয়েম ফাইবার। [Ref: হাসান]

45. পেরিডার্মের উপাদান কোনটি?
Ⓐ লেন্টিসেল Ⓑ কর্ক ক্যাম্বিয়াম
Ⓒ কর্টেক্স Ⓓ গৌণ জাইলেম Ans Ⓒ

46. NADP কী?
Ⓐ এনজাইম Ⓑ ভিটামিন Ⓒ হরমোন Ⓓ কো-এনজাইম
Solve কো-এনজাইম: এনজাইমের প্রোসথেটিক গ্রুপটি কোনো জৈব রাসায়নিক পদার্থ হলে তাকে কো-এনজাইম বলে। যেমন: FAD, NAD, NADP, ATP প্রভৃতি।

47. বায়োগ্যাসের প্রধান উপাদান কোনটি?
Ⓐ হাইড্রোজেন Ⓑ নাইট্রোজেন Ⓒ ইথেন Ⓓ মিথেন Ans Ⓓ

48. আখের কাণ্ডরসে কী পরিমাণ সুক্রোজ থাকে?
Ⓐ ১০% Ⓑ ১৫% Ⓒ ২০% Ⓓ ২৫%
Solve আখের বা ইক্ষুর রসে প্রায় ১৫% সুক্রোজ থাকে। এছাড়া কিছু পরিমাণ জৈব এসিড, প্রোটিন ও ফসফেট জাতীয় পদার্থ বিদ্যমান। [Ref: হাসান]

49. বীজের অঙ্কুরোদগমের জন্য কোন হরমোন দায়ী?
Ⓐ অক্সিন Ⓑ জিবেরেলিন
Ⓒ সাইটোকাইনিন Ⓓ অ্যাবসেসিক এসিড Ans Ⓐ

50. মাইক্রোফাইব্রিলে কতটি সেলুলোজ অণু থাকে?
Ⓐ ২০ টি Ⓑ ২০০ টি Ⓒ ২০০০ টি Ⓓ ২০০০০ টি
Solve প্রায় ২০টি মাইসেলি সমান্তরালভাবে বিন্যস্ত থেকে মাইক্রোফাইব্রিল গঠন করে এবং এতে প্রায় ২ হাজার থেকে ৪ হাজার সেলুলোজ অণু থাকে। [Ref: মাজেদা]

51. প্লাজমামেমব্রেনে পানির পরিমাণ–
Ⓐ ২০% Ⓑ 25% Ⓒ 30% Ⓓ 35% Ans Blank

52. পাট পঁচনে সহায়তা করে–
Ⓐ Cyanobacteria Ⓑ *Nostoc*
Ⓒ Blue Green Algae Ⓓ *Spirogyra*
Solve সায়ানোব্যাক্টেরিয়া (cyanobacteria) পাট পঁচনে সহায়তা করে থাকে।

53. অ্যামাইনো এসিডের পলিমারকে বলে–
Ⓐ লিপিড Ⓑ স্টার্চ Ⓒ নিউক্লিক এসিড Ⓓ প্রোটিন
Solve অ্যামিনো এসিডের পলিমারকে প্রোটিন বা আমিষ বলা হয়। প্রায় ২০ ধরনের অ্যামিনো এসিড পেপটাইড বন্ধন (–CO–NH–) দ্বারা যুক্ত হয়ে বিভিন্ন ধরনের পলিপেপটাইড শিকল বা প্রোটিন গঠন করে। [Ref: আলীম]

54. মানবদেহের কোষে বিদ্যমান রাইবোসোম কোন প্রকারের?
Ⓐ 70 S Ⓑ 80 S Ⓒ 60 S Ⓓ 50 S
Solve
- 70S রাইবোসোম থাকে → আদিকোষী জীবে।
- 80S রাইবোসোম থাকে → প্রকৃতকোষী জীবে।

55. নিচের কোনটি দ্বারা সেন্ট্রিওল গঠিত নয়?
Ⓐ প্রোটিন Ⓑ লিপিড Ⓒ ATP Ⓓ কার্বোহাইড্রেট
Solve প্রোটিন, লিপিড ও ATP হলো সেন্ট্রিওলের প্রধান গাঠনিক উপাদান। [Ref: হাসান]

56. বায়োইথানল তৈরিতে কোনটি ব্যবহৃত হয়?
Ⓐ গ্লুকোজ Ⓑ সুক্রোজ Ⓒ ফ্রুক্টোজ Ⓓ সেলুলোজ Ans Ⓐ

57. কোনটি ভাইরাসজনিত রোগ?
Ⓐ ডিপথেরিয়া Ⓑ পোলিও Ⓒ কলেরা Ⓓ টিটেনাস
Solve
- ব্যাক্টেরিয়া দ্বারা হয় এমন কতগুলো রোগের উদাহরণ: কলেরা, যক্ষ্মা, ডিপথেরিয়া, টিটেনাস, নিউমোনিয়া, টাইফয়েড, আমাশয়, গনোরিয়া, সিফিলিস প্রভৃতি।
- ভাইরাস দ্বারা হয় এমন কতগুলো রোগের উদাহরণ: জলাতঙ্ক, বার্ডফ্লু, হাম, জন্ডিস, চিকুনগুনিয়া, ডেঙ্গু, জলবসন্ত, গুটিবসন্ত প্রভৃতি। [Ref: হাসান]

58. নিচের কোনটি ভিটামিন সমৃদ্ধ খাদ্য?
Ⓐ Laminaria Ⓑ Gracilaria
Ⓒ Chondrus Ⓓ Chlorella
Solve মানুষের খাদ্য তালিকায় *Chlorella* একটি ভিটামিন সমৃদ্ধ শৈবাল।

59. নিচের কোন মাছটির পটকা রক্তজালিকা সমৃদ্ধ এবং শ্বসন কাজে সাহায্য করে?
Ⓐ *Channa punctatus* Ⓑ *Anabas testudineus*
Ⓒ *Latimeria chalumnae* Ⓓ *Tenualosa ilisha*
Solve *Latimeria chalumnae* (সিলাকান্থ মাছ) এর পটকা রক্তজালিকা সমৃদ্ধ এবং শ্বসন ও ভেসে থাকতে সাহায্য করে। এই প্রজাতির মাছ ভারত মহাসাগর ও ইন্দোনেশিয়ার উপকূলে বিস্তৃত। [Ref: আজমল]

60. অ্যাক্রোমিয়াল প্রসেস কোন অস্থির অংশ?
Ⓐ স্ক্যাপুলা Ⓑ কশেরুকা Ⓒ হিউমেরাস Ⓓ ফিমার
Solve স্ক্যাপুলার কোস্টাল তলে (সম্মুখ-উপরের তল) একটি কোরাকয়েড প্রসেস (coracoid process), একটি অ্যাক্রোমিয়াল প্রসেস (acromial process) এবং একটি সাবস্ক্যাপুলার ফসা (Subscapular fossa) থাকে। [Ref: আলীম]

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS

61. ব্লাড গ্রুপিং এর অ্যান্টিবডি কোন ধরনের–

Ⓐ IgG Ⓑ IgM
Ⓒ IgE Ⓓ IgA

Solve দেহের মোট Ig এর ৫-১০% IgM। ABO ব্লাড গ্রুপের রক্তকণিকা অ্যান্টিবডি এ ধরনের। এটি কমপ্লিমেন্ট সিস্টেমকে সক্রিয় করে। [Ref: পারভীন]

62. কোনো জীব যখন পরিবেশের রাসায়নিক ঘনত্বের তারতম্যে সাড়া দেয় তাকে বলে–

Ⓐ অ্যারাট্যাক্সিস Ⓑ এনার্জি ট্যাক্সিস
Ⓒ কেমোট্যাক্সিস Ⓓ গ্রাভি ট্যাক্সিস

Solve বিভিন্ন ট্যাক্সিসের পরিচয় :

ট্যাক্সিসের নাম	সাড়াদান
১. অ্যারোট্যাক্সিস	অক্সিজেন ঘনত্বের পার্থক্যের কারণে সাড়া দেয়।
২. এনার্জি ট্যাক্সিস	জীবকোষের অন্তঃস্থ শক্তির অবস্থা বিবেচনা করে সর্বোচ্চ বিপাকীয় কাজের দিকে সাড়া দেয়।
৩. কেমোট্যাক্সিস	পরিবেশের রাসায়নিক ঘনত্বের তারতম্যের কারণে সাড়া দেয়।
৪. গ্রাভিট্যাক্সিস	জীবের অভিকর্ষজনিত সাড়াদান। বিভিন্ন প্রাণীর লার্ভা দশায় পজিটিভ ও নেগেটিভ দুধরনের গ্রাভিট্যাক্সিসই দেখা যায়।

[Ref: আজমল]

63. ইউরিক এসিড কোন পদার্থের বিপাকের শেষ পরিণতি?

Ⓐ গ্লুকোজ Ⓑ অ্যামাইনো এসিড
Ⓒ পিউরিন Ⓓ পাইরিমিডিন

Solve মানবদেহে পিউরিন বিপাকের শেষ পরিণতি হলো ইউরিক এসিড উৎপাদন। দেহজাত ও গৃহীত খাদ্য এ দুধরনের পিউরিন জাতীয় পদার্থ থেকেই ইউরিক এসিড উৎপন্ন হয়ে বৃক্কে পৌঁছে। [Ref: আশরাফ]

64. কোনটি প্লাজমা প্রোটিন নয়?

Ⓐ টাইরোসিন Ⓑ ফাইব্রিনোজেন Ⓒ প্রোথ্রম্বিন Ⓓ অ্যালবুমিন

Solve রক্তের ঈষৎ ক্ষারধর্মী হালকা হলুদ বর্ণের অকোষীয় তরল অংশকে রক্তরস বা প্লাজমা বলে। প্রোথ্রম্বিন, ফাইব্রিনোজেন, অ্যালবুমিন ও গ্লোবিউলিন প্রভৃতি প্লাজমাপ্রোটিন।
[Ref: আলীম]

65. The meaning of "errund" is —

Ⓐ Around Ⓑ Announce
Ⓒ A short joureny Ⓓ Declare

Explanation Errund - সংক্ষিপ্ত সফর।

66. What — last night?

Ⓐ did you Ⓑ you did
Ⓒ had you done Ⓓ did you do

Explanation Last night, last month, last year, ago, long since ইত্যাদি থাকলে past indefinite tense হয়।

67. Change the voice of "Nobody knows him here".

Ⓐ He is known by nobody here.
Ⓑ He is not known here.
Ⓒ He is known to nobody here.
Ⓓ Nobody known him here.

Explanation Present indefinite tense এর passive obj এর sub + am / is / are + v_3 + sub এর obj + ext.

68. "Plight" means —

Ⓐ Damage Ⓑ Inability to carry out a plan
Ⓒ Carelessness Ⓓ An unfavourable condition

Explanation Plight - সংকটাপন্ন অবস্থা।

69. Which is correct?

Ⓐ Baseball is similar to playing cricket.
Ⓑ Playing baseball is similar to cricket.
Ⓒ To play baseball is similar to cricket.
Ⓓ Playing baseball is similar to playing cricket.

Explanation Parallel করার জন্য cricket এর পূর্বে playing হবে।

70. Antonym of the word "sluggish" is —

Ⓐ Decrease Ⓑ Animated Ⓒ Dull Ⓓ Heavy

Explanation Sluggish - মন্থর; animated - জীবন্ত।

71. Translate it "দুর্দিনের জন্য সঞ্চয় কর"।

Ⓐ Save something for bad days.
Ⓑ Save something for rainy days.
Ⓒ Save something against rainy days.
Ⓓ Save money for bad days.

Explanation Rainy day - দুর্দিন।

72. Which pair of prepositions is appropriate? John is stick — his principal, but Jim is stick — nothing.

Ⓐ with, to Ⓑ to, with
Ⓒ to, at Ⓓ of, for

Explanation Stick to ব্যক্তি হলে; stick at বস্তু হলে।

73. He is not enjoying this activity. Here not is —

Ⓐ a verb Ⓑ an adverb Ⓒ a clause Ⓓ an adjective

Explanation Not, adverb হিসেবে ব্যবহৃত হয় এবং no adj হিসেবে ব্যবহৃত হয়।

74. Which one is singular?

Ⓐ Bacteria Ⓑ Phenomena Ⓒ Radius Ⓓ Criteria

Explanation Radius হলো Singular শব্দ।

75. বর্তুলাকার প্রোটিন হলো–

Ⓐ প্রাইমারি Ⓑ সেকেন্ডারি
Ⓒ টারসিয়ারি গঠন Ⓓ কোনোটিই নয়

Solve টারসিয়ারি গঠনবিশিষ্ট প্রোটিনকে গ্লোবিউলার বা বর্তুলাকার প্রোটিন বলে।

76. নিচের কোন আয়নের আকার সবচেয়ে ছোট?

Ⓐ F Ⓑ O^{2+} Ⓒ N^{3-} Ⓓ N_a^+

Solve Na^+ এর ব্যাসার্ধ 0.097 nm
O এর ব্যাসার্ধ 0.073 nm
সুতরাং O^{2+} এর ব্যাসার্ধ আরো কম হবে

77. 0.005 M H_2SO_4 দ্রবণের pH কত হবে?

Ⓐ 5 Ⓑ 3 Ⓒ 2 Ⓓ 4

Solve $pH = -\log[0.005 \times 2] = -\log(0.01) = 2$

78. নিচের কোনটি দিয়ে ক্ষারীয় বাফার দ্রবণ তৈরি করা যায়?

Ⓐ CH_3COOH ও CH_3COONa
Ⓑ NH_4Cl ও NH_4OH
Ⓒ Na_2SO_4 ও H_2SO_4
Ⓓ NaOH ও NaCl

Solve মৃদু ক্ষার ও শক্তিশালী এসিডের সাথে ঐ ক্ষারের বিক্রিয়ায় উৎপন্ন লবণের মিশ্রণের দ্রবণ কে ক্ষারীয় বা ক্ষার দ্রবণ বলে। যেমন: $(NH_4OH + NH_4Cl)$

79. Na ধাতুকে সংরক্ষণ করা হয়–

Ⓐ বেনজিনে Ⓑ মিথেনে Ⓒ কেরোসিনে Ⓓ পানিতে

Solve Na ধাতু অধিক সক্রিয় হওয়ায় একে কেরোসিনের নিচে সংরক্ষণ করা হয়।

80. কোনটি কলয়েড?

Ⓐ স্বর্ণ Ⓑ লোহা Ⓒ দুধ Ⓓ ফোম

Solve দুধ একটি কলয়েড। দুধের পানিতে ক্ষুদ্র চর্বি কণা ছড়ানো থাকে; স্বাভাবিক অবস্থায় এ চর্বি কণার তলানি পড়ে না।

81. আধুনিক পদার্থবিজ্ঞানের আলোচ্য বিষয় নয়–

Ⓐ কোয়ান্টাম Ⓑ নিউক্লিয় পদার্থ বিজ্ঞান
Ⓒ আপেক্ষিকতা Ⓓ কম্পিউটার Ans Ⓓ

82. কাজের মান শূন্য হবে যদি প্রযুক্ত বল ও সরণের মধ্যবর্তী কোণ হয়–

Ⓐ 0° Ⓑ 90° Ⓒ 180° Ⓓ 360°

Solve $W = Fs\cos\theta = Fs\cos 90° \Rightarrow W = 0$

83. S.T.P তে 2 mol আদর্শ গ্যাসের গতিশক্তি কত?
[R = 8.31 J mol^{-1} K^{-1}]

Ⓐ 1300 J Ⓑ 6806 J Ⓒ 2700 J Ⓓ 3403 J

Solve $K = \frac{3}{2}nRT = \frac{3}{2} \times 2 \times 8.31 \times 273$
$= 6805.9 \approx 6806$ J

84. যদি 2 ক্যালরি তাপ সম্পূর্ণভাবে কাজে রূপান্তরিত হয় তবে কাজের পরিমাণ কত?

Ⓐ 4.2 J Ⓑ 4.8 J Ⓒ 8.2 J Ⓓ 8.4 J Ans Ⓓ

85. পানি একটি কী পদার্থ?

Ⓐ ফেরোচৌম্বক Ⓑ ডায়াচৌম্বক
Ⓒ প্যারাচৌম্বক Ⓓ অ্যান্টিফেরোচৌম্বক

Solve পানি, তামা, দস্তা প্রভৃতি ডায়াচৌম্বক পদার্থ।

86. একটি নভোদূরবীক্ষণের লেন্স দুটির ক্ষমতা 0.5 D এবং 20 D। এর বিবর্ধন ক্ষমতা কত?

Ⓐ 8 Ⓑ 20 Ⓒ 30 Ⓓ 40

Solve $f_0 = \frac{1}{0.5} = 2;\ f_e = \frac{1}{20} = 0.05$

$\therefore$ বিবর্ধন, $m = \frac{f_0}{f_e} = \frac{2}{0.05} = 40D$

87. ব্যতিচার এক ধরনের–

Ⓐ প্রতিসরণ Ⓑ সমবর্তন
Ⓒ অপবর্তন Ⓓ উপরিপাতন Ans Ⓓ

88. কোন ভেক্টরের পাদবিন্দু ও শীর্ষবিন্দু একই?

Ⓐ সমরেখ ভেক্টর Ⓑ নাল ভেক্টর
Ⓒ একক ভেক্টর Ⓓ সমতলীয় ভেক্টর Ans Ⓑ

89. শব্দের তীব্রতার সাথে বিস্তারের সম্পর্ক হচ্ছে–

Ⓐ $I \propto A$ Ⓑ $A \propto I$ Ⓒ $I \propto A^2$ Ⓓ $I \propto \frac{1}{2A}$ Ans Ⓒ

90. পৃথিবীতে একটি বস্তুর ওজন 196 N হলো এর ভর হবে–

Ⓐ 0.2 kg Ⓑ 2 kg Ⓒ 20 kg Ⓓ 200 kg

Solve $W = mg \Rightarrow m = \frac{W}{g} = \frac{196}{9.8} = 20$ kg

91. আলোর কণিকা তত্ত্বের প্রবক্তা কে?

Ⓐ টমাস ইয়ং Ⓑ নিউটন
Ⓒ আলবার্ট আইনস্টাইন Ⓓ ম্যাক্স প্ল্যাঙ্ক

Solve

- আলোর কণিকা তত্ত্বের প্রবক্তা → স্যার আইজ্যাক নিউটন।
- আলোর তরঙ্গ তত্ত্বের প্রবক্তা → হাইগেনস।
- কোয়ান্টাম তত্ত্বের প্রবক্তা → ম্যাক্স প্লাঙ্ক।
- আলোর তড়িৎ চৌম্বকীয় তত্ত্বের প্রবক্তা → জেমস ক্লার্ক ম্যাক্সওয়েল।

92. স্থিতিস্থাপক সীমা সবচেয়ে বেশি–

Ⓐ হীরার Ⓑ ইস্পাতের Ⓒ দস্তার Ⓓ রাবারের Ans Ⓑ

93. কোন রং এর বিচ্যুতি সবচেয়ে কম?

Ⓐ লাল Ⓑ বেগুনি
Ⓒ হলুদ Ⓓ নীল

Solve লাল আলোর বিচ্যুতি সবচেয়ে কম এবং বেগুনি আলোর বিচ্যুতি সবচেয়ে বেশি।

94. দুটি তলের মধ্যকার স্থির ঘর্ষণ গুণাঙ্ক $\frac{1}{\sqrt{3}}$ হলে, ঘর্ষণ কোণ কত?

Ⓐ 25° Ⓑ 30° Ⓒ 45° Ⓓ 60°

Solve $\theta = \tan^{-1}\mu_s = \tan^{-1}\left(\frac{1}{\sqrt{3}}\right) = 30°$

95. বস্তুর গতিশক্তি k, ভর m হলে, গতিশক্তি ও ভরবেগের মধ্যে সম্পর্ক–

Ⓐ $p = \frac{k^2}{2m}$ Ⓑ $k = \frac{2m}{pm}$ Ⓒ $k = \frac{p^2}{2m}$ Ⓓ $p = \frac{2m}{k^2}$

Solve $k = \frac{1}{2}mv^2 \Rightarrow k = \frac{1}{2}\frac{m^2v^2}{m}$
$\Rightarrow k = \frac{1}{2}\frac{(mv)^2}{m} \Rightarrow k = \frac{p^2}{2m}$

96. কোয়ান্টাম তত্ত্বের জনক কে?

Ⓐ ম্যাক্সওয়েল Ⓑ প্লাঙ্ক Ⓒ প্লান্ট Ⓓ হাইগেন Ans Ⓑ

97. কোনটি মৌলিক রাশি নয়?

Ⓐ তাপমাত্রা Ⓑ ভর Ⓒ দৈর্ঘ্য Ⓓ বেগ Ans Ⓓ

98. কোনটি অপারেটর নয়?

Ⓐ $\sin\theta$ Ⓑ $\sqrt{}$ Ⓒ log Ⓓ $\frac{d}{dx}$

Solve log, $\frac{d}{dx}$, sine এগুলো অপারেটর কিন্তু $\sin\theta$ অপারেটর নয়।

99. আয়তন গুণাঙ্কের বিপরীত রাশিকে বলে–

Ⓐ আয়তন বিকৃতি Ⓑ পীড়ন
Ⓒ আয়তন গুণাঙ্ক Ⓓ সংনম্যতা Ans Ⓓ

100. আইনস্টাইনের ভরশক্তি সমীকরণ কোনটি?

Ⓐ $E = m^2C$ Ⓑ $E = c/m^2$
Ⓒ $E = mc^2$ Ⓓ $E = m/c^2$ Ans Ⓒ

101. বাক্য দুটি উত্তরপত্রের যথাস্থানে লিখ-

বাংলা : কৃষিই আমাদের বেঁচে থাকার প্রাথমিক অবলম্বন।
ইংরেজি : Agriculture is the primary means to survive our life.

JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS ▪

রাজশাহী বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষা: 2015-2016; কৃষি অনুষদ [G-Unit] (Set-2)

01. কোনটি পোলার দ্রাবক নয়?
Ⓐ ইথানল Ⓑ পানি Ⓒ ইথাইল এসিটেট Ⓓ টলুইন **Ans D**

02. রাসায়নিক ল্যাবে ব্যুরেট পরিষ্কার করা হয় কোনটি দ্বারা?
Ⓐ এসিটিক এসিড Ⓑ সোডিয়াম হাইড্রোঅক্সাইড
Ⓒ ক্রোমিক এসিড Ⓓ হাইড্রোক্লোরিক এসিড **Ans C**

03. উভধর্মী অক্সাইডের উদাহরণ হলো-
Ⓐ N_2O Ⓑ KO_2 Ⓒ Al_2O_3 Ⓓ BaO_2
Solve C অম্লরূপ: Al_2O_3 (s) + 2NaOH (aq) → $2NaAlO_2$ (aq) + H_2O (*l*)
ক্ষারক রূপ: $Al_2O_3(s) + 6HCl(aq) \rightarrow 2AlCl_3(aq) + 3H_2O(l)$

04. কোনটি আবশ্যকীয় এমাইনো এসিড?
Ⓐ গ্লাইসিন Ⓑ ভ্যালিন Ⓒ সিরিন Ⓓ এলানিন **Ans B**

05. β রশ্মির আপেক্ষিক চার্জ হলো-
Ⓐ – 1 Ⓑ 0 Ⓒ – 2 Ⓓ – 3
Solve A α রশ্মির চার্জ = +2; β রশ্মির চার্জ = –1
γ রশ্মি এক প্রকার তড়িৎ চুম্বকীয় তরঙ্গ। এর কোন চার্জ নেই।

06. এসিড বৃষ্টির পানির ক্ষেত্রে কোনটি সঠিক?
Ⓐ 6.5 < pH Ⓑ 5.6 > pH
Ⓒ 4.6 > pH Ⓓ 6.0 > pH **Ans B**

07. বজ্রপাতে $N_2 + O_2 = 2\ NO$ বিক্রিয়াটি সংঘটিত হতে কত তাপমাত্রা প্রয়োজন?
Ⓐ 3000°C Ⓑ 3300°C Ⓒ 3330°C Ⓓ 3500°C **Ans A**

08. বিশুদ্ধ পানির BOD এর স্ট্যান্ডার্ড মান-
Ⓐ 10 - 30 ppm Ⓑ 100 - 300 ppm
Ⓒ 1 - 3 ppm Ⓓ 20 - 40 ppm **Ans C**

09. কোনটি কোয়ান্টাম তত্ত্বের উপর প্রতিষ্ঠিত?
Ⓐ বোর পরমাণু মডেল Ⓑ রাদারফোর্ড পরমাণু মডেল
Ⓒ কোয়ান্টাম পরমাণু মডেল Ⓓ উপরের কোনোটিই সঠিক নয়
Solve A বোর পরমাণুর মডেল কোয়ান্টাম তত্ত্বের উপর প্রতিষ্ঠিত যা পরমাণুর শক্তিস্তর সম্পর্কে ধারণা প্রকাশ করে।

10. নিচের কোনটি পাসপোর্ট শনাক্তকরণ মেশিনে ব্যবহৃত হয়?
Ⓐ UV-রশ্মি Ⓑ UV-Fluorescent ink-রশ্মি
Ⓒ FIR-রশ্মি Ⓓ IR-রশ্মি **Ans B**

11. প্রাকৃতিক গ্যাসকে তরলীকরণ করলে নিচের কোনটি পাওয়া যায়?
Ⓐ CNG Ⓑ NLG Ⓒ LNG Ⓓ NCG **Ans C**

12. $C(s) + O_2(g) = CO_2(g)$ $\Delta H° = ?$
Ⓐ – 293 kJ Ⓑ – 493 kJ
Ⓒ – 393 kJ Ⓓ – 193 kJ **Ans C**

13. ভিনেগার এসিটিক এসিডের-
Ⓐ 6 - 10% Ⓑ 5% Ⓒ 10% Ⓓ 25% দ্রবণ **Ans A**

14. CO এর নিরাপদ মাত্রা কত?
Ⓐ 500 ppm Ⓑ 400 ppm
Ⓒ 40 ppm Ⓓ 50 ppm **Ans C**

15. কোনটি প্রাইমারী স্ট্যান্ডার্ড পদার্থ?
Ⓐ H_2SO_4 Ⓑ NaOH Ⓒ $KMnO_4$ Ⓓ Na_2CO_3 **Ans D**

16. 0.025 M HCl দ্রবণের pH কত?
Ⓐ 2.0 Ⓑ 1.6 Ⓒ 2.5 Ⓓ 3.0
Solve B $pH = -\log(0.025) = 1.6$

17. ফলিক এসিড কোনটি?
Ⓐ Vit-C Ⓑ Vit-B_1 Ⓒ Vit-R_2 Ⓓ Vit-B_{12} **Ans D**

18. 'বোর পরমাণু মডেল' উপস্থাপিত হয়-
Ⓐ 1910 সালে Ⓑ 1911 সালে
Ⓒ 1912 সালে Ⓓ 1913 সালে **Ans D**

19. মস্তিষ্কের টিউমার নির্ণয়ে সর্বাধিক ব্যবহৃত হয়-
Ⓐ MRI Ⓑ IR Ⓒ UV Ⓓ NIR **Ans A**

20. হালোজেনের স্ফুটনাঙ্কের ক্ষেত্রে কোনটি সত্য?
Ⓐ $Cl_2 > Br_2 > F_2$ Ⓑ $F_2 > Cl_2 > Br_2 > I_2$
Ⓒ $I_2 > Br_2 > Cl_2 > F_2$ Ⓓ $Br > I_2 > Cl_2 > F_2$ **Ans C**

21. গিনিপিগের আন্ত্রিক গ্রন্থি হতে নিঃসৃত 'আন্ত্রিক রস' নিচের কোনটি?
Ⓐ মলটেজ Ⓑ অ্যামাইলেজ Ⓒ রেনিন Ⓓ কোনোটিই নয়
Solve B গিনিপিগের আন্ত্রিক গ্রন্থি হতে নিঃসৃত "আন্ত্রিক রস" হলো অ্যামাইলেজ। আন্ত্রিক অ্যামাইলেজ স্টার্চ, ডেক্সট্রিন প্রভৃতি পলিস্যাকারাইডকে আর্দ্র বিশ্লিষ্ট করে মল্টোজ, মল্টোট্রায়োজ ও ক্ষুদ্র ডেক্সট্রিন উৎপন্ন করে। [Ref : আজমল]

22. নিঃসরণের প্রকৃতি অনুযায়ী মানবদেহে ঘাম গ্রন্থি কয় ধরনের? (পুরাতন সিলেবাস)
Ⓐ 2 ধরনের Ⓑ 3 ধরনের Ⓒ 4 ধরনের Ⓓ 5 ধরনের
Solve A নিঃসরণের প্রকৃতি অনুযায়ী মানবদেহের ঘাম গ্রন্থি ২ ধরনের। যথা : (১) ঘাম গ্রন্থি (Sweat gland) ও (২) তৈল বা স্বেদ গ্রন্থি (Sebaceous gland)। [Ref : মাজেদা]

23. হাইড্রা শিকারের দেহে নিচের কোনটি প্রবেশ করিয়ে অবশ করে?
Ⓐ হিপনোটক্সিন Ⓑ গ্লুটিটক্সিন
Ⓒ নেমাটোটক্সিন Ⓓ মিউকোটক্সিন
Solve A হাইড্রা শিকারের দেহে সূত্রক বিদ্ধ করে বিষাক্ত হিপানোটক্সিন প্রবেশ করিয়ে তাকে অজ্ঞান ও অবশ করে ফেলে। [Ref : আজমল]

24. চোখের বিভিন্ন অংশে পুষ্টি যোগায় কোনটি?
Ⓐ রেটিনা Ⓑ স্ক্লেরা Ⓒ কর্নিয়া Ⓓ কোরয়েড
Solve D কোরয়েডের রক্তজালক থেকে স্ক্লেরা ও রেটিনা পুষ্টি গ্রহণ করে। এটি চোখে প্রবেশকৃত অতিরিক্ত আলোক শোষণ করে। [Ref : আলীম]

25. "পরিবেশের পরিবর্তন ঘটলে জীবের স্বভাব ও দৈহিক পরিবর্তন ঘটে"- মতবাদটি দেন বিজ্ঞানী-
Ⓐ চার্লস রবার্ট ডারউইন Ⓑ ল্যামার্ক
Ⓒ গ্রে. জো. মেন্ডেল Ⓓ পাভলভ
Solve B ল্যামার্কের মতে, "পরিবেশের পরিবর্তন ঘটলে জীবের স্বভাব ও দৈহিক পরিবর্তন ঘটে"। জীব মাত্রই পারিপার্শ্বিক অবস্থার দ্বারা প্রভাবিত হয়। একই প্রজাতির প্রাণী বা উদ্ভিদ দুটি ভিন্ন পরিবেশে থাকলে তাদের বৃদ্ধি ভিন্নতর হয় অর্থাৎ আকৃতিগত পার্থক্য পরিলক্ষিত হয়। জীবের এই দৈহিক বৃদ্ধি পারিপার্শ্বিক অবস্থার উপর নির্ভরশীল। [Ref : মাজেদা]

26. IUCN এর প্রধান কার্যালয় কোথায়?
Ⓐ সুইজারল্যান্ড Ⓑ অস্ট্রেলিয়া
Ⓒ কানাডা Ⓓ কোনোটিই নয়
Solve A IUCN এর প্রধান কার্যালয় সুইজারল্যান্ড। IUCN হলো International Union for Conservation of Nature and natural Resources। ১৯৪৮ সালের ৫ অক্টোবর ফ্রান্স সরকার ও ইউনেস্কো মিলিতভাবে এটি গঠন করে। [Ref : হাসান]

27. হেপাটিক সাইজোগনি ঘটে-
Ⓐ RBC তে Ⓑ যকৃতে Ⓒ WBC-তে Ⓓ মশকীর দেহে
Solve B হেপাটিক সাইজোগনি ঘটে যকৃতে। বিজ্ঞানী Shortt এবং Garnham (1948) মানুষের যকৃতে ম্যালেরিয়া পরজীবীর হেপাটিক সাইজোগনি চক্রের বর্ণনা দেন। [Ref : হাসান]

28. আরশোলার হৃৎপিণ্ডে কপাটিকার সংখ্যা-(পুরাতন সিলেবাস)
Ⓐ ১২ জোড়া Ⓑ ১০ জোড়া Ⓒ ২৪ জোড়া Ⓓ ১৩ জোড়া
Solve A আরশোলার হৃৎপিণ্ডে কপাটিকার সংখ্যা ১২ জোড়া। কপাটিকাযুক্ত ছিদ্রের নাম হলো অন্তর্বাহী অস্টিয়া। এরা রক্তকে পেরিকার্ডিয়াল সাইনাস থেকে হৃদযন্ত্রে প্রবেশ করতে দেয় কিন্তু উল্টো পথে আসতে দেয় না। [Ref : হাসান]

29. CO_2 সমৃদ্ধ রক্ত বহন করে-
Ⓐ পালমোনারি ধমনি Ⓑ করোনারি ধমনি
Ⓒ ইনোমিনেট ধমনি Ⓓ অন্তঃক্যারোটিড ধমনি
Solve A ডান ভেন্ট্রিকলের সংকোচনের ফলে কার্বন ডাইঅক্সাইড সমৃদ্ধ রক্ত পালমোনারি ধমনিতে প্রবেশ করে। এর পর রক্ত ধমনিকা (Arteriole) হয়ে ফুসফুসের অ্যালভিওলাসের চারপাশে অবস্থিত কৈশিকনালিতে অবস্থান করে। [Ref : আজমল]

30. কোন কোষ বিভাজনকে সমীকরণিক বিভাজন বলে?
Ⓐ মায়োসিস Ⓑ মাইটোসিস
Ⓒ অ্যামাইটোসিস Ⓓ কোনোটিই নয়
Solve B মাইটোসিস বিভাজনে মাতৃকোষের প্রতিটি ক্রোমোসোম সেন্ট্রোমিয়ারসহ লম্বালম্বিভাবে সমান দু'অংশে ভাগ হয় এবং প্রতিটি অংশ এর নিকটবর্তী মেরুতে গমন করে। ফলে সৃষ্ট নতুন কোষ দুটিতে ক্রোমোসোম সংখ্যা মাতৃকোষের ক্রোমোসোম সংখ্যার সমান থাকে। তাই মাইটোসিসকে ইকোয়েশনাল বা সমীকরণিক বিভাজন বলা হয়। [Ref : হাসান]

31. মূত্রের রঙ হলুদ হওয়ার জন্য দায়ী হলো-
Ⓐ অ্যামোনিয়া Ⓑ বিলিরুবিন Ⓒ ইউরোক্রোম Ⓓ ইউরিয়া
Solve B প্রাপ্ত বয়স্ক লোকের বৃক্কে প্রতিদিন ০.৫-২.৫ লিটার মূত্র উৎপন্ন হয়। মূত্রে ইউরোক্রোম (Urochrome) নামক রঞ্জক পদার্থ থাকায় এটি খড় বর্ণের হয়। মূত্রের রঙ হলুদ হওয়ার জন্য দায়ী হলো বিলিরুবিন।

32. অ্যান্টিডাইইউরেটিক হরমোন কাজ করে-
Ⓐ কিডনিতে Ⓑ মূত্রথলিতে Ⓒ জরায়ুতে Ⓓ মস্তিষ্কে
Solve A দেহের পানির সমতা রক্ষা করার জন্য অ্যান্টি-ডাইইউরেটিক হরমোন (Anti Diuretic Hormone, ADH) নামক একটি হরমোন রয়েছে। ADH পিটুইটারি গ্রন্থি থেকে ক্ষরিত হয় এবং বৃক্কের পানির শোষণমাত্রা নিয়ন্ত্রণ করে। [Ref : মাজেদা]

33. কোন ধমনির মাধ্যমে রক্ত ফুসফুসে প্রবেশ করে?
Ⓐ আর্চ অব অ্যাওর্টা Ⓑ সাবক্ল্যাভিয়ান ধমনি
Ⓒ ক্যারোটিড ধমনি Ⓓ পালমোনারি ধমনি
Solve D পালমোনারি ধমনির মাধ্যমে রক্ত (CO_2 সমৃদ্ধ) ফুসফুসে প্রবেশ করে। এই ধমনি ফুসফুসের ভেতরে শাখা-প্রশাখায় বিভক্ত হয়ে অ্যালভিওলাসের প্রাচীরে কৈশিক জালিকা সৃষ্টি করে। [Ref : মাজেদা]

34. *Amoeba*-র চলনের উপর অপ্রধান ঘূর্ণন মতবাদের প্রবক্তা-
Ⓐ ডেলিংগার Ⓑ জেনিংস Ⓒ প্যানটিন Ⓓ অ্যালেন
Solve B অ্যামিবা হলো এককোষী ইউক্যারিওটিক জীব। এটি ক্ষণপদের সাহায্যে চলাচল করে। *Amoeba*-র চলনের উপর অপ্রধান ঘূর্ণন মতবাদের প্রবক্তা হলেন জেনিংস। [Ref : আজমল]

35. গেছো ব্যাঙের বৈজ্ঞানিক নাম কোনটি?
Ⓐ *Rana tigrina* Ⓑ *Rana tytleri*
Ⓒ *Rana chensinensis* Ⓓ *Rana formosus*
Solve B
- *Rana tigrina* → ইন্ডিয়ান বুল ফ্রগ, টাইগার ফ্রগ।
- *Rana tytleri* → গেছো ব্যাঙ।
- *Rana chensinensis* → এশিয়াটিক গ্রাস ফ্রগ।
- *Rana formosus* → বিউটিফুল স্ট্রিম ফ্রগ। [Ref : উইকিপিডিয়া]

36. বর্তমানে ক্যান্সার চিকিৎসায় কোনটি ব্যবহৃত হচ্ছে?
Ⓐ অ্যান্টিবডি Ⓑ অ্যান্টিবায়োটিক
Ⓒ ইন্টারফেরন Ⓓ ভ্যাক্সিনেশন
Solve C ইন্টারফেরন বিশেষ ধরনের সাইটোকাইন যা সুনির্দিষ্টভাবে ভাইরাস ও টিউমার কোষের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলে। এছাড়া ইন্টারফেরন আক্রান্ত কোষকে ধ্বংস করার জন্য কিছু প্রাকৃতিক মারণ কোষ নিয়োগ করে। [Ref : আলীম]

37. রক্তের আলট্রাফিলট্রেশন কোথায় হয়?
Ⓐ রেনাল করপাসল Ⓑ রেনাল টিউবিউলস
Ⓒ বোম্যানস ক্যাপসুল Ⓓ সবগুলোতে
Solve A রেনাল করপাসলে রক্তের আল্ট্রাফিলট্রেশন ঘটে এবং রক্ত থেকে রেচন বর্জ্য, পানি ও অন্যান্য দ্রব্য পরিস্রুত হয়ে গ্লোমেরুলার ফিলট্রেট হিসেবে বেম্যানস ক্যাপসুলে জমা হয়। [Ref : আজমল]

38. প্যারাপোডিয়াম কি?
Ⓐ রেচন অঙ্গ Ⓑ চলন অঙ্গ Ⓒ দর্শন অঙ্গ Ⓓ শ্রবণ অঙ্গ
Solve B প্যারাপোডিয়াম হলো চলন অঙ্গ। Annelida পর্বের প্রাণীর চলন অঙ্গে কাইটিনময় সিটি বা পেশল প্যারাপোডিয়া (Parapodia)। [Ref : আজমল]

39. একজন প্রাপ্ত বয়স্ক সুস্থ মানুষের স্পন্দন চাপ কত?
Ⓐ 30 mmHg Ⓑ 40 mmHg Ⓒ 45mmHg Ⓓ 60mmHg
Solve B একজন সুস্থ প্রাপ্তবয়স্ক মানুষের স্বাভাবিক সিস্টোলিক চাপ হচ্ছে ১১০–১২০ mmHg এবং স্বাভাবিক ডায়াস্টোলিক চাপ ৭০–৮০ mmHg। স্পন্দন চাপ 40 mm Hg। [Ref : আজমল]

40. নিচের কোনটির দ্বারা গনোরিয়া রোগ হয়?
Ⓐ ছত্রাক Ⓑ ভাইরাস Ⓒ ব্যাকটেরিয়া Ⓓ প্রোটোজোয়া
Solve C *Neisseria gonorrhoeae* প্রজাতিভুক্ত ব্যাকটেরিয়ার সংক্রমণে সৃষ্ট যৌনবাহিত রোগকে গনোরিয়া বলে। *N. gonorrhoeae* নারীর জনন নালি (সারভিক্স, জরায়ু, ফেলোপিয়ান নালি প্রভৃতি) এবং নারী ও পুরুষের ইউরেথ্রার মিউকাস ঝিল্লিতে সংক্রমণ ঘটায়। [Ref : আজমল]

41. ইনসুলিন কোন ধরনের পদার্থ?
Ⓐ আমিষ Ⓑ চর্বি Ⓒ শর্করা Ⓓ নিউক্লিক এসিড
Solve A জীবদেহের বিভিন্ন কার্যক্রম নিয়ন্ত্রণে বিভিন্ন হরমোন বিশেষ বিশেষ ভূমিকা পালন করে থাকে (যেমন– ইনসুলিন, হিমোগ্লোবিন)। অধিকাংশ হরমোনই প্রোটিন । অগ্ন্যাশয়ের বিটা কোষ থেকে ইনসুলিন হরমোন ক্ষরিত হয় যা রক্তে গ্লুকোজের পরিমাণ কমায়। [Ref : মাজেদা]

42. মানবদেহের কোথায় গ্লাইকোজেন জমা হয়?
Ⓐ অগ্ন্যাশয় Ⓑ পিত্তথলি Ⓒ যকৃৎ Ⓓ অস্থি
Solve C রক্তের অতিরিক্ত গ্লুকোজ গ্লাইকোজেনেসিস প্রক্রিয়ায় গ্লাইকোজেন–এ রূপান্তরিত হয়ে যকৃতের সঞ্চয়ী কোষে জমা থাকে। [Ref : আজমল]

আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

43. জাইগোটের বিভাজনকে কী বলে?
Ⓐ ব্লাস্টুলেশন Ⓑ গ্যাস্ট্রুলেশন Ⓒ ক্লিভেজ Ⓓ মরুলেশন
Solve জাইগোটের বিভাজনকে ক্লিভেজ বলে। ক্লিভেজে সৃষ্ট ভ্রূণের প্রতিটি কোষকে ব্লাস্টোমিয়ার (Blastomere) বলে। [Ref : আজমল]

44. নিচের কোনটি মানুষের মুখমণ্ডলীয় অস্থি?
Ⓐ প্যারাইটাল Ⓑ স্ফেনয়েড Ⓒ ভোমার Ⓓ এথময়েড
Solve করোটিকার সামনের ও নিচের দিকের অংশ মুখমণ্ডল। মুখমণ্ডলীয় অস্থি সংখ্যা ১৪ টি। এগুলো হলো–ম্যাক্সিলা (২), ম্যান্ডিবল (১) জাইগোম্যাটিক (২), ন্যাসাল (২), ল্যাক্রিমাল (২), ইনফিরিয়র ন্যাসাল কঙ্কা (২), ভোমার (১), প্যালেটাইন অস্থি (২)। [Ref : মাজেদা]

45. নিচের কোনটি হৃৎপিণ্ডের সংকোচনের শক্তিকে বাড়ায়?
Ⓐ ভেগাস Ⓑ ইনসুলিন Ⓒ প্যারাথরমোন Ⓓ অ্যাড্রেনালিন
Solve অ্যাড্রেনালিন এর অপর নাম এপিনেফ্রিন। এটি হৃৎপিণ্ড ও ধমনির অনৈচ্ছিক পেশির সংকোচন নিয়ন্ত্রণ করে এবং ভয়, আনন্দ ও শোক প্রকাশে বিশেষ ভূমিকা পালন করে। [Ref : আজমল]

46. What is the synonym of "Hospitality"?
Ⓐ clinic Ⓑ hospital Ⓒ welcome Ⓓ ill
Explanation Hospitality অর্থ আতিথেয়তা যা শুধু 'welcome' word টির সাথে সঙ্গতি রাখে।

47. Choose the appropriate meaning of the idiom 'swan song'.
Ⓐ first work Ⓑ last work
Ⓒ middle work Ⓓ early work
Explanation Swan song একটি idiom যা দ্বারা কোন লেখক বা কবির শেষ সাহিত্যকর্মকে বুঝানো হয়।

48. To stay healthy, we must plan to have a balanced-
Ⓐ food Ⓑ diet Ⓒ outlook Ⓓ figure
Explanation 'Balanced diet' অর্থ সুষম খাবার।

49. Verb of the word 'full' is-
Ⓐ filled Ⓑ fulfillment Ⓒ fill Ⓓ full
Explanation Full = পূর্ণ (adj), Fill = পূরণ করা (verb)।

50. "Bring to book" means-
Ⓐ express Ⓑ study Ⓒ neglect Ⓓ punish
Explanation Bring to book একটি idiom যার অর্থ-শাস্তি দেয়া।

51. 'Prairie' means-
Ⓐ vast woodlans Ⓑ rice fields
Ⓒ rain forest Ⓓ a large open area of grassland
Explanation Prairie দ্বারা বৃক্ষহীন বিরাট তৃণভূমিকে বুঝায়।

52. What is the meaning of the expression 'bottom line'?
Ⓐ the end of a road Ⓑ the essential point
Ⓒ the last line of a book Ⓓ the final step
Explanation প্রধান বা গুরুত্বপূর্ণ কোন অংশকে bottom line বলা হয়। এটি একটি phrase।

53. He advise me —— smoking.
Ⓐ giving up Ⓑ from giving up
Ⓒ to give up Ⓓ in gining up
Explanation Advise এর পরে Infinitive to বসে।

54. Detect the correct one-
Ⓐ livelihood Ⓑ livelehood
Ⓒ livilehood Ⓓ livilihood
Explanation Livelihood অর্থ জীবিকা।

55. A friend of mine phoned —— me to a party.
Ⓐ for invite Ⓑ to invite
Ⓒ for inviting Ⓓ for to invite
Explanation Phoned verb এর পরে infinitive (to + verb) বসবে।

56. স্থির অবস্থান হতে সমত্বরণে গতিশীল কোনো বস্তুর শেষ বেগ অতিক্রান্ত দূরত্বের-
Ⓐ বর্গের সমানুপাতিক Ⓑ বর্গমূলের সমানুপাতিক
Ⓒ ঘনের ব্যাস্তানুপাতিক Ⓓ ঘনমূলের ব্যাস্তানুপাতিক
Solve $v \propto \sqrt{s}$

57. পৃথিবী ও চাঁদের পৃষ্ঠে অভিকর্ষীয় ত্বরণের অনুপাত কত?
Ⓐ 81 : 4 Ⓑ 81 : 6 Ⓒ 81 : 10 Ⓓ 81 : 16
Solve
পৃথিবীর ভর চাঁদের ভরের 81 গুণ এর ব্যাসার্ধ 4 গুণ,
$M_e = 81\ M_m$, $R_e = 4\ R_m$
সূত্রানুসারে, $\frac{g_e}{g_m} = \frac{GM_e}{R_e^2} \times \frac{R_m^2}{GM_m} = \frac{81}{16}$

58. একটি গোলকের ব্যাসার্ধ পরিমাপে 1.2% ভুল করলে, ঐ গোলকের আয়তনে শতকরা কত ভুল হবে?
Ⓐ 8.6% Ⓑ 6.6% Ⓒ 5.6% Ⓓ 3.6%
Solve আয়তন ত্রুটি = 3 × ব্যাসার্ধ ত্রুটি
$= 3 \times 1.2\% = 3.6\%$

59. কোনো ভেক্টর ক্ষেত্রের কার্ল-এর নতিমাত্রা কত?
Ⓐ শূন্য Ⓑ অসীম
Ⓒ সসীম Ⓓ উপরের কোনোটিই নয়
Solve কার্ল এর নতিমাত্রা $\vec{\nabla} \cdot \left(\vec{\nabla} \times \vec{\nabla}\right) = 0$

60. 1 বর্গ সে. মি. প্রস্থচ্ছেদ বিশিষ্ট একটি তারে কত বল প্রয়োগ করা হলে এর দৈর্ঘ্য বৃদ্ধি আদি দৈর্ঘ্যের সমান হবে? [$Y = 2 \times 10^{10}\ Nm^{-2}$]
Ⓐ 2×10^5 N Ⓑ 2×10^6 N Ⓒ 2×10^7 N Ⓓ 2×10^8 N
Solve $F = \frac{YAl}{L}$
$\therefore l = L$, $A = 1 \times 10^{-4}\ m^2$, $Y = 2 \times 10^{10}\ Nm^{-2}$
$F = YA = 2 \times 10^6$ N

61. এক অ্যাস্ট্রনোমিক্যাল ইউনিট সমান কত মিটার?
Ⓐ 1.552×10^7 Ⓑ 1.495×10^{11}
Ⓒ 1.453×10^9 Ⓓ 1.425×10^{10} Ans B

62. কোন বিজ্ঞানী আলোকের ব্যতিচার আবিষ্কার করেন?
Ⓐ টমাস ইয়ং, 1801 Ⓑ লর্ড রাদারফোর্ড, 1911
Ⓒ আলবার্ট আইনস্টাইন, 1920 Ⓓ ম্যাক্স প্ল্যাঙ্ক, 1925 Ans A

63. পিস্টন ও সিলিন্ডারের মধ্যে ঘর্ষণ-
Ⓐ আছে Ⓑ উপরের কোনোটি সত্য নয়
Ⓒ উপরের দুটি সত্য Ⓓ নেই Ans A

64. 1 Ω রোধের একটি তারকে টেনে তিনগুণ লম্বা করা হলে তারটির বর্তমান রোধ হবে-
Ⓐ 3 Ω Ⓑ 1/3 Ω Ⓒ 9 Ω Ⓓ 1/9 Ω
Solve $R_1 = n^2R = 3^2 \times 1 = 9\ \Omega$

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

65. একটি মেসন কণার গড় আয়ু 3×10^{-8} s। যদি কণাটি 0.85c বেগে গতিশীল হয়, তবে এর গড় আয়ু কত হবে?
Ⓐ 5.69×10^{-8} s Ⓑ 10.69×10^{-8} s
Ⓒ 15.69×10^{-8} s Ⓓ 2.69×10^{-8} s
Solve $t = \frac{t_0}{\sqrt{1 - \frac{v^2}{c^2}}} = \frac{3 \times 10^{-8}}{\sqrt{1 - \frac{(0.85c)^2}{c^2}}}$
$= 5.69 \times 10^{-8}$s

66. দুটি বলের লব্ধির সর্বোচ্চ মান 14 N এবং সর্বনিম্ন মান 2 N। বল দুটি পরস্পরের সাথে 90° কোণে কোনো একটি কণার উপর ক্রিয়া করলে লব্ধি হবে-
Ⓐ 16 N Ⓑ 12 N Ⓒ 100 N Ⓓ 10 N
Solve $P + Q = 14$
$P - Q = 2$
$2P = 16 \Rightarrow P = 8N \quad \therefore Q = 6N$
$\therefore R^2 = 8^2 + 6^2 + 2.8.6 \cos 90° \Rightarrow R = \sqrt{100} = 10N$

67. একটি বিন্দুতে তড়িৎ বিভব, $V = -5x + 3y + \sqrt{15}z$ হলে ঐ বিন্দুতে তড়িৎ প্রাবল্য কত?
Ⓐ 4 unit Ⓑ 5 unit Ⓒ 6 unit Ⓓ 7 unit
Solve $V = -5x + 3y + \sqrt{15}z$
$\vec{E} = -\left(\frac{dv}{dx}, \frac{dv}{dy}, \frac{dv}{dz}\right) = -(-5, 3, \sqrt{15})$
$|\vec{E}| = \sqrt{(-5)^2 + 3^2 + (\sqrt{15})^2} = \sqrt{49} = 7$ একক

68. কোন রং এর বিচ্যুতি সবচেয়ে বেশি?
Ⓐ হলুদ Ⓑ লাল Ⓒ বেগুনি Ⓓ কমলা
Solve বেগুনী আলোর বেগ (শূন্য মাধ্যম ব্যতীত) সবচেয়ে কম তাই এর বিচ্যুতি সর্বাধিক এবং লাল আলোর বেগ সর্বোচ্চ এবং এর বিচ্যুতি সর্বনিম্ন।

69. নিচের কোনটি ভেক্টর রাশির যোগসূত্র নয়?
Ⓐ সাধারণ সূত্র Ⓑ বহুভুজ সূত্র
Ⓒ বর্গ সূত্র Ⓓ উপাংশ সূত্র Ans C

70. 100W এর 5টি বাতি প্রতিদিন 6 ঘন্টা করে জ্বালানো হয় এবং প্রতি ইউনিট বিদ্যুৎ খরচ 2.50 টাকা হলে, মাসিক বিদ্যুৎ বিল কত টাকা হবে?
Ⓐ 825 Tk Ⓑ 425 Tk Ⓒ 225 Tk Ⓓ 325 Tk
Solve
ব্যয়িত শক্তি $= \frac{100 \times 5 \times 6 \times 30}{1000}$ k-Wh = 90 unit
$\therefore$ মোট বিল = (90×2.50) Tk = 225 Tk

71. কোন একটি চুম্বকের দু'প্রান্তের মধ্যবর্তী দূরত্বকে কী বলে?
Ⓐ চৌম্বক দৈর্ঘ্য Ⓑ জ্যামিতিক দৈর্ঘ্য
Ⓒ কুরী দৈর্ঘ্য Ⓓ সুষম দৈর্ঘ্য Ans B

72. একটি রাইফেলের গুলির বেগ যদি দ্বিগুণ করা হয় তাহলে এর গতিশক্তি হবে-
Ⓐ 2 গুণ Ⓑ 4 গুণ
Ⓒ 6 গুণ Ⓓ 8 গুণ
Solve $E_k \propto v^2$ $\therefore$ বেগ দ্বিগুণ হলে গতিশক্তি 4 গুণ হবে।

73. প্রতিফলক দূরবীক্ষণ যন্ত্র নয় কোনটি?
Ⓐ নিউটন দূরবীক্ষণ Ⓑ গ্যালিলিও দূরবীক্ষণ
Ⓒ হার্সেল দূরবীক্ষণ Ⓓ গ্রেগরী দূরবীক্ষণ Ans B

74. প্রিজম কোণ 60° এবং প্রতিসরাঙ্ক $\sqrt{2}$ হলে, ন্যূনতম বিচ্যুতি কোণ কত?
Ⓐ 30° Ⓑ 40° Ⓒ 60° Ⓓ 90°
Solve $\sqrt{2} = \frac{\sin\frac{A+\delta}{2}}{\sin\frac{A}{2}}$
$\Rightarrow \sqrt{2} \times \sin 30° = \sin\left(\frac{60° + \delta}{2}\right)$
$\Rightarrow \frac{1}{\sqrt{2}} = \sin\left(\frac{60° + \delta}{2}\right)$
$\Rightarrow 45° = \left(\frac{60° + \delta}{2}\right) \Rightarrow (90° - 60°) = \delta \quad \therefore \delta = 30°$

75. দুই মুখ খোলা একটি নলে মূল সুরের কম্পাঙ্ক f। নলটির এক মুখ বন্ধ করে দিলে এর কম্পাঙ্ক হবে-
Ⓐ 0.5 f Ⓑ f Ⓒ 2 f Ⓓ 4 f
Solve
দুই মুখ খোলা নল

একমুখ বন্ধ নল

$l = \frac{\lambda}{4} \Rightarrow f_c = \frac{V}{4l}$
$l = \frac{\lambda}{2} \Rightarrow f_0 = \frac{V}{2l}$ তাহলে, $F_c = 0.5\ f_0$

76. ডিম্বকের যে স্থানে ডিম্বকনাড়ি সংযুক্ত থাকে তাকে বলে-
Ⓐ ডিম্বক মূল Ⓑ ডিম্বকত্বক
Ⓒ ডিম্বকরন্ধ্র Ⓓ ডিম্বকনাভি
Solve ডিম্বকের বোঁটার ন্যায় অংশকে ডিম্বকনাড়ি বলা হয়। ডিম্বকের যে অংশের সাথে ডিম্বকনাড়ি সংযুক্ত থাকে তাকে ডিম্বকনাভি বলে। [Ref : হাসান]

77. সঞ্চিত খাদ্য গ্লাইকোজেন-
Ⓐ ব্যাকটেরিয়া Ⓑ ছত্রাকের Ⓒ ফার্নের Ⓓ মসের
Solve ছত্রাক ক্লোরোফিলবিহীন, অসবুজ, সালোকসংশ্লেষণে অক্ষম অপুষ্পক উদ্ভিদ। ছত্রাকের সঞ্চিত খাদ্য প্রধানত গ্লাইকোজেন, তৈলবিন্দু, কখনো কখনো কিছু পরিমাণ ভলিউটিন ও চর্বি থাকতে পারে। [Ref : হাসান]

78. রুটি শিল্পে ব্যবহৃত হয় কোন ছত্রাক?
Ⓐ *Saccharomyces* Ⓑ *Penicillium*
Ⓒ *Saprolegnia* Ⓓ *Aspergillus*
Solve বেকারিতে পাউরুটি ও কেক তৈরিতে *Saccharomyces* ঈস্ট ব্যাপকভাবে ব্যবহৃত হয়। *Penicillium camemberti, P. roqueforti* ব্যবহার করে সুরভিত পনির প্রস্তুত করা হয়। [Ref : হাসান]

79. বাংলাদেশের বিলুপ্তপ্রায় উদ্ভিদ-
Ⓐ *Eugenia earyophilus* Ⓑ *Enterolobium saman*
Ⓒ *Delonix regia* Ⓓ *Tournefortia roxburghii*
Solve *Tournefortia roxburghii* সাধারণত 'Soldierbush' নামে পরিচিত। এটি স্থলজ আবৃতবীজী উদ্ভিদ। সাধারণত চট্টগ্রাম ও রাঙামাটিতে এদেরকে পাওয়া যায়। এই উদ্ভিদটি বাংলাদেশে বিলুপ্তপ্রায় উদ্ভিদগুলোর মধ্যে অন্যতম। [Ref : হাসান]

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
আরও পিডিএফ পেতে ভিজিট করুনঃ
www.bdniyog.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

80. দিন-নিরপেক্ষ উদ্ভিদ কোনটি? (পুরাতন সিলেবাস)
Ⓐ তুলা Ⓑ মূলা Ⓒ পাট Ⓓ আখ
Solve A যে সব উদ্ভিদের পুষ্পধারনের উপর দিন-রাতের তুলনামূলক দৈর্ঘ্যের কোন প্রভাব নেই তাদেরকে দিন-নিরপেক্ষ উদ্ভিদ বলে। প্রয়োজনীয় দৈহিক বৃদ্ধি হলেই এদের ফুল ধরে। এদেরকে বছরের বিভিন্ন সময়ে জন্মানো যায়। টমেটো, শসা, কার্পাস, সূর্যমুখী, তুলা ইত্যাদি দিন-নিরপেক্ষ উদ্ভিদ। [Ref : হাসান]

81. মায়োসিসে সেন্ট্রোমিয়ার বিভাজিত হয়-
Ⓐ মেটাফেজ-১ এ Ⓑ অ্যানাফেজ-১ এ
Ⓒ অ্যানাফেজ-২ এ Ⓓ টেলোফেজ-১ এ
Solve C অ্যানাফেজ-২ এ সেন্ট্রোমিয়ারে বিভক্তির ফলে প্রতি ক্রোমোসোমে দুটি ক্রোমাটিড সম্পূর্ণ পৃথক হয়ে যায় এবং ট্রাকশন ফাইবারের সংকোচন ও কাণ্ডদেহের সম্প্রসারণের মাধ্যমে ক্রোমাটিডগুলো ধীরে ধীরে বিপরীত মেরুতে পৌঁছায়। [Ref : হাসান]

82. কৃত্রিম শ্রেণিবিন্যাস পদ্ধতির ধারণা বাতিল করে প্রাকৃতিক শ্রেণিবিন্যাস পদ্ধতির গোড়াপত্তন করেন-
Ⓐ Adamson Ⓑ Augustin Ⓒ Bentham Ⓓ Bessey
Solve A মাইকেল অ্যাডানসন একজন খ্যাতিমান ফরাসি উদ্ভিদবিজ্ঞানী। তিনিই প্রথম কৃত্রিম শ্রেণিবিন্যাস পদ্ধতির ধারণা বাতিল করে প্রাকৃতিক শ্রেণিবিন্যাস পদ্ধতির গোড়াপত্তন করেন। [Ref : হাসান]

83. সব কোষীয় জীবকে পাঁচটি Kingdom-এ বিভক্ত করেন-
Ⓐ Dalton Ⓑ Bessey Ⓒ Whittaker Ⓓ Bauhin
Solve C ১৯৬৯ খ্রিষ্টাব্দে হুইটটেকার (Whittaker) একটি পাঁচ জগৎ (Five kingdom) শ্রেণিবিন্যাস পদ্ধতির প্রস্তাব করেন। এগুলো হচ্ছে- Monera, Protista, Fungi, Plantae এবং Animalia। [Ref : মাজেদা]

84. সানফার্ন বলা হয় কোনটিকে?
Ⓐ *Semibarbula* Ⓑ *Marchantia*
Ⓒ *Pteris* Ⓓ *Equisetum*
Solve C বাংলাদেশে *Pteris* উদ্ভিদ একটি পরিচিত ফার্ন উদ্ভিদ। রোদে জন্মাতে পছন্দ করে বলে *Pteris* উদ্ভিদ সানফার্ন নামে পরিচিত। বাংলাদেশে *Pteris* এর প্রায় ১৬টি প্রজাতি জন্মে থাকে। যেমন- *Pteris vittata, P. longifolia* ইত্যাদি। [Ref : হাসান]

85. EMP-তে কয় অণু NADH তৈরি হয়?
Ⓐ 1 অণু Ⓑ 2 অণু Ⓒ 3 অণু Ⓓ 4 অণু
Solve B EMP (Embden-Meyerhof-Parns) Pathway তে ২ অণু NADH তৈরি হয়।

86. অবাত শ্বসনে শক্তি উৎপন্ন হয়-
Ⓐ 10 কিলোক্যালরি Ⓑ 15 কিলোক্যালরি
Ⓒ 20 কিলোক্যালরি Ⓓ 25 কিলোক্যালরি
Solve C অবাত শ্বসনে গ্লাইকোলাইসিস প্রক্রিয়ায় জমানো দুটি ATP ই শক্তির একমাত্র উৎস। দুটি ATP হতে শেষ পর্যন্ত ১০ × ২ = ২০ কিলোক্যালরি শক্তি পাওয়া যায়। [Ref : হাসান]

87. ক্যালভিন চক্রের বিক্রিয়া সম্পন্ন হওয়ার পরম উষ্ণতা-
Ⓐ 5-10°C Ⓑ 10-15°C Ⓒ 10-25°C Ⓓ 25-30°C
Solve C ক্যালভিন চক্রের জন্য অপটিমাম বা পরম তাপমাত্রা হলো ১০°-২৫° সেলসিয়াস। অন্যদিকে হ্যাচ-স্ল্যাক চক্রের জন্য অপটিমাম বা পরম তাপমাত্রা হলো ৩০°-৪৫° সেলসিয়াস। [Ref : হাসান]

88. সানকেন স্টোম্যাটা দেখা যায়-
Ⓐ হাইড্রোফাইটে Ⓑ মেজোফাইটে
Ⓒ হ্যালোফাইটে Ⓓ জেরোফাইটে
Solve D সানকেন স্টোম্যাটা জেরোফাইট উদ্ভিদে দেখা যায়। সানকেন স্টোম্যাটা হলো পাতায় অবস্থিত ছোট গর্তজাতীয় স্টোম্যাটা। এটি পাতা থেকে পানি হ্রাস করা কমায়। *Agave*, Pine, Tea plant, *Cissus tuberosa* ও Cactaceae family তে এটি দেখা যায়।

89. প্রতিটি জাইলেম ও ফ্লোয়েম টিস্যু গুচ্ছের মধ্যবর্তী স্থানসমূহে প্যারেনকাইমা কোষ দ্বারা গঠিত অংশকে বলে-
Ⓐ যোজক টিস্যু Ⓑ মজ্জা
Ⓒ ভাস্কুলার বান্ডল Ⓓ স্টিলি
Solve B প্রতিটি জাইলেম ও ফ্লোয়েম টিস্যুগুচ্ছের মধ্যবর্তী স্থানসমূহে প্যারেনকাইমা কোষ দ্বারা গঠিত অংশকে মজ্জা বলে। ক্যাম্বিয়াম বলয়ের কোষসমূহ প্যারেনকাইমা কোষ সৃষ্টির মাধ্যমে মজ্জা সৃষ্টি করে। [Ref : হাসান]

90. শুং (Awn) থাকে-
Ⓐ লেমাতে Ⓑ পেলিয়াতে Ⓒ গর্ভমুণ্ডে Ⓓ পুংদণ্ডে
Solve A পুষ্পিকার লেমা সাধারণত বর্ধিত হয়ে শুং (Awn) গঠন করে। এটি দেখতে লম্বা চুল বা বিস্টলের মতো। Geraniaceae এবং Poaceae গোত্রের উদ্ভিদে শুং (Awn) দেখা যায়।

91. অর্ধ-আধোমুখী ডিম্বকের (Hemi-Anatropous Ovule) এর উদাহরণ-
Ⓐ গোলমরিচ Ⓑ কাঙ্কাসুন্দা Ⓒ পিঙ্ক Ⓓ আফিম
Solve C
- অর্ধ-অধোমুখী (Hemi-Anatropous) ডিম্বকের ডিম্বকটি বক্র হয়ে ভ্রূণস্থলিটি অশ্বক্ষুরাকৃতির হয়ে থাকে। পিঙ্ক, ছোটকুট অর্ধ-অধোমুখী ডিম্বকের উদাহরণ। [Ref : আলীম]

92. Tissue Culture এ Tissue সংগ্রহ করা হয় না-
Ⓐ শীর্ষ মুকুল থেকে Ⓑ কক্ষ মুকুল থেকে
Ⓒ শীর্ষমূল থেকে Ⓓ কচি পাতা থেকে
Solve C উদ্ভিদের যে কোনো বিভাজনক্ষম অঙ্গ থেকে (যেমন- শীর্ষমুকুল, কক্ষমুকুল, কচি পাতা ইত্যাদি) বিচ্ছিন্ন কোন টিস্যু সম্পূর্ণ জীবাণুমুক্ত অবস্থায় পুষ্টি মাধ্যমে আবাদ (Culture) করে পূর্ণাঙ্গ চারা উদ্ভিদ সৃষ্টি করাকে টিস্যু কালচার বা টিস্যু আবাদ বলে। [Ref : হাসান]

93. শুক্রাণুর লেজ গঠন করে কোন অঙ্গাণুটি?
Ⓐ লাইসোসোম Ⓑ সেন্ট্রিওল
Ⓒ রাইবোসোম Ⓓ মাইটোকন্ড্রিয়া
Solve B ডিস্টাল সেন্ট্রিওল থেকে অক্ষীয় সূত্র (Axial filament) উৎপন্ন হয়। এই অক্ষীয় সূত্র থেকেই শুক্রাণুর লেজ গঠিত হয়। তরল মাধ্যমে এই লেজের সাহায্যে শুক্রাণু ভেসে বেড়াতে বা সাঁতার কাটতে পারে। [Ref : মাজেদা]

94. ভুট্টার জেইন, গমের গ্লিয়াডিন, বার্লির হর্ডিন-
Ⓐ Globulins Ⓑ Glutelins
Ⓒ Prolamins Ⓓ Albumins
Solve C হাইড্রোলাইসিস শেষে যে প্রোটিন প্রচুর প্রোলিন ও অ্যামোনিয়া উৎপন্ন করে তাকে প্রোলামিন বলে। ভুট্টার জেইন, গম ও রাইয়ের গ্লিয়াডিন এবং যব ও বার্লির হর্ডিন প্রোলামিন প্রোটিনের উদাহরণ। [Ref : হাসান]

95. ডেঙ্গু কোন ভাইরাসজনিত রোগ?
Ⓐ ফ্ল্যাভি ভাইরাস Ⓑ ক্যালিসি ভাইরাস
Ⓒ এন্টারো ভাইরাস Ⓓ পটি ভাইরাস
Solve A ডেঙ্গু (প্রকৃত উচ্চারণ ডেঙ্গী) একটি ভাইরাসজনিত রোগ। এই ভাইরাসের জীবাণুর নাম ফ্ল্যাভি-ভাইরাস বা ডেঙ্গী ভাইরাস। এটি একটি RNA ভাইরাস। এই ভাইরাসের বাহক হলো *Aedes aegypti* L. নামক মশকী (স্ত্রী মশা) এবং পোষকদেহ হলো মানুষ। [Ref : হাসান]

96. বিখ্যাত 'আইরিশ দুর্ভিক্ষ' এর কারণ কী?
Ⓐ ব্যাকটেরিয়া আক্রমণ Ⓑ ছত্রাক আক্রমণ
Ⓒ ভাইরাস আক্রমণ Ⓓ শৈবাল আক্রমণ
Solve B আলুর লেট ব্লাইট রোগের কারণে ১৮৪০ দশকের মাঝের দিকে (১৮৪৩-১৮৪৭) আয়ারল্যান্ডে ভয়াবহ আইরিশ দুর্ভিক্ষ (Irish Famine) দেখা দেয়, যার ফলে প্রায় দশ লক্ষ লোক না খেয়ে মারা যায় এবং অভাবে পড়ে আরো ২০ লক্ষ লোক দেশ ত্যাগ করে। এই রোগের কারণ হলো আলু গাছে *Phytophthora infestans* নামক ছত্রাকের আক্রমণ। [Ref : হাসান]

97. *Wolffia* হলো-
Ⓐ ক্ষুদিপানা Ⓑ টোপাপানা
Ⓒ ইদুরকানিপানা Ⓓ কচুরিপানা
Solve A
- *Wolffia* কে ওয়াটার মিল বা ক্ষুদিপানা বলা হয়।
- *Wolffia* হলো শিকড়হীন মুক্ত ভাসমান থ্যালাই।
- এগুলো সাধারণত সবুজ অথবা হলদে সবুজ প্রকৃতির হয়ে থাকে। [Ref : হাসান]

98. নিষেকের পর প্রতিপাদকোষ থেকে কী হয়?
Ⓐ বীজত্বক Ⓑ বীজরন্ধ্র Ⓒ নষ্ট হয়ে যায় Ⓓ সস্য
Solve C নিষেকের পর গর্ভাশয় ফলে, গর্ভাশয় প্রাচীর ফলত্বক, ডিম্বক বীজে পরিণত হয় এবং অ্যান্টিপোডাল বা প্রতিপাদকোষ নিষেকের পর নষ্ট হয়ে যায়। [Ref : হাসান]

99. হরমোন প্রয়োগে বীজহীন ফল উৎপাদন প্রক্রিয়াকে বলে-
Ⓐ পার্থেনোকার্পি Ⓑ অ্যাপোগ্যামি
Ⓒ দ্বিনিষেক Ⓓ ত্রিমিলন
Solve A
- হরমোন প্রয়োগ বীজহীন ফল উৎপাদন প্রক্রিয়াকে বলা হয় পার্থেনোকার্পি।
- কোনো উদ্ভিদে পরাগায়ন ও নিষেকের অভাবে ফল সৃষ্টি না হলে অক্সিন প্রয়োগ করে কৃত্রিমভাবে পার্থেনোকার্পিক ফল সৃষ্টি করা যায়।
- কোনো কোনো উদ্ভিদে জিবেরেলিন (ফাইটো হরমোন) প্রয়োগ করে আপেল, নাশপাতি, চেরি ইত্যাদি পার্থেনোকার্পিক ফল সৃষ্টি করা হয়েছে। [Ref : হাসান]

100. স্ট্রোমা ল্যামিলি কীসের অংশ?
Ⓐ মাইটোকন্ড্রিয়া Ⓑ প্লাস্টিড
Ⓒ ক্লোরোপ্লাস্ট Ⓓ গলগি বডি
Solve C দুটি পাশাপাশি গ্রানার কিছু সংখ্যক থাইলাকয়েড সূক্ষ্ম নালিকা দ্বারা সংযুক্ত থাকে। এই সংযুক্তকারী নালিকাকে স্ট্রোমা ল্যামেলি (একবচন-ল্যামেলা) বলে। এদের অভ্যন্তরেও কিছু পরিমাণ ক্লোরোফিল বিদ্যমান থাকে। [Ref : হাসান]

রাজশাহী বিশ্ববিদ্যালয় [ভর্তি পরীক্ষা: ১৪-১৫]
[G-Unit] কৃষি অনুষদ, Set- 3

01. ভার্টিব্রাটা উপপর্বের শ্রেণি নয় কোনটি?
Ⓐ এভিস Ⓑ রেপটাইলিয়া
Ⓒ ম্যামালিয়া Ⓓ ডিপ্লোপোডা
Solve D Option A, B, C হলো ভার্টিব্রাটা উপপর্বের শ্রেণি এবং Option D হলো Arthropoda পর্বের Myriapoda উপপর্বের শ্রেণি। [Ref : আজমল]

02. অণুচক্রিকার গড় আয়ু-
Ⓐ ২০-৩০ দিন Ⓑ ৩০-৪০ দিন
Ⓒ ৫-১০ দিন Ⓓ ৩-১০ সপ্তাহ
Solve C অণুচক্রিকার গড় আয়ু প্রায় ৫-১০ দিন। আয়ু শেষ হলে অণুচক্রিকা প্লিহা ও অন্যান্য রেটিকুলো-এন্ডোথেলিয়াল কোষে বিনষ্ট হয়। [Ref : আজমল]

03. স্পাইনাল কর্ড এ কত জোড়া স্পাইনাল নার্ভ থাকে?
